# ग्राइ।

# শ্ৰীরমেশচন্দ্র দুৰ প্রণীত।

ছিতীয় সংস্করণ ৮

#### কলিকাতা।

জীওকদাস চট্টোপাধ্যারেব দার। প্রকাশিত।

১০১ কর্ণপ্রয়ালিস স্থীটা।

Price: In paper tover Rs. 1-4; cloth bound Rs. 1-8.

কলিকাতা।

২৯, বিডন্ ধ্রীট ''এক্ম প্রেদে''

ঞীণুক্ত হরেক্ত কুমার সাহা ছার। মুক্তিব

## উৎদর্গ পত্র।

এই শতাকীতে যাঁহারা হিন্দুদিগের পথপ্রদর্শক রূপে অবতীর্ণ হইয়াছেন,

হিন্দুধর্মে ও হিন্দুশাল্পে যাঁচারা ফদেশীয়দিগকে
শিক্ষা দান করিয়াছেন,

সামাজিক উন্নতি ও জাতীয় ঐকাসাধন বিষয়ে বঁ৷হারা আজীবন চেষ্টা করিয়াছেন,

বঙ্গভাষার গদ্য সাহিত্য থাঁহারা বহুত্তে স্প্রুও ভূষিত করিয়াছেন,—

রামমোহন রায়, ঈশরচন্দ্র বিদ্যাসাগর,
ও বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়,—
এই মহান্ধাদিগের নাম গ্রহণ করিয়া এই গ্রন্থ
উৎদর্গ করিলাম !

চৈত্ৰ সংক্ৰান্তি, । ১২৮২ বঙ্গাৰ ।

শ্রীরমেশচক্র দন্ত।

# সংসার।

### প্রথম পরিক্ষেদ।

#### গরিবের ঘরের ছটা মেরে।

বর্জমান হইতে কাটোয়া পর্যান্ত বে ফুলর পথ গিয়াছে, সেই
পথের অনতিদ্রে একটা বড় প্রারণী আছে। অফুমান শত
বৎসর পূর্বে কোন ধনবান্ জমিদার প্রজাদিগের হিতার্থ এবং
আপনার কীর্ত্তি স্থাপনের জন্ত সেই ফুলর প্রারণী ধনন্
করিয়াছিলেন; সেকালে অনেক ধনবান লোকই এরূপ হিতকর
কার্য্য করিতেন, তাহার নিদর্শন অদ্যাবধি বঙ্গদেশের সকল
হানে দেবিতে পাওয়া বায়। প্রারণীর চারিদিকে উচ্চ পাড়
বন তাল গাছে বেন্টিত, এত ঘন যে দিবাভাগেও পুর্বারণীতে
হায়া পড়ে, সন্ধ্যার সময় প্রারণী প্রায় অন্ধকারপূর্ণ হয়।
নিকটে কোনও বড় নগর নাই, কেবল একটা সামাক্ত পরি
আছে, তাহাতে করেক ঘর কারস্থ, হই চারি ঘর ব্রাহ্মণ ও হই
চারি ঘর কুমার, এক ঘর কামার, ও কতকগুলি সদ্যোগ ও
কৈবর্ত্ত বাস করে। একথানি মুদির দোকান আছে তাহাতে
ব্যানের লোকের সামান্ত থান্য দ্ব্যাদি যোগার, এবং তথা

হইতে এক ক্রোশ দূরে সপ্তাহে ছইবার করিয়া একটী হাট বসে বস্তাদি আবশুক হইলে গ্রামের লোকে সেই হাটে যায়। পুদ-রিণীর নাম " তালপুথুর," এবং সেই নাম হইতে গ্রামটীকেও লোকে তালপুথুর গ্রাম বলে।

বৈশাথ মাদে একদিন সন্ধার সময় গ্রামের একজন নারী কলস লইয়া সেই পুগুরে গিয়াছিলেন, এবং তাঁহার সঙ্গে সঙ্গে ভাঁহার ছইটা কভাও গিয়াছিল।

রমণীর বয়স ৩৫ বৎসর হইবে, বড় কন্যাটীর বয়স ৯ বৎসর ছোটটীর বয়স ৪ বৎসর হইবে।

সন্ধ্যার সময় সে পুগুর বড় অন্ধকার হইরাছে এবং সেই
আন্ধকারে দেই ভীম বৃক্ষ শ্রেণী আকাশে ক্ষণ নেঘের স্থার
আক্ষান্ত দৃষ্ট হইতেছে। অল অল বাতাস বহিতেছে ও সেই
আন্ধকারময় তাল বৃক্ষগুলি সাঁই সাঁই করিয়া শক্ষ করিতেছে,
নির্জনে সে শক্ষ শুনিলে সহসা মন স্তম্ভিত হয়। পুগুরে আর
কেহ নাই, রমণী ঘাটে নামিয়া কলসী নামাইলেন, মেয়ে ছটাও
মার নিকট দাঁড়াইল।

কলস নামাইরা নারী একবার আকাশের দিকে দৃষ্টি করিলেন, দিনের পরিশ্রমের পর একবার বিশ্রামস্চক দীর্যধাস
নিক্ষেপ করিলেন। আকাশের অল্প আলোক সেই শাস্ত
নরনন্ধরে পতিত হইল, সন্ধার বায়ু সেই পরিশ্রমে ক্লান্ত ঈবৎ
ক্ষেদ্যুক্ত ললার্চ শীতল করিল এবং সেই চিন্তান্ধিত মুথ হইতে
ছই একটা চুলের শুচ্ছ উড়াইয়া দিল। নারী দিনের পরিশ্রমের
পর একবার আকাশের দিকে দেখিয়া, সেই শীতল বায়ু শৃষ্ট
দুইয়া একটা দীর্যধাস ত্যাগ করিলেন। পরে বলিলেন,

1

" মা বিন্দু, একবার স্থাকে ধর ত, আমি একটা ডুক দিয়ে নি।"

विन्त्रांतिनी। "भा व्यामि प्र दारा।"

মাতা। "নামা এত সন্ধ্যার সময় কি ডুব দেয়, **অক্র** করিবে যে।"

বিন্দু। "নামা অস্থ করিবে না, আমি ডুব দেব।" ।
মাতা। "ছি মা তুমি সেরানা হরেছ, অমন করে কি বারনা
করে। তুমি জলে নামিলে আবার স্থা ডুব দিতে চাহিবে,
ওর আবার অস্থ করিবে। স্থাকে একবার ধর, আমি
এই এলুম বলে।"

নাতার কথা অফুসারে নবম বংসরের বালিকা ছোট বোনটীকে কোলে করিরা ঘাটে বিসিল। সন্যাকালের অন্ধকার সেই
ভগ্নী ছটীকে বেষ্টন করিল, সন্ধ্যার সমীরণ সেই অনাথা দরিজ্ব
বালিকা ছটীকে সমত্রে সেবা করিতে লাগিল। জগতে তাহালের
যত্র করিবার বড়কেহ ছিল না, মুধু কুলুলুল ভাহালের পানে
চার, একটু মিষ্ট কথা বিশ্বিত একটু দুল্লনা করেও এরপ লোক
বড়কেহ ছিল না।

বিন্দ্বাসিনীর নাতা কারেতের মেরে, হরিদাস মল্লিক নামক একটা সামান্ত অবস্থার লোকের সহিত বিবাহ হইরা ছিল। তাঁহার তৈনি হৈ বিঘা জমি ছিল, কিন্তু কারস্থ বলিয়া আপনি চাষ করিতে পারিতেন না, লোক দিয়া চাষ করাইতেন, লোকের মাহিনা দিয়া জমিদারের থাজনা দিয়া বড় কিছু থাকিড না; যাহা থাকিত তাহাতে ঘরের থরচের ভাতটা হইত মাতা। জনেক কপ্ত করিয়া অন্ত কিছু আর করিয়া কঠে সংসার নির্দাহ

করিতেন। তারিণীচরণ মল্লিক নামক তাঁহার একটা পুড়তুত ভাই বৰ্দ্ধমানে চাকরি করিতেন, কিন্তু এক্ষণে খুড়তুত ভাইরের নিকট সহায়তা প্রত্যাশা করা বুথা, আপনার ভাইরের নিকট ক্ষাচ সহায়তা পাওয়া যায়। তবে বিপদ আপদের সময় তাঁহাকে অনেক ধরিয়া পড়িলে ৫। ১০ টাকা কর্জ পাইতেন. শোধ করিতে পারিলে তিনি ভাই বলিয়া স্থদটা ছাডিয়া দিতেন। বিবাহের প্রায় ১৫। ১৬ বংসর পর তাঁধার একটা কন্সা হয়. এতদিনের পরের সন্তান বলিয়া বিন্দুবাসিনী পিতা মাতার বড় श्रामत्त्रत्र (मत्त्र इहेन। किन्नु श्रामत्त्र (भ्रष्टे ज्रात ना, विन्नु গরিবের ঘরের মেয়ে, আদর ও পিতামাতার ভালবাদা ভিত্র আবার কিছু পাইল না। বিন্দুর বড় জেঠা তারিণী বাবু যথন পুদার সমর বাড়ীতে আসিতেন তথন মেরের জ্ঞা কেমন চাকাই কাপড়, কেমন হাতের নৃতন রকমের সোণার চুড়ি. কেমন কাণের কাণবালা আনিতেন, বিন্দুর বাপ মা অনেক কটে মেরের জন্য হুগাছি অতি সকু সোণার বালা ও হুই পারে হুই शाहि क्रिशां मन, शङ्खिता नित्तन। विनुत वात्यत (मजना किছू धात्र रहेन, अप्तक कर्छ रम धात त्नाव कतिए शातितन मा, এकটी शक्न विक्रम कतिया जाश शतिराध कतिरान । विन् জেঠাইমার মেয়ের সহিত সর্বদা থেলা করিতে ঘাইত। বিন্দ ভাল মাতুষ কথনও কাহাকে রাগ করিয়া কথা কহিত না, স্কুতরাং সেও বিন্দুকে ভাল বাসিত, কথন কখন সন্দেশ পাইতে পাইতে একটু ভারিয়া দিত, কথন মেলায় অনেক পুথুৰ किनित्न এक में मानात पूर्व किछ। विन्तृत आनत्नत त्रीमा থাকিত না, বাড়িতে আসিয়া কত হর্ষের সহিত মাকে দেধাইত;

বিন্দুর মা বিন্দুকে চুম্বন করিতেন আর নিজের চক্ষের এক বিন্দু জল মোচন করিতেন।

বিন্দুর জন্মের পাঁচ বৎসর পর তাহার একটা ভগ্নী হইল।
বড় মেরেটি একটু কাল হইরাছিল, ছোট মেরের রং প্রীক্ত মৃত,
চক্ষ্ ছটী কাল কাল ভ্রমরের নাার স্থলর ও চঞ্চল, মাথার স্থলর
কাল চুল, লাল ঠোট ছটীতে সদাই স্থার হাসি। স্ক্রিরের এই
অমূলা ধনকে গনিব বাপ মা চ্ছন করিয়া তাহার, স্থাহাসিনী
নাম দিলেন। কিন্তু ভালবাসাভিল্ল স্থার আর কিছু ভুটিল
না, বরং ছইটী মেরে হওয়াতে বাপ মার আরও কন্ত বাড়িল।
ছোট মেরের জন্য একটু ছল চাই; এমন স্থলর মেরের হাত
ছথানি থালি রাথা যার না, ছই এক থানা গয়না হইলে ভাল
হয়, পাড়াপড়িবীর বাড়ী লইয়া বাইলার সময় একথানি ঢাকাই
কাপড় পরাইয়া লইয়া গেলে ভাল হয়। কিন্তু এ সব ইচ্ছা
প্রণ হয় কোথা পেকে? বাপ মার মনে কত সাধ হয় কিন্তু
উপায় কৈ ? গ্রিব ছঃশীর আবার কিসের সাধু ?

এইরপে বিন্দুর পিতা অনেক করে সংসার নির্মাহ করিতে
লাগিলেন, বিন্দুর মাতা কুরিকে কন্ত বলিরা প্রায় নারু করিরা
স্থামীর সেবা ও কন্যা ছটাকে লালন পালন করিতে লাগিলেন।
প্রাতঃকালে স্থা্যাদরের পূর্বে উঠিয়া বাসন ধুইতেন, দর ঝাঁট
দিতেন, উঠান পরিকার করিতেন, কন্যা ছটাকে পাওয়াইতেন,
স্থামীর জন্য রক্ষন করিতেন। স্থামীর ভোজনান্তে পুঁথুরে বাইরা
স্থান করিতেন ও জল আনিতেন। দ্বিগ্রহের আহার করিয়া
কন্যা ছটাকে লইয়া সেই স্থলর বৃক্ষের ছায়ায় ভূমিতে কাপড়
পাতিয়া স্থাব বিশ্রাম করিতেন। স্থাবার বৈকাল বেলা প্রক্

4

রার রন্ধনাদি সংসার কার্য্য করিতেন। তথাপি এসংসারে বিলুর মাতা অপেকা করজন স্থী। লক্ষ লক্ষ দরিদ্র গৃহত্তের মধ্যে বিলুর মাতা একজন, তাঁহার কট থাকিলেও তিনি সদা-শিবের ন্যার স্থামী পাইরাছিলেন, হৃদরের মণির ন্যার হুইটী কন্যা পাইরাছিলেন, সমস্ত দিন পরিশ্রম ও কট করিতে হইলেও তিনি সেই শাস্ত সংসারে কতকটা শাস্তি ভোগ করিতেন, দরিদ্রা রমণী ইহা অপেকা স্থুখ আশা করেন না।

কিন্ত তাঁহার এ স্থাও শান্তি অধিক দিন রহিল না। দারুণ বিবির বিজ্পনা! স্থার জন্মের তিন বংসর পর হরিদাসের কাল ছইল। হতভাগিনী স্থার মাতা তথন ললাটে করাঘাত করিয়া ছদমবিদারক ক্রন্দন ধ্বনিতে সে কুদ্র পল্লি কাঁপাইয়া আছাড় খাইয়া পড়িলেন। ভগবান কেন এ দ্বিদ্রের একটী ধন কাড়িয়া লইলেন,—কেন এ হতভাগিনীর একটা স্থা হরণ করিলেন এ সাঁধারের একটা দীপ নির্বাণ করিলেন ? বিধবার আর্ত্তনাদ শুনিয়া গ্রামের লোক জড় হইল, চাষা মন্ত্রগণ সেইপথ দিয়া ঘাইবার সময় একটা অশ্রুবর্ণ করিয়া গেল।

তাহার পর এক বংসর অতিবাহিত হইরাছে। হরিদাসের যে জমী ছিল তাহা তারিণী বাবু এখন চাষ করান,
বংসরের শেষে হাত তুলিয়া যাহা দেন বিন্দুর মাতা তাহাই
পার। তাহাতে উদরপূর্ত্তি হয় না, মেরে ছটীকে মামুষ করা
হয় না, ম্বরের বৈড়া দেওরা হয় না, বংসর বংসর চাল ছাওয়া
হয় না। বিন্দুর মাতা তখন সেই জীর্ণ কুটার বিক্রয় করিয়া
ভামরের মরে আশ্রয় লইলেন। সে বাড়ীর রন্ধনাদি সমস্ত
কার্যা,ভাহাকেই করিতে হইত, বিন্দুও সুধাকে ফেলিয়া বাড়ীর

ছেলেদের কোলে করিয়া থাকিতেন, তাহাদের জল আনিতেন, বাসন মাজিতেন, ঘর ঝাঁট দিতেন। তাহা ভিন্ন আশ্রিজ লোকের অনেক লাজনা সহা করিতে হয়, কিন্তু বিল্দ্র মাতা কট্ কথার উত্তর দিতেন না, তিরস্কারে ক্ষ হইতেন না, কথন কথন তাঁহার মৃত স্বামীর নিলা করিলে বা পিতাকে নাম ধরিয়াগালি দিলে তিনি নীরবে পাক ঘরে আসিয়া চক্র জল মুছিতিন। তাবিতেন "আহা! আমার বিল্প ও স্থা মানুষ হউক, হে বিধাতা, তুমি ওদের কপালে স্থ লিখিও, আমার শরীরে সব সয় আমি নিজের ছংখ নিজের অপমান গ্রাহা করি না। আহা যেন বিল্প ও স্থাকে বিবাহ দিয়া উহাদের স্থী দেখিয়ামরি,—তাহা হইলেই আমার স্থ।"

রমণী ডুব দিরা উঠিয়া, এক কলস জল কাঁকে লইয়া বলি-লেন "আয় মা বিন্দু ঘরে আয়, স্থাকে কোলে নে, আহা বাছার ননির শরীর এই টুকু এসে ক্লান্ত হয়েছে। আহা বাছা যে ছেলে মান্ত্র, হাঁটতে পারবে কেন ? ওকি ঘুমিয়ে পড়েছে নাকি ?''

বিন্দু। "হা মা খুমিয়ে পড়েছে, এই আমি কোলে করে নিয়ে যাই।"

মাতা। "না না, ঘ্মিরে ভারি হয়েছে, আমার কোলে দে, ছুই মা আমার আঁচল ধরে পথ দেখে দেখে আঁর, 'বড় আরুকার হয়েছে, একটু একটু মেখও হয়েছে, রাত্রিতে বোধ হয় জলী হবে।"

विन्त्। "ना मा व्याभिष्टे क्लाल नि,--त्म निन चारवासव

বাড়ী থেকে রাত্রিতে স্থাকে কোলে করে এনেছিলাম, স্থার আজ এই ঘাট থেকে ঘরে নেথেতে পারবো না? ঐ ত রায়া ঘরের স্থালো দেখা যায়।"

মাতা। "তবে নে বাছা, কিন্তু দেখিস মা সাবধানে আনিস, বঁড় অন্ধলার বেন প'ড়ে যাস্নি। ঐ সেনিন তোর জেঠাইমার মেরে উমাতারা রাত্রি বেলা মেনা থেকে আস্ছিল, পথে পড়ে গিরেছিল, আহা বাছার কপালটা এত গানি কেটে গিরেছে।"

বিশু। "মা উমাতারারা কোন্ মেলার গিরেছিল? কেমন স্থানর স্থান এনেছিল, একটা কাঠের ঘোড়া এনেছিল, আর একটা মাটার সিংই এনেছিল, আর একটা কেমন কল এনেছিল সেটা লোরে। সে সব কোথা থেকে এনেছিল মা?"

মাতা। "তা জানিব্নি ? ঐ ওরা বে অএদীপের মেলার গিয়েছিল, সেখানে বছর বছর ভারি মেলা হয় কত হাজার হাজার লোক বায়, কত বৈঞ্চব খা ওয়ান হয়, কত গান বাজনা হয়, কত দেশের লোক সেখানে যায়।"

বিলু। "মা তুমি কখন দেখানে গিয়াছিলে ?"

মাতা। "গিয়েছিলাম বাছা কথন আমি ছোট ছিলুম এক বার আমার বাপ মা গিয়াছিলেন, আমরা বাড়ী স্থন্ধ গিয়া ছিলাম, সেথানে তিন চারি দিন ছিলাম, একটা গাছ তলার বাসা করে ছিলাম।

বিশু। "কেন ঘর ছিল না? গাছ তলায় বাসা করেছিলে কেন মা?"

মাতা। "দেখানে কত হাজার হাজার লোকে যার ঘর কোথার ? সকলেই গাছতলার বাসা করে। একটা ভারি আঁাব বাগান আছে, তাহার নীচে মেলা হয়, কত রাজ্যের দোকানি পদারি আদে, কত দেশের জিনিস বিক্রি হয়।"

বিন্দু। "মা আমি একবার যাব, আমার বড় দেবিতে ইচ্ছা হয়।"

মাতা। "আমার কি তেমন কপাল আছে মা যে তোকে নিয়ে যাব ? কত টাকা খরচ হয়।"

বিন্দু। "না মা আমি আর বংসর যাব। উমাতারারা দেখেছে, আমি কেন যাব না ?"

মাতা। "ছি মা তুমি সেয়না মেয়ে অমন করে কি বায়না করে ? তোর জেঠাইনারা বড় মামুব, তাঁহার মেয়ে বেখানে ইচ্ছা বেড়াইতে বায়। তোরা মা গরিবের ঘরের মেয়ে তোদের কি বাছা বায়না করিলে সাজে ? আহা ভগবান্ যদি তোদের কপালে স্থ লিখিত তাহা হইলে কি আর অয় বয়ের জল্প তোদের এমন লালায়িত হইতে হয় ? তাহা হইলে কি আমার সোনার পুর্লেরা যেন পথের কালালীর মত ছারে ছারে ফরে? হা ভগবান্! তোমারই ইচ্ছা!"

চারি দিকে নিবিড় অক্ষকার হইরাছে, পশ্চিম দিকে কালো মেঘ উঠিরাছে, আকাশ হইতে এক একবার বিহাৎ দেখা দিতেছে, অক্ষকারময় বৃক্ষের পত্রের মধ্য দিরা শব্দ করিয়া নিশার বায় বহিরা যাইতেছে। গ্রাম প্রার নিস্তক হইরাছে কেবল এক এক বার বৃক্ষের উপর হইতে পেচকের শব্দ তানা যাইতেছে; অথবা দ্র হইতে শৃগালের রব শুনা যাইতেছে। সমন্ত জগং অক্ষকার, কেবল মেঘের ভিতর দিয়া হই একটী হীনতেজ তারা এখনও দৃষ্ট হইতেছে, গ্রাম হইতে হুই একটী প্রদীপ বা চুলার আগুন দেখা যাইতেছে, আর এক এক বার অর অর বিছাং দেখা দিতেছে। সেই অরুকারে সেই বৃক্তের নীচে গ্রান্য পথ দিরা বিন্দু মার আঁচল ধরিয়া নিঃশব্দে যাইতেছিল, যদি সে অরুকারে বিন্দু কিছু দেখিতে পাইত, তবে সে দেখিত মাতার চক্ষু হইতে ধীরে ধীরে ছই একটী অঞ্চবিন্দু সেই শীণ গণ্ডস্থল দিরা বহিরা পড়িতেছে।

### দ্বিতীয় পরিচ্ছেন ৷

#### ছই ভগিনী।

তালপুণুর প্রামে একটা স্থলর পরিকার ক্ষুদ্র কুটার দেখা যাইতেছে। বেলা দিপ্রহর হইরাছে, গ্রামের চারি দিকে মাঠ প্রীয়কালের প্রচণ্ড রৌদ্রে উত্তপ্ত হইরাছে। বৈশাথ মাসে চারাগণ চারিদিকের ক্ষেত্র চাষ দিয়াছে, গরুও লাঙ্গল লইয়া একে একে প্রামে ফিরিয়া আদিতেছে, চই এক জন বা প্রাপ্ত হইরা সেই ক্ষেত্র মধ্যে রক্ষতলে শয়দ করিয়াছে। তাহাদিগের গৃহিণী বা কন্যা বা ভগ্নী বা মাতা তাহাদের জন্য বাড়ী হইতে ভাত লইয়া দাইতেছে। চারিদিকে রৌদ্রতপ্ত ক্ষেত্রের মধ্যে তালপুথুর গ্রাম্ রক্ষাছাদিত এবং অপেক্ষারুত শীতল। চারিদিকে রাশি রাশি বাশ হইয়াছে এবং তাহার পাতাগুলি অয় অয় বাতাসে স্থলর নড়িতেছে। গৃহে গৃহে আম কাঁঠলি তাল নারিকেল ও অন্যান্ত ফলবুক্ষ হইয়া ছায়া বিতরণ করিতেছে। ক্ষাণী ব্যক্ষ ক্লা হইয়াছে, আর মাদার মোনসা প্রভৃতি কাঁটা

গাছ ও জন্ধল গ্রাম্য পথ পুরিয়া রহিয়াছে। এক এক স্থানে বৃহৎ অশ্বখ বা বট গাছ ছারা বিতরণ করিতেছে এবং কোন স্থানে বা প্রকাণ্ড আত্রস্করে বাগান ২০৩০ বিদা ব্যাপিয়া রহিয়াছে ও দিবাভাগে সেই স্থান অন্ধকারপূর্ণ করিতেছে। পত্রের ভিতর দিয়া স্থানে স্থানে প্রথারশি রেথাকারে ভূমিতে পড়িয়াছে, দ্বিপ্রহরের রোজে ভালে ভালে পক্ষীগণ কুলায় নীরব হইয়া রহিয়াছে, কেবল কথন কথন দ্র হইতে ঘুবুর মিষ্ট স্বর্ম সেই অত্রকাননে প্রতিশ্বনিত হইতেছে। আর সমস্ত নিস্তক।

সেই তালপুগুর গ্রামে একটা স্থলর পরিষার কুদ্র কুটার দেখা বাইতেছে। চারিদিকে বাশবাড় ও আম কাঁঠাল প্রভৃতি ছুই একটা ফলবুক্ষ ছাত্রা করিয়া রহিয়াছে। বাহিরে বসিবার একথানি ঘর, সেটা ছায়ায় শীতল এবং তাহার নিকটে ৫। ৬ টী নারিকেল বক্ষে ডাব হইরাছে। সেই মরের পশ্চাতে ভিতর বাড়ীর উঠান, তথারও বুক্ষের ছায়া পড়িয়াছে। উঠানের এক পার্ষে একটা মাচানের উপর লাউ গাছে লাউ হইয়াছে. অপর দিকে কাঁটা গাছ ও জঙ্গল। একথানি বড় ভইবার ঘর আছে তাহার উচ্চ রক স্থল্কর ও পরিষারক্রপে লেপা। পার্শে একটা রামাঘর ও তাহার নিকট একটা গোয়াল ঘরে একটা মাত্র গাভী রহিয়াছে। বাডীর লোকদের খাওয়া দাওয়া হইয়া গিরাছে, উন্থনে আগুণ নিবিরাছে, বেড়ার ছই এক খানি কাপড় ভ্রথাইতেছে, ভইবার ঘরের রকে একটা তকতাপোষ ও ছই একটা চরকা রহিয়াছে। পশ্চাতে একটা ডোবার কিছু জব আছে, তাহাতে কয়েকথানি পিতলের বাসন পড়িয়া রহিয়াছে, পুৰুৰ্ভ মাজা হয় নাই। ডোবার পার্ষে হই একটা কুল গাছ,

করেকটি কলা গাছ, ও একটা আঁব গাছ, আর অনেক কাঁটা গাছ ও জ্লল। বাড়ীর চতুর্দ্দিকেই বৃক্ষ ও জ্লল। এই বিপ্রহরের সময়ও বাড়ীটা ছারাপূর্ণ ও শীতল।

শুইবার ঘরের বেড়া বন্ধ, ভিতরে অন্ধকার; সেই অন্ধ-কারে বাড়ীর গৃহিণী নিঃশব্দে পদচারণ করিতেছিলেন। তাঁহার একটি তিন বৎসরের ক্সা ভূমিতে মাছ্রের উপর ঘুমাইয়া আছে, আর একটা ছয় মাসের প্রস্থানকে ক্রোড়ে করিয়া য়মণী ধীরে ধীরে সেই ঘরে বেড়াইতেছেন। এক এক বার ছেলেকে চাপড়াইতেছেন, এক এক বার গুন্ শুন্ শব্দে ঘুম পাড়াইবার ছড়া গাইতেছেন, আবার নিঃশব্দে ধীরে ধীরে এদিকে ওদিকে বেড়াইতেছেন।

নারীর বয়স অঠানশ বৎসর, শরীর ক্ষীণ, মুথথানি প্রশাস্ত কিন্তু একটু ভ্যাইয়া গিয়াছে, চকু ছটা বিশাল ও রুফবর্ণ কিন্তু ধীর ও চিন্তাশীল। অঠানশ বৎসরের রমণীর যেরপ বর্ণনা আমরা উপস্তাসে পাঠ করি তাহার কিছু ইহার নাই, সে শুকুলতা, সে উদ্বেগ সে উদ্ধিল সৌন্দর্য্য নাই। উপস্তাস বর্ণিত স্থুখ সকলের কপালে ঘটে না, উপস্তাস বর্ণিত সৌন্দর্য্য সকলের থাকে না। এই বিশাল সংসারের দিকে চাহিয়া দেখ, ছই একজন ঐর্থারের সন্থানকে ছাড়িয়া দিয়া সহস্র সহস্তু দ্রিজ গৃহস্থ ভদ্রলোকের সংসারের দিকে চাহিয়া দেখ, আমাদির্গের দরিক ভন্নী বা কন্তা বা আত্মীয়গণ কিরুপে স্থুখে, ছংখে, কন্তে, সহিষ্ণুভার, সংসার্যাত্রা করেন চাহিয়া দেখ, দেখিয়া বল ছার উপস্তাসের কায়নিক অলীক স্থুখ ক্রজনের ক্পানে ঘটিয়াছে, রূপার বিজ্বক ও গ্রম ছগ্র মুথে করিয়া

করন্ধন এসংসারে জন্মগ্রহণ করিয়াছেন ? ক্ষণেক বেড়াইডে বেড়াইতে শিশু নিজিত হইল, মাতা নিজিত শিশুকে সবদে মেজেতে মাহরের উপর শোরাইয়া আপনি নিকটে বিসিরা ক্ষণেক পাধার বাতাস করিতে লাগিলেন। সেই ঘরের স্তিমিত আলোক সেই প্রশাস্ত ঈবং চিন্তাশীল ললাটের উপর পড়িয়াছে। স্থির প্রশাস্ত অভিশর রুক্ষবর্ণ নয়ন ছইটা সেই শিশুর দিকে চাহিয়া রহিয়াছে, নয়নে মাতার স্নেহ মাতার যত্ন বিরাজ করি-তেছে, তাহার সঙ্গে সংস্কে মাতার চিন্তা ও মাতার অসীম সহি-ক্তা লক্ষিত হইতেছে। শরীরধানি ক্ষীণ কিন্তু স্থগঠিত। ক্ষীণ স্থগঠিত বাছ দারা নারী ধীরে ধীরে পাধার বাতাস করিতে-ছিলেন, আর সেই নিজন অন্ধকার ঘরে বিসার তাহার কত চিন্তা উদর হইতেছিল। সংসারের চিন্তা, এই স্থ্য ছংখ পূর্ণ জ্বগতের চিন্তা, আর কথন কথন পূর্বকালের চিন্তা ও স্মৃতি ধীরে ধীরে সেই রম<sup>তি</sup>র স্থান্য উদর হইতেছিল।

ছেলে বেশ ঘুমাইয়াছে। তথন মাতা পাথাথানি রাথিয়া
আপন বাত্র উপর মন্তক ছাপন করিয়া ছেলের পাশে মাটাঙে
ভইলেন, নয়ন হইটা ধীরে ধীরে মুদিয়া আসিল, অচিরে নিজিত
হইয়া পড়িলেন। ধিপ্রহরের উত্তাপে সমস্ত জগং নিজক, সে
বরটিও নিজক, সেই নিজকতায় সন্তান হুটার পার্বে সেহময়ী
মাতা নিজিত হইলেন। সংসারের অশেষ ভাবনা জ্বণেক
ভাহার মন হইতে তিরোহিত হইল, সেই শান্ত সহিষ্ঠু চিস্তাশীল
মুধ্বমণ্ডল ও লগাট হইতে চিন্তার হুই একটা রেখা অপনীত হইল।

স্বমণী কে ভিন দণ্ড এইরূপ নিজিত রহিলেন। পরে একটু শক্তে তাঁধান নিদ্রা ভঙ্গ হইল। যথন চকু উন্মীণিত করিলেন তথন তাঁহার পার্বে একটা প্রফ্ল-নয়না, হাস্য-বদনা, সৌন্দর্য্য-বিভ্বিতা বালিকা বিসিয়া একটা বিড়াল শিশুর সঙ্গে থেলা করি-তেছে, তাহারই শব্দ। বিড়াল শিশু লাফাইয়া লাফাইয়া বালিকার হস্তের থেলিবার দ্রব্য ধরিতে চেষ্টা করিতেছে, বালিকা হস্ত টানিয়া লইতেছে। সে স্থন্দর গৌরবর্ণ চিস্তাশ্র্য ললাটে শুচ্ছ শুচ্ছ রুষ্ণ চুল পড়িতেছে, সরিয়া যাইতেছে, আবার পড়িতেছে; সে প্রফ্ল অতি উজ্জ্ব রুষ্ণবর্ণ নয়ন ছটা যেন উল্লাসে হাসি-তেছে, সে বিশ্ববিনিন্দিত ওঠ ছইটা হইতে যেন স্থধা ক্ষরিয়া পড়িতেছে, সে স্থগঠিত স্থন্দর ললিত বাহুলতা বায়ু-সঞ্চালিত শতার স্থায় শোভা পাইতেছে। বালিকার বয়স এয়োদশ বংসর, কিন্তু তাহার প্রফ্ল মুখ্থানিও হাস্থ বিক্লারিত নয়নয়য়, তাহার চিন্তাশ্র্য মন ও উল্লেগশ্র্য হৃদয় বালিকারই বটে, নারীর নছে।

রমণী অনেকক্ষণ সেই প্রেমের প্রতির দিকে চাহিরা রহি-লেন, সেই বালিকাও বিড়াল শিশুর থেলা ক্ষণেক দেখিতে লাগিলেন। পরে ধীরে ধীরে বলিলেন,

"সুধা, তুমি কতক্ষণ এসেছ ?' •

স্থা। <sup>প্র</sup>াদিনি আমি অনেকক্ষণ এসেছি, তুমি ঘুমাইতে ছিলে তাই জাগাই নাই। আর দেখ দিদি, এই বেরাল ছানাটা আমি বেখানে যাব সেইখানে যাবে, আমি রালাঘরে বন্ধ করিরা বাসন মাজিতে গেলুম ও আমার সঙ্গে সঙ্গে গেল।"

বিন্দ্। "বাসন মাজা হরেছে ? বাসনগুল সব ঘরে বৃদ্ধ করিয়া রেখে এসেছ ত ?"

ছধা। "হাঁ সব মেজে রেখে এসেছি। আর তারপর

বেরালকে গোরাল ঘরে বন্ধ করে এলাম আবার সেধান থেকে বেড়া গ'লে এথানে এসেছে। ও আমার এই পুথুলটা নিতে চার, ভা আমি দিচ্চি এই যে।"

বিন্দু। "তা ব'ন এতক্ষণ এসেছ একবার শোও না, গেল রাত্রিতে তোমার ভাল যুম হয় নি, একটু যুমও না।"

স্থা। "না দিদি আমার দিনে ঘুম হর না, আমি রাত্রিতে বেশ ঘুমিরেছিলুম। কেবল একবার থোকা যথন কেঁদেছিল তথন আমার ঘুম ভেকে ছিল। আজ থোকা কেমন আছে দিদি ?"

বিন্দু। "এখন ত আছে ভাল, রাজি হইলেই গা তপ্ত হয়। তা আজ তিনি কাটোরা থেকে একটা ঔষ্ধ আনবেন বলে-ছেন, তাতে একটু ঘুমও হবে, জরও আদৃবে না।"

स्था। "(इमठक कथन् सान्द्वन मिनि?"

বিনু। "বলেছেন ত সন্ধার সময় আস্বেন, কেন?"

স্থা। "তিনি এলে একটা মন্তা করব, তা দিদি ভোমাকে বল্ব না, তিনি এলে দেখতে পাবে। যেমন স্থামার গারে সেদন কাগ দিয়েছিলেন।"

विन् এक ट्रे शंत्रिया कि ब्लामा कतितन "कि कतित्व वन ना।"

ऋथा। "ना निनि ज्ञि वटन रनत्व।"

विष्टु। "नावनिव ना।"

হুধা। "সত্য বলিবে না ?"

विन्त्। "मठा वनिव ना।"

তথন সুধা আপন আঁচলে বাঁধা একটা জিনিস বাহির করিল। জিনিসটা প্রায় এক হস্ত দীর্ঘ! বিশু। "ও কি লো ? ওটা কি ?"

স্থা। "দেখতে পাজো না।"

বিন্দু। "দেখছি ত, এ কি পাঁট ?"

ख्या। "हाँ शाउँ, किछ क्मन क्ख्म क्न मित्र दः कत्त्रि ।

বিন্দু। "কেন উহাতে कि হবে ?"

श्रुथा। "वल मिकि कि इरव ?"

विन्ता "कि जानि?"

স্থা। "এইটে ঠাওরাইতে পারিলে না। বথন আজ রাত্রিতে হেমচক্র একটু ঘুমবেন, আমি এইটা তাঁহার দাড়িতে বেঁধে দেব, তাহার পর উঠিলে তাঁহাকে জটাধারী সন্ন্যাসী বলে ঠাটা করিব। খুব মজা হবে।" এই বলিয়া বালিকা ক্রতালি দিয়া হাস্ত করিয়া উঠিল।

বিন্দু একটু হাসি সম্বরণ করিকে পারিলেন না, সম্নেহে ভ্রমীর দিকে দেখিতে লাগিলেন। মনে মনে ভাবিলেন "স্থা, ভারে স্থার হাসিতে এ জগৎ মিষ্ট হয়। আহা বালিকা এখন ভাহার ভাঙ্গা কপালে কি হইয়াছে জেনেও জানে না! নিদাকণ বিধি! কেমন করে এই কচি ছেলের কপালে এ ভীষণ যাতনা লিখিলে,—কেমন করে এ প্রফুল্ল স্থাপাত্রে গরল মিশাইলে?"

বৃশা অনাব্খক যে আমরা প্রথম পরিচ্ছেদে যে সমরের কথা বলিভেছিলাম দিতীর পরিচ্ছেদে তাহার ৯ বংসরের পরের কথা বলিভেছি। আমাদের গর এই সময় হইতে আরম্ভ। এই নয় বংসরের ঘটনা গুলি কতক কতক উপরেই প্রকাশ ইইয়াছে, আর ছই একটা কথা বলা আবশুক।

বিশ্ব মাতা আগ্নীরের বাটীতে থাকিয়া কটে । তাহার ছামীর মৃত্যুর পর এ সংসারে তিনি আর কোন্ধ হথের আশা রাখেন নাই, কিন্তু তাহার বড় ইচ্ছা ছিল মর্রিবার পূর্বে ছইটা মেরেকে বিশাহ দিয়া যান। যে দিন তিনি ছইটা কল্পাকে লইয়া তালপুপুশ্বে গিয়াছিলেন ভখন বিশ্বর বয়সও ৯ বংসর হইয়াছিল, স্ত্রাং তাহার মাতা বিবাহের পাত্রের সন্ধান করিতে লাগিলেন।

কিছু গরিবের ঘরের। মেয়ের। শীঘ বিবাহ হয় না। কলি-কাতায় বরের পিভা যেরপারানিং রাশি অর্থ চাহেন, পলিগ্রামে এখনও সেরপ হয় নাই, কিন্তু ইজাৰি ব্ৰছ খরের সহিত কুটুৰিতা कता मकलनतरे माथ, आंबीरवत सूड़ीटड काय कर्य केत्रिया चिनि ক্সাকে লালন পাৰ্লন করিতেক্ছ্ন, তাহার মেয়ের সহিত বিবাহ দিতে সকলের সাধ বায়ানা। আত্মীয়েরাও এবিষয়ে वड़ मत्नारवाश कतितनम मा, कन्नां 3 रशिक्षवर्गा हिन मा, उत्व মুখে এ ছিল, চকু গুটী হকার ছিল, শরীর হৃষ্ঠিত ছিল, কিন্তু ক্ষীণ। সম্বন্ধ আসিতে লাগিল ও একে একে अक्रिया याইতে লাগিল। <sup>ঁ</sup>মেয়ের জেঠাইমা রকের উপর হুই পা**ং**মলাইয়া বিদিয়া বৈকাল বেলা কেশবিস্থাদ করিতে করিতে সঁখান্তে विन्तूत्र भारक विनाम (विन्तूत भा ह्रालत पिक् धतिप्राष्ट्रितन ) ''তা জুবিনা কি বন, আমাদের বাড়ির মেরের বের জন্য ভাব্তে হয় না, আমাদের কুল, মান, বর্জমানে ভারি চাকরী, এ কে **না** জানে বল, কত তপিজে করলে তবে এমন বাড়ীর মেয়ে পার, তোমার আবার বিন্দুর বের ভাবনা ? এই র'দ না, তিনি পৃঞ্জার

সময় বাড়ী আহন, আমি বিন্দুর এমন সম্বন্ধ করিয়া দিব যে কুট্নের মত কুট্ম হবে। এই আমার উমাতারার বয়স সাত বংস্র হয় নি,এর মধ্যে কত গ্রামের লোক আমাকে কত সাধানাধি করিতেছে, বে দিলেই এখনি মাথায় করিয়া লইয়া যায়, তা আমি গা করিনি। আমার উমাতারার এমন সম্বন্ধ করিব যে কুট্মের মত কুট্ম হইবে। তবে আমার উমাতারার বর্ণের জেলা আছে, তোমার মেয়ে একটু কাল, আর তোমাদের বন তেমন টাকা কড়ি নাই আমার দেওয়র তেমন সেয়না ছিল না, কিছু রেখে যায় নি, তাই যা বল। তা ভেবনা বোন, আমি বখন এবিষয়ে হাত দিয়াছি তখন আর কোন ভাবনা নাই।" আখাসবচন শুনিয়া ও সেই স্কলর তাবিজ বিভ্যিত বাছর ঘন ঘন সঞ্চালন দেখিয়া বিন্দুর মা আশস্ত হইলেন,—ক্ষে জেঠাইমার বাছ নাড়াতে বিন্দুর বিশেষ উপকার হইল না, বিন্দুর বিবাহ হইল না।

তার পর পূজার সময় তারিণীবাবু বাড়ী আসিলেন। তাঁহার গৃহিণীর জন্ত পূজার কাপড়, পূজার গহনা, পূজার সামগ্রী কতই আসিল, গৃহিণীও আহলাদে আটথাদা! বাড়ীর ছেলেদের জন্ত কত পোশাক, কাপড়, জুতা, উমাতারার জন্ত ঢাকাই কাপড়, মাথার ফুল ইত্যাদি। নাজির মশাই বাড়ী আসিরাছেন গ্রামে ধুম পড়িয়া গেল, কৃত লোকে সাক্ষাৎ করিতে আসিল, কত খোসাধ্যাদ, কত স্থাতি, কত আরাধনা। কাহারও পূজার সময় ছই পাঁচ টাকা কর্জ্জ চাই, কাহারও বিপদে সংপরামর্শ চাই, কাহারও ছেলের একটা চাকুরি চাই, আর কাহারও বিশেষ কিছু আপাত্তঃ চাই না, কেবল বড় লোকের খোসামোনটা অভ্যাস

মাত্র, সেই অভ্যাসেই স্থ হয়। এত ধুমধামের মধ্যে বিন্দুর কথা কেই বা বলে কেই বা শোনে। ১৫ দিনের ছুটা কুরাইয়া গেল, নাজির মশাই আবার বর্জমান চলিয়া গেলেন, বিন্দুর সম্বর্জের কিছুই স্থির হইল না।

পড়্বীর মেরেদের সঙ্গে যথন বিন্দুর মা দেখা করিতে যাইতেন, ব্রদাদিগকে কত স্থৃতি করিয়া ক্সার একটা সম্বন্ধ করিয়া দিতে বলিতেন। তাঁহারাও আগ্রহচিত্তে বলিতেন, "তা দিব বৈকি, তোমার দেব নাত কার দেব। তবে কি জান বাছা, আজ কাল মেয়ের বে সহজ কথা নয়। আর তুমি ত কিছু निट्ड थुट्ड পात्रद्य ना, विन्तृत वाश ड किছू त्रत्थ याग्र नाहे, তেমন গোছান লোক হতো, ঐ তোমার ভাস্থরের মত টাকা ক্রিতে পারিত, তবে আর কি ভাবনা থাকিত গ সেই সময় আমি কত বলেছিলাম, তা তথন সে গা করত না, তোমরাও গা করিতে না, এখন টের পাচছ: গরিবের কথাটা বাসি হইলেই ভাল লাগে। তা দেব বৈকি বাছা, তোমার মেয়ের সম্বন্ধ করিয়া দিব এ বড় কথা ?" অথবা অক্স একজন বুদ্ধা বলিলেন "তার ভাবনা কি ? বিন্দুর বের ন্যাবার ভাবনা কি ? তবে একটা কথা কি জান, বিন্দু দেখতে শুনতে একটু ভাল হত, তবে এ কাষটা শীঘ্র শীঘ্র হইত। তা মেয়ের মুথের ছিরি আছে, ছিরি षाह्न, उटन बरेंगे वर् कारमा, यात्र हाक् इटिंगू वर् एषुन्छरन, আর মাথার বড় চুল নাই। না তা মেরের ছিরি আছে, তবে একটু কাহিল, হাড় ওল যেন জির জির করছে, হাত পা খুল. কেমন লম্বা লম্বা, আর এর মধ্যে ঢেকা হয়ে উঠেছে। তা হোক, তুমি ভেবো না, কাল মেয়ে কি আর বিকোয় না, তবে কি

আট্কে থাকে, তা থাকবে না, যথন আমরা আছি তথন কিছু আট্কাবে না।" এইরপে বুজাদিগের যথেষ্ট আখাস বাকা ও তাহার সঙ্গে বিন্দুর বাপের নিন্দা, বিন্দুর মার নিন্দা ও বিন্দুর নিন্দা সম্বন্ধে প্রভূর বর্ণনা শ্রবণ করিয়া বিশেষ আখন্ত ও আপ্যায়িত হইয়া বিন্দুর মা বাড়ী আসিতেন।

গ্রামের মধ্যে ছই একজন প্রাচীন লোক ছিলেন তাঁহারা অনেক লোক দেখিয়াছেন, অনেক গ্রামে যাতায়াত করেন, অনেক ঘর জানেন, অনেক মেয়ের সম্বন্ধ করিয়া দিয়াছেন। विनात मा करतक मिन छांशामत वाफी शीवाशां कतिरामन. কোন দিন ছেলেদের জ্ঞাত্ট চারি প্রসার চিনির বাতাসা লইরা গেলেন, কথন বা কিছু নিশ্রী বা মিটার লইরা গিয়া शृश्गिषिरात मनस्रष्टि कतिरागन। शृश्गिषिश्रक स्रामक स्रुचि बिनि कतित्वन. छांशाता आश्वाम दाका मित्वन. मन्नान कतिर्देश, कर्जारक विलिद्देश, এই क्रिश अर्थिक मधुत वहन विलि-्रतन । **अवर**न्य विन्तृत मा यामही निष्ठा त्महे कर्खानिशतहे भिन्छि जातस क्रिट नाजित्मन, প्रथ चारि (म्था इट्टन পরিবের কথাটি মনে রাখিবার জন্ম মিনতি করিলেন। তাঁহারাও বলিলেন "তা এ কথা আনাদের এত দিন বলনি? এ সব কাষ কি আমাদের না বলিলে হয়, ঐ ও পাড়ার ঘোষেদের বাড়ীর कानीजादात (व्य खन्न कर कें। है। हैं। कि करत हिन, त्भरव वर्ष (वो একদিন সামাকে ডেকে বলিলেন, অমনি কাষ্টা হইয়া গেল। **क्यम (व** मिट्य मिट्य हि, तारयरमत विनेशामि चत्र, थावात अखाव নাই, টাকার অভাব নাই, যেন কুবেরের ঘর, সেই ঘরের ছেলের সঙ্গে খোষেদের মেয়ের বের সম্বন্ধ করিয়া দিলাম। ছেলেটা

माजवात वर्षे जांत अक्षे काहिल अ अक्षे वन्न नाकि इरमहरू, তা এখনও চল্লিশের বড় বেশী হয় নাই, আর কালীতারা ৮ বংশুরের হইলেও দেখতে বাড়স্ত, গ্রাম শুদ্ধ এ সম্বন্ধের স্থগাতি করিতেছে। ছেলেটা বর্দ্ধমানে থাকে, লেখা পড়া না জানুক তার मान कछ, यथ कछ, मार्ट्यान थाना तम्ब, मक्निम लात्क छता, গাড়ী ঘোড়া লোক জন বাবুয়ানা দেখিলে লোকে বলে হাঁ জমি-দারের ঘরের ছেলে বটে। তা আমরা হাত না দিলে কি এমন সম্বন্ধ হয়? তুমি মা এত দিন কোথা হাঁটাহাঁটি কর্ছিলে, আমা-দের একবার জিজ্ঞাসাও কর না. এখন যে যার আপন আপন প্ৰভূ হয়েছে তাতে কি কাজ চলে ? তা আজ আমাকে মনে পড়েছে তবু ভাল।" সজল নয়নে বিশ্বুর মা আপনার দোষ স্বীকার করিলেন, এবং এমন লোকের নিকট পূর্ব্বে না আসা বড়ই নির্বাদ্ধিতার কার্য্য হইয়াছে ভাবিলেন। অঞ্জল ও মিন-তিতে তুই হইয়া গ্রামের মণ্ডল বলিলেন ''তা ভেব না মা, এখন चामारक यथन विनात उथन चात्र जावना नाहे, इहे ठानि দিনের মধ্যে সম্বন্ধ স্থির করিয়া দিতেছি ৷" বিন্দুর মা আকাশের চাঁদ হাতে পাইলেন, অনেক জাশা করিয়া থাওয়া ঘুম ছাড়িয়া অপেকা করিতে লাগিলেন। কিন্তু চুই চারি দিন অতীত হুইল. इरे ठाति मान चारी उरहेन, विस्तृत नम्म इरेन मा, शतिरवत्र মেয়ে তরিল না।

বিন্দুর মা দেখিলেন তালপুকুরের লোক অনেক সদ্প্রপ বিশিষ্ট বটে। নিঃস্বার্থ হইরা পরের বাড়ী কি রালা হইতেছে প্রত্যহ তাহার ধবর রাথেন; পরের বৌ ঝি কি করিতেছে ভাহার বৈজ্ঞানিক অন্ধুসন্ধান রাখেন; ব্রে হরে গ্রামে গ্রামে বাবে নে বৈজ্ঞানিক সংবাদ প্রচার করিবার জন্ত নিংবার্থ যত্ন করেন;
কেহ বিপদে পড়িলে বা দারে ঠেকিলে তাহাকে পূর্ব্ধ দোবের
জন্ত বিশেষরূপে নীতিগর্ভ তিরস্কার দেন, নৈতিক উপদেশ দেন,
এবং নিংস্বার্থরূপে তাহাকে আধান দিতে, পরামর্শ দিতে বত্দ
বা বাকাবারে ক্রটী করেন না। তবে কাষের সময় সহায়তা
করা,—সে সতন্ত্র কথা! বিন্দুর মাতাকে এই দায় হইতে উদ্ধার
করিবার জন্ত কেহ হস্ত প্রসারণ করিলেন না, তাঁহার যাচ্ঞায়
কেহ একটী কপর্দক দিলেন না, তাঁহার উপকারার্থে কেহ বাম
পদের কনিষ্ঠ অঙ্গুলি নাড়িলেন না। বিন্দুর মা যদি কথনও তাল
পূক্র হইতে বাহিরে যাইতেন তবে দেখিতেন এ সদ্গুণগুলি
জগতের জন্যান্ত স্থানেও লক্ষিত হয়। তবে বিন্দুর মাতা
নির্ব্বোধ, এক একবার তাঁহার মনে এরপ উদয় হইত যে এ
প্রচ্ব আধাস বাক্য ও সংপরামর্শের পরিবর্ত্তে তাঁহাকে এই
সামান্য দায় হইতে কেহ উদ্ধার করিয়া দিলে তাঁহার নৈতিক
উন্নতি না হউক সংসারিক স্বথ কতক পরিমাণে হইত।

তালপুকুর গ্রামে হরিদাদের একজন পরম বন্ধু ছিলেন।
তাঁহার হেমচন্দ্র নামক একটা পুত্র ভিন্ন সংসারে আর কেহ
ছিল না। পিতা দরিত্র হইলেও পুত্রকে অনেক যত্নে লেখা
পড়া শিখাইবার চেষ্টা করিয়াছিলেন, এবং হেমচন্দ্রও যত্ন সহকারে পাঠ করিয়া বর্দ্ধমানে প্রথম পরীক্ষা দিয়া কলিকাভার
বিশ্ববিদ্যালয়ে পড়িতে গিয়াছিলেন। কিন্তু তাহার করেক
মাদের পরই পিতার মৃত্যু সংবাদ পাইয়া তিনি পড়া ভনা রন্ধ
করিয়া তালপুথ্রে ফিরিয়া আসিলেন এবং সামান্য পৈতৃক
সম্পত্তিতে জীবন নির্মাহ করিতে লাগিলেন।

ट्याटल रस निमूत्र मा ও निमूत्क वांगाकांन अविध कांनि-তাঁহার বিষয় বৃদ্ধি কিছু অন্ন থাকা বশতঃই হউক. व्यथवा विश्वविमानियात विश्वयुक्त विमा करमक भागाविध শিধিয়াই হউক, অথবা কলিকাতার বাতাস পাইয়াই হউক, তিনি পিতার পরম বন্ধু হরিদাসের দরিদ্রকন্যাকে বিবাহ করি-বার প্রস্তাব করিলেন। সমস্ত গ্রাম এ মৃঢ়ের ন্যায় কার্য্যে চমকিত হইল, হেমচন্দ্রের বংশের পুরাতন বন্ধুগণ তাঁহাকে এরূপ কার্য্য করিয়া পিতার নাম ডুবাইতে নিষেধ করিলেন। কিন্তু ছেলেটা কিছু গোঁয়ান্ত্ৰ, তিনি বিন্দুর মাতার সহিত সাক্ষাৎ করিলেন, (আমাদের লিখিতে লজা করে) বিন্দুর শুষ্ক মান মুখখানিও ছই একবার গোপনে দেখিলেন, এবং তৎপরে বিন্দুর মাতাকে ও জেঠাইমাকে সন্মত করাইয়া বিবাহের সমন্ত আয়োজন ঠিক করিলেন। বিন্দুর জেঠাইমা মন্দ লোক ছিলেন না, তাঁহার মনটা সরল, কলহ বা তিরস্কার করা তাঁহার বড অভ্যাস ছিল না, তিনি কাহারও অনিষ্ট করিতে চাহিতেন না। তবে বভ মাতুষের মেয়ে, স্বামী অনেক রোজগার করে, তাহাতে যদি একটু বড়মাগুষী রকম দর্প থাকে, একটু বড় कूर्नेम कतिवात हेळ्। थाटक, मित्रदमत महिल यमि महासूज्ि একটু কম থাকে, তাহা মার্জনীয়। ছই একটা দোষ অনুসন্ধান कतिया आमता त्यन निकालतायन ना हरे,--आमानिश्वत मुक्ष কাহার সেরপ ছই একটা দোষ নাই ?

বিন্দুর সরলস্বভাব ভেঠাইমা বিন্দুর বিবাহের জন্ম বিশেষ ষত্ন করেন নাই,—কাহারও জন্য বিশেষ যত্ন করা তাঁহার অভ্যাস ছিল না,—কিন্তু বিন্দুর একটা সম্বন্ধ হওরাতে তিনি প্রকৃতই আহলাদিত হইলেন। তিনি শুভ দিন দেখিরা হেম চন্দ্রের সহিত বিন্দুর বিবাহ দিলেন, এবং পাড়া পড়বী মেরেরা যখন বিবাহ বাটাতে আসিল, তথন সেই তাবিজ্ঞবিভূষিত বাহ সঞ্চালন করিয়া বলিলেন, "আহা আমার উমাতারাও যে বিন্দুও সে, আমি বিন্দুর বিবাহ না দিলে কে দের বল, বিন্দুর মার ত ঐ দশা, বাপও সিকি পয়সা রেখে যায় নাই, আমি না করিলে কে করে বল।" ইত্যাদি ইত্যাদি ইত্যাদি। পড়বীগণও "ভূমি বলিয়া করিলে, নৈলে কি অন্যে এতটা করে" এইরূপ অনেক বশোগান ও নিঃস্বার্থতার প্রশংসা করিয়া ঘরে গেল।

তথন স্থার বয়দ পাঁচ বংসর মাত্র, কিন্তু স্থার মার বড় ইচ্ছা স্থারও বিবাহ দিয়া যান। হেমচক্র অনেক আপত্তি করি-লেন, অনেক মিনতি করিলেন, স্থাকে আপন ঘরে রাথিয়া একটু বাঙ্গালা শিথাইয়া পরে ১০।১২ বংসরের সময় নিজ ব্যয়ে বিবাহ দিবার অঙ্গীকার করিলেন, কিন্তু স্থার মা কিছু-তেই শুনিলেন না। তিনি বলিলেন "বাছা স্থার বিয়ে না দিয়া যদি মরি তবে আমার জীবনের সাধ মিটবে না।' হেমচক্র কি করেন, অগত্যা সম্ম উ হইয়া স্থাকে একটা সামান্য অবস্থার শিক্ষিত যুবার সহিত বিবাহ দিশেন।

বিশ্ব মাতা স্থামীর মৃত্যুর পর তথন প্রথমে আপনাকে প্রকট্ স্থান্মনে করিলেন। ছই বিবাহিতা কন্যাকে জেনড়ে শইরা আপনাকে জগতের মধ্যে ভাগ্যবতী মনে করিলেন। তিনি তথনও তারিণী বাবুর বাটীতে রহিলেন। স্থার বিধা-তের করেক মান পরেই তিনি জীবনলীলা সম্বরণ করিলেন।

आंत्र এकरी कथा आमानिश्वत विनवात आहि। शक्त

ৰংসরের স্থা বিবাহিতা স্ত্রী হইল, সপ্তম বংসরে বিধবা হইল।
স্থা স্ত্রী কাহাকে বলে জানে না, বিধবা কাহাকে বলে, তাহাও
জানে না। জ্যেষ্ঠা ভগ্নীর বাটীতে আসিয়া সাত বংসরের
প্রক্লা বালিকা ঘোমটা খ্লিয়া ফেলিয়া আনন্দে পুথুল খেলা
করিতে লাগিল।

## তৃতীয় পরিচ্ছেদ।

#### সংসারের কথা।

প্রায় দিপ্রহর রাত্রি হইয়াছে। চন্দ্রের নির্মাণ শীতন কিরপে মান্দর তালপুখুর গ্রাম মুপ্ত রহিয়াছে। বড় বড় তালর্ক্ষসার আকাশপটে অন্ধন্তরময় ও বিশ্বয়কর ছবির ন্তায় বিশ্বস্ত রহিয়াছে। গ্রামের চারিদিকে প্রচ্র ও মুন্দর বাঁশ ঝাড়ের ম্রচিকণ পত্রের উপর মুপ্ত চন্দ্র কিরণ রহিয়াছে, পুন্ধরিনীর ঈষৎ কম্পনান জলের উপর চন্দ্রালোক মুন্দর খেলা করিতেছে, গৃহ্বের প্রান্ধনে, প্রাচীরে ও তৃণাচ্ছাদিত ঘরের চালের উপর সেই মুন্দর আলোক যেন রূপার চাদের বিছাইয়া দিয়াছে। সমস্ত মুপ্ত গ্রামের উপর চাদের আলোক বেন বৃঁই মুলের স্তার স্থায় রহিয়াছে। গৃহস্থগণ অনেকেই থাওয়ান্দাওয়া-করিয়া ক্রাট বন্ধ করিয়া শরন করিয়াছেন, কেবল কোথাও কোথাও কোথাও বিদ্যাহীন বৃদ্ধ বাহিরের প্রান্ধনে বিদিয়া এখনও ধুম পাল করিতেছেন, আর কোথাও বা অলবর্ষয়া গৃহস্থবধু এখনও

বাটীর পার্শের পুখুরে বাসন মাজিতেছেন, সংসারের কাজ এখনও শেষ হয় নাই। নৈশবায়ু ধারে ধীরে বহিয়া বাইতেছে, আর দূর হইতে কোন প্রফুল্লমনা ক্বকের গান সেই বায়ুর সঙ্গে সঙ্গে শুনা বাইতেছে।

বিন্দু সংসার কার্য্য শেষ করিয়া এখনও স্বামী আসেন
নাই বলিয়া উৰিয় মনে সেই শুইবার ঘরের রকে বসিয়া
রহিয়াছেন, নির্মান চন্দ্রকিরণ তাঁহার শুল্রবসন ও শাস্তনয়নের
উপর পড়িয়াছে। স্থা আজ শুইতে যাইবে না, হেমচন্দ্রকে
সন্ধ্যাসী সাজাইবে স্থির করিয়াছে, কিন্তু বালিকা ভগিনীর পার্শে
সেই রকে একটু শুইবামাত্র ঘুমাইয়া পড়িল, তাহার কুস্থমস্বঞ্জিত পাট তাহার আঁচলেই রহিল। নিদ্রাতেও সে স্কন্দর
পরিপক বিষফলের স্থায় ওঠ ঘটী হাস্থবিন্দারিত, বোধ হয়
বালিকা এই স্কন্ম স্থাতল রজনীতে কোনও স্থথের স্বপ্ন
দেখিতেছিল।

ক্ষণেক পর বাহিরের কবাটে শব্দ হইল, বিন্দু তাহাই প্রত্যাশা করিতেছিলেন, তংক্ষণাৎ গিয়া খুলিয়া দিলেন, হেমচক্র বাটীতে প্রবেশ করিলেন।

হেমচন্দ্রের বয়স পঞ্চবিংশ বংসর হইয়াছে, তাঁহার শরীর
দীর্ঘ ও বলিষ্ঠ, লগাট উন্নত ও প্রশস্ত, মুধমণ্ডল ভামবর্ণ
কিন্ত ক্রন্দর, নয়ন ছটা অতিশর তেজোবাঞ্জক। অনেক পথ
হাঁটিয়া আসিয়াছেন ক্রতরাং তাঁহার মুধ ভ্রথাইয়া গিয়াছে,
শরীরে ধূলি লাগিয়াছে, পা ছটা ধূলায় ভরিয়া গিয়াছে।
বিন্দু স্বত্বে তাঁহাকে একথানি চৌকি আনিয়া দিলেন এবং পা

ধুইবার জল ও গামছা আনিয়া দিলেন; হেম হাত মুখ ধুইলেন।

বিন্দু। তোমার আসিতে এত রাত্রি হইল ? এখনও খাওরা দাওয়া হয় নাই ?

হেম। আমি সন্ধার সমন্বই আসিতাম, তবে কাট ৪রার
একটি পরিচিত লোকের সঙ্গে দেখা হইল, তিনি বৈকালে
আমাকে তাঁহার বাসায় লইয়া গেলেন, উপরোধ করিয়া কিছু
জল থাবার খাওয়াইলেন, সেই জন্ম এত দেরি হইল। তা
তোমরা খাইয়াছ ত ?

বিন্দ্। স্থা থাইয়া ঘুমাইয়াছে, আমি থাব এখন।
তুমি ত বৈকালে জল থাইয়াছ আর কিছু থাও নাই, তবে ভাত
এনে দি।

হেম। আমার বিশেষ কুধা পার নাই, তবে ভাত নিয়ে এস, আর রাত্তি করার আবশুক নাই।

বিন্দু সেই রকে একটু জল ছিটাইরা আসন পাতিলেন, পরে বারাঘর হইতে থালে করিয়া ভাত আনিয়া দিলেন। খাবার সামান্ত, ভাত, ডাল, মাছের ঝোল, ও বাড়ীতে উচ্ছে ও লাউ হইয়াছে তাহাই ভাজা ও তরকারি। আর গাছে নেব্ হইয়াছিল বিন্দু তাহা কাটিয়া রাথিয়াছিলেন, গাছ হইতে চুইটা ডাব পাড়িয়া তাহা শীতল করিয়া রাথিয়াছিলেন এবং বাড়ীতে গাড়ীছিল তাহার ছগ্ধ ঘন করিয়া রাথিয়াছিলেন। হেমচক্র আহারে বিদলেন, বিন্দু পার্শে বিসয়া পাথা করিতে, লাগিলেন।

হেম। খোকার জন্ত একটা ঔষ্ধ আনিয়ছি, সেটা এখন খাওয়াইও না, রাত্রিতে যদি ঘুম ভালে, যদি কাঁদে, ভবে পাওয়াইও। আর বে চেপ্তায় গিয়াছিলান তাহার বড় কিছু ইইল না।

বিন্। কি হইল ?

হেম। কাট্ওয়াতে আমার পরিচিত একটী উকিল আছেন আমি তাঁহার কাছে তোমার বাপের জমির কথা ুবলিলাম, এবং সমস্ত অবস্থা বুঝাইয়া বলিলাম।

বিন্দু। তার পর ?

(इस । তिनि विलिद्यन सकक्तमः छित्र छेशाय नारे।

বিন্দু। ছি! জেঠা মশাইয়ের সঙ্গে কি মকদমা করে ? তিনি যাহা হউক ছেলে বেলা আমাকে মানুষ করিয়াছিলেন, আমার বে দিয়েছেন, জেঠাই মা এখনও আমাদের জিনিষ টিনিষ পাঠিয়ে দেন, তাঁদের সঙ্গে কি মকদমা করা ভাল ?

হেম। আমাদের বিবাহের জন্ত আমরা তোমার জেঠা
মহাশবের নিকট বড় ঋণী নই; কিন্তু তুমি তথন ছেলে মানুষ
ছিলে সে সব কথা বড় জাননা, জানিবার আবশুকও নাই।
তথাপি তিনি তোমার জেঠা, এই জন্তই তাঁহার সহিত বিবাদ
করা ইচ্ছা নাই, কেবল অগতাা করিতে হয়।

বিন্। ছি! সে কাষ্টা কি ভাল হয়? আর দেশ আমরা গরিব লোক আমাদের কি মকদ্দমা পোষায়? আমরা গরিবের মত যদি থাকিতে পারি, ছবেলা ছপেট যদি থেভে পাই, ভগবানের ইচ্ছায় যদি ছেলে ছটাকে মানুষ করিতে পারি, তাহা হইলেই ঢের হইল। তোমার যে জমি জমা আছে আহাতেই আমাদের গরিবের সোণা ফলে, তোমার পৈতৃক বাড়ীই আমার সাত রাজার ধন। হেম। আমি বখন তোমাকে বিবাহ করিরাছিলাম, এরপ কটে চিরকাল জীবন বাপন করিব তাহা মনে করি নাই। তুমি সহিষ্ণু, সাধবী, পতিব্রতা, এত;কট সহু করিয়াও মুধ ফুটে একটী কথা কও না সে তোমারই গুণ, কিছু আমি তাহা চক্ষে দেখিতে পারি না।

বিশ্ব চক্ষে জল আসিল। মনে মনে ভাবিলেন, "পথের কাঙ্গালাঁকে কোলে করিয়া লইয়া স্বর্গে স্থানু দিয়াছ সেটা কি ভূলে গেলে ?" প্রকাশ্যে একটু হাসিয়া বলিলেন, "কেন এমন ঘর বাড়ী, এখানে রাজার উপাদেয় দুব্য পাওয়া যার, ইহাতে আমাদের অভাব কিনের? একটা রাজার উপাদেয় জিনিস দেখিবে?"

হেম একটু হাদিয়া বলিলেন "কৈ দেখি।"

ি বিক্ উঠিয়া রারাঘরে গেলেন। সেই দিন গাছের কচি কচি আঁব পাড়িয়া তাহার অথল করিয়াছিলেন, স্বামীর সমুথে পাথর বাটীটী রাখিয়া বলিলেন "একবার থেয়ে দেথ দেখি।"

হেম হাসিরা অম্বল ভাতে মাথিলেন। থাইরা সহাস্তে বলিলেন, "হাঁ এ রাজার উপাদের দ্রুব্য বটে, কিন্তু সে আমাদের এ রাজ্যের গুণ নহে, রাজ রাণীর হাতের গুণ।"

ক্ষণেক পর হেম আবার বলিগেন "আমি সূত্য বলিতেছি জঠো মহাশরের সহিত মকদ্দমা করিবার আমার ইচ্ছা নাই, কিন্তু তিনি তোমার পৈতৃক ধন কাড়িয়া লইবেন, আমাদিগকে দরিত্র বলিয়া তুচ্ছ করিবেন তাহা আমি কখনই সহু করিব না। আমি দরিত্র কিন্তু আমি অস্তায় সহু করিতে পারি না।" বিন্দু। তবে এক কাজ কর দেখি। ঐ ভাত কটি এই ঘন হৃদ দিয়া খেয়ে নাও দেখি, তা হইলে গায়ে জোর হবে, তাহার পর কোমর বেধে নড়াই করিও।

হেমচন্দ্র যুদ্ধের সেই উদ্যোগ করিলেন, আবার গাভী-ছথ্মের অথবা রাজীর রন্ধন নৈপুন্তের প্রশংসা করিলেন। তথন বিন্দু বলিলেন,

আছা জেঠা মশাইরের সঙ্গে এ বিষয়টা মিটাইয়া কেলিলে ভাল হয় না ? গ্রামেও পাঁচজন ভদ্র লোক আছেন।

হেম। "সে চেষ্টাও করিয়াছিলার্ম। তোমার জাঠা
মহাশর বলেন যে জমিতে তাঁহারই সন্থ আছে, তিনি এখন
দশ বৎসর অবধি জমিদারকে থাজনা দিতেছেন, তিনি অর্থ
বার করিয়া জমির উন্নতি করিয়াছেন, এবং জমিদারের
সেরেস্তার আপনার নাম লিথাইয়াছেন, এখন তিনি এ জমি
হাতছাড়া করিবেন না। তবে তোমাকে ও স্থধাকে কিছু
নগদ অর্থ দিতে সম্মত আছেন, তাহা জমির প্রকৃত মূল্য নহে,
আর্ক্রেক মূল্য অপেকাও অয়। কেবল আমরা দরিজ এই জন্ম
তিনি এরূপ অন্তার করিতেছেন। ক

বিন্দু। আমি মেরে মানুষ, তুমি যতদ্র এ সব বিষর বুঝা আমি ততদ্র পারি না, কিন্তু আমার বোধ হয় তিনি বাহা দিতে চাহেনু তাত্বেই স্বীকার হওয়া ভাল। তিনি আমাদের গুরু, এক সমর্য়ে আমাকে পালন করিয়াছিলেন, যদি কিছু অর ম্লোই তাঁহাকে একটা জিনিস দিলাম ভাতেই বা ক্ষতি কি ? আর দেখ, মকদমা করিলে আমাদের বিস্তর থরচ, কর্জ করিতে হইবে, তাহা কেমন করিয়া পরিশোধ করিব ? যদি মকদমার

স্থানি পাই তাহা হইলে ঋণ পরিশোধ করিতে সে জমি বিজেয় হইরা বাইবে, জার জেঠা মশাই চিরকাল আমাদের শক্ত থাকিবেন। আর যদি মকদমার হারি, তবে এ কুল ও কুল ছকুল গেল। তিনি বদি কিছু অল্ল মূল্যই দেন, না হয় আমরা কিছু অল্লই পাইলাম, গোলমালটা এই থানেই শেষ হয়। আমি মেয়ে মান্ত্র্য, ও সব গোলমাল বুঝি না, মকদমা বড় ভার করি, সেই জন্মই এরপ বলিলাম; কিন্তু তুমি রাগ না করিয়া বেশ করিয়া বিবেচনা করিয়া দেথ, শেষে যেটা ভাল বোধ হয় সেইটে কর।

হেমচক্র আহার সমাপন করিলেন, এক ঘট জল খাইলেন, অনেকক্ষণ বিবেচনা করিয়া ধীরে ধীরে বলিলেন,

তোমার স্থায় মেয়ে মাজুব বাহার বন্ধু সে এ জগতে ভাগাবান্। আমি তোমার সহিত পরামর্শ না করিয়া যে উকিলের নিকট গিয়াছিলাম সে আমার মূর্থতা। তোমার পরামর্শটি উৎকৃষ্ট। আমি এই পরামর্শই গ্রহণ করিলাম, জ্বেঠা মহাশয় বাড়ী আসিয়াছেন, কলাই আমি এ বিবর নিপত্তি করিব। আর প্রন্থার যথন কোন পরামর্শের আবশ্রক হইবে, এই ঘরের বৃহস্পতির সহিত আয়গে পরামর্শ করিব।

বিন্দু সহাস্থে বলিলেন, "তবে বৃহস্পতির আর একটা পরামশ গ্রহণ কর।"

হেম। কি বল, আমি কিছুই অস্বীকার করিব না।

বিন্দু। ঐ বাটীতে যে ছদটুকু পড়িয়া আছে সেটুকু
চুমুক দিয়ে খাও দেখি।

হেমচন্দ্র অগত্যা রহস্পতির এই বিতীয় পরামণ্টীও গ্রহণ করিলেন, পরে আসন ত্যাগ করিয়া আচমন করিলেন।

বিন্দু তথন হেমচক্রের জন্ত শ্যা রচনা করিয়া দিলেন, হাতে একটা পান দিলেন, এবং অনেকক্ষণ পর্যান্ত সেই শ্যার স্থানীর পার্থে বিসিয়া সাংসারিক কথাবার্তা করিতে লাগিলেন। অনেকক্ষণ কথাবার্তার পর হেমচক্র সেই স্নেহময়ীকে আপন কদরে ধারণ করিয়া সন্মেহে চ্ম্বন করিয়া বলিলেন "যাও, অনেক রাত্রি হইয়াছে, তুমি থাওয়া দাওয়া কর গিয়ে।" জগতের মধ্যে সৌভাগ্যবতী বিন্দুবাসিনী তথন উঠিয়া পাকগৃহে আহারাদি করিতে গেলেন।

# চতুর্থ পরিচেছন।

#### চাষবাদের কথা।

রাত্রি প্রভাত হইরাছে। উষা তরুণীগৃহিণীর ন্থায় সংসার কার্য্যের জন্ম জগতে সকলকে উঠাইলেন, সকলকে নিজ নিজ কার্য্যে প্রেরণ করিলেন। মাতা যেরূপ কন্মাকে স্থান্দর রূপে সাজাইয়া দেয়, সেইরূপ স্থান্দর সাজ পরিধান করিয়া উষা আকাশে 'দর্শন দিলেন। হাস্তম্থী তরুণীর প্রণরাভিলাবে প্রণরী স্থ্য অচিরেই উদিত হইলেন, উষার পশ্চাতে ধাবমান হইলেন! তাঁহার উজ্জল কিরণ রূপ সপ্ত অখ রথে সংযোজিত করিয়া সেই জলস্তকেশী স্বিতা আকাশমার্গে ধাব্যান হইলেন, আকাশ আলোকে পূর্ণ করিলেন, জগতে সংজ্ঞাশৃন্তকে সংজ্ঞা দান করিলেন, রূপশৃত্তকে রূপ দান করিলেন। উবা ও সূর্য্যো-দয়ের শোভায় বিশ্বিত হই রা চারি সহস্র বৎসর পূর্বের আমা-দিগের প্রাচীন ঋথেদের ঋবিগণ এই রূপ স্থল্যর কয়না দারা সে শোভাটি বর্ণন করিয়া গিয়াছেন;—সেরূপ সরল, স্থলর এবং প্রকৃতির আলোকে আলোকপূর্ণ কবিত্ব তাহার পর আর রচিত হয় নাই!

হেমচন্দ্র প্রাতঃকালে গাব্রোখান করিলেন এবং বাটী হইতে বাহির হইলেন গ্রামের রক্ষণত্র ও কুটার গুলি স্ব্যের লোহিত আলোকে শোভা পাইতেছিল, গ্রাম্য পুপগুলি বৃক্ষেরোপে বা জঙ্গলে ফুটয়া রহিয়াছে, এবং প্রাতঃকালের পাখী গুলি নানাদিক হইতে রব করিতেছে। গৃহত্তের মেয়েরা অতি প্রভূবে উঠিয়া ঘর ঘার ও প্রাঙ্গন ঝাঁট দিয়া পুখুর হইতে কলস করিয়া জল আনিতেছে অথবা রন্ধনাদি আরম্ভ করিতেছে। বালকগণ পাঠশালার বা খেলায় ঘাইতেছে, রুষকগণ লাঙ্গল ও গরু লইয়া নাঠের দিকে ঘাইতেছে। হেম-চন্দ্রও আজি নিজের জ্বিথানি দেখিতে যাইবেন মানস করিয়াছিলেন।

ছায়াপূর্ণ গ্রাম্য পথ দিয়া কতকদ্র আসিয়া হেমচক্স একজন ক্ষকের বাড়ীর সমুথে পঁছছিলেন; ক্ষুষকের নাম সনাতন কৈবর্ত্ত।

সনাতন কৈবর্ত্তের একথানি উচ্চ ভিটিওয়ালা ঘর ছিল, তাহার পাখে একথানি ঢেঁকির ঘর ও একথানি গোয়াল ঘর, তথার ৪।৫টি গরু ছিল। উঠানেই উত্থন, পাখে একথানি চালা আছে, বৃষ্টি বাদলের দিন সেই চালার ভিতর রারা হর, নচেং ঝোলা উঠানে। সন্থ্য কতকগুলা কাঁটা গাছ ও লক্ষল, এক স্থানে একটা বড় খানা আছে তাহাতে বংসরের গোবর সঞ্চিত হয়. চাবের সময় উপকারে লাগে। গোরাল ঘরের পাশে গাড়ীর তথানা চাকা ও খান তৃই লাক্ষল পড়িয়া আছে, এবং বাড়ীর পশ্চাতে একটা ডোবার স্থায় ময়লা পুখুর আছে। আমাদের বলিতে লক্ষা করে যে এক্ষণকার নৃতন মিউনিসিপাল আইন ও নিয় শিক্ষা সম্বেও সনাতনের প্রণয়িনী এই ডোবাতেই যে কেবল বাসন ধুইতেন এমন নহে, তাঁহার স্থান ও কাপড়কাচাও এইখানে হইত, এবং তাঁহার ক্ষদম্বেরর পানের জল ও সংসারের রারার জলও এই পুখুরের।

হেমচন্দ্র আসিয়া সনাতনকে ডাকিলেন। সনাতনের তথন
নিদ্রাভঙ্গ হইয়াছে, তবে গাত্রোখান রূপ মহৎ কার্য্যের উদ্যোগ
পর্ব্ধেরত ছিল, ছই একবার এ পাশ ও পাশ করিতেছিল,
ছই একবার হস্ত বিস্তার করিয়া হাই তুলিতেছিল, আর কথন
কথন পার্থে শরানা সহধর্মিণীর সহিত, "পোড়ারমুখী এখন
উঠ্লিনি, এখনও মাগীর ঘুম ভাঙ্গল না ব্ঝি" ইত্যাদি মিষ্টালাপ
করিতেছিল, এবং আলস্থ বড় দোষ এই নীতি বাক্যটী প্রকটিত
করিতেছিল। এই নৈতিক বক্তৃতার মধ্যে সনাতন হেমচন্দ্রের
ভাক শুনিল।

গলাটা মহাজনের গলার আয়, অতএব বৃদ্ধিমান সনাতন সহসা উঠিল না। আবার ডাক,—ভৃতীয়বার ডাক, স্ক্তিরাং শুনাতন কি করে, একটা উপায় করিতে হইল। বিপদ আপদে দনাতনের একমাত্র উপায় তাহার গরীয়দী সহধর্মিনী, অভএব তাহাকেই একটু অন্ধন্ম করিয়া বলিল "এই দরজাটা খুলে উলি মেরে দেখ্ত কে এসেছে। যদি হারাণ সিকদার মহাজন হয় তবে বলিস বাড়ী নেই।" সনাতনের প্রণায়নী প্রিয় স্বামীর "পোড়ারমুখী" প্রভৃতি মিষ্টালাপ শুনিয়া এতক্ষণ চুপ করিয়াছিলেন, এখন সমর পাইলেন। স্বামীর কথাটী শুনিয়া আন্তেং পাশ ফিরিয়া শুইলেন। একটা হাই তুলিয়া সনাতনের দিকে পেছন করিয়া অসক্ষ্চিত চিত্তে আর একবার নিলা গেলেন।

সনাতন দেখিল বড় বিপদ, অথচ আপনি সহসা বাহির হইতে পারে না, কি করে ? ছই একবার প্রণয়িনীকে ডাকিল, কোন উত্তর নাই, একবার টানিল, সাড়া নাই, একবার ঠেলা দিল, তথাপি চৈত্য হইল না! সকল যত্ন বার্থ গেল, সকল বাণ কাটা গেল, তথন বীর পুরুষ একেবারে রোমে দণ্ডায়মান ১ইয়া রিক্ত হস্তে স্ঝিবার উদ্যম করিল। বলিল "এত বেলা হলো এখনও মাগীর উঠা হইল না, এত ডাকাডাকি করিলাম তবুও হারামজালীর সাড়া নাই, এবার সাড়া করাচিচ, ছটো শুভো দিলেই ঠিক হবে।"

সনাতনগন্নী দেখিলেন আর মৌন অস্ত্র থাটে না, এখন
অস্তু অস্ত্র না ধারণ করিলে বড় বিপদ। অতএব তিনিও
একবারে বিছানার উঠিয়া বসিলেন, বলিলেন "কি হয়েছে কি ?
সকাল থেকে উঠে বাপ মা ভুলে গাল দিছে কেন, মাতাল
হয়েছ নাকি ?—দেখ না, মিনবের মরণ আর কি !" বিধুমুখী
এইরূপে স্বামীর দীর্ঘায়ু বাস্থা করিয়া পুনরায় পাশ ফিরিয়া
ভইলেন।

সে তীব্র হার প্রবণে ও আরক্ত নয়ন দর্শনে স্নাতনের বীর হাদর বসিয়া গেল, তথাপি সহসা কাপুরুষের স্থায় যুদ্ধ ভাগে করিল না।

সনাতন। বলি আবার ভুলি যে!

জী। শোৰ না ?

সনাতন। খরের কাজ কর্ম্ম করিতে হবে না ?

ন্ত্ৰী। হবে না ?

সনাতন। জল আনবিনি?

खी। जानदाना १

সনাতন। রালা চড়াবি নি ?

জী। চড়াব না ?

সনাতন। তবে আবার গুলি যে ?

জী। শোবনা?

সনাতন। তবে ঘরকলা করবে কে ?

ত্ত্বী। তা আমি কি জানি ? আমি পোড়ারমুখী, আমি
হারামজাদী, আমার বাপ হারামজাদা, আমার ঠাকুরদাদা
হারামজাদা, আমার আর ঘর কল্পা করে কি হবে ? আর একটা
ভাল দেখে ভেকে আনগে।

সনাতন। না, বলি রাগ কল্পিনাকি ?

্স্ত্রী। বোগ আবার কিলের?" বলিয়া গৃহিণী আর একবার পাশ ফিরিয়া ভইলেন, আর একটি হাই তুলিয়া দীর্ঘ নিজার স্থচনা করিতে লাগিলেন।

সনাতন তথন পরাস্ত হইল; তথন বিধুম্থীর হাতে পারে বরিরা বাট মানিরা অনেক মিনতি করিরা উঠাইল। সেই অবার্থ সাধনে বিধুমুখীর কোপের কিঞ্চিৎ উপশম হইল এবং তিনি গাত্রোখান করিলেন। মনে মনে হাসিতে হাসিতে মুর্থে স্থাগ দেখাইয়া বলিলেন,

"এখন কি করিতে হবে বল। এমন লোকেরও ঘর করিতে মাল্বে আসে। গালাগালি না দিলে রাত্রি প্রভাত হয় না।"

সনাতন। না গালি দিলাম কৈ, একটীবার আদর করে পোড়ামুখী বলেছি বইত নয়, তা আর বলব না।

ন্ত্ৰী। না কিছু বল নাই, আমার আদর সোহাগে কাজ নাই, কি করিতে হবে বল।

সনাতন। বলি ঐ দরজায় কে ডাকাডাকি করছে এক-বার গিয়ে দেখুনা; যদি হারাণ সিকদার হয় তবে বলিস আঝি বাড়ী নেই।

তথন বিধুম্থী গাত্রোখান করিলেন, তাঁহার বিশাল শরীর খানি তুলিলেন। মুথধানি একথানি মধ্যমাকৃতি কাল পাথরের ধালার স্থার, সেইরূপ প্রশস্ত, সেইরূপ উজ্জ্বল বর্ণ। শরীরখানি বেশ নাদশ নোদশ, ছুলাকার, গোলাকার পৃথিবীর স্থার! পা ছ্থানি মাটিতে পড়িলে পৃথিবী তাহার স্থার চিছু অনেক কণ ধারণ করিতে ভাল বাসিতেন! বাহু ছই খানি দেখিরা সনাতনের মনে ভর সঞ্চার হত, কোন্ দিনু এই রুম্বীরদ্ধের প্রিয়্ব আলিলনে বা আমার খাস রোধ হইরা অপষাথ মৃত্যু হর! দীর্ঘে বর বড় না কনে বড় দেশকের কিছু সম্পেহ ছইত, পার্শে কনে তিন্টী স্নাতন!

গরীয়দী বামাদরজা একটু খুলিয়া মধুর স্বরে বলিলেন "কে গা।"

হেম। আমি এসেছি গো। সনাতন বাড়ী আছে?

. মনিবকে দেখিয়া সনাতনের স্ত্রী তথন ব্যগ্র ও লচ্ছিত হইয়া তাড়াতাড়ি বাহির হইয়া মাধায় একটু ঘোমটা দিয়া একটী কাঠের চৌকি লইয়া বাবুকে বসিতে দিলেন ও সনাতনকেও ডাকিয়া দিলেন।

সনাতন তথন নির্ভয়ে চকু মুছিতে মুছিতে বাহিরে আসিল, এই এবং হইয়া বলিল,

"আজ্ঞে আমর। ঘুমিয়ে ছিলাম, তা আপনাকে অনেককণ দ্বাড়াইরা থাকিতে হরেছে।"

. হেম। তা হোউক, এখন চল মাঠে যেতে হবে, ক্ষেত্রখানা দেখিতে হবে। কৈ তোমার লোক কৈ।

সনাতন। আজে জন ঠিক করেছি, এই যাই। আপনি আনেকটা পথ চলিয়া এসেছেন একটু ছদ থাবেন কি।

হেম। না আবশ্যক নাই।

সনাতন। না একটু খান, স্মামাদের বাড়ীর গরুর ছদ একটু খান। এই বলিয়া সনাতন ছধ ছইতে গেল, তাহার স্ত্রী পাথর বাটী আনিল।

দোরা হুইলে সনাতনের স্ত্রী একটু ঘোষটা দিরা একটী ছেলে কোলে করিয়া এক বাটী চুধ বাবুর কাছে আনিরা ধরিল। হেম আনন্দচিত্তে সেই ক্লবকের ভক্তিদন্ত চুগ্ধ পান করিলেন।

স্মাতনও লোককে ডাকাডাকি ক্রিয়া হাজির ক্রিয়া

ছই থানি হাল ও চারিটা বলদ লইয়া প্রস্তুত হইল। সকলেক্ষেত্রে দিকে চলিল। পথে অক্সান্ত কথা হইতে ২ সনাজন
বলিল "তা বাবু এত কষ্ট করিয়া যাবেন কেন, আমি আপনার
ক্ষমি ছটা চাব দিয়াছি, আর একটা চাব হইলেই হয়, আজ সব
হইয়া যাবে, তার পর কাল ধান বুনে দিব। আপনি আর কষ্ট
করেন কেন?"

হেম। না আমি অনেক দিন অবধি আমার জমিটা দেখি নাই তোরা কি কচ্ছিদ না কচ্ছিদ একবার দেখা ভাল, তাই আজ সকালে মনে করিলাম একবার দেখে আদি।

সনাতন। তা দেখুন না, আপনার জিনিস দেখ্বেন না ?' জিনিটী ভাল, ধান বেশ হয়, তবে আপনারা ভদ্রলোক, জন ধার্টিয়ে চাব করাতে হয় তাই বোধ হয় আপনাদের তত লাভ হয় না।

হেম। সামান্তই লাভ হয়। তোমাদের জন মজ্রদের দিরে বেশী থাকে না। গেল বার বুঝি ২০০।২৫০ মন ধান হইরাছিল কিন্তু তোদের দিরে, বিচ ধরচ দিরে, জমি-দারের থাজনা দিয়ে ১০০ টাকার বড় বেশী ঘরে উঠে। না

ক্ষানা। তা বাবু সেই বে একবার বলেছিলেন, জমিটা ভাগে দিট্রিন, তা কি এখন ইচ্ছা আছে ? যদি দেন তবে আমা-কেই দিবেন, আমি আপনার বাড়ীর চাকর, আপনার বাপের আমন থেকে ঐ অমি করিতেছি। আপনাকে কোনও কাই দেতে হবে না, কিছু দেখতে হবে না, আমি নিজের খনচে চাৰবাস করিব, আমার হাল গরু সবই আছে, বছরের শেরে অর্দ্ধেক ধান মাপিয়া গাড়ী করিয়া আপনার বাড়ীতে প্রছিয়া দিব।

হেম। কেন বল দেখি, ভোর ভাগ নেবার এত ইচ্ছে কেন?

সনাতন। আজে আপনি ত জানেন, আমার একথানি নিজের ছোট জমি আপনার জমির পাশে আছে, কিন্তু ৮/১০ কুড়ো, তাহাতে পেট ভরে না, আপনাদের কাছে মজুরি করিয়া যা পাই তাহাতে আমার চলে। তবে যদি আপনার জমিটা ভাগে পাই তবু লোকের কাছে বলিতে পারিব এতটা কমি ভাগে করি। আর আপনাদের যত ধরচ হয়, আমরা ছোট লোক আমাদের চাষে তত ধরচ হবে না, ছই পরসা, পাব, ছেলে গুলি থেয়ে বাঁচ্বে।

হেম। তা আছো দেখা যাক কি হয়। তুই এখন ত আমার জমিটা বুনে দে, তার পর যাহা হয় করিব এখন।

এইরপ কথাবার্তা করিতে করিতে হেমচক্র ও সনাতন ও সনাতনের লোক জন গ্রাম হইতে বাহির হইলা মাঠে গিয়া পড়িলেন।

বৈশাধ মাসের ছই একটা বৃষ্টির পর সকল জমিই চাষ ইইতেছে। প্রাতঃকালের শীতল বায়ুতে ক্রষকগণ আনন্দে গান করিতে °করিতে অথবা গরুকে নানা রূপ নিকট সম্মন্ধ বাচক কথার উত্তেজিত করিতে করিতে চাষ দিতেছে। ক্ষেত্রের পর ক্ষেত্র, বন্ধ দেশের উর্জরা ভূমির অন্ত নাই, তাহাই বালালি-দ্বিগের প্রাণ সর্ক্ষ। জমির পার্যস্থ আইলের উপর দ্বিশ্ব আনেক জমি পার হইয়া আনেক ক্লয়কের ক্লমি কার্য্য দেখিছে দেখিতে হেমচক্র নিজ জমির দিকে যাইতে লাগিলেন। কিছু আদ্যও তাঁহার জমি দেখা হইল না, পথে তিনি সহসা তাঁহার বন্ধর মহাশর তারিণী বাবুকে দেখিতে পাইলেন। তারিণী বাবু পূর্বাদিন কার্য্য বশতঃ অন্ত গ্রামে গিয়াছিলেন, আদ্য প্রত্যুবে বাটী কিরিয়া আসিতে ছিলেন। হেমচক্র তাঁহাকে দেখিয়া প্রণাম করিলেন, তিনিও আশীর্কাদ করিয়া কহিলেন, "এ কি বাবা, এখানে মজুরের সঙ্গে কোথা যাইতেছ এস ঘরে এস। তবে ভাল আছ? আমি প্রত্যুহই মনে করি তোমাকে একবার ডেকে খাওয়াই, তবে কি জান বর্দ্মান থেকে ছুটা নিয়ে এসে অবধি নানা বিষয় কার্য্যে বিত্রত, আর শরীরও ভাল নাই, আর ছেলে গুলকে টিক টিক করে বলি তোমাকে একবার নিমন্ত্রণ করে আসবে, তা যদি তারা ঘরথেকে একবার বেরয়। তা তুমি একদিন এস খাওয়া দাওয়া করিও।"

হেমচক্র খণ্ডর মহাশরের সঙ্গে ফিরিলেন। বলিলেন,
"আজে তা যাব বৈ কি, আমিও মনে করেছিলাম আজ কালের
মধ্যে একদিন দেখা করি, কিছু আবশুক আছে। মহাশরের
যদি অবকাশ থাকে তবে আজই সন্ধার সময় আসিব।

তারিণী। তা তুমি ঘরের ছেলে আবার অবকাশ অনব-কাশ কি, বখন আসিবে তখনই দেখা হবে। বাছা উমাতারা বশুর বাড়ী হইতে এসেছে সেও কতবার বলেছে, বাবা একবার হেম বাবুকে নিমন্ত্রণ কর না, আর গিন্নীও তোমার কথা কত বলেন। তা আসবে বৈ কি, এস, আজ সন্ধ্যার সময় এস, কিছু জলবোগ করিও। এইরূপ কথা বার্ডা ক্রিতে ক্রিতে উভয়ে একজে গ্রামে আসিলেন।

## পঞ্চম পরিচেছদ

#### वर्ष माञ्चरवत कथा।

সন্ধ্যার সময় হেমচক্র তারিণী বাবুর বাড়ীতে যাইলেন।
বাড়ীর বাহিরে গোয়াল ঘর আছে, ছ তিনটী ধানের গোলা
আছে, একটা প্রার চণ্ডীমণ্ডপ আছে ও তাহার সমূধে
মাজার একথানি বড় আটচালা আছে। নাজির বাবুর
মাড়ীতে বড় ধ্মধামে ছ্র্গাপুজা হয়, নাচ গাওনা বাজনা হয়,
প্রাসিদ্ধ যাত্রার দল বৎসর বৎসর আইসে, এবং গ্রামের লোকে
লে বাটী সমাকীর্ণ হয়। প্রতিবারই নাজির মশাই প্রভার
সময় বাড়ী আসেন, এবার কোনও আবশ্রকের জন্ত বৈশাধ
মাসে এক মাসের ছুটী লইয়া আসিসাছেন।

আজ ছই বংসর হইল, তারিণী বাবু আপনার বসিবার জনা বাহিরে একটা পাকা ঘর করিয়াছেন, এবং বাড়ীর পার্কে কতকগুলি ইটের পাঁজা পোড়ান হইয়াছে, গৃহিণীর বড় ইছ্যা যে শুইবার ঘরটীও পাকা হয়। সেই পাকা বৈঠকখানা ঘরে একটা তেলের বাতি জলিতেছে, একটা বড় তক্তপোশের উপর সতরঞ্চ ও চাদর বিছান আছে, তাহার উপর তারিণী বাবু বসিয়া ধুন সেবন করিতেছেন, পাড়ার ৪৪৫ ক্লম

লোক সম্বৃথে বসিয়া নানারূপ আলাপ ও গর রহন্ত করিতেছে।

হেমচন্দ্র আসিবামাত্র তারিণী বাবু তাহাকে বসিতে দিলেন এবং ছই চারিটী মিষ্টাণাপ করিয়া একটা ছেলেকে বাড়ীর ভিতর লইয়া যাইতে বলিলেন।

বাড়ীর ভিতর চারিদিকে বেড়া দেওয়া প্রসন্ত প্রাঞ্চন, সন্মুখে ভইবার ঘর, উচ্চ ভিটার উপর স্থানর বড় আটচালা, তাহার এ পাশে ও পাশে উচ্চ ভিটার উপর স্থানর স্থানর তিন চারি খানি চৌচালা বা পাঁচচালা ঘর। ঘরের ভিটিওলি স্থানররূপে লেপা, উঠান ঝাট দেওয়া ও পরিষ্কার, এবং তাহার এক পার্শে রালাঘর। বাটার পশ্চাতে একটা বড় রকম পুখুর, তাহার চারিদিকে বাগান, নারিকেল আম কাঁঠাল প্রভৃতি নানারূপ গাছ আছে।

হেমচন্দ্র বাড়ীর ভিতর আদিয়াই শাশুড়ীকে দণ্ডবং হইয়া
প্রাণাম করিলেন, তিনিও আশীর্কাদ করিয়া ঘরে লইয়া গিয়া
বসাইলেন। তাঁহার বয়স ৪০ বংসর পার হইয়াছে, শরীরথানি
গৌরবর্ণ স্থল এবং কিছু থর্ক ইইলেও জম্কাল। স্থল বাছর
উপর মোটা মোটা তাবিজ ও বাজু বাছর সৌলর্য্য ও সংসারের
অর্থ প্রকাশ করিতেছে। হাতে মোটা মোটা ছই গাছি বালা
পারে মোটা মোটা মল। তাঁহার সেই বছম্ল্য গহনা ও
গৌরবের শরীর থানি দেখিলে, তাঁহার আন্তে আন্তে চল্ন
ও ভারি ভারি পদবিক্ষেপ দেখিলে, তাঁহার অল্ল অল্ল হাসিমাধা
একটু ক্রিছারি পদবিক্ষেপ দেখিলে, তাঁহার অল্ল অল্ল হাসিমাধা
একটু ক্রিছারি বিলিয়াই বোধ হয়। তথাপি তারিনী

বাবুর গৃহিণী মন্দ লোক ছিলেন না, তাঁহার মনটা সাদা, তাঁহার কথা গুলিতে একটু একটু দর্প থাকিলেও হাস্যপূর্ণ গুমিষ্ট, তিনি আপনার স্থ্যাতি বা ধন গৌরবের কথা গুনিতে ভাল বাসিলেও পরের নিন্দা, পরের অনিষ্ট বা পরকে ক্লেশ দেওরা ইচ্ছা করিতেন না।

শাশুড়ী। বলি, বাড়ীর পাশে বাড়ী, তবু কি এক দিনও আসতে নেই? বুড়ী আছে কি মরেছে বলে আর ধবর নাও না?

হেম। না তা নর, প্রত্যহই আপনাদের খবর পাই, তবে আমাদের অবস্থা সামান্ত, সর্বাদাই কাজ কর্ম্মেরত থাকিতে হয়।

শাশুড়ী। হাাঁ, এখন তাই বলবে বই কি ? এই এত করে বিন্দুকে হাতে করে মানুষ করলাম, এত করে তার বিয়ে পা দিলাম, তা সেও কি একবার জিজ্ঞেস । করে না যে জেঠাই মা কেমন আছে।

হেম। সে সর্বাদাই অশানার তব্ লয়, আর এই উমাভারা আসিরা অবধি একবার আনেরে আসবে মনে করছে, কিন্তু
সংসারের সকল কাজ তাহাকেই করিতে হয় আর ছেলেটীরও
বাারাম, সেই জন্ত আসতে পারে না। তা উমাভারা ধনি একদিন আমাদের বাড়ী যায় তবে তার বোনের সঙ্গেও দেখা হয়,
ছেলে ফুটীকেও দেখিয়া আসিতে পারে।

শাওড়ী। না বাপু, উমার যৈ ঘরে বিরে ছরেছে, ভাদের এমন মত নয় যে উমা কারও বাড়ীতে যাওয়া আসা কঃ ুভারা ভারি বড় মামুষ, ধনপুরের বনিয়াদি বড় ম' ঐ বে আগে ধনেশ্বর বলে নবাবদের দেওরান ছিল না, তাদেরই ঝাড়, ভারি বড় লোক, এ অঞ্চলে তেমন ঘর নাই। হেম। হাঁ তা আমি জানি।

শান্ত জী। হাঁা, জানবে বৈকি, তাদের ঘর কে না জানে ?
ক্রিয়া, কর্ম, দান, ধর্ম, সকল রকমে, বুঝলে কি না, তাদের ঘেমন
টাকা তেমনি যশ। এই এবার তাদের একটা মেয়ের বিয়ে হল
বর্জমানে, ঐ ইনি যেখানে কর্ম করেন, সেই খানে, তা বিয়েতে
দশ হাজার টাকা খরচ করলে। তাদের কি আর টাকার
ভাগাগুন্তি আছে। বছর বছর পূজা হয়, তা দেশের যত বামুন
আছে, বুঝলে কি না, এ ধনপুরে দক্ষিণা পায় না এমন বামুনই
নাই।

হেম। তা আমি জানি।

শাশুড়ী। তা, উমাকে কি শিগ্গির পাঠায়; সেই পুঁজার সময় একবার করে পাঠায়, আর পাঠায় না। এবার এই ইনি ছুটি নিয়ে এসেছেন, তাই কত লোক পাঠিয়ে হাঁটা-ইাটি করে তবে উমাকে পাঠিয়েছে, তাও বলে দিয়েছে ১৪ দিনের বাড়া যেন এক দিনও না থাকে, তা এই ১৪ দিন হলেই পাঠাব। এই বর্জমানে আমাদের লোক গিয়েছে, কাপড়, সন্দেশ, জাঁব, নিচু, এই সব আন্তে দিয়েছি, মেয়ের সঙ্গে পাঠাতে হবে। বড় ঘরে মেয়ের বিয়ে দিলে কিছু খরচ কর্তেই হয়।

হেম। তা হরই ত, তা ইহার মধ্যেই আমার স্ত্রীকে এফুলেদের নিয়ে পাঠিয়ে দিব এখন। সে উমার সঙ্গে দেখা বছ দিব।

শাশুড়ী। হাঁ, তা আস্বে বৈ কি, বিন্দু আমার পেটের ছেলের মত, সে আস্বে না? সে আসবে, আর ভূমিও বাছা মধ্যে মধ্যে এসো, আমাদিগের থোঁজ ধবর নিও।

হেম। হাঁতা আসবোবৈ কি। এখন উমা আর কাছে কয় দিন ?

শাশুড়ী। আর আছে কৈ ? এই বন্ধমান থেকে আঁব সন্দেশ এলেই উমাকে পাঠিয়ে দিব; নেয়ের সঙ্গে কিছু না দিলে ত ভাল দেখায় না, বড় মানুষ কুটুম করেছি, কিছু না দিলে থুলে কি ভাল দেখায়? আবার দেখ এই আস্ছে মাসে বছিবাটা, আবার তত্ত্ব করতে হবে। তাতেও বিস্তর থরচ আছে।

হেম। তা বটেই ত।

শাশুড়ী। কাথেই, বেমন কুটুম করেছি তেমনি তত্ব করতে হয়, লোকের কাছেও আমাদের একটু মান সন্তম আছে, কুটু-মেরাও জানে আমরা বিষয়ী লোক, কাজেই কিছু দিয়ে পুরে তত্ব না করিলে ভাল দেখার না। তবে তোমার ছেলে ছুটী ভাল আছে?

হেম। না, থোকার ৫।৭ দিন থেকে একটু রাত্রিতে গা গরম হর, তা আমি কাল কাটোরা থেকে ঔবুধ এনে থাওরাছিছ আজ একটু ভাল আছে।

শাওড়ী। বেশ করেছ। বাছা বিন্দুও ঐ রকম ছিল, কারিল ছিল, মধ্যে মধ্যে জ্বর হত। আহা সেদিনকার ছেলে, কাছা এমন ধার শান্ত ছিল বে মুখটা খুলে কথনও কিছু চার নি, শামি যতক্ষণ না ডেকে তাকে ভাত থাওরাতার ততক্ষণ সে মুখটী তুলে একবার বলত না বে জেঠাই মা, কিদে পেরেছে। জেঠাই মা তার প্রাণ; তার বাপ মরে অবধি তার মার আর মন স্থির ছিল না, স্থতরাং বিন্দুকে আর স্থাকে আমি যত-ক্ষণে থাওরাতাম ততক্ষণে থেত, যতক্ষণ পরাতাম, ততক্ষণ পরিত। আমার উমাতারা যে বিন্দুও সে, আহা বেঁচে থাকুক, আর একবার আগতে বলো।

(इम। इा, जामत देव कि।

শাশুড়ী। এই পূজার সময় বিন্দু আসিল, আবার সেই দিনই চলে গেল; এবার পূজার সময় ত তা হবে না। খরেয় মেয়ে, পূজার সময় খরে ৫।৭ দিন থেকে কায় কর্ম করবে। আর কায় কর্ম ত এমন নয়, এই আমাদের ঠাকুর দর্শন করিতে, ব্রুলে কি না. এই ৩।৪ ক্রোশের মধ্যে যত গ্রাম আছে, সব গ্রামের কি ইতর কি ভদ্র সকলেই আসে। তোমরা বাছা বাইরে থেকে আস, বাইরে থেকে চলে যাও, ঘরের কায় ভ জান না। রাত তিনটের সময় হাঁড়ি চড়ে আর বেলা তিনটে পর্যন্ত উত্থনের জাল নেবে নাম্তব্ ত কুলিয়ে উঠতে পারি নি! লোকই কত, খাওয়া দাওয়াই কত, তার কি সীমা পরিসীমা আছে ?

হেম। তা আর আমি দেখিনি, প্রতি বছরই এদেখিতেছি, আপনার বাড়ীতে পুঞ্জার ধুমধাম, এ সকলেই জানে।

শান্তড়ী। তা কি জান বাপু, বংশামুগত ক্রিয়া কর্ম্মটা উনি না করিলে নয়। তবে যদি টাকা না থাকিত সে আলাদা ক্যা। এই গ্রামে কি সকলেই পূজা করে, এই তোমরা কি পূজা কর, তা ত নর, তার জন্ম লোকে ত কিছু বলে না। তবে আমাদের পুরুষাযুক্তম থেকে এটা আছে, মল্লিকদের বাড়ীর একটা নাম আছে, এঁর চাকুরিও আছে, কাজেই আমাদের না করিলে নর, এই জন্ম করা।

হেম। তা বটেইত।

কতক্রণ পর্যান্ত হেমচক্র এই মল্লিক বাড়ীর ইতিহাস, ধনের ইতিহাস, পৃজার ইতিহাস, ধনপুরের ধনেশ্বের বংশের গৌরব, মেরের গৌরব, তত্বের গৌরব এই সমুদর সদরগ্রাহী বিষরে ক্ষমরগ্রাহী বক্তৃতা সেই দিন সারংকালে শুনিরাছিলেন তাহা আমরা ঠিক জানি না। তবে এই পর্যান্ত জানি যে কণেক পর হেমচক্রের (দৈনিক পরিশ্রমের জন্তই বোধ হয়) চক্ চটী একটু একটু মুদিত হইয়া আসিতেছিল, এবং মধ্যে মধ্যে তিনি ক্থার স্পষ্ট অর্থ গ্রহণ না করিয়াই "তা বটেই ত," "তা বৈকি" ইত্যাদি শাশুড়ীর সম্ভোষ জনক শক্ষ উচ্চারণ করিতেছিলেন। রাত্রি এক প্রহর হইয়াছে এমন সময় ঝম্ ঝম্ করিয়া শক্ষ হইল; ধনপুরের ধনেশ্বর বংশের পুল্রবর্, ষোড়শবর্ষীরা, হীরক-মুক্তা-বিভূষিতা, রূপাতিমানিনী উমাতারা ঘরে প্রবেশ করিলেন।

উমাতারা অতিশয় গোরবর্ণা, মুখখানি কাঁচা সোণার মত, এবং তাহার উপর স্থবর্ণ ও হীরকের জ্যোতি বড় শোভা পাইতেছেঁ। মাথায় স্থলর চিক্কণ কালো চুলের কি স্থলর চিক্কণ খোপা, তার উপর কপালে জড়ওয়া সিঁতির কি বাহার হইরাছে! খোপায় সোনার ফুল, সোণার প্রজাপতি আর একটা বীঁরার প্রজাপতি! হাতে পৈচা, ববদানা, মরদানা, আর



কড়োরা বালা, বাহতে কড়োরা তাবিক ও বাজুর কি শোভা!
পিঠে পিঠবাঁপা ছলিতেছে, কটিদেশে চক্রবিনিন্দিত চক্রহার!
পলার চিক, বুকে সংখর সাতনর মুক্তাহার! হাসিতে
হাসিতে ধীরে ধীরে উমাতারা ঘরে প্রবেশ করিয়া
বলিলেন,

ইন্ আজ কি ভাগ্গি, না জানি কার মুধ দেখে উঠেছি!

ু হেমচক্র। আমার ভাগ্য বল; ভাগ্য না হইলে কি তোমাদের মত লোকের সঙ্গে হটাৎ দেখা হয়।

উমা। হাা গো হাা, তা নৈলে আর এই দশ দিন এথানে এসেছি একবার ও দেখা করিতে আস না? তা যা হোক ভাল আছ ত ? বিলুদিদি ভাল আছে ?

হেম। সে ভাল আছে। তুমি ভাল আছ?

উমা। আছি, যেমন রেখেছ, তবু জিজাসা করিলে এই ঢের। তা আজ এখানে আমাদের দর্শন দিলে কি মনে করে? বিন্দুদিদি যে বড় ছেড়ে দিলে, এতক্ষণ এখানে আছ রাগ করি-বেন না ত?

হেম। তোমার বিন্দুদিদি আপনি আস্তে পারলে বাঁচে সে আর ছেড়ে দেবে না। সে এই কত দিন থেকে তোমাকে দেখবার জন্ত আসবে আসবে করছে। তা কাল পরগুর মধ্যে একদিন আসিবে।

छमा। তবে कानरे পार्कित्र मिख। म्हार्वे ?

হেম। আছো কালই আসিবে। সেও তোমার সঙ্গে দেখা করিতে অতিশয় উৎস্থক, তুমি খণ্ডরবাড়ী থাকিলে সর্মনাই তোমার মার কাছে তোমার থবর জেনে পাঠায়।

উমা। তা আমি জানি। বিলুদিদি আমাকে ছেলে বেলা থেকে বড় তাল বাসে, ছেলে বেলা আমরা হইজনে একত্তে থেলা করিতাম, আমাকে এক দণ্ড না দেখে থাক্তে পারিত না। ছেলেবেলা মনে করিতাম বিলুদিদির সঙ্গে চিরকাল একত্র থাকিব, প্রতাহ দেখা হবে, কিন্তু ছেলেবেলার ইচ্ছাগুলি কি কথনও সম্পন্ন হয় ? মনের ইচ্ছা মনেই থাকে। তা কালুল তোমার ছেলেহুটাকেও পাঠিয়ে দিবে?

হেম। দিব বৈ কি, অবশ্র দিব।

উমাতারা অতিশর আফলাদিত হইলেন। পাঠক বৃঝিতে পারিয়াছেন যে উমার পিতার ধনলিপ্রায়, মাতার ধন গৌরবে, শক্তরবাড়ীর বড়মান্থী চালে, উমার বাল্যক্রনয়, বাল্য ভালবাসা একেবারে বিলুপ্ত করে নাই, সে এখনও বাল্যকালের সৌহন্য কথন কথন মনে করিত, বাল্যকালের স্থনকে একটু মেহ করিত। ধনপুরের ধনেগর বংশের পুত্রবণ্র অপূর্ক রূপগরিমাও বহুমূল্য হীরকমুক্তাদি দেখিয় আমরা প্রথমে একটু ভাত হইয়াছিলাম,—এগুলি দেখিলেই আমাদিগের একটু ভয় সঞ্চার হয়,—এক্সণে যাহা হউক তাহার হ্রনয়ের সল্গুণ দেখিয়াও কথঞ্জিও আমান্ত হইলাম;—আর এই সামান্ত সল্গুণটী ফাগংসংসারে সচরাচর দেখিতে পাইলে স্থী হইব। অন্তাম্ভ কথাবার্তার পর উমা বলিলেন.

ভবে এখন একবার উঠ, অমুগ্রহ করে যথন এসেছ, আঁকটু জনটল থেয়ে যাও, জন খাবার তৈয়ের হয়েছে। উমা ঝম্ ঝম্ করিয়া আগে আগে গেলেন, হেমচক্র বিনীজ ভাবে পশ্চাৎ পশ্চাৎ গেলেন। খাবারঘরে চুকিলেন, খাবার সম্প্রে হুটী সমাদান জ্বলিতেছে, রূপার থালে খানকত বুটি আর্টনানা রূপ মিষ্টার, চারিদিকে রূপার বাটীতে নানা রকম ব্যল্পন ও হুগ্ধ ক্ষীর, যেন পূর্ণচক্রের চারিদিকে কত নক্ষত্র বেষ্টন করিয়া রহিয়াছে! হেমচক্রের কপালে এরূপ আয়োজন, এরূপ খাবার দাবার সহসা ঘটে না, এই রৌপ্য সামগ্রার মূল্যে তাঁহার এক বৎসরের সাংসারিক থারচ চলিয়া বায়!

উমাতারা আবার বলিলেন, —তবে থেতে বস, আমাদের গরিবদের যথা সাধ্য কিছু করেছি, জ্রুটী হইয়া থাকিলে কিছু মনে করিও না।

শ্যালীর সহিত অনেক মিষ্টালাপ করিতে করিতে হেমচন্দ্র আহার করিতে লাগিলেন। যে বৎসর বিন্দুর বিবাহ হইরা-ছিল তাহারই পর বংসর উমার বিবাহ হয়। উমা অতিশ্ব গৌরবর্ণা ও স্থলরী, হেমচন্দ্রের মতে উমার চেরে বিন্দুর নব্দর হটী স্থলর ও মুখের প্রী অধিক, কিন্তু এ বিষয়ে হেমচন্দ্র নির্পক্ষ সাক্ষী নহেন, স্থতরাং তাঁহার সাক্ষ্য আমরা গ্রাফ্থ করিতে পারিলাম না। গ্রামে সকলে বলিত বিন্দু কালো মেরে, উমা স্থলরী, এবং সেই সৌন্দর্যা গুণেই উমার বড় ঘরে বিবাহ হইল। ধনপুরের জমিদারের ছেলে স্থলরী-না হইলে বিবাহ করিবেন না স্থির করিয়াছিলেন, উমা স্থলরী মেরে বর্লীয়া ভাহার সেই স্থানে বিবাহ হইল।

তারিণী বাবু এত ধনবান সম্বন্ধ করিয়া অনেক লাখনা সহ

করিতেন, তারিণী বাব্র মহিনীও ধনপুরের দাসীর নিকট গঞ্জনা সহিতেন; কিন্তু বড় মানুষের কাছে লাণী ঝাঁটাও সয়, গরিবের একটা কথা সয় না।

তারিণী বাবু বড় কুট্ম করিয়াছেন বলিয়া প্রামে তাঁহার মান সম্ভ্রম বাড়িল; তিনি ক্রমে দেশের মধ্যে একজন বড় লোক হইতে চলিলেন। এরপ লাভ হইলে গোপনে ছই একটা গঞ্জনা ও তিরস্কার ও কুট্মের ম্বণা কোন্বিবয়-বৃদ্ধি-সম্পন্ন লোকে হেলায় না বহন করেন ?

উমাতারার টাকার স্থ হইল, অন্ত স্থ তত হইরাছিল কি না জানি না, বদি এই উপন্তাসের মধ্যে ধনপুরের জমিদার পুত্রের সহিত কথনও দেখা হয় তবে সে কথার বিচার করিব। তবে তনিয়াছি বয়সের সহিত সেই জমিদার পুত্রের রূপ-শালসা বাড়িতে লাগিল এবং নানা দিকে প্রবাহিত হইল। কিন্তু বড় মান্তবের কথার আমাদের এখন কায নাই, আমরা. গরিব গৃহস্থের ইতিহাস লিখিতেছি।

উমার খণ্ডর বাড়ীতে অক্স কটেরও অভাব ছিল না।
গরিবের মেরে বলিরা তাঁহাকে কথন কথন কথা সহিতে
হইত, ননদদিগের লাঞ্চনা, সমরে সমরে দাসীদিগেরও
গঞ্জনা। কিন্তু গা-মর গহনা পরিলে বোধ হয় অনেক কট গয়, মুক্তাহার ও জড়োয়া দেখিলে বোধ হয় হদয়জাত অনেক
ছঃখের গ্রাস হয়। এ শাজে আমরা বড় বিজ্ঞ নহি, স্বর্ণ রৌপ্যের গুণ পরীক্ষা করিয়া দেখা হয় নাই, জড়োয়া চকুতে বড় দেখি নাই, স্বতরাং তাহার মৃল্যও জানি না। হীরকের জ্যোতিতে মনের মালিন্ত ও অক্কলার কতদ্র দ্র হয় বিজ্ঞবর পণ্ডিত ও পণ্ডিতাগণ নির্দারণ করুন। আমরা কেবল এই পর্যান্ত বলিতে পারি যে হেমচন্দ্র অনেকক্ষণ অবধি উমাতারার সহিত বাক্যালাপ করিতে করিতে এবং অনেকবার উমাতারার সেই স্বর্গ-মণ্ডিত মুথের দিকে চাহিতে চাহিতে একটু সন্দিশ্বনান হইলেন। তাঁহার বোধ হইল যেন সেই হীরকমণ্ডিত স্থন্দর ললাটে এই বল্লসেই এক একবার চিন্তার ছায়া দৃষ্ট হইতেছে, যেন সেই হাস্ত-বিক্ষারিত নমনের প্রান্তে সময়ে সময়ে চিন্তার ছায়া দৃষ্ট হইতেছে, ঘারা দৃষ্ট হইতেছে। এটা কি প্রকৃতই চিন্তার ছায়া দুনা সেই সমাদানের আলোক এক একবার বায়তে ন্তিমিত হই-তেছে তাহার ছায়া দু না ভবিষ্যৎ জীবন সেই যৌবনের ললাটে আপন ছায়া আছিত করিতেছে?

# यर्छ श्रिटिष्ट्म ।

### বিষয় কর্ম্মের কথা।

আহারাদি সমাপ্ত হইলে হেমচন্দ্র বাহির বাটাতে আসিলেন, দেখিলেন তারিণী বাবু তথন একাকী বসিরা আছেন।
প্রদীপের স্থিমিত আলোকে একথানি কাগজ পড়িতেছেন,—
সেথানি দৈনিক বা সাপ্তাহিক বা মাসিক পত্র নহে, সে একটা
প্রাতন তমস্ক। তারিণী বাব্র কপালে ছই একটা বয়সের
রেখা অন্ধিত হইয়াছে, শরীর স্থল, বর্ণ শ্রাম, চর্কু ছুটা ছোট
ছোট কিন্তু উজ্জ্বল, মন্তকে টাক পড়িতেছে, সন্মুখের কয়েকটা চুল
পাকিয়াছে। তারিণী বাবুর আকারে বা আচরণে কিছু মাত্র
বাহ্যাভ্যর বা অর্থের দর্প ছিল না, বাহারা বিবয় স্থাই করেন

তাঁহাদের সে গুলি বড় থাকে না, বাঁহারা ভোগ করেন বা উড়াইয়া দেন তাঁহাদেরই সে গুলি ঘটিয়া থাকে। হেমচন্দ্রকে দেখিয়া তারিনা বাবু কাগজ থানি রাখিলেন, ধারে ধীরে চস্মাটা শুলিয়া রাখিলেন, পরে নম্ভ গীর বচনে বলিলেন "এস বাবা বস।" হেমচন্দ্র উপবেশন করিলেন।

মিষ্টালাপ ও অস্থাস্থ কথার পর হেমচক্র বিবরের কথা উত্থাপন করিলেন, তারিণী বাবু কিছু মাত্র বিচলিত না হইরা তাহা শুনিলেন এবং ধীরে ধীরে উত্তর দিতে লাগিলেন।

হেম। অনেক দিন পরে আপনি বাড়ী আসিয়াছেন আপনাকে দেখিয়া ও কথাবার্তা শুনিয়া বড় সুখী হই-লাম, বদি অভ্যতি করেন তবে একটু বিষয় কর্মের কথা কহিতে ইচ্ছা করি।

তারিণী। হাঁ তা বল না, তার আনার অনুমতি কি বাবা, যা বলিতে হয় বল আমি ভনিতেছি।

হেম। আমার খণ্ডর মহাশয় যে সামাগ্র একটু জমি চাষ কল্লাইতেন ভাহারই কথা বলিতেছি।

তারিণী। বল।

হেম। সে জমিটুকু আমার খণ্ডর মহাশর আজীবন দথল করিতেন ও চাষ করাইতেন, তাঁহার পূর্বে জাহার প্রিতী আজীবন চাষ করাইতেন তাহা অবশ্রই আপনি শানেন।

ভারিণী। জানি বৈকি। এবং হরিদাসের পিতার পূর্ব্বে .ভাঁহার পিতা সেই জমি চাব ক্রাইতেন, তিনি আমরাও পিতামহ হরিদাসেরও পিতামহ। তথন আমরা বালক ছিলাম, কিন্তু সে কথা বেশ মনে আছে। পিতামহের কাল হইলে আমার পিতাই সমস্ত জমি চাষ করাইতেন, হরিদাসের পিতা জ্যেষ্ঠ ছিলেন কিন্তু তাঁহার বিষয় বৃদ্ধি বড় ছিল না, এই জন্য আমার পিতাই সমস্ত সম্পত্তি এজমালিতে তত্বাবধাণ করিতেন। পরে আমার জেঠা, হরিদাসের পিতা, পৃথক হইয়া গেলে তাঁহার জীবন যাপনের জন্য আমার পিতা তাঁহাকে কএক বিঘা জমি চায করিতে দিয়াছিলেন মাত্র। হরিদাসপ্ত আজীবন সেই জমি টুকু চাষ করিয়া আসিয়াছে মাত্র, কিন্তু আমাদিগের সম্পত্তি এজমালি। এ সকল কথা বোধ হয় তৃমি জান না, কেমন করেই বা জানিবে, তৃমি সে দিনের ছেলে, আর ছেলেবেলা ত গ্রামে বড় পাকিতে না, বর্জমানে প্ত কলিকাতায় লেখা পড়া করিতে।

হেমচন্দ্র এ কথা শুনিয়া বিশ্বিত হইলেন, সম্পত্তি এজমালি তাহা এই নৃতন শুনিলেন! তারিণী বাবুর এই নৃতন স্থক্ষর তর্কটা শুনিয়া তাঁহার একটু হাসি পাইল, কিন্তু জন্য তিনি ভর্ক শুনুন করিতে আইসেন নাই, আপস করিতে আসিয়াছেন। শুনুরর কথা আপনি আমাপেক্ষা জনেক অবিক জানেন তাহার সন্দেহ নাই। আমি এই নাত্র বলিতেছিলাম যে শুনুর মহাশয় বে জমি আজীবন কাল পূণ্ক রূপ চাব করিয়া অনুসিয়াছেন তাহা হইতে তাঁহার জনাথ। কল্প। কিছু প্রত্যাশা করিতে শাবে কি ?

তারিণী। আহা! বাছা বিন্দু এই বয়সেই পিতা মাতা

হারা হইয়া অনাথা হইয়াছে তাহা ভাবিলে বুক ফেটে বার!
আহা! আজ বদি হরিদান থাকিত, এমন সোণার চাঁদ মেরেকে
নিয়া, এমন সচ্চরিত্র সোণার জামাইকে লইয়া ঘর করিছে
পারিত, তাহা হইলে কি এত গওগোল হইত, এত থরচ করিয়া
আমাকে তাহার কর্ষিত জমিটুকু রক্ষা করিতে হইত 
 তবে
ভগবানের ইচ্ছা। হরিদাস গিয়াছেন, আমাকে একলাই সমস্ত
ভার বহন করিতে হইল; এজমালি জমির যে অংশটুকু তিনি
চাব করাইতেন তাহা পুনরায় অনাানা জমির সহিত আমাকেই
ভবাবধাণ করিতে হইতেছে। তাহাতে আমার লাভ বিশেব
নাই, সেই ভমিটুকু রক্ষার জন্য তাহার মূল্য অপেক্ষা বায়
করিতে হইয়াছে। কিন্তু কি করি পৈতৃক সম্পত্তি পরের হাতে
ভার, জমিদার অন্যকে দেয় তাহা ত আর চক্তুতে দেখা যায় না।

হেম। তবে শশুর মহাশয়ের জনি হইতে কি তাঁহার কন্যা কিছুই প্রত্যাশা করিতে পারে না।

তারিণী। প্রত্যাশা আবার কি বল; আমরা বুড়ো স্থড়ো ক্লোক, তোমরা কালেজের ছেলে তোমাদের দব কথা একটু ভালিমা না বলিলে কি বুঝিয়া উঠিতে পারি? বিন্দু আমাদের ঘরের ছেলে, আমার উমা যে বিন্দু দে, যত দিন আমার ঘরে এক কুন্কে চাল আছে তত দিন বিন্দু ও উমা ভাহার সমান ভাগ করে থাবে। তাহাতে আবার জমির অংশই কি প্রভ্যা-শাই কি ?

হেমচক্র দেখিলেন তারিণী বাব্র সঙ্গে পেরে উঠা ভার, তারিণী বাব্র স্কর তর্ক তিনি স্পর্শ করিতে পারিতেছেন শা। অনেককণ ভিন্ন ভিন্ন প্রকারে বৃথা চেষ্টা করিয়া, অনেককণ कथावार्खा कतियां ज्ञवर्णस्य कहिरलन,---मशानय यहि ज्ञस्मि । रहन, यहि ताथ ना करतन, जस्य जात्र এकि कथा वित ।

তারিণী। বল না বাবা এতে রাগের কথা কি আছে ? তুমি আমার ছেলের মত, তোমার কথায় আবার রাগ?

হেম। আপনি বোধ হয় জানেন যে শ্বন্তর মহাশন্ত বে জমি আজীবনকাল পৃথক রূপ চাষ করিয়া আসিয়াছিলেন তাহা যে এজমালি সম্পত্তি তাহা আমরা স্বীকার করি না।

তারিণী। তোমরা স্বীকার কর্বে কেন? তোমরা কালেজের ছেলে, ইংরাজি লেখা পড়া শিখিয়াছ, তোমরা কি আর
এজমালি স্বীকার করিবে? এখন কালেজের ছেলেরা ভারে
ভারে একত্র থাকিতে পারে না, শুনেছি মায়ে পোয়ে এজমালিতে থাকিতে পারে না, তোমাদের কথা কি বল? আমরা
বুড়ো স্বড়ো লোক, আমরা সে সব ব্ঝিনা, আমরা এজমালিতে
থাকিতে ভালবাসি, বাপ পিতামহ যা করে গিয়াছেন তাই
করিতে ভালবাসি। আহা, থাক্তো আমার হরিদাস সে
জানিত এ জমি মল্লিক বংশের এজমালি সম্পত্তি কি না, ভোমরা
সে দিনকার ছেলে তোমরা কি জান্বে বল?

হেম। তা যাহাই হউক, আমরা এজমালি বলিয়া স্বীকার করি না তাহা আপনি জানেন। আর এজমালিই হউক আর নাই হউক, সে সম্পত্তির একটু অংশ বোধ হয় আমরা প্রত্যাশা করিতে পারি। আমার স্বন্তর মহাশয় বে জমিটুকু চাষ করি-তেন একণে আমার স্বীর পক্ষে আমি যদি সেই জমিটুকু পৃথক রূপ চাষ করিতে চাহি তাহাতে কি আপনি সম্বত আছেন? তারিণী বাবু কিছু মাত কুদ্ধ না হইয়া একটু হাসিয়া
বিলেন,—ছি বাবা, তৃমি স্বভাবত বৃদ্ধিনান ছেলে, লেপা পড়া
শিধিরাছ এমন নির্কৃদ্ধির কথা কেন ? মলিক বংশের বংশাম্থপত এজমালি জমি কি পৃথক করা যায় ? তাহাই যদি পারিভাম তবে সেই জমিটুকুর ম্লোর দশগুণ থরচ করিয়া আমার
হাতেই রাখিলাম কেন ? সঙ্গত কথা বল, তবে শুনিতে পারি;
অসঙ্গত কথা শুনিব কেমন করিয়া ? ওরে হরে ! আর এক
ছিল্ম তামাক দিয়ে যা, রাত হইয়াছে, আর এক ছিল্ম তামাক
থেয়ে শুতে যাই, কাল রাত্রিতেও গ্রীমে বড় ঘুম হয় নাই, গাটা
বড় ঘুম্ ঘুম্ করচে।

উগ্রস্থভাব হেমচন্দ্রের মনে একটু রাগের সঞ্চার হইল, কিন্ধ তিনি বিবেচনা করিয়া দেখিলেন তিনি বাস্তবিকই অসঙ্গত কথা বলিয়াছিলেন। যে জমি তারিণী বাবুর স্থায় বিষয় বৃদ্ধি সম্পন্ন লোক দশ বংসর দখল করিয়া অসিয়াছেন সেটী তাঁহাকে ছাড়িয়া দিতে বলা অসঙ্গত নহে ত কি ? ক্ষণেক চিস্তা করিয়া হেমচন্দ্র পুনরায় বলিলেন,—

আপনার যদি শয়নের সময় দূইয়া থাকে তবে আমি আর আপনাকে বসাইয়া রাখিব না, তবে আর একটা কথা আছে যদি আঞ্চা করেন তবে নিবেদন করি।

তারিণী। না না ভাড়াতাড়ি উঠিও না; অনেক দিনের পর ভোমাকে দেখিলাম চকু জুড়াইল, ভোমাকে কি ছেড়ে দিতে ইচ্ছা করে? তবে বড় গ্রীম প্ডিয়াছে তাই গাটা মাটি মাটি করে। তা এখনই আমি ভইতে বাইব না, বিলম্ব আছে, কি বলিভেছিলে বল। হেম। আপনি সে জমি টুকু ছাড়িয়া দিতে অস্বীকার করিবেন তাহা আমি পূর্বেই শুনিয়াছিলাম, তবে সেই জমির জ্ঞঞ্জ
আমরা কিছু কি প্রত্যাশা করিতে পারি ? এ বিষয়ে মকদমা
করাতে আমাদের নিতান্ত অনিচ্ছা, কোনও মতে আপসে এ
বিষয়টা মিমাংসা হয় তাহাই আমাদের ইচ্ছা। যদি আদালতে যাইতে হয় তবে জমি এজমালি বলিয়া সাব্যন্ত হইবে কি
না এবং হইলেও আমরা এক জংশ পাইব কি না, বিবেচনা
করিয়া দেখুন, কিন্তু আপসে নিপ্রতি হইলে আদালতে যাইতে
আমাদিগের নিতান্ত অনিচ্ছা।

হেমচন্দ্র উগ্রস্থভাব লোক, সহসা আদালতে যাইতে পারেন, তিনি সেই জন্য সম্প্রতি উকিলদিগের পরামর্শ লইতেছেন, এ কথাগুলি তারিণী বাবু জানিতেন। আদালতে যদি হেমচন্দ্র মকলমার ব্যয় বহন করিতে পারেন তবে শেষে কি ফল হইবে ভাহাও তারিণী বাবু কতক কতক অমুভব করিয়াছিলেন। মুভরাং তিনি আপসের কথার বড় অসম্মত ছিলেন না। যংকিঞ্জিং টাকা দিরা হরিদাসের সন্থ একেবারে ক্রয় করিয়া লইবেন এরপ মত প্রেই প্রবশশ করিয়াছিলেন, কিন্তু যে টাকা দিতে চাহিয়াছিলেন, তাহা বড় অয়। বলিলেন,—

দেথ বাপু, যদি আদালত করিতে ইছো কর তবে অগতা।
আমাকেও সেই পথ অবলয়ন করিতে হইবে, আদাল্পতে বিশুর
শ্বচ, কিন্তু সম্পত্তি রক্ষার্থ আমি বোধ হয় বহন করিতে পারিব,
ভূমি বহিতে পারিবে কি.না, ভূমিই ভাল জান। আর যদি সে
কথা ছাড়িয়া দিয়া সতাই আপসের কথা বল, তবে বিন্দুকে হাড়
ভূলিয়া কিছু দিব তাহাতে আমার কি আপত্তি হইতে পারে?

व्यायता मूर्व माञ्चर, তোমাদের न्यात व्याहेन काञ्चन দেখি नाहे, क्डि वर्षमात्न চাকরি করিয়া আমার চুল পাকিয়া গিরাছে, মকদমাও বিস্তর দেখিয়াছি। মকদমা করিয়া বে মলিক ৰংশের এজমালি সম্পত্তির এক অংশ ছাডাইয়া লইতে পারিবে धामन (वाध इत्र ना. डेक्डा इत्र फ्रिंडा कतिया (नथ । किन्ह यनि সভ্য সভাই সে বৃদ্ধি ছাড়িয়া দাও, যদি ভোমাদের কালেজের ইংরাজী শিক্ষায় আত্মীয় স্বজনের সহিত বিবাদ করিতে না निशारेत्रा थाक, यनि बुद्धा ऋद्धा लाकक वक् अका कतित्रा ভাহাদের একটু বশ হইয়া চলিতে শিথাইয়া থাকে, তবে সঙ্গত कथा वन, जाहारज जामातं कथनरे जमज रहेरव ना। रन्ध ৰাপু, আমি এক কথার মাতুষ, ঘোর ফের বড় বুঝিওনি ভালও বাসিনি, এক কথাই ভাল বাসি। যদি ৩০০ থানি টাকা নিয়া এই জমি টুকুর সম্ব একেবারে ছাড়িয়া দাও তবে আমি সন্মত আছি। আমরা সামান্য বেতনের চাকুরি করি, ••• টাকা করিতে অনেক মাথার ঘাম পায়ে পড়ে. টাকা বড যত্নের ধন। তবে বিন্দু আমার ঘরের মেয়ে, তাকে হাতে করে শাহ্রষ করেছি, তার বিয়ে দিয়েছি, তাকে টাকা দিব তাহাতে আর কথা কিলের ? আমিই ত বিন্দুর বিয়ে দিয়েছি, না হয় আর একথানি ভাল গহনা দিলাম, তাতেও ত হুই তিন শত টাকা লাগিত। তা দেখ বাপু, বুড়োর এ কথার যদি মত হয় ত দেখ, আর যদি মত না হয়, তোমরা ভাল লেখাপড়া **मिर्थक्, यि** जान मत्न वस कत्।

হেম। মহাশর ৩০০ টাকা বড়ই আর বোধ হয়। সে অমিতে বংসরে প্রার ২০০ টাকার ধান হয়। ভারিণী। তাহার মধ্যে বীজ থরচ, জন থরচ, জমিদারের থাজানা, পথকর, বাজে থরচ, ইত্যাদি দিয়া সালিয়ানা কড থাকে তাহা কি হিসাব করা হইয়াছে ?

হেম। অল্লই থাকে বটে।

তারিণী। সে জমিটুকু রক্ষার্থ কত আমাকে ধরচ করিতে ছইয়াছে তাহা কি জানা আছে ?

(श्व। चार्काना, जा कानिनि।

তারিণী। তবে আর অর মৃল্য হইল কি অধিক হইল তাহা কিরপে বৃঝিলে ? দেখ বাপু, এ বিষয়ে আর তর্ক অনাবশ্যক, আমি এক কথার মাসুষ, ইহার উর্দ্ধ দিতে পারিব না। যদি ৩০১ টাকা চাহ তাহা দিতে পারিব না। আমি যাহা বলিলাম তাহাতে যদি মত না হয় অন্য পথ অবলম্বন কর।

হেমচক্র ক্ষণেক চিন্তা করিলেন। এরপ মূল্য পাইরা জমি ছাড়িয়া দিতে বাধা হইতেছেন মনে করিয়া তাঁহার মনে ক্ষেত হইল; কিন্ত বিন্দুর সংপরামর্শ তাঁহার মনে পড়িল, তিনি ধীরে ধীরে বলিলেন,

মহাশয় বাহা দিলেন তাহাই অনুগ্ৰহ, আমি তাহাতেই সম্ভ হইলাম।

তারিণী বাবুর স্বাভাবিক প্রসন্ন মুখখানি সম্প্রতি কিছু রুদ্ধ হইরা আসিতেছিল, তাঁহার কথা হইতেই আমরা তাঁহা কিছু কিছু বুঝিরাছি; কিছু একণে সে মুখকান্তি সহসা পূর্বাপেকা প্রসন্ধতা লাভ করিল। হর্ষোৎফুল লোচনে বলিলেন,

তা বাবা, তুমি যে সমত হইবে তাহা ত লানাই আছে।

তোমার মত বৃদ্ধিমান্ ছেলে কি আজকাল আর দেখা বার ?
কত দেখে শুনে তোমার সঙ্গে আমার বিন্দুর বিবাহ দিয়াছি,
আমি কি না জেনে শুনেই কাজ করেছি ? আর তুমি কালেজে
লেখা পড়া শিখেছ, কালেজের ছেলে ভাল হইবে না ত কি
আমাদের পাড়াগেঁরে ভূতেরা ভাল হইবে ? আজ তোমাকে দেখে
যে কত আহলাদিত হইলাম তা আর তোমার সাক্ষাতে কি
বলিব ? আর ছটা পান খাও না। ওরে হরে! বাড়ীর
ভিতর থেকে ছটো পান এনে দেত।

হেম। আজে না, আপনার ঘুমের সমল হইয়াছে আর বসিব না।

তারিণী। কোথার ঘুমের সময় ? আমি ছই প্রহর রাত্তির পুর্বের ঘুমাইতে যাই না। আবার কাল রাত্তিতে খুব ঘুম হইরাছিল, আজ একবারেই ঘুম পাইতেছে না।

ट्या अक्ट्रं शिल्न, किट्रं विल्न ना।

• তারিণী। আর তুমি এত দিনের পর এলে, তোমাকে ফেলে
ঘুম! ছটা কথাই কই। আর দেখ বাবু এই টাকাটা লইয়া
একটা দলীল লিখিয়া দিলেই তাল হয়। তোমরা কালেজের
ছেলে তোমাদের কথাই দলীল, তবে কি জান, একটা প্রথা
আছে, দেটা অবলম্বন করিলেই ভাল হয়।

হেম। অবশু; যথন কোন কাষ করা যায়, নিয়ম অমু-সারে করাই ভাল।

ভারিণী। তাত বটেই, তোমরা ইংরাজি শিথিয়াছ তোমাদের কি আর এসব কথা বলিতে হয়। আর তোৰরা ক্ষমন দলীল দিতেছ, বিন্দু যখন সই করিবে, আর ভূমি যথন ভাহাতেই সাক্ষী হইবে, তথন রেজিষ্টরি করা বাছল্য মাত্র। তবে একটা রীতি আছে।

হেম। অবশু আমি সাক্ষী হইব এবং দলীল রেজেট্রী হইবে; এরূপ কার্য্য সম্পাদন করিতে যাহা যাহা আবশুক তাহা সমস্তই হইবে।

তারিণী। তা বৈকি, তা কি তোমার মত ছেলেকে আর বুঝাতে হয় ? আর একটা কি জান দলীলের ষ্টাম্প থরচা আছে, রেজেষ্টরী আপিদে যাইতে গাড়ীভাড়া আছে, শেনাক্ত করার থরচা আছে, রেজেষ্টরী ফি আছে, এ কাষটা যে ৮।১০ টাকার কমে সম্পাদন হয় বোর হয় না। তা বিশ্ব আমার ঘরের ছেলে সে টাকা আর বিশ্বর কাছে লইতাম না, তবে কি জান, এই ৩০০১ টাকা দিতেই আমার বড় কষ্ট হইবে, আর যে একটী পয়সা দিতে পারি আমার বোধ হয় না।

হেমচন্দ্র একটু হাসিলেন, মনে মনে করিলেন "তারিণী বাব্ যাত্রায় এক রাত্রিতে একশত টাকা থরচ করেন, আমার দশ টাকা হইলে মাসের থরচা চলিয়া যায়!" প্রকাশ্যে বলিলেন-"আজ্ঞা আচ্ছা, তাহাও দিতে আমি সম্মত হইলাম।"

তারিণী। তা হবে বৈ কি, তোমার ন্যায় স্থবোধ ছেলেকে কি আর এ সব কথা বলিতে হয় ?

আরও অনেকক্ষণ কথা হইল। বিষয়ী তারিণী বাবু একটা একটা করিয়া সমস্ত নিয়মগুলি আপনার সাপক্ষে দ্বির করিয়া লইলুেন, বিষয়-বৃদ্ধি-হীন হেমচক্র তাহাতে আপত্তি করিলেন না। রাত্রি দেড় প্রহরের পর তারিণী বাবু হেমচক্রের অনেক প্রশংসা করিয়া এবং ভাঁহাকে সন্ধর বর্দ্ধমানে একটা চাকুরি করিয়া দিবেন প্রতিজ্ঞা করিয়া এবং তিনি কালে একজন ধনী, জ্ঞানী, মানী, দেশের বড় লোক হইবেন আখাস দিয়া হেমচন্দ্রকে বিদায় দিলেন। হেমচক্রও খণ্ডর মহাশয়ের ভদাচরণের অনেক স্কৃতিবাদ করিয়া বাড়ী আসিলেন।

আমাদিগের লিখিতে লজ্জা হয় তারিণী বাব্ও হেমচক্রের এই পরস্পরের প্রচ্র মিষ্টালাপ ও স্ততিবাদ তাঁহাদের হৃদরের প্রকৃত ভাব ব্যক্ত করে নাই। হেমচক্র বাড়ী আসিবার সময় মনে মনে ভাবিতেছিলেন, "শাইলক্কে পণের অর অংশ পরিজ্ঞাগ করান যায়, কিন্তু ধনী মানী বিষয়ী বর্জমানের প্রাপদ্ধ কর্ম্মচারী তারিণী বাব্র পণ বিচলিত হয় না।" তারিণী বাব্ ও তাঁহার গৃহিণীর পার্ম্বে শয়ন করিয়া গৃহিণীকে বলিতেছিলেন "আক্রকাল কালেজের ছেলেগুল কি হারামজালা; আর এই হেমই বা কি গোঁয়ার; বলে কিনা জ্যাঠবশুরের সঙ্গে মকদমা করিবে! বলিতেও লজ্জা বোধ হয় না। শীল্ল অধংপাতে যাবে।" গৃহিণী এ কথাশুলি বড় শুনিলেন না, তিনি ধনবান্ কুটুম্বের কথা স্বপ্র দেখিতেছিলেন।

# পৃপ্তম পরিচ্ছেদ।

#### वानाकारनत वसू।

রাজি প্রায় দেড় প্রহরের সময় হেমচক্র বাটা আসিয়া দেখিলেন বিন্দু তাঁহার জন্য উৎস্ক হইরা পথ চাহিরা দাঁড়াইরা আছেন। হেমকে দেখিবা মাত্র সে শাস্ত মুখধানি ক্ষর্তিপূর্ণ ब्हेन, नयन श्रुपेटि এक हूँ शिन प्रथा निन, ट्रियत पूर्वत निर्क मध्यट हाहिया विन्तृ विन्तन,

কি ভাগ্পি তুমি এতকণে এলে; জামি মনে করিলাম বুমি বাড়ীর পথ ভূলিয়াই গিয়াছ। কিম্বা বুমি উমাতারার কথা ঠেলিতে পারিলে না, আজ জেঠা মহাশয়ের বাড়ী থেকে বুমি আস্তে পারিলে না।

হেম। কেন বল দেখি, এত ঠাটা কেন? অধিক রাত্রি হইয়াছে নাকি?

বিন্দ্ আবার হাসিয়া বলিলেন,—না এই কেবল <u>ছপুর</u> রাত্রি! আর সন্ধ্যা থেকে তোমার একজন বন্ধু অপেকা করিতেছেন।

হেম। কে ? কে ? কে ?

"এই দেখুবে এস না" এই বলিয়া বিন্দু আগে আগে গেলেন, হেম পশ্চাৎ পশ্চাৎ গেলেন।

বাড়ীর ভিতর বাইবা মাত্র একজন গৌরবর্ণ যুবা পুরুষ উঠিয়া তাঁহার দিকে অগ্রসর হইলেন; হেমচন্দ্র ক্ষণেক তাঁহাকে চিনিতে পারিলেন না, বিন্দু তাঁহা দেখিয়া মূচ্কে মূচ্কে হাসিতে লাগিলেন। ক্ষণেক পর হেম বলিলেন,—এ কি শরং! ভূমি কলিকাতা হইতে কবে আদিলে? উ: ভূমি কি বদলাইয়া গিয়াছ; আমি তোমাকে ভোমার দিদি কালীতারারণ বিবাহের সময় দেখিয়াছিলাম, তথন ভূমি বর্দ্ধমানে পড়িতে, একবার বাড়ী, আসিয়াছিলে; তথন ভূমি সাত আট বংসরের বানক ছিলে মাত্র। এখন বলিষ্ঠ দীর্ঘকার ব্বক হইয়াছ; ভোমার দাড়ী গোঁপ হইয়াছ; ভোমার কি সহসা চেনা য়ায়।

मंत्र । नय वर्गद जात्मक शिववर्तन हम जाहात मान्य कि ? निनित विवाद्द शदार वावात मृज्य हहेन, जाहात शत मान्य खाम हहेट वर्षमात्न शिया तहिट्यन, त्महे जना जात वाज़ी जामा हम नाहे। जामि अर्थन शाम कित्र शत वर्षमान हहेट कि काजा वाहेगाम, मान्य वर्षमात्मत वाज़ी हाज़िया निया श्वाम खात्म जामिया तहियाहन, जाहे जामात्मत खीत्मत हाँगित वाज़ी जामिया। नत वर्षमदात शत जामित जामात्म हाँगित वाज़ी जामिया। नत वर्षमदात शत जामित जामात्म शिवाहि, जात अर्थन कि त्मिर्याहि, जात अर्थन कि तम्यित्म कि श जामिह ज्या अर्थन कि तम्या हित्य विम् मिन स्थादम वाज़ स्थाप विम् प्रमात कि त्मा प्रमात काण्य स्थाप विम् प्रमात काण्य स्थाप कि त्मा जामात्म वाज़ी तम्या जाम स्थाप वाणि काण स्थाप वाणि स्थाप जाम स्थाप वाणि स्थाप जाम स्थाप वाणि स्थाप काण स्थाप वाणि स्थाप स्थाप वाणि स्थाप स्थाप स्थाप वाणि स्थाप स्थाप स्थाप वाणि स्थाप स्याप स्थाप स्याप स्थाप स्याप स्थाप स्थाप

বিন্দু হাসিতে হাসিতে বলিলেন,—আর তুমি আর বলিও
না, তোমার দৌরান্মো তালপুথুরের আঁব বাগানে আঁব থাকিত
না, এখন কলিকাতার গিরে লেখা পড়া শিথিয়া তুমি কালেজের
ছেলেদের মধ্যে নাকি একজন প্রধান ছাত্র হয়েছে, তখন
গেছোদের মধ্যে একজন প্রধান গেছো ছিলে!

শর্। বিশ্লিদি সেও তোমাদের জন্ত! তোমার কোটাই মা কাঁচা আঁবগুলো থেতে বারণ করিতেন, আমি শক্ষারালসময় পুকিরে পুকিরে বেড়া গলিয়ে রারাঘরে সোঁব দিয়া আাসিতাম কি নাবলিও!

হেম উচ্চ হাস্য করিয়া বলিলেন,—আর পরস্পরের ৩৭

ব্যাধার আবশ্যক কি, অনেক গুণ বেরিয়ে পড়েছে! আমিও তোমাদের বাড়ী বাইতাম, এবং স্থাকে তথায় কথন কথন দেখিতে পাইতাম, তথন স্থা ৪। ৫ বংসরের ছোট মেয়েটী। স্থা! খোবেদের বাড়ী খেতে মনে পড়ে? সেথানে তোমার দিদি তোমাকে কোলে করিয়া লইয়া বাইতেন মনে পড়ে, শরংকে মনে পড়ে?

সুধা। শরৎ বাব্কে একটু একটু মনে পড়ে, দিদি আপনি পেয়ারা পাড়িয়া থাইত, আমি পাড়িতে পারিতাম না, শরৎ বাবু আমাকে কোলে করিয়া পেয়ারা পাড়িয়া খাওয়াইতেন।

হেমচন্দ্র তথন বিলুকে জিজ্ঞাসা করিলেন,—তোমাদের সকলের খাওয়া দাওয়া হইয়াছে ? শরৎ থেয়েছে ?

শরং। হাঁ, বিলুদিদি আমাকে বেরূপ কচি আঁবের অম্বল থাইরেছেন, সেরূপ কচি আঁব কথনও থাই নাই!

বিন্দু। কেন নয় বৎসর পূর্বের যখন গাছে গাছে বেড়াইতে, তখন।

শরং। হাঁ তথন থাইয়াছি বটে, কিন্তু তথন ত এক্লে বাঁধিয়া দিবার কেহ ছিল না।

विन्। थाक्रव ना रकन ? तर्रां पि पितात छत् महेल ना छाहे रन।

হেন। স্থার থাওরা হইরাছে? তোমার থাওরা হইরাছে?
শবিন্দ্। স্থা থেরেছে, আমি এই বাই থাইগে। তুমি আর
কিছু থাবে না?

হেম। না; তোমার কোঠা মহাশরের বাড়ীতে বেরুপ

খাইয়া আসিয়াছি। আর কি খাইতে পারি ? যাও তুমি যাও খাওয়া দাওয়া কর গিয়ে, অনেক রাত্রি হইয়াছে।

বিন্দ্ রান্না ঘরে গেলেন। স্থা হেমচন্দ্রের জন্ম এডক্ষণ জাগিয়াছিল, এখন রকের উপর একটা মাত্র পাতিয়া শুইল, চিস্তাশ্স্ম বালিকা শুইবামাত্র সেই শীতল নৈশ বায়ুতে ও শুত্র বর্ণ চক্রালোকে তৎক্ষণাৎ নিদ্রিত হইয়া পড়িল। সমস্ত ভালপুথুর গ্রাম এখন নিস্তব্ধ এবং সেই স্থন্দর চক্রকরে নিক্রিত।

হেমচক্র ও শরচক্র সেই রকে উপবেশন করিয়া অনেককণ কথাবার্ত্তা করিতে লাগিলেন। তালপুখুরের ঘোষ বংশ ও বস্থ বংশের মধ্যে বিবাহ স্তত্তে সম্বন্ধ ছিল; হেম ও শরৎ বাল্যকালে পরস্পরকে জানিতেন, ও প্রীতি করিতেন। এক্ষণে ক্ষণেক কথাবার্তার পর হেমচক্র, উন্নত-হৃদয়, বৃদ্ধিমান, ধীরপ্রকৃতি ও দৃঢ় প্রতিজ্ঞ শরচনদ্রের অন্তঃকরণ ব্ঝিতে পারিলেন : শরচন্দ্রও হেমচন্দ্রের উন্নত, তোজ্ঞপূর্ণ অন্তঃকরণ জানিতে পারিলেন। এ कगंदि आमानिश्वत अदनक आनाशी लाक आहि, मदनत केका অতি অল্প লোকের সহিত ঘটে. প্রতরাং হৃদয়ের অনুরূপ লোক **प्रिंग कार्य महाया (महे निर्क आकृष्टे हम् । इम्ब्य ए** শরচন্দ্র বতই কথাবার্দ্রা করিতে লাগিলেন ততই তাঁহাদিগের इन अत्राद्य नित्क बाक्षे इटेटिकन, ट्रम अत्रदक কনিষ্ঠ ভাতার ন্যার দেখিতে লাগিলেন, শরৎ হেমকে জ্যেষ্ঠের স্থায় ভক্তি করিতে লাগিলেন। তাঁহাদের পর্মপর कर्म्बोर्भकेषन इटेट इटेट विन् बाहातानि नमापन कतिया জুখার আসিরা বসিলেন ; স্থার মাথার বালিশ ছিল না, স্থ

ভগ্নীর মস্তক্টী আপন ক্রোড়ে স্থাপন করিয়া তাহার গুচ্ছ গুচ্ছ কেশগুলি লইয়া সন্নেহে থেলা করিতে লাগিলেন।

অনেককণ কথাবার্তার হেমচক্র জিজ্ঞাসা করিলেন,

শরৎ ভূমি এবার "এল এর" জন্য পড়িতেছ। ছয় সাত মাস পরই তোমাদের পরীক্ষা, পরীক্ষায় ভূমি যে প্রথম শ্রেণীতে হইবে এবং জলপানি পাইবে তাহার সন্দেহ নাই। তাহার পর কি করিবে স্থির করিয়াছ কি ?

শরং। কিছুই স্থির নাই। আমার ইচ্ছা "বিএ" পর্যান্ত পড়িতে। কিন্তু মা গ্রামে থাকেন এবং আমাকে এই পরীক্ষা দিয়া গ্রামে আসিয়া বিষয়টা দেখিতে ও এখানে থাকিতে বলেন। তা দেখা যাউক কি হয়। আমাদের বিষয়ও অতি সামান্য বংসরে সাত, আট শত টাকার অধিক লাভ নাই, কোনও উপ-যুক্ত চাকুরি পাইলে করিতে ইচ্ছা আছে। মাও চাকুরি স্থানে আমার সহিত থাকিবেন; এখানে লোক জন বিষয় দেখিবে।

হেম। তাহা যাহা হউক তোমার পরীক্ষার পর হইবে।
এই কয়েকমাস কলিকাতায় থাকিয়া মনোযোগ করিয়া পড়া
ভানা কর, "এণ্টে জ্" পরীক্ষা যেরূপ সম্মানের সহিত দিয়াছ
এই পরীক্ষাটা সেইরূপ দাও।

শরং। সেইরূপ ইচ্ছা আছে। শীঘ কলিকাতা বাইরা পড়িতে আরম্ভ করিব। আমি মনে মনে এক একবার ভাবি আপনারাও কেন একবার কলিকাতার আফ্রন না; আপনারা কি চিরকালই এই গ্রামে বাদ করিবেন? আপনি নর বংদর পূর্বে একবার কলিকাতার কএকমাদ ছিলেন, বিল্লিদি কখনও কলিকাতা দেখেন নাই; একবার উভরেই চনুন না কেন ? এই ছাব দেওয়া, ধান বুনা হইয়া গেলে আহ্বন, আমাদের বাড়ীতে থাকিবেন, আবার ইচ্ছা হইলে পুনরাম ভাতুমানে ধান কাটিবার সময় আসিবেন।

হেম। শরৎ তুমি আমাদের স্নেহ কর তাই এ কথা বলিতেছ। কিন্তু আমি কলিকাতার গিরা কি করিব বল ? ভূমি লেখা পড়া করিবে, পরীক্ষা দিবে, সম্ভবত: চাকুরি পাইবে; আমি গিরা কি করিব বল ?

শরং। কেন, আপনি কি কোনও প্রকার চেষ্টা দেখিতে পারেন না। আপনি এরপ লেখা পড়া শিথিয়া কি চিরজীবন এইখানে কাটাইবেন ? শুনিয়াছি আপনি কলেজ ছাড়িয়া বিস্তর বই পড়িয়াছেন, যাহাকে প্রকৃত শিক্ষা বলে, "বি এ" দিগের মধ্যে অর লোকেরই আপনার নাায় সেটা আছে? আপনার শিক্ষায়, আপনার অধ্যবসায়ে আপনার উন্নত সততায় কি কোনও এক প্রকার উপায় হইবে না ?

হেম। শরং আমার শিক্ষা অধিক নহে, সামান্ত; পুস্তক পড়িতে ইচ্ছা হয়, অন্য কাব নাই, সেই জন্য হই একখানা করিয়া দেখি। আর কলিকাতার নাায় মহৎ স্থানে আমা অপেক্ষা সহস্র গুণে উপযুক্ত লোক কর্মের জন্য লালায়িত হইতেছে, কিছু হয় না, আমি বধন কলেজে ছিলাম তাহা দেখিয়াছি। গুণ থাকিলেও এত লোকের মধ্যে গুণের পরিচর দেওয়া কঠিন, আমার নায় নিগুণ লোক তিন চারি মান্দে কিছুই করিতে পারিবে না, বার্থমত্ব হইণা কিরিয়া আন্দির্টে হইবে।

ে শ্রং। যদি তাহাই হয় তাহাতে ক্ষতি কি? আপনারা

অহগ্রহ করিয়া আমাদের বাটীতে থাকিলে আপনাদিগের কিছুমাত্র ব্যয় হইবে না, একবার সকলের কলিকাতা দেখা হইবে, একবার উন্নতির চেষ্টা করিয়া দেখা যাইবে; আমার স্থির বিখাস যে বিশাল মহ্য্য-সমুদ্রেও আপনার ভার শিক্ষা, ভণ, অধ্যবসায়, পরিশ্রম ও অসাধারণ সততা অচিরেই পরিচিত্ত ও পুরস্কৃত হইবে। আর যদি তাহা না হয়, পুনরায় গ্রামে ফিরিয়া আসিবেন, তাহাতেই বা ক্ষতি কি?

হেমচন্দ্র ক্ষণেক চিন্তা করিলেন, শেষে বলিলেন "শরৎ তুমি আমাদিগকে নিজ গৃহে স্থান দিতে চাহিলে এটা তোমার অতিশর দরা। কিন্তু আমরা যদি সত্য সতাই কলিকাতার যাই তাহা হইলে নিজেরাই একটা বাসা করিয়া থাকিব, তোমার পড়ার অস্ত্রবিধা করিব না। সে যাহা হউক, এ কথা অদ্য রাত্রিতে নিপ্পত্তি হওয়া সম্ভব নহে; তারিণা বাবু বদ্ধমানে যাইতে বলিতেছেন, তুমি কলিকাতার যাইতে বলিতেছ, জ্যামারও ইচ্ছা কোথাও যাইয়া একবার উন্নতির চেষ্টা ক্রিয়া দেখি। বিবেচনা করিয়া, তোমার পরামর্শ লইয়া একট্ ভাবিয়া চিস্তিয়া নিপ্পত্তি করিব।

শরং। বিলুদিদি! তোমার কি ইচ্ছা, একবার ক**লিকাতা** দেখিতে ইচ্ছা হয় না ?

বিন্দু। ইচ্ছা ত হয় কিন্তু হইয়া উঠে কৈ ? আর শুনিয়াছি সেথানে অতিশয় থরচ হয়, আমরা গরিব লোক, এতঁ টাকাই বা কোথা হইতে পাইব ?

শরং। আপনারা ইচ্ছা করিয়া টাকা থরচ করিলেই থরচ হয় নচেৎ থরচ নাই। আমি নিশ্চয় বলিতে পারি আপনারা ধদি আমাদের বাড়ীতে থাকেন, তাহা হইলে আমার লেখা পড়ার কিছুমাত্র ব্যাঘাত হয় না; অনেক সময় যথন পড়িতে পড়িতে মনটা অস্থির হয়, তথন আপনাদিগের লোকের সহিত কথা কহিলে মন স্থির হয়।

বিন্দু। আবার অনেক সময় যখন পড়া শুনা করা উচিত, তথন বাড়ীর ভিতর আসিয়া ছেলে বেলার পেয়ারা পাড়ার গল্প করা হবে: তাহাতে খুব লেখা পড়া হবে!

শরং। আর অনেক সময় যথন ভাত থাইতে অকৃচি হইবে তথন কচি কচি আঁবের অম্বল থাওয়া হইবে; আমি দেখিতে পাইতেছি লাভের ভাগটাই অধিক।

বিন্দু। হাঁ তোমার এখন লাভেরই কপাল ? ঐ বে গুন্-ছিলাম, অম্বল রাছনী একটা শীঘ আসিবে ?

শরং। কে १

বিন্দু। কেন কিছু জান না নাকি ? ঐ তোমার মা তোমার বিষের সম্বন্ধ স্থির করছেন না ?

শরং একটু লজ্জিত হইলেন, বলিলেন,—দে কোন কাষের কথা নয়।

হেম। তোমার মাতা তোমার বিবাহের সম্বন্ধ স্থির করিতে-ছেন না কি ?

শরং। মা তত জেদ্ করেন না, কিন্তু দিদির বড় ইচ্ছা যে,
আমার এখনই বিবাহ হয়, দিদিই নাকি বর্জমানে সম্বন্ধ স্থির
করিতেছেন এবং পরশু গ্রামে আসিয়া অবধি মাকে লওয়াইতেছেন। কিন্তু আমি মাকেও বলিয়াছি, দিদিকেও বলিয়াছি,
এই পরীক্ষা না দিয়া এবং কোনও প্রকার চাকুরি বা অন্য
অবশ্বন না পাইয়া আমি বিবাহ করিব না।

বিন্দ্। আহা কালীভারার সঙ্গে আমার অনেক দিন দেখা হয় নাই। ছেলে বেলা আমি আর কালীভারা আর উমাভারা একত্রে খেলা করিভাম, কালী আমার চেরে ছয় মাসের ছোট, আর উমা আবার কালীর চেরে ছয় মাসের ছোট, আমরা ভিনন্দন সর্বাদাই একত্রে থাকিভাম। কিন্তু এখন ছয়মাসে নয় মাসে একবারও দেখা হয় না! কাল একবার ভোমাদের বাড়ী যাইব, আবার উমাভারার সঙ্গেও দেখা করিতে যাইব।

শরং। দিদি কাল উমার বাড়ী ঘাইবে, বিল্দিদি তুমিও দেইখানে গেলেই স্কলের সহিত দেখা হইবে।

বিন্দু। তবে সেই ভাল। আহা কালীকে দেখিতে আমার বড় ইচ্ছা করে। আমার বিরে হইবার আগে কালীর বিরে হইবার আগে কালীর বিরে হইরাছে, আহা সেই অবধি সে বে কত কট পাইরাছে কে বলিতে পারে। আছা, শরৎ বাবু তোমার মা দেখিয়া ভানিরা এমন ঘরে বিবাহ দিলেন কেন? বের সময় বরকে দেখিয়া ছিলাম, লোকে বলে তথন তাঁহার বরস ৪০ বৎসর ছিল!

শরং। বিন্দুদিদি সে কথা আর' জিজ্ঞানা করিও না। মার ওসম্বন্ধে অধিক মত ছিল না, কিন্তু বরেদের কুল বড় ভাল, লোকে বলিল বর্দ্ধমান জেলায় এরূপ কুল পাওয়া হছর, পাড়ার আহ্মণ প্রোহিত সকলেই জেদ করিতে লাগিল, বাবা তাহাতে মত দিলেন, স্তরাং মা কি করিবেন? বিবাহ দিয়ু অবধি মা সেই বিষয়ে হুঃখ করেন, বলেন মেয়েটাকে জলে তাঁসাইয়া দিয়াছি। আমার ভগিনীপতির বয়ন এখন প্রায় পঞ্চাশ বংসরী, তিনি রোগাক্রান্ত ও জীর্ণ, তাঁহার সংসারের অনেক দাস দাসীর মধ্যে দিনি একজন দাসী মাত্র। প্রাত্তাকাল হইতে সন্ধ্যা পর্যান্ত কাষ কর্ম করেন, ছবেলা ছপেট খাইতে পান, দিদি তাহাতেই সন্তুষ্ট, তাঁহার সরল চিত্তে অন্য কোনও আশা নাই। আনাদের সংসারে গৃহৈ গৃহে বেরূপ ধর্মপ্রায়ণা তাপনী আছে, পূর্বকালে মুনিঝ্যিদিগের মধ্যেও সেরূপ ছিল কিনা জানি না।

কালাতারার অবস্থা চিন্তা করিয়া বিন্দু ধীরে ধীরে এক বিন্দু অশুশ্রণ মোচন করিলেন।

অনেকক্ষণ পরে শরং বলিলেন, বিন্দুদিদি, তবে আজ আমি আসি, অনেক রাত্রি হইরাছে। আবার কাল দেখা হবে। বত দিন আমি গ্রামে আছি তোমার কচি আঁবের অম্বল এক এক বার আসাদন করিতে আসিব। আর যদি অন্তগ্রহ করিয়া ভোমরা কলিকাতার যাও, তবেত আর আমার স্থের সীমানাই।

বিন্দু হাসিয়। বলিলেন,—তা আচ্ছা এস। কলিকাতার বাওয়ানা যাওয়া কাল স্থির করিব, কিন্তু যাওয়া ছউক আর মাই হউক, কচি আঁবের অধন রাখিতে পারে এমন একজন বাঁধুনীর বিষর কাল তোমার দিদ্ধিরসঙ্গে বিশেষ করিয়া পরা-মর্শ ঠিক করিব, সে বিষর আর ভাবিতে হইবে না।

হাসিতে হাসিতে শরৎচক্র, হেম ও বিন্দুর নিকট বিদার লইয়া বাছির হইরা গেলেন। স্থা তথনও নিদ্রিত ছিল, ধি-প্রহর রীত্রির নির্মাণ চক্রালোক স্থার স্থানর প্রফাট্টত পুলের ন্যায় ওর্ছবরে, স্থাচিকণ কেশপাশে ও স্থাগোল বাহতে বিরাজ করিতেছিল। বালিকা থেলার কথা বা বিড়াল বংসের কথা বা বাল্যকালে পেরারা থাইবার কথা স্থা দেখিতেছিল! বাটী হইতে নির্গত হইয়া শরৎচক্র সেই নির্মাণ আকাশের দিকে অনেকক্ষণ চাহিয়া মনে মনে বলিতে লাগিলেন,—আমি বর্জমানে ও কণিকাতায় অনেক গৃহস্থ ও ধনাঢ়োর পরিবার দেখিয়াছি, কিন্তু অদ্য এই পলিগ্রামের সামান্য গৃহে বেরূপ সরলতা, অমারিকতা, অক্তত্রিম ভালবাসা ও প্রকৃত ধর্ম দেখিলাম সেরূপ কুরাপি দেখি নাই। জগদীশ্বর! হেমচক্রের পরিবার যেন সর্বাণ নিরাপদে থাকে, সর্বাণ স্থপে ও ভালবাসায় পূর্ণ থাকে। বাল্যকাল হইতে একাকী থাকিয়াও কেবল পাঠে রত থাকিয়া আমার এ জীবন শুক্তপ্রায় হইয়াছে, আমার হৃদয়ের স্থকুমার বৃত্তিগুলি শুখাইয়া গিয়াছে। হেম চক্রের প্রণয় ও বিন্দ্দির স্নেহে অদ্য আমার হৃদয় যেন প্রনায় প্রাবিত হইল; জগদীশ্বর কক্ষন যেন এই পবিত্র স্লেহপূর্ণ পরিবারের নিকট থাকিয়া আমি প্রয়ায় মন্থবোচিত ক্ষেহ ও প্রীতি লাভ করিতে পারি। এই প্রকার নানাক্ষপ চিস্তা ক্ষরিতে করিতে শরৎ বাড়ী গেলেন।

## অফ্টম পরিচ্ছেদ।

## विन्तूत्र वक्त्रान।

পরদিন প্রভাবে বিন্দু গাতোখান করিয়া ঘর ঘার প্রাক্তন বাঁট দিলেন এবং গৃহের পশ্চাতের পুথুরে বাদন মাজিতেছিলেন, এমন সময় বাহিরের ছারে কে আঘাত করিল। হেমচক্ত ও স্থা তথনও উঠেন নাই অতএব বিন্দু বাদন রাধিয়া শীঘ আসিয়া ক্বাট খুলিয়া দিলেন, দেখিলেন সনাতনের স্ত্রী। বিন্দু বাল্যাবস্থায় তাহাকে কৈবর্ত দিদি বলিয়া ডাকিতেন, এখনও সেই নাম ভূলেন নাই। বলিলেন,

কি কৈবৰ্ত্ত দিদি, এত সকালে কি মনে করে ? তোর হাতে ও কি ও ?

সনাতনের পত্নী। না কিছু নয় দিদি, মনে করছু আজ সকালে তোমাদের দেখে যাই, আর স্থাদিদি চিনি পাতা দৈ বড় ভাল বাসে, তাই কাল রেতে দৈ পেতে রেথেছিছ, স্থাদিদির জন্ম এনেছি। স্থাদিদি উঠেছে?

বিন্দু। না এখনও উঠে নাই। তা তোরা বোন্ গরিব লোক রোজ রোজ হৃদ দৈ দিস কেন বল দেখি ? ভোরা এত পাবি কোথা থেকে ব'ন ?

স-প। না এ আর কি দিদি, বাড়ীর গকর ছদ বৈত নয়, তা ছ এক দিন আন্মই বা। গরুও তোমাদের, আমাদের ঘর দোরও তোমাদের, তোমাদের ছটো থেয়েই আমরা আছি, তা তোমাদের জিনিস তোমরা থাবে না ত কে থাবে।

বিন্দু। তাদে ব'ন এখন শিকের তুলে রেখে দি, ভাত খাবার সময় ভাতের সঙ্গে খাব এখন। কৈবর্ত দিদি তুই বেস দৈ পাতিস, স্থা ভোর দৈ বড় ভাল বাসে। ও কি লোঁ? ভোর চোকে জল কেন? তুই কাঁদছিল নাকি?

সত্য সত্যই সনাতনের পত্নী ঝর ঝর করিয়া চক্ষের জল কেলিয়া উঁহুঁহুঁ করিয়া কাঁদিতে বসিয়াছিল। সনাতন অনৈক কট্ট করিয়া আপন প্রেয়নী গৃহিণীর শরীরের অমুক্রণ কাপ্ড বোগাইতেন, কিন্তু সেই কাপড়ে অত্যঙ্গী রূপসীর বিশাল অবয়ব আচ্ছাদন করিয়া তাহার আঁচলে আবার চকুর জল মুছিতে কুলায় না! যাহা হউক কটে চক্ষের জল অপনীত হইল, কিন্তু সে কোয়ারা একবার ছুটলে থামে না, কৈবর্তুরমণী আবার উচ্চতর স্বরে উঁহুঁহুঁ করিয়া ক্রন্দন আরম্ভ করিলেন।

বিন্দ্। বলি ও কি লো ? কাঁদ্ছিদ্ কেন্লো ? সনাতন ভাল আছে ত ?

স-প। আছে বৈকি, সে মিন্ষের আবার কবে কি হয়? উঁচঁচা

বিন্দু। তোর ছেলেট ভাল আছে ত ?

স-প। তা তোমাদের আশীর্কাদে বাছা ভাল আছে।

বিন্দ্। তবে স্থ্ স্থু সকাল বেলা চথের জল ফেল্ছিস কেন ? কি হয়েছে কি ?

স-প। এই সকালে ঘোষেদের বাড়ী গিয়েছিছ গো তা সেখানে—উঁহঁহঁ।

বিন্দু। দেখানে কি হয়েছে, কেউ কিছু বলেছে, কেউ গাল দিয়েছে?

স-প। না গাল দেবে কে গা দিদি ? কারই কিছু খাই
না কারই কিছু খারি বে গাল দেবে। তেমন ঘর করিনি গো
দিদি যে কেউ গাল দেবে। মিন্যে পোড়ামুখোঁ হোক্,
হতভাগা হোক্, গতর খেটে খার, আমাকে খেতে পরতে দিতে
পারে, আমরা গরিব গুরবো নোক কিন্তু আপনাদের মানে
আছি। গাল আবার কে দেবে গা দিদি ?

বিন্দু ক্লযকপত্নীর এই স্থামী ভক্তিস্চক এবং দর্পপূর্ণ কথা

স্তানিরা একটু মূচ্কে হাসিলেন, বলিলেন—

তা তাইত ব'ন জিজাসা করছি, তবে তুই কাঁদ্ছিস কেন ? বনাতন কিছু বলেছে নাকি ?

রমণীর বিশাল ক্লক্ষ কলেবর একবার কম্পিত ছইল, নরন হুইটা ঘূর্ণিত ছইল, ক্রোধ-কম্পিত স্থরে যে কথা গুলি উচ্চারিত ছইল তাহার মধ্যে এই মাত্র বোধগম্য ছইল—

ডেক্রা, পোড়ারমুখো, হতভাগা, সে আবার বল্বে ! তার প্রাণের ভর নেই? কোন্ মুখে বল্বে ? তার ঘর করছে কে ? সংসার চালিয়ে নিচ্ছে কে ? আমি না থাক্লে সে কোন্ চুলোর যেত ? বলবে ! প্রাণে ভর নেই—ইত্যাদি।

বিন্দু আর একবার হাস্ত সম্বরণ করিয়া একটু তীত্র স্বরে বলিলেন,—

স-প। দিদি কিছু নয়, কিছু হয় নি, তবে খোষেদের বাড়ী আৰু সকালে ওন্হু, উঁহঁহঁ।

বিন্দু। নে, ভোর নেকাম করতে হয় কর ব'ন, আমি আর নাঁড়াতে পারি নি, আমার বাসন কোসন সব মাজতে পড়ে রয়েছে, উন্ধূন ধরাতে হবে, এখনই ছেলে ছটী উঠলেই ছল চাইবে।

এইরপ কথা হইতে হইতে স্থা প্রাতঃকালের প্রস্কৃতিত পল্লের স্তায় উবৎ রঞ্জিত বদনে, চকু হুটী মৃহিতে মৃহিতে শরন বর হইতে আসিয়া দাঁড়াইল। বিদ্ধু বলিলেন— **बहै (व स्था डिर्फ़ाइ, এठ मकारन (व ?** 

স্থা। দিদি আৰু পুৰ সকালেই বুম ভেলে গেল। একটা বড় মজার স্থা দেখিলাম, সেজত বুম ভেলে গেল।

विन्। कि अश ?

স্থা। বোধ হইল যেন আমরা ছেলেবেলার মত আবার শরৎ বাব্র বাড়ী পেয়ারা থেতে গিয়াছি। যেন তুমি পেড়ে পেড়ে থাছে, আর শরৎ বাবু আমাকে কোলে করিয়া পেয়ারা পাড়িয়া দিতেছেন, এমন সময় হটাৎ পা ফদ্কে পড়ে গেলেন, আমিঞ্চ পড়ে গেলাম। উ: এমনি লেগেছে।

বিন্দু। সে কি লো! স্বপ্নে পড়িরা গেলে কি লাগে ।

স্থা। ইাা দিদি বোধ হল যেন বড় লেগেছে, শরৎ বাবু

যেন গাছতলায় সেই গর্ভটাতে পড়ে গেলেন।

বিন্দু হাসিয়া বলিলেন,—আহা! এমন গুরবন্থা। আজ শরৎ বাবু এলে তাঁর পায়ে বেখা হয়েছে কি না জিজ্ঞাসা করিব এখন! পাটা ভেকে বায়নি ত?

ऋथा। ना पिषि (ज्या यात्र नि।

বিন্দু। ভূমি কেমন করে জানলে ?

স্থা। আবার যে তথনই উঠিয়া আবার আমাকে নিম্ন পেরারা পাড়িতে লাগিলেন।

বিন্দু উচ্চ হাস্ত সম্বরণ করিতে পারিলেন না, বলিলেন, সাবাস ছেলে বাবু! আজ তাঁহাকে তাঁহার শুণের কবা বলির এখন।

হান্ত সমরণ করিরা পরে বলিলেন,—সুধা, কৈবর্জাদ্দি ডোমার জন্ত আজ চিনিপাতা দৈ এনেছে, ভাত্তের সংক্ ধাবে এখন। দৈখানা শিকেয় ঝুলিয়ে রেখে এসত ব'ন। আমি উত্ন ধরাইগৈ, এখনই ছেলেরা উঠিবে।

ৰালিকা মাথার কেশগুলি নাচাইতে নাচাইতে দৈ লইয়া গেল, দৈ শিকের উপর তুলিয়া রাথিয়া প্রফুল্ল জদরে হাস্ত বদনে ঘাটের দিকে ছুটিয়া গেল। বিলুও রাল্লাঘরের দিকে যাবার উদ্যোগ করিতেছেন, এমন সময় কৈবর্ত্তপত্নী আর একবার চকুর জল অপনয়ন করিয়া একবার গলা শাড়া দিয়া গলাটা পরিছার করিয়া জিজ্ঞাসা করিল,

वनि मिर्मिठाकूक्न कथांछ। कि मिछ ?

विम् । कि कथा ला ?

স-প। ঐয়াভন্ক?

विन्तु। कि अनि (त ?

স-প। তবে বৃথি সতি। আহা এত দিন পরে এই কি
কপালে ছিল। আহা স্থাদিদির কচি মুখথানি একদিন না
দেখলে বৃক ফেটে যায়!—এবার অবারিত ক্রন্দনের রোল
উঠিল, কৈবর্ত্ত স্থানী সেই বিশাল কৃষ্ণ শরীরথানি—য়াহা
স্নাতন সভরে দৃষ্টি করিতেন ও অসম্কচিত্তে পূজা করিতেন,—
সেই শরীরথানি ক্রন্দনের বেগে কম্পিত হইতে লাগিল। গৃহে
হেমচক্র নিজিত ছিলেন, স্থাও ভূমিকম্প তিনি বোধ করিয়াছিলেন কি না জানি না, কিন্তু কৈবর্ত্ত স্থানীর তারশ্বর
মধন তাঁহার কর্ণকুহরে প্রবেশ করিল তথন নিজা আর
অসম্ভব। তিনি শিঘ্র গাজোখান করিয়া উচ্চন্বরে কহিলে্ন,
সাক্ষীতে কাঁদছে কে গা ?

"এই বলিয়া হেমচন্দ্ৰ ঘর হইতে বাহিরে আদিলেন।

বিদ্দুকে পুনরায় জিজ্ঞাসা করিলেন, সকাল বেলা বাড়ীতে কাঁদছে কে গা ?

বিন্দু। ও কেউ নয়, কৈবর্ত্তদিদি কি অমঙ্গলের কথা গুনে এসেছে তাই মনের হৃঃথে কাঁদছে ?

হেমচন্দ্র বলিলেন, কেও সনাতনের স্ত্রী, কেন কি হয়েছে গা, বাড়ীতে কোন অমঙ্গল হয় নি ত, কোন ব্যারাম স্যারাম হয়নি ত প

সনাতনের গৃহিণী বাবুকে দেখিয়া কণ্ঠন্বর রুদ্ধ করিয়া
অশুজল সম্বরণ করিয়া কাপড়গানি টানিয়া কষ্টে স্টে কোন
রকমে মাথায় একটু ঘোমটা দিয়া চিপ্ করিয়া, প্রণাম করিয়া
আবার গায়ে কাপড়টা ভাল করিয়া দিয়া আবার ঘোমটা
একটু টানিয়া গলার সাড়া দিয়া গলাটা একটু পরিকার করিয়া,
আবার চকুর জল মুছিয়া, মৃত্রুরে বলিলেন,

না গো কিছু অমঙ্গল নয়, তবে একটা কথা ভন্মু তাহা দিনি ঠাককণকে জিজাসা করিতে এসেছি।

বিন্দু। আর সেই কথাটা কি আমি একদণ্ড থেকে বার করতে পারলুম না! তুমি পার, ত কর।

হেম। মেরে মান্ত্রদের কথা মেরে মান্ত্রেই বুঝে, আমর!
তত বুঝি না। আমি শরতের সঙ্গে একবার দেখা করিয়া
আসি। এই বলিয়া হাসিতে হাসিতে হেম বাড়ীরু বাহিরে
গেলেন।

স-প। ঐ গো ঐ! তবে ত আমি যা শুনিয়াছি তাই ঠিক! বিন্দু। বলি তোকে আজ কিছু পেয়েছে নাকি, তুই সমন কর্ছিসু কেন, কি শুনেছিস বল না। স-প। ঐ যে শরৎ বাবুদের বাড়ীতে আমি সকালে যা শুন্ম:

বিন্দু। কি শুনলি।

স-প। তবে বলি দিদি ঠাক্কণ, গরিবের কথার রাগ করো না। সভাি মিপো জানি না, ঐ ঘােষেদের বাড়ী চাকর মিন্বে আমাকে বল্লে, মিন্বের মৃথে আগুন, সেই অবধি আমার বুকটা যেন ধড়াস ধড়াস করছে, দিদিঠাক্রণ একবার হাত দিয়ে দেখ।

বিন্দু। আমার দেথবার সময় নেই আমি কাজে বাই, বলিয়া বিন্দু রালাঘরের দিকে ফিরিলেন।

তথন কৈবর্ত্বধু বিন্দুর আঁচল ধরিয়া তাঁহাকে দাঁড় করাইয়া বলিল,

না দিদি রাগ করিও না, তোমাদের জনা মনটা কেমন করে তাই এফ, না হলে কি অত্যের জত্যে আসতুম, তা নর, আহা স্থাদিদিকে একদিন না দেখলে আমার মনটা কেমন—(বিশ্বর প্রায় রামাধরের দিকে পদক্ষেপ)—না না বলছিফু কি, বলি ঐ ঘোষেদের বাড়ার হতভাগা চাকর মিন্বে বল্লে কি,—তার মুথে আগুন, তার বেটার মুথে আগুন, তার বৌরের মুথে আগুন, তার বাড়াতে ঘুঘু চরুক—(বিশ্বর রামাঘরের দিকে এক পদ অগ্রসর হওন)—না না বলছিফু কি, সেই মিন্যে বল্লে কি, উ: এমন কথা কি মুথে আনে গা, এও কি হয় গা, ভোমাদের শরীরে মারা দ্যাও ত আছে—(বিশ্বর রামাঘরের ভিতর গমন, সনাতন পত্রীর পশ্চাদগ্যন ও স্থারদেশে উপ্রেশন)—না না বলছিফু কি, সেই হতভাগা চাকর মিন্ধে

বল্লে কি না, দিনিঠাক্রণ তোমরা নাকি সকলে আমাদের ছেড়ে কলকেতার চলে বাচ্ছ? আহা দিনিঠাক্রণ তোমাকে ছেলে বেলার মাত্র্য করেছি, তোমাকে আর দেখতে পাব না? স্থাদিদি আমাকে এত ভালবাসে, সে স্থাদিদিকে কোথার নিরে যাবে গা ?— রোদন।

বিন্দু একটু বিরক্ত হইয়াছিলেন, এক্ষণে হাস্য সম্বরণ করিতে পারিলেন না, বলিলেন—হেঁলা কৈবর্ত্তদিদি এই কথা বল্তে এই এতক্ষণ থেকে এমন কবছিলি ? তা কাঁদিস কেন ব'ন, আমাদের বাওয়া কিছুই ঠিক হয় নাই, কেবল শরং বাবু কথায় কথায় কাল বলেছিলেন মাত্র। তা আমাদের কি যাওয়া হবে ? সেধানে বিস্তর পরচ।

স-প। ছি! দিদি সেথানেও যায়। শুনেছি কলকেতার গেলে জাত থাকে না, কিছু জাত বিচার নেই, হিঁছ মুচুনমানে বিচার নেই,—সে দেশেও যায়। তোমাদের সোণার সংসারে এখানে বলে রাজ্জি কর। শরৎ বাবুর কি বল না, ওঁর মাগ নেই ছেলে নেই,উনি কালেজে পড়েন। দিদিঠাক্রণ! কালেজের ছেলে সব কর্তে পারে। শুনেছি নাকি কালেজের ছেলে সাগর পার হরে বিলেত যায়। ওমা! তারা ত জেস্তু মাজুমের গলায় ছুরি দিতে পারে! হেঁ দিদি বিলেত কোথার, সেই যে গঙ্গা সাগরের গল্প শুনি, তারও নাকি পার, যেতে হয়।

বিন্দ্। হেঁলো ! কত সাগর পাব হয়ে তবে বিলেত যার।
ভবেছি লক্ষা পেরিয়েও অনেকদুর যায়।

؛ 🗅 স্-শ । 🔞 বাবা, সে গঙ্গাদাগরের যে ঢেউ শুনেছি ভাতে 奪

আর মান্ত্য বাঁচে? তা নকা থেকে কি আর মান্ত্য কিরে আদে তারা রাক্তস হয়ে আদে, শুনেছি তারা জ্বেন্ত মান্ত্বের গলার ছুরি দেয়। না বাব, তোমাদের বিলেত গিরেও কাজ নেই,—তোমরা ঘরের নক্ষী ঘরে থাক। তবে এখন আমি আসি দিদি।

বিন্দু ছদ জাল দিতে দিতে হাসিতে হাসিতে বলিলেন এস ব'ন।

স-প। আর দৈথানি কেমন হয়েছে থেয়ে বলিও। আর স্বাদিদি কি বলে বলিও।

विन्तू। वनिव निनि, वनिव।

সনাতন-গৃহিণী করেক পা গিয়া আবার ফিরিয়া আসিরা বলিল,

আর দেখ দিদি, গরিবের কথাটা যেন মনে থাকে।
কোথার কলকেতার যাবে ? খরের নক্ষী ঘর আলো করেথেক।
বিন্দু। তা দেখা যাবে। আমাদের যাবার এখন কিছুই
, ঠিক নাই, বদি ঘাওরা হয় উবে কয়েক মাসের জন্য, আবার
বান কাটার সময় আসিব। আমাদের গ্রাম ছাড়িয়া, কোথার
বাকিব ?

কৈবর্ত্তবৰ্ কতক পরিমাণে সম্বৃষ্ট হইরা তথন ধীরে বীনের গৃহাভূমুখে গেলেন। সনাতন আদ্য প্রাত্তকালে উঠিয়া বিস্তৃতি শ্যার পার্যনারিনী নাই দেখিরা কিছু বিশ্বিত হইয়াছিল। বিরহ-বেদনার ব্যথিত হইয়াছিল কি আদ্য আতঃকালেই মুখনাড়া খাইতে হয় নাই বলিয়ঃ আপনাকে ভাগাবান্ মনে করিতেছিল তাহা আমরা ঠিক জানি আ।

কিন্তু সেই ছঃৰ বা স্থৰ জগতের অধিকাংশ স্থৰ ছঃখের স্থাত্ব ক্ষণকাল স্থায়ী মাত্র, প্রথম স্থালোকে গৃহিণীর বিশাল ছারঃ প্রাঙ্গনে পতিত হইল, গৃহিণীর কণ্ঠস্বরে সনাতন শিহরিরা উঠিল।

দেই দিন দ্বিপ্রহর বেলার সময় বিন্দুর প্রতিবাসিনী হরিমতি নামে একটা বদ্ধা গোয়ালিনী ও তাহার বিধবা পুত্র-বধ বিন্দুকে দেখিতে আসিল। হরিমতির পুত্র জীবিত। ধাকিতে তাহাদিগের অবস্থা ভাল ছিল, কিছু জমা জমি ছিল, বাডিতে অনেকগুলি গাভী ছিল, তাহার ছগ্ধ বেতিয়া সচ্চলে সংসার নির্কাহ হইত। পুলের মৃত্যুর পর হরিমতি শিল্প পুত্রবধকে লইয়া সে জমা জমি দেখিতে পারিল না, অঞ্চ कांशादक दकांत्रका जमा निन, याश थाजना भारेन दन व्यक्ति সামান্ত। গরুগুলি একে একে বিক্রয় হইল; একণে গুই একটী আছে মাত্র, তাহার হগ্ধ বিক্রয় করিয়া উদরপূর্তি হয় না। শাঙ্ডী ও পুরবধু সর্বদাই বিন্দুর বাড়ীতে আসিত এ विस्तृत (ছেলেদের ব্যারামের সময় यथा সাধ্য সংসারের কার করিয়া দিত। বিন্দুর এরপ অবস্থা নহে যে তাহাদিগকে বিশেষ সাহায্য করিতে পারেন, তথাপি বংসরের ফসল পাইলে पतिष्ठ প্রতিবাসিনীকে কিছু ধান্য পাঠাইয়া দিতেন, **नैक्डि** সময় গুই একথানি কাপড় কিনিয়া দিতেন, বুদ্ধার অস্ত্র করিলে কখন সাবু, কখন মিস্থ, কখন ছই একটা নামান্য ষ্টব্যি পাঠাইয়া দিতেন এবং সর্বাদা বৃদ্ধার তত্ত্ব কাইতেন ৮ र्गातजा এই मामाना উপকারে এবং সকল বিপদ আপদেই বিন্দুর স্নেহের আখাস বাকাতে অতিশা আপ্যায়িত হইজ এবং বিশুকে বড়ই ভাল বাদিত। বিন্দু গ্রাম ছাড়িয়া কলি।

কাতার বাইবে গুনিরা আজ আদিরা অনেক কারা কাটি। করিল। বিন্দু তাহাকে দাখনা করিরা এবং তাহার পুত্রবধ্কে একথানি পুরাতন সাড়ী দিরা ঘরে পাঠাইলেন।

হরিমতি প্রস্থান করিলে তাঁতিদের একটা বে বিদ্বুর
সহিত দেখা করিতে আদিন। তাঁতি বৌ দেখিতে কাল,
ভাহার স্বামী তাকে ভাল বাসিত না, এবং অভিশর কাহিল,
কাব কর্ম করিতে পারিত না, দেজন্য শাশুড়ীর নিকট সর্ব্বদাই
সালি থাইত। গত শীতকালে তাহার পিঠে বেদনা হইয়াছিল, ঘাট থেকে জল আনিতে পারিত না, তজ্জন্য তাহার
শাশুড়ী প্রহার করিয়াছিল। তাঁতি বৌ কাহার কাছে যাবে,
কাঁদিতে কাঁদিতে বিন্তুর কাছে আসিয়াছিল। বিন্তুর এমন অর্থ
কাই যে তাঁতি বৌকে উর্ধি কিনিয়া দেন, তবে বাড়াতে
কেরোসিনের তেল ছিল, প্রত্যহ ভাঁতি বৌকে রোদে বসাইয়া
মিজে মালিস করিয়া দিতেন। চারি পাঁচ দিনের মধ্যে বেদনা
আরাম হইয়া গেল, সেই অবধি তাঁতি বৌ গৃহকার্য্যে অবসর
পাইলেই বিন্দ্ মাকে দেখিতে আসিতে বড় ভাল বাসিত।

া আমাদের লিখিতে লক্ষা কলিতেছে, তাঁতি বৌ না যাইডে

কাইতে বাউরী পাড়া হইতে হীরা বাউরিনী বিন্দুর নিকট
আসিল। হীরার স্বামী পালকী বন্ন, বেশ রোজকার করে,
কিন্তু যথাহর্লস্থ মদ খাইয়া উড়াইয়া দের, বাড়া আসিয়া প্রতাহ
আকৈ প্রহার করিত। বিন্দু একদিন হেমচক্রকে বলিয়া হীরার
আমিতিক ডাকাইনা বিশেষ তিরহার করিয়া দিলেন, সেই
আবিধি হেম বালুর ভবে এবং বি বুর স্কেঠামহাশ্রের ভবে বাউন

ধীরা আপন শিশুটীকে নৃতন একথানি কাপড় পরাইয়া কোলে করিয়া বিন্দুর কাছে আনিয়া বলিল মাঠাকরুণ, এবার তোমার আশীর্কাদে হাতে ২।৫ টাকা জনেছে, অনেক কাল ঘরের চালে থড় পড়েনি এবার চাল নৃতন করে ছাওরাইয়াছি, আর বাছার জনো কাটওয়া থেকে এই নৃতন কাপড় কিনেছি। বিন্দু শিশুকে আশার্কাদ করিয়া বিদায় করিলেন।

তাহার পর প্রানের শশিঠাক্রণ, বামা সদ্গোপনী, ভাষা আগুরিনী, মহামারা বোপানী প্রভৃতি অনেকেই বিন্দুর কলিকাতার যাইবার কথা শুনিরা কারাকাট করিতে আসিলা। আমরা তাহাদের বিন্দুর নিকট রাথিয়া এক্ষণে বিদার লই। আমাদের অনেকেরই বিন্দু অপেকা তুপরসা অধিক আর আছে, ভরসা করি আমরা যথন এক স্থান হইতে স্থানান্তরে প্রস্থান করিব, আমাদের জনোও কেহ কেহ ক্লরের অভ্যন্তরে একট্র শোক অন্থভব করিবে। ভরসা করি বথন আমরা এ সংসার্দ্ধর হইতে প্রস্থান করিব তথন যেন হই একটা পরোপকারের পরিচর দিরা বাইতে পারিব, কেবল করিব, পরনিন্দা, এবং পরের সর্কানাশ হারা "বড় লোক হইরাছি" এই আখ্যানাট রাথিয়া ঘাইব না।

#### नवम श्रीतरम्हम ।

वांनः महहतीश्व।

সন্ধার সমর বিন্দু জেঠাইমার বাড়াতে গেলেন, এবঃ ক্লেক দিনের পর বালাসহচরী কালীতারা ও উমাতারাক্ত দৈখিয়া বড়ই প্রীতিলাভ করিলেন। তিন জন বালাসহচরী অখন তিন সংসারের গৃহিণী হইয়াছেন, কিন্তু এখনও বাল্য-ক্ষালের সৌহদ্য একেবারে ভূলেন নাই, জনেক দিন পর ভাঁহাদিগের পরস্পরে দেখা হওরায় তাঁহারা বাল্যকালের কথা, ক্ষাক্রবাড়ীর কথা, সংসারের কথা, নিজ নিজ স্থুণ হঃখের অনস্ত কথা কহিরা সন্ত্যাকাল যাপন করিলেন।

কালীতারা বাল্যকাল হইতেই অতিশয় রুঞ্চবর্ণ ছিলেন, বিন্দু অপেক্ষাও কালো ছিলেন, কিন্তু তথাপি এককালে তাঁহার মুখে লাবণা ছিল, এখনও সেই শাস্ত শুক্ষ বদনে ও নয়ন-ছয়ে একটু কমনীয়তা দৃষ্ট হয়। কিন্তু সে মুখখানি বড় গুরু, য়য়ৄ ছটী বিদিয়া গিয়াছে, কঠার হাড় দেখা য়াইতেছে, শীর্ণ হস্তে ক্রইগাছি ফাঁপা বালা আছে, কঠে একটা মাছলি। তাঁহার বস্ত্র খানি সামানা, সমুখের চুল অনেক উঠিয়া গিয়াছে, মাধার ছেটে একটা গোঁপা। কালীতারা বাল্যকালে একটু হাবা মেয়ে ছিল, এখনও অতিশয় সরলা, শশুর বাড়ীয় কাম কর্ম করেন, ছুইবেলা ছুইপেট খান, কেছ কিছু বলিলে চুপ করিয়া আকেন।

বিন্দু বলিলেন, কালী, আজ কত দিন পর তোমার সঙ্গে দেখা হইল, ভোমাকে কি আর হটাৎ চেনা বার ?

কালী,। বিন্দুদিদি, আমাদের দেখা হবে কেখা থেকে, বিশ্নে হয়ে অধ্যি প্রায় আমি বর্দ্ধমানে থাকি, বাপের বাড়ী কি আর আসতে পাই ?

ं উমা। কেন কালীদিদি, তুমি মধ্যে মধ্যে বাপের বাড়ী আদা না কেন ? এই আমি ত প্রতিবার পূজার নমর আসি । কালী। তা তোমাদের কি বল বন, তোমাদের চের লোকজন আছে, কাব কর্মের ঝন্ঝট নেই, পালী করে চলে এলেই হল। আমাদের ত তা নয়, বৃহৎ সংসার, অনেক কাম কর্ম আছে, আর আমাদের যে ঘর তাতে চাকর দাসী রাধা প্রথা নেই। স্থতনাং আমরা কেউ আসিলে কাম চল্বে কেমন করে বল ? এই এবার এসেছি, আমার এক বড় ননদ আছে, তাকে কত মিন্তি করে আমার কামগুলি করিতে বলে এসেছি। তা হু পাঁচ দিন সে করবে, বরাবর কি আর করে ?

বিন্। তোমাদের জমিদারীর ভনেছি অনেক আয়. তোমার স্বামীর অনেক গাড়ী ঘোড়া আছে, তা বাড়ীতে চাকর দাসা রাখেন না কেন?

কালী। না দিদি আর জেরদা নাই, ধরচ শুনেছি বিশ্বর
হয়, ধারও কিছু হয়েছে শুনেছি,—তা আমি বাড়ীর ভিতর
ধাকি, ওসব কথা ঠিক জানিনা। আমাদের একধানা হাগান
বাড়ী আছে, বাবু সেইবানে থাকেন, তাঁর শরীরও অস্ত্রস্থ,
বাড়ীতে প্রায়্ন আসেন না, তা কাব কর্মের কি জান্বেন?
আমার শাশুড়ীরাই কাব কর্ম্ম দেখেন শুনেন। বি রাধরেন
কেমন করে বল, আমাদের বাড়ীর ত সে রীতি নয়, বাইরের
লোকেদের কি ছুঁতে আছে? স্বতরাং বৌদের সব করিতে হয়
কিন্। তা তোমাদের ধার টার হয়েছে বনু, তা ধরচ
করে সাহেবদের ধানা টানা দেন, অনেক গাড়ী ঘোড়া রাথেন,
করে সাহেবদের ধানা টানা দেন, অনেক গাড়ী ঘোড়া রাথেন,
বার ক্রতে বলতে পার না?

কালী। ওমা! তাঁকে কি আমি সে কথা বলিতে পারি? তিনি বিষয় কর্ম ব্রেন, আমি বৌ মামুষ হয়ে কোন্ লক্ষায় তাঁকে এ কথা বলবো গা? তবে কথন কথন যথন আমাদের ৰাড়ীতে বেড়াইতে আসেন, আমার খুড়শাগুড়ীরা তাঁকে ঐ স্ক্রম কথা ছই একবার বলেছিলেন শুনেছি।

বিন্দ। তাতিনি কি বলেন?

কালী। বলেন, আমাদের ভারি বংশ, দেশে কুলের বেমন
মর্য্যাদা, সাহেবদের কাছে বনিয়াদি বড়মান্থর বংশ বলিয়া
'তেমনি মর্য্যাদা, তা সাহেবদের খানা টানা না দিলে কি হয় ?
তনেছি সাহেবরাও তাঁকে বড় ভাল বাসেন, এই বে কড
"কমিটী" বলে না কি বলে, বর্দ্ধমানে যত আছে, বাবু সবেতেই
আছেন। আর এই রোগা শরীর তবু গাড়ী করে প্রতাহ
সাহেবদের বাড়ী ছবেলা বাওয়া আসা আছে, সাহেব মহলে
আকি তাঁর ভারি মান।

- ় সর্বস্থভাব কালীভারার এই স্বামী-গৌরব বর্ণনা ওনিরা বিন্দু একটু হাসিলেন, অভিযানিনী উমা একটু ঈর্ধার জাকুটী করিলেন।
- <sup>;</sup> বিন্দু। আছে। কানী, তোমাদের বাড়ীর মধ্যে এখন গিনীকে?
- কালী। আমার শাওড়ী ত নাই, স্থতরাং আমার তিনলন পুড়শাওড়ীরাই গিলী। বড় বে সে ভাল মালুব, প্রান্ন কোনও কথার থাকে না, মেজই কিছু রাগী, সকলেই তাকে ভার করে, বৌরা ত দেখলে কাঁপে। আহা সে দিন আমার পুড়ছুতো ছোট ভা রালাঘর থেকে কড়া করে ছল আনতে প্রেদ্ধ

গিরেছিল, গরম হদে তার গারের ছাল চামড়া পুড়ে গিরেছে। তাতে তার বত কই না হরেছিল, শান্তড়ীর ভরে প্রাণ একেবারে ভকিরে গিরেছিল। আমার মেল খুড়শান্ডড়ী ঘাট থেকে নেরে এসে থেই ভনলে বে হল অপচর হরেছে, অমনি সুড়ো থেঙরা নিরে তেড়ে এসেছিল, আহা এমনি বকুনি বক্লে বাপ মা তুলে এমনি গাল দিলে, আমার ছোট লা চোকের জলে নাকের জলে হল। আহা কচি মেরে, দশ বছর মাত্র বরুদ, ভরে তিন দিন ভাল করে ভাত থেতে পারে নি।

উমা। তা তোমাকেও অমনি করে বকে ?

কালী। তা বক্বে না, দোব করলেই বক্বে, তা না ছলে কি সংসার চলে ?

উমা। তোমাকে যথন বকে তুমি কি কর ?
কালী। চুপ করে কাঁদি, আর কি করিব বল ?
অভিমানিনী উমা একটু হাসিয়া বলিলেন, "আমি ত তা
পারিনি বাবু, কথা আমার গায়ে সহু হয় না।"

কালী। তা হাঁা বিদ্দিদি খণ্ডর বাড়ীতে কেউ গাল দিলে আর কি করবে বল ? একটী কথার জবাব দিলে, আর পাঁচটী কথা গুন্তে হয়। তা কাষ কি বাবু, শাণ্ড়ীই হউক আর ননদই হউক, কেউ হট কথা বলিলে চুপ করে থাকি, আবার তখনই ভূলে যাই। কথা ত আর গায়ে কোটে না, কি বল বিদ্দিদি ?

বিন্দ্। তাবেস কর বন্, কথা বরদান্ত করিতে পারলেই ভাল, তবে সকলের কি আর বরদান্ত হর, তা নর। আছা ভোষার ছোট খুড়শাগুড়ীও গুনিছি নাকি রাগী।

কালী। হাা রাগী বটে; তা মেজোর সঙ্গে ত আর পারে না, রাগ করে ছ একটা কথা বলে আপনার ঘরের ভিতর বিল मित्रा थाटक, (मटका এक कथात निक्ति कथा छनित्र प्रता আবার মেজোর কিছু টাকা আছে কি না. সে ছেলেদের ভাল ভাল থাবার খাওয়ায়, ছেলেদের শিথিয়ে দেয় ছোটর ঘরে বোসে খেলে যা। তারা ছোটন ঘরে বসে খায়, ছোটর ছেলেরা খেতে পায় না, কেল কেল করে চেয়ে থাকে। আবার ছোটর থাবার ঘরের পাশেই এবার একটা নর্দ্ধ্যা তয়ের করেছে। ছোট কত ঝগড়া করনে, আমার ছোট দেওর শাপনি বাবুর কাছে নালিশ করতে গেলেন, বাবুও নিজে এক দিন বাঙী আসিরা তাঁর মেজ গুড়াকে বুরাইতে গেলেন, তা সে कथा कि रम छरन? स्टब्सित वक्नि छरन नातु रहत भाजी করে বাগানে পাণিয়া গেলেন, নেজো আপনি দাঁড়িয়ে মজুর-ধনর দিয়ে সেই নর্দামটো করালেন তবে সেদিন রাত্রিতে অল श्रं करतान ।

় উমা। সাবাস মেরে বা হউক।

কোলী। বলধো কি উমা, বাড়ীতে বে ঝগড়া কোঁদল হয়, ছোতে ভূত ছেড়ে পালায়। তবে আমাদের সয়ে গিয়েছে, লামে লাগে না। আর আমি কারো কথায় নেই, বে বা বলে ছুপ করে থাকি, আবার ভূলে বাই, আমার কি বল ?

বিন্দু। কালী, তোমার খুড়শাভড়ীরা ত সব বিধবা। ক্লাদের বরস কত হয়েছে ?

্ কালী ৷ বরদ বড় বেয়ানা নয়, বাবুর বয়দে আর আনার বৃদ্ধ শুড়শাও ড়ীর বয়দ এক, মেল আর ছোট বাবুর চেন্ত্র বরসে ২।৭ বছরের ছোট। আমার যন্তর বাপের বড় ছেলে ছিলেন, তিনি আজ যদিথাকতেন তার ৭০ বংসর বয়স হত । তা তিনি হবার পর প্রার ১৫।১৬ রীংসর আর কেউ হয় নাই, তার পর তার তিনটা ভাই হয়। তাই আমার শান্ত্যীর বধন প্রায় ৩০ বংসর বয়স, তথন আমার খুড়শান্ত্যীরা ছোট ছোট বৌছিল, নতুন বিয়ে হয়েছে। তারই ছই এক বছর পর বাব্র প্রথম বিয়ে হয়।

উমা। আর কালীদিদি, তোমার পিশ্শাভড়ীও ঐ বাড়ী-তেই থাকে না ?

কালী। ই্যাথাকে বৈকি: ছই পিশ্শান্ত্ডী, আর একজন
মাশ্শান্ত্ডী আছেন; তাঁরা তিনজনট বিধবা, তাঁদের ছেলে;
মেয়ে, বৌ, নাতি সকলেই ঐ বাড়ীতে গাকে। আর একজন
মামীশান্ত্ডীও আছেন, তিনি সধবা কিন্তু তাঁর স্বামী পূর্ব
দেশে পদ্মাপারে চাকরী করিতে গিরেছিল, সেথানে নাকি আর
একটা বিরে করেছে না কি করেছে, তের বছর বাড়ী আসে নি,
বাড়ীতে টাকাও পাঠার না, স্বতরাং মামী ছই ছেলেকে নিরে
ঐশানেই আছেন, এই বাড়ীতেই সে ছেলেদের বিয়ে হয়, আজ্বা

উমা। সে ছেলে ছটা কেমন, লেখাপড়া শিখেছে ?
কালী। ছোট ছেলেটা ভাল, ইস্কুলে লেখাপড়া ক্রের, বড়টা
লন্ধী ছাড়া হয়ে গিয়েছে। বাবু সাহেবদের বোধে তাকে
কি কাষ করে দিয়াছিলেন, তা সে আবার কতকগুলা টাকা
নিয়ে পালার। স্বাই বলিল ছেলেটাকে সাহেবেরা জেলে
দেবে, কিন্তু বাবু সাহেবদের অনেক বলে করে ঘর খেকে

লোকসান পুরণ করিয়া ছেলেটাকে রক্ষা করেন। ছেলেটা ৰাজী থাকে না, রোজ মন খার, যখন বাড়ী আসে পরসার জন্য বৌকে মেরে হাড় গুড়িরে দেরর, বৌরের কারা শুনে আমাদেরও কারা পার। তা বৌ পরসা কোথ। থেকে পাবে, ছই একখানা গরনা টরনা বাঁধা রেখে দের, তা না হলে কি ভার প্রাণ থাকিত।

উমা। উ: তবে তোমাদের মন্ত সংসার।

কালী। তাইত বল্ছিলাম উমা, তোমরা বড় মাসুবের ঘরের বৌ, তিনটা জা তিনটা ঘরে থাক, শাশুড়ী রালা বালা দেখেন, তোমরা কাবের ঝন্ঝট কি বুগ্রে বল ? তোমার দেওর ছজন ত গ্রামেই আছেন, তোমার স্বামী না কলকেতাল গিয়েছেন ?

ভীমা। হাঁ তিনি এক বংসর হইতে কলকেতার আছেন, আমাকেও কলকেতার নিয়ে যাবার জনা তাঁর মারকাছে লোক পাঠাইরাছিলেন, তিনিও বলেছেন এই জৈঠ কি আষাঢ় মাসে পাঠিয়ে দিবেন।

কালী। হেঁ শরং বল্ছিল তোমার স্বামী নাকি কোন্
বড় রাস্তার উপর মন্ত বাড়ী নিয়েছেন, অনেক টাকা থরচ
করিয়া সাজাইয়াছেন; তাঁরে নাকি স্কর সালা ঘোড়ার এক
জুড়ি আর কালা বোড়ার এক জুড়ি আছে, তেমন গাড়ী ঘোড়া
রাজা রাজ্ডাদেরও নাই। আবার নাকি কলকেতার বাইরে
বড় বাপান কিনিবার কথা চলিতেছে, সেই বাগানও নাকি
ইক্রপুরী, তেমন ফল, তেমন ফুল, তেমন পুকুর, তেমন মার্কেলের
মোজেওয়ালা ঘর কলকেতায়ও কম আছে। উমা তুমি বড়
ইতিথ থাকিবে।

উমার বিধবিনিদিত স্থন্দর শুর্ম ওঠে একটু হাস্ত কণা দেখা গেল, উজ্জ্বল নরন্বরে যেন একটু মান ছারা পড়িল। তিনি ধীরে ধীরে বলিলেন, কালীদিদি, যদি সাদা জুড়ি কাল জুড়ি আর মার্কেলের ঘর হইলে স্থুখ হয় তাহা হইলে আমি স্থী হইব, কিন্তু কপালের কথা কে বলিতে পারে ? স্ক্ষদর্শী বিন্দু দেখিলেন উমাধীরে ধীরে একটী দীর্ঘ নিশাস পরিত্যাগ করিলেন।

ক্ষণেক সকলে মৌন হইয়া রহিলেন, তাহার পর উমা মাবার বলিলেন, বিদ্দিদি! আমাদের ছেলে বেলা এই গ্রামে একজন সন্ন্যাসী আদিরাছিল মনে পড়ে, সে আমাদের হাজ দেখিরাছিল মনে পড়ে ?

विनः। देव मदन भए ना।

উমা। সে কি দিদি, তুমি আমার চেরে বড় তোমার মনে পড়েনা? কালীদিদির বোধ হয় মনে পড়ে!

कानी। कि नां, आभावत मत्न नाहे।

উমা। তবে বুঝি সে কথাটা আমার মনে লেগেছিল তাই
আমার মনে আছে। ঠিক বাঁর বংসর হইল, এই বৈশাধ মাসে
একদিন এমনি সন্ধার সময় এই থানে থেলা করছিলাম, একট্
একট্ অন্ধলার হয়েছে, আর একট্ একট্ টাদের আলো দেখা
দিয়েছে, এমন সময় একজন জ্বটাধারী সন্ধানী ঐ জ্বলটার
ভিতর হইতে বাহির হয়ে এল। আমরা ভয়ে কাঁপ্তে লাগবাম, কিন্তু সন্ধানীটী কাছে আদিয়া বলিল, ভয় নেই তোমরা
প্রসা নিয়ে এস, আমি তোমাদের হাত দেখব। আমি মার
কাছে সেই দিন ভা প্রদা পেয়েছিলাম ভয়ে তা স্মানীতিক

দিলাম। তথন সন্নাসী খুর্সি হরে হাত দেখিরা বলিল না তুমি
বড় ধনবানের পত্নী হবে গো, তুমি কিছু ভেবোনা। তথন
কালীও হাত দেখাইবার জন্য বাড়ী থেকে একটা পদ্মনা এনে
দিলে, সন্নাসী সেটা নিয়ে বলিল তোমার ধন টন হবে না, ভাল
বংশের বউ হবে।

় বিন্দু হাসিয়া বলিলেন, আর জটাধারী মহাশয় আমার কি ব্যবস্থা করিলেন।

ি উমা। তাই বলছি। তোমার মাঘাটে গিয়াছিলেন, এবং 
ভাঁর কাছে পরসা ট্রসা বড় থাকিত না, স্বতরাং তৃমি স্থ্
ছাতে ছাত দেখাতে এলে। সন্ত্যাসী বলিল মা তোমার ধনও
নেই বংশও নেই, গরিবের ঘরে ঘর নিকিয়ে গরিবের ভাত
খাবে। এই বলিয়া সব পয়সাগুলি তোমার হাতে দিয়া।
য়য়্যাসী চলিয়া গেল।

বিন্দু হাসিয়া বলিলেন, তা বেশ ব্যবস্থা করেছিল ত। এবন আমার মনে পড়েছে,—গ্রামের লোকে সন্মাসীটাকে শ্রমাপ্রসাদ সরস্থতী বলিত।

উমা। হাঁ, হাঁ, সেই সরস্বতী ঠাকুর। তোমার মা পুথুর ছইতে জল আনিরা জিজ্ঞাসা করার আমি সব কথা বলিলাম। তথন আঁচল দিরে তোমার চক্ষের জল মুছিরা বলিলেন তা হোক্ বাছা বেঁচে থাক্ বে থা হউক, চির এইস্ত্রী হরে থাকিস, বেন গরিবের ঘরে ঘর নিকিরেই স্থেথ থাকিস। বাছা ধন কুলে স্থা হর না, ধন কুলে তোর কায নেই। বিশুদিদি, সৈই কথাটা আমার কেবল মনে পড়ে, ধন বা কুল হইলেই হৃদি সুধা হইত তবে পৃথিবীতে আর অভাব থাকিত না।" বিশ্। ও কি ও উমা, তুমি ছেলেবেলাকার একটা কর্মা মনে করে চথের জল ফেল্ছ কেন? তোমার আবার স্থাপ্তর অভাব কিনে উমা ? তুমি যদি ভাবিবে, তবে আমরা কি করিব।

উমা। না দিদি আমার কট কিছুই নাই, আমার কট আছে বলিয়া আমি হঃথ করিতেছি না। কিছু জানিনা কেন এই কলিকাতায় য়াইব বলিয়া কয়েক দিন হইতে মনে আনেক সময় আনেকরপ ভাবনা উদয় হয়। ভবিষ্যতের কথা ভগবান্ই জানেন। তা বিদ্দিদি, ভূমিও কলিকাতায় য়াইভেছ, আর কালীদিদি বর্দ্ধমনে আছেন সেও কলিকাতা হইতে ভবি-য়াছি ৩।৪ ঘণ্টার পথ; আমরা ছেলেবেঁলা বেমন ভিন বনের মত ছিলাম যেন চিরকাল সেইরপ থাকি, আপদ বিপদের সময় যেন পরস্পারকে ভয়ীর মত জ্ঞান করিয়া সেইরপ ব্যবহার করি।

উমার সহসা মনের বিকার দেখিয়া বিন্দু ও কালীর মনও একটু বিচলিত হইল, তাঁহারা আঁচল দিয়া উমার চক্ষেদ্ধ জল মোচন করিলেন, এবং অনেক সান্থনা করিয়া রাজি এক প্রহরের সময় বিদার লইরা আপন আপন গৃহে গেলেন।

# मभग श्रीतराष्ट्रम ।

### কলিকাতার আগমন।

ুইহার করেক দিন পর হেমচন্দ্র সপরিবারে কলিকাতা বাজা করিলেন। বাজার পূর্বদিন বিন্দু আপন পরিচিত প্রামের বক্তা আত্মীয়া কুটুবিনী ও বন্ধুর সহিত সাক্ষাৎ করিয়া বিদায় লইয়া আসিলেন। ঙালপুখুরে সেদিন অনেক অশ্রজন ৰহিল।

যাইবার দিন অতি প্রত্যুবে বিশু আর একবার জেঠাইমার নিকট বিদায় লইতে গেলেন। বিশুর জেঠাইমা বিশুকে সত্যই স্নেহ করিতেন, বিশ্ব গমনে প্রকৃত ছুঃথিত হইয়া-ছিলেন। অনেক কালাকাটি করিলেন, বলিলেন,—

বাছা তোরা আমার পেটের ছেলের মত, আমার উমাও বে বিন্দু স্থধাও সে, আহা তোদের হাতে করে মানুষ করেছি, তোদের ছেডে দিতে আমার প্রাণটা কেনে উঠে। তা যা ৰাছা যা, ভগবান কক্ষন, হেমের কলিকাভায় একটা চাকরা হাটক, তোরা বেঁচেবত্তে স্থাথ থাক ভনেও প্রাণটা জুড়বে। বাঁছা উমা ইণ্ডরবাড়ী গেছে তাকেও নাকি কলিকাতায় নিয়ে ৰাবে, এই জৈঠমানে নিয়ে যাবে বলে আমার জামাই পিড়াপিড়ি **কর্ছে। সে** নাকি ভন্লাম কলিকাতার নতুন বাড়ী কিনেছে, ৰাগান কিনেছে, গাড়ী ঘোড়া কিনেছে, ঐ ঘোষেণের বাড়ীর শরং দে দিন বলাছল তেমন গাড়ী ঘোড়া সহরে নাই। তা ধন-পুরের জমিদারের ঝাড, হবে না ফেন খল ? অমন টাকা, অমন वस्यासूरी हानहान उ जात दर्गाथा ९ तन्हे। ये स्मारन जाभि একবার বেনের বাড়ী গিয়েছিলাম, বুঝলে কিনা, তা এই নীচে থেকে আরু তেতলা পর্যান্ত সব বেলওয়ারীর ঝাড টাঙ্গিরেছে। আর লোক জন, জিনিষ পত্র, সে আর কি বলুব। সে দিন আৰু পঞ্চাশজন মেয়ে খাইয়াছিল, বুঝলে কি না, তা সবাইকে क्रभ्रत थाल, क्रभाव द्वकावी, क्रभाव द्विनाम, क्रभाव वानि দিবাছিল। আর আমার বেনের কথাবাতাই বা কেমন। জারা ভারি বড় মাম্ব, তাদের রীতিই আদাদা। এই আমার জামাইও ভানেছি নতুন বাড়ী করে খুব সাজিয়েছে, ঝাড়, লগ্ঠন, দেয়াল, গিরি, গাল্চে, মকমলের চাদর, ব্ঝলে কিনা, আর কত সোণা, রূপা, সাদা পাথরের সামগ্রী, তার গোণাগুন্তি করা যায় না। তা তোমরা চোথে দেখ্বে বাছা, আমি চোথে দেখিনি, তরে কলিকাতা থেকে একজন লোক এসেছিল সেই বল্লে যে \* \* \* \* ইত্যাদি ইত্যাদি।

তা বেঁচে থাক বাছা, হ্বথে থাক, আমার উমার সঙ্গে দেখা দাক্ষাৎ হবে, ছটি বোনের মত থেক। আহা বাছা তোদের নিয়েই আমার ঘরকল্পা, তোদের না দেখে কেমন করে থাক্ব। (রোদন) তা যা বাছা, বাছা উমাও শীঘ্র যাবে, তার দক্ষে দেখা করিস, না হয় তাদের বাড়ীতে গিয়েই দিন কক্ত শ্বইলি। তাদের ত এমন বাড়ী নয়, শুনেছি সে মক্ত বাড়ী, অনেক ঘর দরজা, বুঝলে কি না \* \* ইত্যাদি ইত্যাদি।

অনেক অশ্রন্ধল বর্ষণ করিয়া জেঠাইমার কাছে বিদায় লইয়া বিন্দু একবার শরতের মাতার নিকট বিদায় লইতে গেলেন। শরৎ কলিকাতায় যাইয়া অবধি তাঁহার মাতা প্রায় একাকী বাড়ীতে থাকিতেন, শরৎ অনেক বলিয়া কহিয়া একটী ঝি রাখিয়া দিয়াছিলেন, কিন্তু একটী বান্নী রাখিবার কথায় শরতের মাতা কোনও প্রকারে সম্মত হইলেন না। বাড়ীটী প্রশন্ত বাহির বাটতে একটী পাকা ঘর ছিল, শরৎ কলিকাতা হইতে আদিলে দেই থানেই আপনার পুত্তকাদি রাখিতেন ও প্রফান্ধনা করিতেন। বাড়ীর ভিতরও গুই তিন্টী পাকা ঘর

ছিল আর একটা খোড়ো রোলাঘর ছিল। ভাহার পশাতে অকটা মধ্যমাকৃতি পূখুর, শরৎ তাহা প্রতিবংসর পরিষার করাইতেন।

শরতের মাতা গৌরবর্ণ, দীর্ঘাকৃতি ও ক্ষীণ ছিলেন, বিশেষ আমীর মৃত্যুর পর আর শরীরের যত্ন লইতেন না, স্কতরাং আরও ক্ষীণ হইয়া গিয়াছিলেন। কি শীতে কি গ্রীমে অতি প্রত্যুবে উঠিয়া স্নান করিতেন, এবং একথানি নামাবলি ভিন্ন আন্ত উত্তরীয় ব্যবহার করিতেন না। স্নান সমাপনান্তর প্রত্যুহ প্রায় এক প্রহর ধরিয়া আহ্নিক করিতেন, তাহার পর সহস্তে রন্ধনাদি করিতেন। স্বামীর মৃত্যুতে, ও কালীতারার কটের ইউনার বিধবার শরীর দিন দিন শীর্ণ হইয়া আসিতেছিল এবং মাধার চুল অনেকগুলি শুক্ল হইয়াছিল, এবং অকালে বার্দ্ধক্রের ইবলতা উপস্থিত হইয়াছিল। সমস্ত দিন দেব আরাধনায় ও পারমাত্মিক চিন্তায় অতিবাহিত করিতেন, এবং কালে বাছা শরৎ একজন বিঘান্ ও মাননীয় লোক হইবেন, কেবল মেই আশার জীবনের গ্রন্থি এধনও শিথিল হয় নাই।

হেমচন্দ্র ও বিন্দু ও স্থধাকে আশীর্কাদ করিরা রন্ধা বলিলেন,
যাও বাছা, ভগবান্ তোমাদের কল্যাণ করুন, তোমরা মাহ্য হও, বাছা শরৎ মাহ্যব হউক, এইটা চক্ষে দেখিয়া যাই, আমার এ বরুসে আরে কোনও বাছা নাই। দেখিস বাছা শরৎ, এলের খাওয়া দাওয়ার কোনও কট না হয়, বিন্দুর হুটা ছেলের বেন কোনও কট না হয়, বাছা স্থা কচি মেয়ে, ওর যেন কোন কট বা হয়।

া ছথার কথা কহিতে কহিতে বৃদ্ধার নরন হইতে বার 🗱

করিয়া জল পড়িতে লাগিল, রছা বৈধবা যন্ত্রণা জানিতেন, এই জ্ঞানশৃষ্ঠ অন্নবয়স্কা বালিকাকে ভগবান্ কেন সে যন্ত্রণা দিলেন?

অস্তান্ত কথা বার্ত্তার পর শরতের মাতা বিলু ও স্থধাকে অনেক সহপদেশ দিলেন, হেনকে কলিকাতার যাইরা অভি সাবধানে থাকিতে বলিলেন, শরংকে মনোযোগ পূর্ব্ধক লেখা পড়া করিতে বলিলেন। অবশেষে রুদ্ধা সকলকে পুনরাম আশীর্বাদ করিলেন, সকলে রুদ্ধার পদগুলি মাথার লইরা বিদার লইলেন। শরংও মাতাকে প্রণাম করিয়া বলিলেন,—মা, তোমার কথা গুলি আমি মনে রাথিব, যত্নে পালন করিষ, যে দিন তোমার কথার অবাধ্য হইব সে দিন ষেন আমার জীবন শেষ হয়।

সকলে চলিয়া গেলেন, বৃদ্ধা সজলনয়নে আনেককণ অবধি সেই পথ চাহিয়া বহিলেন, শেবে শ্ন্ত হৃদরে সে পথ পানে চাহিয়া চাহিয়া শ্রু গৃহে প্রবেশ করিলেন। হেম বাটা আসিয়া দেখিলেন সনাতন কৈবর্ত্ত আসিয়াছে। বিন্দু গ্রাম হইতে ঘাইবার পূর্ব্বে আপন জমিথানি তাহাকে ভাগে দিয়াছিলেন, ক্ষতক্ত সনাতন সজল নয়নে বাবুকে আর একবার দেখিতে আসিয়াছিল। সনাতনের সঙ্গে সনাতনের পত্নীও আসিয়ালিল, সে আর একথানি চিনিপাতা দৈ আনিয়াছিল। বিশ্বে আনেক বারণ করিল, কিন্তু কৈবর্ত্ত-পত্নী তাহা শুনিল না, বিশিল, গাড়ীতে যদি জায়গা না হয় আমি হাতে করে বর্দ্ধান স্টেশন গর্মান্ত দিয়া আসিব। স্কতরাং স্থা গাড়ীতে চাপিয়া সেই দৈ ক্ষোৰ আসিব। স্কতরাং স্থা গাড়ীতে চাপিয়া সেই দৈ ক্ষোৰ আসিব। স্কতরাং স্থা গাড়ীতে চাপিয়া সেই দৈ

ক্রেলেকে নিরা উঠিলেন, শরা ও হেম হাঁটিরা যাইতেই পছক্ষ 'ক্ষিরিলেন। গরুর গাড়ী বড় আন্তে আন্তে যার, প্রাতঃকালে গ্রাম ত্যাগ করিরাও বেলা হুই প্রহরের সময় বর্দ্ধমানে প্রছিল।

টেশনের নিকট একটা দোকানে গিয়া সকলে উঠিলেন, এবং তথার রাঁধা বাড়া করিয়া শীঘ্র খাওয়া দাওরা করিয়া লইলেন। বর্জমানের টেশনের কাছে বড় স্থানর থাছা ও সীতাভোগ পাওরা যার, শরং বাবু তাহার কিছু কিছু লংগ্রহ করিলেন, এবং তাহা দিয়া স্থা শেষবার তালপুথ্রের চিনিপাতা দৈ থাইয়া লইলেন।

 বালালী নারী সহজে হর্মলা ও গৃহপ্রিয়, তীর্থ করাই তাঁহা-দিগের দেশ ভ্রমণের একমাত্র উপায়, তীর্থ করিবার জঞ তাঁহারা কষ্ট তুচ্ছ করিয়া মধুরা বৃন্দাবন ও পুন্ধর তীর্থ পর্যান্ত ज्ञम कतिया आहेरमन। वानकशन छूंजीत शत श्नताय कनि-কাতার অধায়ন করিতে আসিতেছে, যবকগণ নানা স্থপ্নসম व्याकाच्या वा উक्ता वा केला जिला व वाक है बहेश (महे महा-নগরীর দিকে আসিতেছেন। আশা তাহাদিগের স্মুখে নানা-রূপ চিত্র অঙ্কিত করিতেছে, যুবকগণ দেহ কুহুকে ভূলিয়া কার্য্য-কেত্রে উৎসাহপূর্ণ সদয়ে প্রবেশ করিতেছেন। কলিকাতা বাসী কেহ কেহ বিদেশ হইতে চাকরী করিয়া ফিরিয়া আসিতেছেন, অনেকদিন পর পুত্রকলত্রের মুখ দর্শন করিয়া প্রীতিলাভ করিবেন। কেহবা প্রণয়িণীর সহিত সাক্ষাৎ করিবার জন্ম, কেহ বা মুমুর্ আগ্নীয় বন্ধুকে একবার দেখিবার कना, किह धन, मान, शन वा यानानिशाय, किह वा कीवानब সায়তে কেবল গঙ্গাতীরে বাস করিবার জন্য, সকলেই নানা উদ্দেশ্যে এই বিস্তীৰ্ণ কাৰ্য্যক্ষেত্ৰের দিকে ধাৰমান হইতেছে। এই রাজধানী কর্মদেবীর একটা প্রধান মন্দির, হেমচক্র সেই मिनत यागमन পথে अमःथा याजी त्रिश्ट नागितन।

ত্ইটার পর গাড়ী ছাড়িল, পাঁচটার পর গাড়ী কলিকাতার আসিরা প্রছিল। শরৎ একথানি গাড়ী করিলেন, এবং সকলেই গাড়ীতে উঠিয়া ভবানীপুর শরতের বাটী অভিমুধে বাইতে লাগিলেন।

ছগলীর পোলের উপর হইতে বিন্দু বিশাল গঙ্গাবক্ষে গৃহ-ভুল্য অসংখ্য অর্থপোত ও তাহার মান্তলের অরণ্য দেখিরা विचित्र इहेरनन, এवः अश्रत शास्त्रं कनिकाजात गाँउ । इन्गानि দেখিয়া পুলকিত হইলেন। গাড়ী বডবাজার ও চিনাবাজারের ভিতর দিয়া চলিল, তথায় শরতের কিছু কাপড় চোপড় কিনিতে ছিল, তাহাতে কিছু বিলম্ব হইল। বিন্দু ও মুধা কখনও তাল পুখুর হইতে বাহিরে যান নাই, ভারতবর্ষের মধ্যে এই প্রধান জনাকীর্ণ স্থান দেখিয়া তাঁহোর। অধিকতর বিশ্বিত হইলেন। রাস্তার উভয় পার্বে দোকান, কোন কোন স্থানে সকু সরু গলীর উভয় পার্শ্বে দিতল বা তিনতল দোকানে পথ প্রায় অন্ধকার ক্ষরিরাছে। কতদেশের কত প্রকার বস্তাদি রাশি রাশি হইর। শজ্জিত রহিয়াছে, বিলাতি থান, দেশী কাপড, বারাণসী সাটী, ৰম্বের কাপড, মদলীপভনের ছিট, ফ্রান্সের সাটীন বস্তাদি, ইউ-রোপের নানা স্থানের গালিচা, চাদর, ছিট, পরদা ও সহত্র প্রকার ভিন্ন ভিন্ন কাপড়। মণিমুক্তার দোকানে মণিমুক্তা সজ্জিত রহিয়াছে, খেলানার দোকানে রাণি রাণি খেলানা. দারি দারি থাবারের দোকানে এখনও মিষ্টার প্রস্তুত হইতেছে. প্রকের দোকানে পুরুক্ত্রেণী। শিল, যাহা এক ধানি কিনিলে গৃহস্থের তিনপুরুষ্ণায়, তাহাই বিন্দু রাশি রাশি দেখিলেন, লোহার কডা, বেড়ী, ঝাঁঝরি প্রভৃতি দ্বাতে দোকান পরিপূর্ণ, পিত্তল ও কাঁসার দ্রব্যে কোথাও চক্ষু ঝল্সাইয়া যাই-**তেছে। ॰**काँटित लाकान बाफ, नर्छन, পাত্র, গেলাস, থেলানা, লেম্প অভৃতি ফুলররূপে সঞ্জিত রহিয়াছে, কাঠজবোর দোকানে ছুতারগণ দ্রব্যাদি পালিদ করিতেছে, ছবির দোকানে क्िकां ७ तमान हिन्दूर्ग, वारबात लाकात कार्फंड वाब, ক্রির বাস্ত্র, চামড়ার বাস্ত্র, লোহার বাস্ত্র, কত প্রকার দোকানে বিন্দু ও স্থধা কত প্রকার দ্রব্য দেখিলেন তাহা সংখ্যা করিছে পারিলেন না। লোক জনাকীর্ণ, গাড়ীর ভিড়ে গাড়ি চলিতে পারে না, মহুব্যের ভিড়ে মহুষ্য অগ্র পশ্চাৎ দেখিতে পার না, চারি দিকে লোকের শব্দ, গাড়ীর শব্দ, থরিদারদিগের কথা, বিক্রেতাদিগের চিংকার ধ্বনি! বিন্দু মনে মনে ভাবিতে লাগিলেন একি বিশাল মহুষ্য সমুদ্র! এত লোক কি করে, কোথা হইতে আইসে, এত দ্রব্য কে ক্রয় করে, কোথার চলিয়া যার । আদ্য তালপুখুর হইতে দরিদ্র বিন্দু এই মহুষ্য সমুদ্রে বিলীন হইতে আসিয়াছেন, এ মহানগরীর কোনও নিভৃত স্থানে কি বিন্দু স্থান পাইবেন ?

সন্ধার সময় বিশুর গাড়ী চিনাবাজার হইতে বাহির হইরা লালদিঘির নিকট গিরা পড়িল, তথার বাইবার সমর তিনি প্রাসাদতৃল্য ইংরাজি দোকান দেখিয়া বিশ্বিত হইলেন। এই মকল দোকান কাপড়ওয়ালার দোকান বা জ্তাওয়ালায় দোকান গুনিয়া বিশ্বিত হইলেন। জ্তাওয়ালা ও কাপড়ওয়ালায় এক্ষণে ভারত-সমাজের নিমন্তর, জ্তাওয়ালা ও কাপড়ওয়ালাই ইংলণ্ডের গৌরব স্বরূপ, ইংল্ডের রাজ্যবিস্তারের প্রধান হেছুঃ

বিস্মিত নয়নে স্থা ও বিন্দু লাট সাহেবের বাড়ী দেখিতে দেখিতে গড়ের মাঠে বাহির হইয়া পড়িলেন। তথন সন্ধার ছারা গাঢ় হইরা আসিয়াছে, ইক্রপুরী তুলা চৌরদিনত দীপালাক প্রজালিত হইয়াছে, এখন মর্জ্যে বাহারা দেবছ করিতেছেন, তাঁহারা বেরুশ, ফেটন বা লেগুলেট করিয়া ইডেন গার্ডেনে সমাগত হইতেছেন। ঐ প্রসিদ্ধ উদ্যান হইতে অপূর্ক বাদ্যধ্বনি শ্রুত হইতেছে, এবং আকাশের বিহাৎ মন্বাের বিজ্ঞাক

ক্ষমতার অধীন হইরা নর ক্লারীর রঞ্জনার্থ আলোক বিতরণ করিতেছে! ভারতবর্ধের আধুনিক অধীধরদিগের গৌরব ও ক্ষমতা, প্রভূষ ও বিলাস দেখিয়া তালপুখুরনিবাসিনী দরিদ্রা বিন্দু বিশ্বিত হইলেন।

গাড়ী চলিতে লাগিল। দিনের পরিশ্রম বশতঃ স্থা হেমের বক্ষে মন্তক স্থাপন করিয়া নিজিত হইয়া পড়িলেন। বিন্তু পরিশ্রান্ত হইয়াছিলেন, ছোট স্থপ্ত শিশুটাকে ক্রোড়ে করিয়া তিনিও চক্ষু মুনিত করিয়াছিলেন। শরং বড় শিশুকে ক্রোড়ে লইয়াছিলেন, ক্রিমটক করিয়াছিলেন। শরং বড় শিশুকে ক্রোড়ে লইয়াছিলেন, ক্রিমটক লাগিলেন। সন্ধার ছায়ার মন্তে সক্ষে হৈছে স্থান্ত করিয়া করিয়া আবিভূতি হইতে লাগিল। তাহার উদ্দেশ্য কি সফল স্থানিত আবিভূতি হইতে লাগিল। তাহার উদ্দেশ্য কি সফল স্থানিত ভিন্তা আবিভূতি হইতে লাগিল। তাহার উদ্দেশ্য কি সফল স্থানিত ক্রিয়া তিনি অন্য এই মহানগরীতে আসিলেন, এই সনাচঞ্চল মন্ত্রা সম্দ্রের কোনও নিভূত কন্দরে কি তাহার দাড়াইবার স্থান আছে ?

# একাদশ পরিচ্ছেদ।

কলিকাতার বড় বাজার।

বিন্দু। ও স্থা, একবার এদিকে এসত বন।

श्या। कि निनि, वामादक छाक्छ?

বিন্দু। হেঁবন, ঐ কাপড় কথানা কেচে রেথেছি, ছাদের উপর তথাতে দাও ত। আমি কুয়ো থেকে ছ কলগী জল ভূলে শীঘ নেয়ে নি ; রোদ উঠেছে, এখনি গয়লানী ছদ আনিবে উন্ন ধরাতে হবে। কলিকাতায় কুয়োর জলে নাইতে স্থ হয় না, এর চেয়ে আমাদের পাড়াগেঁয়ে পুখুর ভাল, বেশ নেবে স্থান করা যায়। আর কুয়োর জলে কেমন একটা গন্ধ।

স্থা হাসিয়া বলিল, ভোমার বুঝি কলিকাতার সবই থারাব লাগে? কেন কলিকাতার কলের জল কেনন স্থানর। ঝি থাবার জনো এক কলসী করে আানে, সে যেন কাগের চক্ষু, আর কেমন মিষ্টি।

ে বিন্দু। নে বোন, ভোর **বিনিত্র**ভা**রনি**থ্যতি আরি ভ্**নিত্তি**। পারি না।

স্থা। কেন দিদি, তুমি মার্ক দেশ বর্ণ। কত বজ় সহর, কত বাজার, দোকান, বর, গাড়ী, ঘোড়া, লোক জন, এমন কি আমাদের তালপুখুরে আছে ? এমন দোতালা বাজী কি আমাদের তালপুখুরে আছে ?

বিন্দ্। তা না থাকুক বন, আমাদের তালপুখুরের সোণার বাড়ী। চারিদিকে নড়বার চড়বার জারগা আছে, একটু বাঙাস আদে, একটু বোদ মাসে, ছটা নাঁউ গাছ আছে, ছটা আঁব গাছ আছে, এথানে কি আছে বল তো ? গাড়া ঘোদের আছে তাদের আছে, আর দোতালা পাকা বাড়া নিরে কি ধুয়ে থাব ? মরে বাতাস আসে না, ছোট অন্ধকার উঠানে রোদ আঁসে না, পাড়ার লোকের বাড়া দেখা করতে বাবার বো নেই, পান্ধা না হলে বাড়ার বাইরে যাবার যো নেই,—ও মা এ কি গো ? বেন পিজরের ভিতর পাথী রেখেছে!

्र सूरा। दुन निर्मि, त्म मिन यामता गाड़ी करत कछ विद्धितः

এলাম, চিড়িমাবানায় বাগ গিনংছ দেখে এলাম, গাড়ী করে বেরুলেই কত কি দেখিতে পাই।

বিন্দ্। না বাব্ আমার গাড়ী করে বেড়াতে ভাল লাগে না। আমাদের তালপুথ্র সোণার তালপুথ্র, সকালবেলা পুখ্রের ঘাটে নেয়ে আসিতাম, সেই ভাল। আর সব লোককে চিনিতাম, স্বার বাড়ী যাইতাম, স্বাই কত আমাদের ভাল বাসিত। এখানে কে কাকে চেনে বল?

স্থা। তা দিদি একদিনেই কি চিনিবে, থাক্তে থাক্তে সকলকে চিনিবে। ঐ সেদিন দেবীপ্রসন্ন বাবুদের বাড়ী থেকে বি এসেছিল, আমাদের থেতে বলেছে। আর চক্রনাথ বাবু আমাদের কাল কত থাবার দাবার পাঠিরে দিরেছিলেন।

বিন্দু। তা আলাপ হবে বৈকি বন; যতদিন থাক্ব, লোকের সঙ্গে চেনাগুনা হবে। তবে কি জান স্থা, তাঁরা হলেন বড় লোক, আমরা গরিব মাছ্য, তাঁদের সঙ্গে কি তুত্টা মেশা যার, তা নর; তাঁরা আমাদের সঙ্গে ছুটা কথাই কন, এই তাঁদের অমুগ্রহ। তা কলিকাতার যথন এসেছি তথন ছক্ষন চার জনের সঙ্গে কি চেনা গুনা হবে না, তা হবে বৈকি।

ক্থা। আর শরৎ বাবু রোজ সন্ধার সময় ত আমাদের বাড়ীতে আসেন, কত গল্প করেন, কত লোকের কত কথা কন, কত বইবের কথা বলেন,—দিদি, সে গল্প ভন্তে আমার বড় ভাল লাগে।

বিন্দু। আহা শরতের মত কি ছেলে আজ কাল জার দেখা যায় ? তার একজামিনের জন্যে সমস্ত দিন পড়া ভনা •ক্ষীতে হর, তবু প্রত্যাহ আমরা কেমন আছি জিজাসা করতে আদেন, পাছে কলিকাতার এসে মানাদের মন কেমন করে তাই রোজ সন্ধ্যার সময় এখানে আদেন। যত দিন তাঁর বাড়ীতে ছিলাম তত দিন ত তাঁর পড়া শুনা ঘুরে গিয়েছিল, কিসে আমরা ভাল থাকি সেই চেষ্টায় ফিরিতেন। তাঁর টাকার আঁক নাই, লেখাপড়ার জাঁক নাই, আর শরীরে কত মারা দ্যা। তাঁর মত ছেলে কি আর আছে ?

स्था। पिनि, अ वृति गश्नानी सान्दर !

বিন্দু। কি লো, আজ একটু ভাল হধ এনেছিস্, না কাল্কের মত জল দেওয়া হধ এনেছিস্ ? তোদের কলিকাতার বাছা কলের জলের ত অভাব নাই, তোদের হুধেরও অভাব নাই, রংটা রাধ্তে পারলেই হইল। •

গোরালিনী। না মা, তোমাদের বাড়ীতে কি সে রক্ষ হধ দিলে চলে, এই দেখ না কেন ? তোমরা ত খেলেই ভাল মন্দ বুঝতে পার্বে।

বিন্দ্। দেখিছি বাছা দেখিছি; আহা তালপুখুরে আমরা তিন পো, একদের করে হুধ পাইতাম, তাই ছেলেরা খেরে উঠ্তে পারিত না। তুই বাছা পাঁচ পো করে হুধ দিস, তা খেরে ছেলেদের পেট ভরে না। আর কড়ায় যখন হুধ ঢালি, সে হুধ ত নয় যেন জল ঢালছি।

গো। তা পাড়াগাঁরে বেমন ছুধ পেতে মা, এঞানে কি তেমন পাবে। সেধানে গরু চরে থায়, থাকে ভাল, ছুধ দেয় ভাল। আমাদের বাঁধা গরু কি তেমন ছুধ দেয়।

বিন্দু। আর কাল বে একটু দৈ আন্তে বলেছিলাম, ভা এনেছিন্? ा शा। हैं। वहे स वस्ति ।

় বিন্দু। ও মা । ঐ চার পরসার দৈ ?

কো। তা, হাঁ গা, চার পয়সার দৈ আর কত হবে গা। ঐ তোমার ঝিকে বল না বাজার থেকে একথানা কিনে আন্তে, রদি এর চেয়ে বড় আনে তবে দাম দিও না। হাঁ মা, তোমা-দের পিতেশে আমরা আছি, তোমাদের কি আমি ঠকাব গা?

বিন্দু। ওলো স্থা, এই দেখ লো, তোর সোণার কলি-কাতার চার পরসার দৈ দেখ! একটু জল মেথে থাস বন, তা না হলে ভাতে মাণ্তে কুলাইবে না! কে ও বি এসেছিস!

ঝি। কেনগা?

বিন্দ্। বাছা, আজ একটু সকাল সকাল বাজার যাস ত।
আজ বাবু দশটার সময় বেরবেন বলেছেন, সকাল সকাল
বাজার করে আসিস ত। তুই কি মাছ নিয়ে আসিস তার
ঠিক নাই। হাঁলা, বড় বড় কৈ মাছ বাজারে পাওয়াযার না ?

ঝি। তা পাওরা বাবে না কেন মা, তবে বে দর, সে কি ছোঁরা বার ? বড় বড় কৈ এক একটা ছপরসা, তিন পরসা, চার পরসা চার।

় বিন্ধু। বলিদ কি রে ? কলিকাতার লোক কি ধার দার না. কেবল গাড়ী ঘোড়া চড়ে বেড়ায় ?

ঝি । তা থাবে না কেন মা, যে যেমন থরচ করে সে তেমনি থার। তামাদের দিন চার পরসার মাছ আমে তাতে ছবেলা হর, তাতে কি ভাল মাছ পাওয়া যায়?

<sub>ए विस्</sub>। जाका गाधन गाह ?

वि। अमा माध्य माष्ट्र कथांगे करेश्व ना, अस्मे। स्फ

যাগুর মাছের দাম চার পরসা, ছ পরসা, আট পরসা। বলবো কি
মা, কল্কেতার বাজার বেন আগুন। আমরাও মা পাড়াগাঁরে
ঘর করেছি, হাটে মাছ কিনে থেরেছি, তা কল্কেতারু কি
তেমন পাই? কল্কেতার কি আমাদের মত গরিব লোকের
থাক্বার জো আছে মা,—এই তোমরা ছবেলা ছপেট থেঙে
দিছে তাই তোমাদের হিলতে আছি, নৈলে কল্কেতার কি
আমরা থাক্তে পারি ?

বিন্দু। তানে বাছা, যা তাল পাস নিয়াসিস, টেংরা মাছ হয়, পার্লে মাছ হয়, দেখে শুনে তাল দেখে আনিস। আর এক পরসার ছোট ছোট মৌরলা মাছ আনিস, একটু অহল রেঁথে দিব। বাবুকে বে কি দিরে তাত দি তাই তেবে ঠিক পাইনি। আর দেখ, শাক যদি তাল পাওয়া যায় ত এক পরসার আনিস ত, নটে শাগ হয়, কি পালম শাগ হয়, না হয় নাউ শাগ হয়ত আরও তাল। আহা তালপুখুরে আমাদের নাউ শাগের তাবনা ছিল না, বাড়ীতে যে নাউ শাগ হত তা খেরে উঠতে পার্তাম না। আলুগুন বড় মাগ্গি, আলু জেয়লা আনিস নি, বেগুন হয়, উচ্ছে কি বিলে হয়, কি আর কিছু ভাল তরকারি যা দেখ্বি নিয়ে আসিস। আর খোড় পাল ত নিয়ে আসিস ত, একটু ছেঁচ্কি করে দিব, না হয় মোচা নিয়ে আসিস, একটু ঘণ্ট রেঁধে দিব। হা কপালঞ্ খোড়, মোচা আবার পয়সা দিয়ে কিনতে হয়।

স্থান স্থাপন করিয়া গয়লানীকে বিদার করিয়া ঝিকে পদ্ধসা দিয়া বিন্দু রালাঘরে প্রবেশ করিলেন, এবং উনাম আলাইরা হ্রধ জাল দিয়া উপরে লইরা গেলেন। ছেলে হট্টা উঠিয়াছে, তাহাদের ত্থ থাওয়াইয়া বিছানা মাতৃর তুলিলেন এবং ঘর পরিকার করিলেন। একটু বেলা হইলে দাসী বাজার হইতে মাছ তরকারি আনিল, তথন বিন্দু ঝির নিকট ছেলে ছটীকে রাথিয়া পুনরায় রন্ধনঘরে প্রবেশ করিলেন। বাটীতে একটী দাসী ভিন্ন আর লোক ছিল না, রন্ধন কার্য্য হই ভগিনীই নির্বাহ করিতেন। স্থা নৃতন বাড়ীতে আসিয়া ভাঁড়ারী হইয়াছেন, বড় আফ্লাদের,সহিত ভাঁড়ার হইতে স্থন, তেল, মস্লা বাহির করিলেন, চাল ধুয়ে দিলেন, তরকারি কুটিলেন, মাছ কুটলেন, এবং আবশ্যকীয় বাটনা বাটিয়া দিলেন। বিন্দু শীঘ্র রন্ধন আরম্ভ করিয়া দিলেন।

পাঠক ব্রিয়াছেন যে হেমচন্দ্র কয়েক দিন শরতের বাটাতে থাকিয়া ভবানীপুরে একটা ক্ষুদ্র ছিতল বাটা ভাড়া করিয়াছিলেন! শরৎ এ অপব্যায়ের বিরুদ্ধে অনেক তর্ক করিলেন আপন বাটাতে হেমকে রাখিবার জন্য অনেক স্তুতি মিনতি করিলেন, কিন্তু তাহাতে শরতের পড়ার হানি হইবে বলিয়া হেমচন্দ্র তথায় কোনও প্রকারে রহিলেন না। শরৎ অগত্যা অমুসন্ধান করিয়া মাসে ১১টাকা ভাড়ার একটা বাড়ী ভাড়া করিয়া দিলেন।

ভবানীপুরে শরৎ বাবু অনেক দিন ছিলেন, তাঁহার সহিত আনেকেরে আলাপ ছিল, হেমচক্রও তাঁহাদিগের পরিচিত হইলেন। কেহ হাইকোর্টে ওকালতি করেন, কেহ বড় হৌসের বড় বাবু, কাহারও বনিয়াদি বিষয় আছে, কাহারও বিষয় সম্বন্ধে সন্দেহ, কিন্তু গাড়ী ঘোড়ার আড়ম্বর আছে। কেহ নবাগত শিষ্টাচারী সম্বংশকাত হেমচক্রের সহিত প্রক্রন্ত স্থাবছার করিলেন, কেহ বা ঝাড় লাগান-পরিশোভিত জনাকীৰ্ণ বৈঠকখানায় দ্বিদ্ৰকে আমিতে দিয়া এবং ছই একটী সগর্ব্ধ কথা কহিয়া ভদ্রাচরণ বজায় রাখিলেন, এবং নিজ বডমান্থবি প্রকটিত করিলেন। কেহ হেমচন্ত্রের কথাবার্ত্ত। ও স্লাচারে তুই হইয়া শরতের সহিত হেমকে ছই একদিন আহারে নিমন্ত্রণ করিলেন, কেহ বা নবা সভাতার স্থলব নিয়মান্ত্রদারে হেমচন্দ্রের "একোয়েণ্টান্স ফরম" করিতে "ভেশ্নি হ্যাপি" হইলেন। কোন বিষয় কম্মে ব্যস্ত বডলোকের কার্পেট-মণ্ডিত ঘরে হেমচক্র অনেককণ অপেকা করিয়াও সাক্ষাতামূচ লাভ করিতে পারিলেন না, অন্য কোন বড় লোক, তিনিও বিষয় কার্যো অভিশয় বাস্ত, জুড়ী করিয়া বাহির হইবার সময় ক্রহমের জালানার ভিতর হইতে সহাস্য মুখচন্দ্র বাহির করিয়া দামুগ্রহ বচনে জানাইলেন যে হেমবাব কলিকাতার আদিয়া ভবানীপুরে আছেন শুনিয়া, তিনি (উপরিউক্ত বড় লোক) বড় স্থী হইয়াছেন, অদ্য তিনি (উপরিউক্ত বড লোক) বড় "বিজি." কিন্তু তিনি "হোপ" করেন শীঘ্র এক দিন বিশেষ আলাপ সালাপ হইবে। আর যদি থেম বাবু তাঁহার (উপরি উক্ত বড় লোকের) বাগান দেখিতে মানস করেন তবে শনিবার অপরাছে আসিতে পারেন সেথানে বড় "পার্টি" হইবে, তিনি (উপরি উক্ত বড় লোক) হেম বাবুকে, "রিসিভ" করিতে বড় "হাদপি" হই-বেন। ঘর ঘর শব্দে ক্রহম বাহির ছইয়া গেল, অশ্বক্রাদগত কর্ণন হেমচল্রের বল্লে তুই এক ফোটা লাগিল, হেমবাবু সেই অমৃত হাস্ত ও অমৃতব্চনে বিশেষ আপ্যায়িত হইয়া ধীরে ধীরে वा की श्रालन।

ভবানীপরের ভবের বান্ধার দেখিতে দেখিতে হেমচন্দ্র ক্রমে ক্রমে কলিকাতার বিস্তীর্গতর ভবের বাজারও কিছু কিছু प्रिथिएक शहिरम् । वानाकारम किनि मान कतिरकन किन-কাতার বড় বাজারই স্বাধেকা বৃহৎ ওজনাকীর্ণ, কিন্তু এক্ষণে দেখিতে পাইলেন বড বাজার হইতেও বড একটা কলিকাতার বাজার আছে, তাহাতে রাশি রাশি মাল গুদমজাৎ আছে, সেই অপূর্ব মাল ক্রয় করিবার জন্য আলোকের দিকে পতঙ্গের নাায় বিশ্বসংসার সেই দিকে ধাবিত হইতেছে। বাল্যকালে তিনি শিশু শিক্ষায় পডিয়াছিলেন যে, গুণ থাকিলে বা বিদ্যা থাকিলেই সন্মান হয়. সে বাল্যোচিত ভ্রম তাঁহার শীঘ্রই তিরোহিত হইল, তিনি এখন দেখিলেন সম্মানামূত সের করা, মণ করা, বাজারে বিক্রয় হইতেছে, কেহ ভারি থানা দিয়া, কেহ সথের গার্ডেন পাটি দিয়া, কেহ ধন দিয়া, কেহবা পরের ধনে হন্তপ্রসারণ করিয়া, সেই অমৃত ক্রয় করিতেছেন, ও বড় স্থাথ, নিমীলিতাকে সেই স্থা সেবন করিতেছেন। স্থলর ম্মশোভিত বৈঠকথানার ঝাড় লগ্ন হইতে সে অমৃতের স্বচ্ছবিন্দু ক্ষরিয়া পড়িতেছে, দর্পণ ও ছবি হইতে সে নির্মাণ অমৃত প্রতিফলিত হইতেছে, স্বর্ণ বর্ণ স্থধার সহিত সে অমৃত মিশ্রিত হইতেছে, নর্ত্তকীর স্থললিত কণ্ঠস্বরে সে অমৃত প্রস্ত্র-বণের ঝন্ধার শব্দিত হইতেছে। মনুষ্য মক্ষিকাগণ ঝাঁকে ঝাঁকে নে অমৃতের দিকে ধাইতেছে ! কথন কুকের বাড়ী হইতে ঘর্ষর শব্দে সেই অমৃত নিঃস্ত হইতেছে: কখন অস্লারের দোকান হইতে সে সুধা প্রতিফলিত হইতেছে, জগৎ তাহার কিরণে আলোকপূর্ণ হইতেছে! আর কথনও বা অবারিত বেপে কর্তৃপক্ষদিগের মহল হইতে দেণ্অমৃত্রোত প্রবাহিত হই-তেছে, যাবতীয় বড়লোকগণ, সমীক্ষের সমাজপতিগণ, ভারি ভারি দেশের মহামান্যগণ, পরম স্থথে তাহাতে অবগাহন করিতেছেন, হাব্ডুব্ খাইতেছেন, আপনাদিগের জীবন সার্থক মনে করিতেছেন! আবার কথনও বা বিলাত হইতে "পেক" করা, "হর্মেটিকিলীসীল" করা বাক্সে বাক্সে সে মাল আমদানি করা হইতেছে, ছই এক খানি ফাঁপা বা গিল্টী করা জবোর সহিত রাশি রাশি চাটুকারিতা বিমিশ্রিত করিয়া বিলাতী মহাজনের মন ভুলাইয়া দেশীয় বিজ্ঞাণ সে মাল আমদানি করিতেছেন! এ বাজারে সে মালের দর কত! "আদৎ বিলাতী সম্মানস্ত্রক পত্র!" "আদৎ বিলাতী সম্মানস্ত্রক পদবী!" এই গৌরব ধ্বনিতে বাজার গুলজার হইতেছে!

বিজীর্ণ বাজারের অন্ত কোণায় "দেশহিতৈষিতা," "সমাজ সংস্কার" প্রভৃতি বিলাতী মাল বিলাতীদরে বিক্রন্ন হইতেছে, সে হাটে বড়ই গোলমাল, বড়ই লোকের ঠেলাঠেলি, বড়ই লোকের কোলাহল, তাহাতে কলিকাতার টাউনহল, কৌনসিল হল, মিউনিসিপাল হল প্রভৃতি বড় বড় অট্টালিকা বিদীর্ণ হইতেছে। হেমচক্র দেখিলেন রাজমিন্তিরি অনবরত মেরামত করিরাও সে সব বাড়ী রাখিতে পারিতেছে না, দেয়াল ও ছাঁদ ফাটিয়া গিয়া সে কোলাহল গগনে উথিত হইতেছে, সমস্ত ভারতবর্ষে প্রতিধ্বনিত হইতেছে। আবার সে হাটের ঠিক সম্মুখে অন্ত-ক্রপ মাল বিক্রন্ন হইতেছে, বিক্রেতাগণ বড় বড় জন্ম ঢাক বাজাইয়া চিৎকার করিতেছে,—আমাদের এ খাটা দেশী মাল

ইহার নাম "সমাজ সংরক্ষণ্য' ইহাতে বিলাতী মালের ভেজাল নাই, সকলে একবার চালিয়া দেখ। হেমচন্দ্র একটু চাকিয়া দেখিলেন, দেখিলেন মালটা যোল আনা বিলাতী, বিলাতী পাত্রে বিক্রিড, বিলাতী মালমসলায় প্রস্তুত, কেবল একটু দেশী ঘিয়ে ভেজে নেওয়া মাত্র। হেমচন্দ্র দরিদ্র হইলেও লোকটা একটু সৌখিন, তাঁহার বোধ হইল ঘিটাও ভাল খাঁটি দেশী ঘি নহে। ঈবং পচা, ও তুর্গন্ধ! সেই ঘিয়ে ভাজা গরম গরম এই "প্রকৃত দেশী" মাল বিক্রয় হইতেছে। রাশি রাশি থরিদার সেই হাটের দিকে ধাইতেছে। সের দরে, মন দরে, হাঁড়ি করিয়া, জালায় করিয়া, সেই মাল বিক্রয় হইতেছে। মুটেরা রাশি রাশি মাল বিরুয় হইতেছে। মুটেরা রাশি রাশি মাল বিরুয় ইইতেছে। মুটেরা রাশি রাশি মাল বিরয়া উঠিতে পারিতেছে না, তাহার সৌরভে সহর আমোদিত হইতেছে!

তাহার পর সাধুত্বের বাজার, বিজ্ঞতার বাজার, পাণ্ডিত্যের বাজার,—হেমচন্দ্র কত দেখিবেন ? সে সামাগ্র পাণ্ডিত্য নহে, অসাধারণ পাণ্ডিত্য; এক শাস্ত্রে নহে, সর্কা শাস্ত্রে; এক ভাষায় নহে, সকল ভাষায়; এক বিষয়ে নহে, সকল বিষয়েই সমান সমান; অল্ল পরিমাণে নহে, সের দরে, মণ দরে, জালায় জালায় পাণ্ডিত্য বিকাশিত রহিয়াছে। সে গাঢ় পাণ্ডিত্যের ভারে ছই একটা জালা ফাসিয়া গোল, পর্যবাট পাণ্ডিত্যের লহরীতে কন্দমময় হইল, পিপীলিকা ও মধুমিক্কির দল বাঁকে বাঁকে আসিল, হেমচক্র আর দাঁড়াইতে পারিলেন না, সেই পাণ্ডিত্যের উৎস হইতে নাকে কাপড় দিলা ছুটিয়া পালাইলেন।

় তাহার পর ধর্মের বাজার, যশের বাজার, পরোপকারিভান্ন

ৰাজার, হেমচক্র দেখিয়া শুনিয়া বৃত্ত্বিত হইলেন। কলিকাতার কি মাহাত্মা,—এমন জিনিসই নাই যুাহা খরিদ বিক্রর হয় না । যাহাতে ত্ই পরদা লাভ আছে তাহারই একথানা দোকান খোলা হইয়াছে, মাল গুদমজাত হইয়াছে, মালের গুণাগুণ যাহাই হউক, একথানি জমকাল "সাইন বোর্ড" সমুখে দর্শক দিগের নয়ন ঝলসিত করিতেছে! বাল্যকালে তিনি বড় বাজা-রের বণিকদিগকে চতুর মনে করিতেন, কিন্তু অদ্য এ বাজারের চতুরতার বিশেষ মুনকা, চতুরতার জগং সংসার ধাঁদা লাগিয়া রহিয়াছে!

কলিকাতায় অনেক দিন থাকিতে থাকিতে হেমচক্র সময়ে সময়ে অল্প পরিমাণে থাঁটি মালও দেখিতে পাইলেন। কথন কোন ক্ষুদ্র দোকানে বা অন্ধকার কৃটীরে একটু খাঁটি দেশ হিতৈষিতা, একটু থাটি পরোপকারিতা, বা একটু থাটি পাণ্ডিত্য পাইলেন, কিন্তু সোল কে চায়, কে জিজ্ঞাসা করে ? কলিকাতার গোরবান্নিত বড় বাজারের সে মালের আমদানি রপতানি বড় অল্প, স্বস্তা মহাসন্ত্রাস্ত ক্রেতাদিগের মধ্যে সেমালের আদর অতি অল্প।

### वानन शतिरुक्त।

ছেলে মুথে বুড়ো কথা।

আবাঢ় মাসে বর্ষাকাল আরম্ভ হইল, আকাশ মেঘাচ্ছর ইইল, হেমচন্দ্রের ভবিষ্যৎ আকাশও মেঘাচ্ছর ইইতে লাগিল। তিনি কলিকাতার কোনও কার্যাের জন্য বিলেষ লালায়িত নহেন, কিছু না হয়, ছয় য়াস পরে গ্রামে ফিরিয়া যাইবেন পুর্নেই ছির করিয়ছিলেন; তথাপি যথন কলিকাতায় কর্মের চেষ্টায় আসিয়াছেন তথন কর্ম্ম পাইবার জন্ম যত্রের ক্রাট করিজনা। কিন্তু এই পর্যান্ত কোন উপায় করিতে পারেন নাই। তাঁহার চারিদিকে কলিকাতার জনস্ত লোক-শ্রোড জনবরত প্রবাহিত হইতেছে এই জনস্ত জনসমুদ্রের মধ্যে হেম্চক্র একাকী!

শক্তার সময় তিনি প্রান্ত হইয়া বাটিতে ফিরিয়া আসিতেন।
শাস্ত, সহিষ্ণু বিন্দু স্থামীর জন্ত জলধাবার প্রস্তুত করিয়া রাখিতেন, তথানি আক্, ত্টা পানফল, চার্টা মুগের ডাল, এক
গেলাস মিপ্রির পানা স্থতে আনিয়া দিতেন, প্রকুল চিত্তে মিষ্ট
বাক্য বারা হেমচক্রের প্রান্তি দ্র করিতেন। পীলগ্রামেণ্ড
বেরূপ ভবানীপুরেও সেইরূপ, স্থামী-সেবাই বিন্দুর একমাত্র
ধর্ম, ছেলে ত্টীকে মান্ত্র করাই তাঁহার একমাত্র আনন্দ।
সেই কার্য্যে প্রাত্তকাল হইতে সন্ধ্যা পর্যন্ত থাকিতেন,
সন্ধ্যার সময় শিশু তুইটাকে লইয়া ছাদে গিয়া বসিতেন, কথন
কথন দেশের চিন্তা করিতেন, কথন কথন ছাদের প্রাচীরের
গ্রাক্রের ভিতর দিয়া পথের জন্প্রোত দেখিতেন। তাঁহার
শরীর পৃর্ন্তাপেক্ষা একটু ক্ষাণ, তাঁহার লান মুখমণ্ডল পূর্নাপেক্ষা
একট অধিক স্লান।

প্রত্যহ সন্ধার সমর শরৎ ছেমের সহিত সাক্ষাৎ করিতে আসিতেন। বিন্দু শয়ন ঘরে প্রদীপ আলিয়া একটি মাছর পাতিয়া দিতেন, সকলে সেই স্থানে উপবেশন করিয়া ক্রেক

রাত্রি পর্যান্ত কথাবার্ত্তা কহিতেন ; হেমচন্দ্র কলিকাতার যাহা বাহা দেখিতেন তাহাই বলিতেন ; ব্রুৎ কলেজের কথা, প্র-কের কথা, শিক্ষক বা ছাত্রদিগের কথা, কলিকাতার নানা গরা, নানা কথা, সংসারের স্থখ হৃংখের কথা, জগতে ধন ও দারিজের কথা অনেক রাত্রি পর্যান্ত কহিতেন। তাহার নবীন বরসের উৎসাহ, ধর্মপরায়ণতা ও দৃঢ় প্রতিজ্ঞা সেই কথার দেদীপ্যমান হইত, জগতের প্রকৃত মহৎ লোকের উৎসাহ, মহত্ব ও অবিচলিত প্রতিজ্ঞার গরা করিতে করিতে শরৎচজ্রের শরীর কন্টকিত হইত, জগতের প্রভারণা মিথাাচরণ ও অত্যান্চারের কথা কহিতে কহিতে সেই যুবকের নয়নীহর প্রজ্ঞালিত হইত।

হেমচন্দ্র জেঠা ভাতার স্নেহের সহিত সেই উন্নতক্ষন যুবকের কথা ওনিয়া অতিশয় তুই ও প্রীত হইতেন, বিন্দু বাল্যফ্রেদের হৃদরের এই সমস্ত উৎকৃষ্ট চিন্তা ও ভাব দেখিরা পুলকিত হইতেন এবং মনে মনে শরতের ভ্রোভ্যঃ প্রশংসা করিতেন; বালিকা স্থা নিজা ভ্লিয়া যাইত, একাগ্রচিন্তে সেই
যুবকের দীপ্ত মুখ মণ্ডলের দিকে চাহিয়া থাকিত ও তাহার
সম্ত ভাষা শ্রণ করিত। শরতের তেলঃপূর্ণ গরগুলি ওনিয়া
বালিকার হৃদর প্র উৎসাহে পূর্ণ হইত, শরতের হঃথকাহিনী
ওনিয়া বালিকার চকু জলে হৃল্ করিত।

হেম্চক্ত কলিকাভার যাহা যাহা দেখিতেন সে কথা সর্কদাই সন্ধ্যার সময় গল্প করিতেন। এক দিন কলিকাভার "বড়
বাজারের" মাহান্ম্যের কথা বর্ণনা করিয়া হাসিতে হাসিতে বলিবেন, শন্তং! দেশহিতৈষিতা, পরোপকারিতা প্রভৃতি সদ্ শুণগুলি মনুষ্য হৃদয়ের প্রাথান শুণ তাহার সন্দেহ নাই, কিছ এই সদ্পুণ শুলির নাজন তোমাদের কলিকাতার বে রাশি রাশি প্রতারণা কার্য্য হয় তাহাতে বিশ্বিত হইয়াছি। আমাদের পলীগ্রামে প্রকৃত স্বদেশহিতৈবিতা বিরল, তাহা আমি স্বীকার করি, কিন্তু স্বদেশহিতৈষিতার আড়ম্বরও বিরল!

শরং। আপনি বাহা বলিলেন তাহা সত্য, বড় বড় সহরেই বড় বড় প্রতারণা, কিন্তু আপনি কি প্রকৃত সদ্গুণ কলিকাতার পান নাই; প্রকৃত দেশহিতৈষিতা, সত্যাচরণ, বিদ্যাহ্রাগ, বশোলিপা প্রভৃতি বে সমস্ত সদ্গুণ মহুষ্য হৃদয়কে উন্নত করে, সে গুলি কি আপনি দেখেন নাই?

হেম। শরৎ, তাহা আমি বলি নাই, বরং কলিকাতার সেরপ অনের সদ্গুণ দেখিয়া আমি তৃপ্ত হইয়াছ। কলিকাতার যে প্রকৃত দেশানুরাগ দেখিয়াছি, অদেশীয়দিগের হিত্রাধন জন্ম থেরূত দেশানুরাগ দেখিয়াছি, অদেশীয়দিগের হিত্রাধন জন্ম থেরূপ অনস্ত চেঠা, অনস্ত উদ্যম, জীবনব্যাপী উৎসাহ দেখিলাম, এরপ পল্লীগ্রামে কখনও দেখি নাই; পুস্তকে ভিন্ন অন্ত স্থানে লক্ষিত করি নাই। বিদ্যানুরাগও সেই রূপ। কলিকাতার আদিবার পূর্বে আমি প্রকৃত বিদ্যানুরাগ কাহাকে বলে জানিতাম না, কেবল জ্ঞান আহরণের জন্ম, অদেশবাসীদিগের মধ্যে জ্ঞান বিতরণ জন্ম, যৌবন হইতে মধ্য বয়স পর্যন্ত, মধ্য বয়স থেইতে বার্দ্ধকা পর্যন্ত অনস্ত অবারিত পরিশ্রম, তাহা কলিকাতার দেখিলাম। আর প্রকৃত যশে অভিকৃতি, জীবন পদ করিয়া সংকার্থ্যের হারা মহন্থলাভ করিতে হুর্দমনীর আকাজ্ঞা ও অধ্যবসার, ইহা পল্লীগ্রামে কোথার দেখিব ? ইহাও কলিকাতার দেখিলাম। শরৎ আমি কলিকাতার দেখিলাম।

শত সদ্পুণ দেখিয়াছি। কিন্তু বেথানে একটা সদ্গুণ আছে সেইখানে তাহার দশ প্রকার মিথাা অমুকরণ আছে, यपि मम्बन शक्र (मम्हिटे वरी शारकन, এकम्बन (मम হিতৈয়ীর নাম লইয়া চিৎকার ও ভগুমি করিতেছেন, দশজন প্রকৃত সমাজ সংরক্ষণে যত্রশীল, শতজন সেই সদগুণের নামে শত প্রকার প্রভারণার দারা প্রসা রোজগার করিতেছে। এইটা প্রকৃত দোষের কথা।

भंतर। तम त्माय छाशात्मत ना आमात्मत ? विन्तिमिन, তোমার এ মাহরে ছারপোকা আছে।

বিন্। সে কি শরং বাবু কাম ড়াচ্ছে নাকি ?

শরং। না কামড়ার নি. জিজাসা করিতেছি আছে কি না ?

বিন্দু। না শরৎ বাবু আমার বাড়ীতে অমন জিনিস্টী नारे। आমि निष्कत हाट्य প্রতাহ বিছানা মাহুর রোদে দি, জিনিস পত্র ঝাড় ঝোড় করি। নোংরা আমি ছ চক্ষে দেখিতে পারি না।

শরং। সে দিন হেমবার্থ আর আমি দেবীপ্রসন্ন বার্বর বাড়ীতে গিয়াছিলাম, বাডীর ভিতর আমাদের থাইতে নিষে গিয়াছিল: তা তাদের মাচরে এমন ছার্পোকাষে বসা যায় ना। তার কারণ कि दिल्लिनि ?

विन्तु। कांत्रण जांत्र कि, तारता, जाशतिकांत्र। जिनिम शब নোংরা রাখিলেই ঐগুল জন্ম।

मद्र । विकृतिकि आमताल म्हेक्स ममास अभिकांक সাধিলেই তাহাতে প্রতারণার কীটগুলা জনার। আমরা যদি

পরনিন্দা ইচ্ছা করি, পরনিন্দা বাজারে বিক্রের হইবে। আমরা যদি পণ্ডিত্যাভিমানীর মুর্ক্সতার মৃথ হইরা হাঁ করিরা থাকি, সেই মুর্থতাই বিদ্যারূপে বিক্রের হইবে। ওঠে বিদ্যান দেশ-হিতৈবিতার যদি আমরা পুলকিত হই, সেইরূপ দেশহিতৈবিতার ছড়া ছড়ি হইবে। চিনাবাজারে যেরূপ কাপড় যথন লোকের পছন্দ হয় সেইরূপ কাপড়ের সেই সময়ে অধিক মূল্য হয়, অধিক আমদানি হয়। আমাদের ও বেরূপ সদ্গুণে পছন্দ ও রুচি, সেইরূপ ভূরি উৎপন্ন হইতেছে। এটা তাহাদের দোষ না আমাদের দোষ ?

বিন্দু। আছো সে কথা বুঝিলাম। কিন্তু মান্তরে ছারপোকা হইলে মান্তর রোদে দিতে পারি, মশারি বা
বিছানায় কীট থাকিলে তাহা ধোপার বাড়ী দিতে পারি।
সমাজে এরপ কীট উৎপন্ন হইলে তাহার কি উপার ?
সমাজ কি ধোপার বাড়ী পাঠান যায়, না রোদে দেওয়া
বার ?

শবং। বিন্দুদিদি, সমাজ পরিকার করিবারও উপায়
আছে। সুর্য্যের আলোকে থেক্ষপ মাত্ররের ছারপোকাগুলি
স্থড় সুড় করিরা বাহির হইরা যায়, প্রকৃত শিক্ষার আলোকে
সমাজের অনিষ্টকর সামগ্রীগুলিও একে একে সমাজ পরিত্যাগ
করিয়া অন্ধকারে বিলীন হয়। যদি শিক্ষায় সে ফল না ফলে,
ভাহা হইলে সে শিক্ষা প্রকৃত শিক্ষা নহে। ওঠন্থ দেশহিতৈবিতার যদি আমরা মৃশ্ধ না হই, তবে সেরপ দ্রব্য কত দিন উৎশর্ম হয় ? পাণ্ডিত্যাভিমানী মূর্থতা দেখিলে যদি আমরা সহাত্তে
ভাষা হইতে প্রস্থান করি, তবে সে সামগ্রী কত দিন

বিরাজ করে ? এ সমস্ত মেকি সামগ্রী যে এখন এত পরিমাণে উৎপন্ন হয় সে আমাদের শিক্ষার দোজে, তাহাদের দোষে নহে।

হেম। শরৎ, তোমার উৎসাহ দেখিরা আমি আনন্দিত

ইবাম, কিন্তু তথাপি শিক্ষা গুণে সমাজ হইতে প্রতারণা বা
প্রবঞ্চনা একেবারে লোপ হইবে এরপ আমার আশা নাই।

শিক্ষিত দেশে যতদ্র প্রতারণা আছে, আমাদের দেশে তত্ত্ব

নাই, মনুষ্য হৃদরে যতদিন স্থপ্রন্তি ও কুপ্রবৃত্তি উভরই

থাকিবে, জগতে তত দিন ধর্মাচরণ ও প্রতারণা উভরই

থাকিবে। তথাপি প্রকৃত শিক্ষাগুণে সমাজে কর্ত্র্য-সাধন

বাসনা ক্রমে বিস্তৃত হয় তাহা আমাদেরও বোধ হয়।

বিন্দু। তা আজ কাল তোমাদের কালেজে যে লেখা পড়া হয় তাহাতে কি এ শিক্ষা দেয় না ?

শরং। বিন্দ্দিদি, কলেজের শিক্ষাকে অনেকে অতিশন্ধ নিন্দা করে, আমি তাহা করি না। বে শিক্ষার আমরা মহৎ জাতিদিগের, মহৎ লোকদিগের জীবনচরিত ও কার্য্য-কলাপ অবগত হইতেছি, ও প্রকৃতির বিশ্বরকর নির্মাবলী শিথিতেছি তাহা কি মন্দ শিক্ষা? বাহারা ইহা হইতে উপকার লাভ করিতে পারেন না, সে তাঁহাদের হৃদয়ের দোষ, শিক্ষার দোষ নহে। হেমবাবু কলিকাতায় বে প্রকৃত দেশহিতৈষিতা, প্রকৃত উন্নতি ইচ্ছার কথা বলিলেন, তাহা পঞ্চাশৎ বৎসর প্রক্র বাহা ছিল আদ্য তাহা হইতে অধিক লক্ষিত হয়, তাহা কেবল এই কলেজের শিক্ষাগুণে। আবার এই শিক্ষাগুণে এই সদ্গুণগুলি পঞ্চাশৃৎ বৎসর পর আরপ্ত অধিক লক্ষিত হইবে তাহাতে সন্দেহ নাই। বহু শতান্ধিতেপ্ত আমরা বোধ হয় ইউরোপীয় জাতিদিগের ঠিক সমকক হুইতে পারিব কি না সন্দেহ; কিন্তু তথাপি আমার ভরদা যে ক্রগদীখরের রূপায় দিন দিন আমরা অগ্রসর হইতেছি। আত্মবিসর্জ্জন ও কর্ত্তব্যসাধনে অনস্ত উৎ-সাহ, ও অনস্ত চেষ্টা, এই উন্নতির একমাত্র পণ, সেই আত্মবিসর্জ্জন, সেই নিদাম কর্ত্তব্যসাধন আমরা এখনও কন্ত টুকু শিথিয়াছি, চিন্তা করিলে হুদর ব্যথিত হয়।

কথার কথার রাত্রি অনেক হইরা গেল, শরৎ যাইবার জক্ত উঠিলেন। হেম তাঁহার সঙ্গে দার পর্যন্ত যাইলেন, দেখিলেন পথে জ্যোৎসা পড়িরাছে এবং গ্রীম্মকালের শীতল নৈশ বায় বহিরা যাইতেছে। স্কুতরাং তিনি এক পা তই পা করিরা শরতের সঙ্গে অনেক দূর গেলেন। পথেও এইরূপ কথাবার্ত্তা হইতে লাগিল। দেবীপ্রসন্ন বাবুও আফ সন্ধার সময় হাওয়া থাইতে বাহির হইরাছিলেন, তিনি শরৎ ও হেমকে দেখিয়া শরতের বাটা পর্যন্ত তাহাদিগের সহিত গেলেন।

হেমচক্র দেবীবাবুর সহিত ফিরিয়া আসিবার সময় বলি-লেন্ আমি কলেজের অনেক ছেলে দেথিয়াছি, অনেকের সহিত কথা কহিয়াছি, কিন্ত শরতের ভায় প্রকৃত শিক্ষালাভ ক্রিয়াছে, শরতের ভায় উন্নত হৃদয়, উন্নত চিত্ত, আনন্দনীয় উদ্যম ও উৎসাহ আছে, এরূপ অল্লই দেথিয়াছি।

দেকীবাবু বলিলেন, হেঁ ছেলেটা ভাল, গুণবান বটে, বেঁচে থাকুক, বাপের নাম রাখ্বে। আর লেথাপড়াও শিথ্বে বটে, কিন্তু ছেলেমানুষ হয়ে বুড়োর মত কথা কয় কেন পুছোঁড়াটা শেষে ফাজিল না হয়ে যায় তাই ভাবি।

### ত্রোদশ পরিচ্ছেদ।

#### प्तियौ अमझ वावू।

ভবানীপুরের কায়স্থদিগের মধ্যে দেবীপ্রসন্ন বাবুর ভারি নাম। তাঁহার বয়স পঞ্চাশ বৎসর হইবে, কিন্তু তাঁহার শরীর-খানি এখনও বলিষ্ঠ, সুল ও গৌর বর্ণ। তাঁহার প্রসন্ধ মুখে হাস্ত দর্মনাই বিরাজমান এবং তাঁহার মিষ্ট কথায় দকলেট वाशायिक रहेक। काँशामित व्यवशा এककाल वर्ष मन दिन. দেবীপ্রসন্ন বাবু বাল্যকালে অনেক ক্লেশ ভোগ করিয়াছেন. এবং অল্প বয়সেই লেখা পড়া ছাডিয়া সামান্ত বেতনে একটা "কোসে" কর্ম্ম লইয়াছিলেন। তথায় অনেক বংসর পর্যাস্ত বিশেষ কোন উন্নতি করিতে পারেন নাই, অবশেষে ছৌসের সাহেবকে অনেক ধরিয়া পড়ায় সাহেব (বিলাভ যাইবার সময় হৌসের পুরাতন ভত্যের পদ বৃদ্ধি করিয়া দিলেন। সৌভাগ্য যথন একবার উদয় হয় তথন ক্রমেই তাহার জ্যোতি বিস্তার হয়। সেই সময় তিন চারি বংসর হৌসের অনেক লাছ इ अवाब मारहवर्गन वज़रे जुहे इरेबा त्मरब तनवी वावूरक रहोरमत बफ वाव कतिया निर्मा। वना वाह्ना उथन रमबी वावुब বিলক্ষণ ছ পয়সা আয় হইল, এবং তিনি ভবানীপুঞ্জের পৈতৃক वाजीत अरनक उन्निक कतिया मधुर्थ अकती सुन्तत देवर्रक्याना প্রস্তুত করাইলেন, এবং স্থলররূপে সাজাইলেন। বৈঠকখানার দেবী বাব প্রত্যাহ ৮ টার সময় বসিতেন, প্রত্যাহ অনেক লোক ষ্ঠাছার সহিত সাক্ষাৎ করিতে আসিতেন।

ক্রমেই দেবীবাব্র নাম বিস্তার হইতে লাগিল। ছর্গোৎসবের সময় তাঁহার বাটাত্রেক্ত সমারোহে পূজা হইত, এবং যাত্রা
ও নাচ দেখিতে ভবানীপুরের যাবতীয় লোক আসিত।
তত্তিয় বাড়ীতে একটা বিগ্রহ ছিল, প্রত্যহ তাহার সেবা হইত,
এবং বাড়ীর মেয়েয়া নানারূপ ত্রত উপলক্ষে অনেক দান ধর্ম
করিত। ছই একজন করিয়া দেবীবাব্র দ্রিদ্রা জ্ঞাতি কুটু মিনীদাণ সেই বিস্তীণ বাটাতে আশ্রম পাইল, পাড়ার মেয়েয়াও
কর্মদা তথায় আসিত, স্ক্রয়াং বাহির বাটা ও ভিতরবাটা সমান
লোকসমাকীণ।

হেমচন্দ্র কলিকাতার আসিবার পর অল্ল দিনের মধ্যেই দেবীপ্রসর বাবুর সহিত আলাপ করিলেন, এবং দেবীবাবুও দেই নবাগত ভদ্রবোককে যুগোচিত সন্মান করিয়া আপন বৈঠকথানার লইয়া বাইতেন। বৈঠকথানার স্থন্দর পরিষ্ঠার বিছানা পাতা আছে, চই তিন্টা মোটা মোটা গিন্দে, এবং একটা কুলুঙ্গিতে হুইটা শামাদান। ঘরের দেয়াল হুইতে জোড়া জোড়া দেয়ালগিরি বস্তে ঢাকা রহিয়াছে এবং নানারপ উৎকৃষ্ট ও অপকৃষ্ট ছবি ঝুলিতেছে। কোগায় হিন্দু দেবদেবী-দিগের ছবি রহিয়াছে, তাহার পার্থে জন্মনি দেশন্থ অতি অল মূল্যের অপকৃষ্ট ছবিগুলি বিরাজ করিতেছে। সে ছবিতে কোন রশ্ণী চুল বাঁধিতেছে, কেহ স্থান করিতেছে, কেহ শুইয়া রহিরাছে: কাহারও শরীর আবৃত, কাহারও অদ্বেক আবৃত, কাহারও অনারত। আবার তাহাদের মধ্যে করেজীওর এক-শানি-"মেগডেলীন," টিসীয়নের ''ভিনস' ও লেগুসিয়রের এক ৰোড়া হরিণও বিকাশ পাইতেছে, কিন্তু সে ছাপা এত নিক্ল বে ছবিগুলি চেনা ভার। বছবাজারে বা নিলামে যাহা শস্তা পাওয়া গিয়াছে এবং দেবী বাবু বা দেবী বাবুর সরকারের রুচি সম্মত হইয়াছে, তাহাই ছাপা হউক, ওলিওগ্রাফ হউক, সংগ্রহ পূর্বাক বৈঠকধানার দেয়াল সাজান হইয়াছে।

হেমচক্র সর্বাদাই দেবী বাবুর সহিত আলাপ করিতে যাইতেন এবং কথন কথন সময় পাইলে আপনার কলিকাতা
আসার উদ্দেশ্যটী প্রাকাশ করিয়াও বলিতেন। দেবীবাবু অনেক
আগাস দিতেন, বলিতেন হেমবাবৃর মত লোকের অবশ্রষ্ট
একটী চাকুরি হুটবে, তিনি স্বয়ং সাহেবদের নিকট হেমবাবৃকে
লইয়া যাইবেন. হেমবাবৃর স্তায় লোকের জন্ত তিনি এই
টুকু করিবেন না তবে কাহার জন্ত করিবেন 
শুক্ত প্রাথাত শুনিয়া তেমচক্র একটু আশান্ত হুইলেন;
দেবীপ্রসয় বাবুর প্রধান গুণ এইটা সে তাহার নিকট শত্ত
শত প্রাথী আসিত, তিনি কাহাকেও আগাস বাকা দিতে
ক্রটী করিতেন না।

কিন্দ্র কার্য্য সম্বন্ধে বাহাই হউক না কেন, ভদ্রাচরণে এদবী
বাবু ক্রটা করিলেন না। তিনি ছই তিন দিন হেন ও শরৎকে
নিমন্ত্রণ করিয়া পাওয়াইলেন, এবং তাহার গৃহিণী হেম বাবুর
স্ত্রীকে একবার দেখিতে চাহিয়াছেন বলিয়া পাঠাইলেন। বিন্দ্র
কাষ কন্ম করিয়া প্রায় অবসর পাইতেন না, কিন্তু দেঁবী বাবুর
স্ত্রীর আজ্ঞা ঠেলিতে পারিলেন না, স্কতরাং একদিন সকাল
সকাল ভাত খাইয়া স্থাকে ও ছইটা ছেলেকে লইয়া পাকী
করিয়া দেবীবাবুর বাড়া গেলেন। দেবী বাবু তথন আপিশে
সিমাছেন, স্কতরাং বহিব্টা নিত্তর; কিন্তু বিন্দু বাড়ীর ভিত্তর

बारेबा (मश्रितन य अन्तत मृश्न लाकाकीर्ग। छेठान मानीता কেহ ঝাঁট দিতেছে কেহ যুদ্ধ নিকাইতেছে, কেহ কাপড় শুথা-ইতে দিতেছে, কেহ এখন মাছ কুটতেছে, কেহ সকল কার্যোর वफ कार्या--- क्वर क्रिटिंग्ड । क्विकाञात मामीगर्गत वफ् পায়া, মা ঠাকরুণের কথাই গায়ে সয় না,—কোন আশ্রিতা আত্মীয়া কিছু বলিয়াছে তাহা সহিবে কেন,—দশ গুণ গুনাইয়া मिट्डिह, जम तमनी म नाकानश्ती त्वाय कतात जैभावास्त না দেথিয়া চক্ষর জল মছিয়া ভানান্তর হইলেন। পাতকো-जनाम वि तोरमत हाउँ, मकरन এक वारत नाहेरा निमाह, স্থতরাং রূপের ছটা, গরের ছটা, হাস্তের ছটার শেষ নাই। আবার তাহার দঙ্গে দঙ্গে দেই স্বন্দরীগণ তথায় অবর্তমানা প্রিয় বন্ধুদিগের চরিত্রের আদ্ধ করিতেছিলেন। কেহ গুল দিরা দাঁত माक्टिं माजिए विलिन. "इंशना ७ वाजीत न वोरतत क्रांक দেখিছিস, সে দিন যগগিতে এসেছিল তা গয়নার জাঁকে আর ভুরে পা পড়ে না. হাা গা তা তার স্বামীর বড় চাক্রি হরেছে हरे-दे्र, जा वड कांक किरात ना।' कर हुन श्निरड धुनिष्ठ कहितन "ठा हाक 'वन, ठात बाक बाह बाकरे আছে, তার শান্তভা কি হারামজাদী। মা গো মা, অমন तो-काँहेकि मां एड़ी छ (मिशिन, तोतक श्रामी जानवारम वतन সে বুড়ী বেঁন ছ চকে দেখতে পারে না। টের টের দেখেছি अमनी आंत (मिथिन।" अग्र समती शार्य क्न ঢानिए চালিতে বলিলেন "ও সব সোমান গো, সব সোমান—শাভড়ী আবার কোন কালে মায়ের মত হয়, ছ বেলা বকুনি থেতে त्य एक जामातित थीन योत्र।" "अला हुन कत ला हुन कत, এখনি নাইতে আস্বে, তোর কথা ভনতে পেলে গায়ের চামড়া রাধ্বে না। তবু বন আমাদের ঝাড়া হাজার ভণে ভাল, ঐ ঘোষেদের বাড়ীর শাভড়া মাগীর কথা ভনেছিদ্, সে দিন বউকে কাঠের চেলার বাড়া ঠেজিয়েছিল।" "তা সে শাভড়াও বেমন বৌও তেমন, সে নাকি শাভড়ীর উপর রাগ করে হাতের নো পুলে ফেলেছিল, তাইতেই ত শাভড়া মেরেছিল।" "তা রাগ কর্বে না, গায়ের জালায় করে, স্বামীটাও হয়েছে লক্ষীছাড়া, মদ থায়, ঘরে থাকে না আর তার মাও তেমনি, তা বৌয়ের দোষ কি?" ইত্যাদি।

রায়াঘরে কোন কোন বৃদ্ধা আত্মীয়াগণ বিস্মাছিলেন, কেই বা গিয়ীর ভন্ত ভাত নামাইবার উদ্যোগ করিতেছিলেন, কেই ছটো কথা কাইতে আগিয়াছিলেন, কেই ছেলে কোলে করে কেবল একটু ঝিমোতে ছিলেন। ঝামীর মা কিনৃ ফিন্স্ করিয়া বলিলেন "হাঁটা লাও পাল্লা করে কারা আজ এলো? ঐ বে হন্ হন্ করে দিছি দিয়ে উঠে গিয়ার কাছে গেল।" শুমার মা, "তা ভানিস নি ওরা যে এক ঘর কায়েত কোন্ পাড়া গাঁথেকে এসেছে. এই ভবানীপুরে আছে, তা ঐ বড় যেটা দেগ্লি, তার স্বামী বুঝি বাবুর আপিনে চাক্রি কর্বে, ওর ছোট বনটা বিধবা হয়েছে। গিয়ী ওদের ডেকে পাঠয়েছিল।' "না জানিক কেমন তর কায়েত, গায়ে ছখানা গয়না নেই, লোকের বাড়া আস্বে তা পায়ে মল নেই, ঝালি গায়ে ভল্ল লোকের বাড়া আস্তে লজ্জা করে না?" "তা বন, ওরা পাড়া গাঁথেকে এসেছে, আমাদের কল্কেতার চাল চোল এখন শেথেনি?' "ভা শিখুবে করে গ ছ ছেলের মা হয়েও শিখুলে না ত শিখুবে

কবে?" "তা গরিবের ঘরে সকলেরই কি গরনা থাকে?"
"তবে এমন গরিবকে ভুকো কেন? আমাদের গিলীর ও
বেমন আকেল, তিনি যদি ভদ্র ইতর চিন্বেন, তবে আমাদেরই
এমন কঠ কেন বল? এই ছিলাম আমার মাস্তৃত বনের বাড়ী
তা সে আমার কত যত্ন করিত, ছবেলা ছখ বরাদ্দ ছিল। তারা
লোক চিন্ত। গিলী যদি লোক চিন্বে তবে আমার এমন
ছরাবন্থ।? তা গিলারই দোষ কি বল? যেমন বাপ মারের
মেরে তেমনি স্বভাব চরিত্র,—টাকা হলে জাত ত আর ঘোচে
না।" এইরূপে বৃদ্ধা আপন গোরব নাশের আক্ষেপ ও আশ্রবদারী ও তাঁহার পিতা মাতার অনেক স্থ্যাতি প্রকৃটিত
করিতে লাগিলেন।

বিন্দু ও স্থা নিজ দিয়া উঠিয়া রেল দেওয়া বারাণ্ডা দিয়া গিন্ধীর শোবার ঘরে গেলেন। গিন্ধী তেল মাথিতেছিলেন;— একজন আশ্রিতা আগ্রীয়া তাঁহার চুল খুলিয়া দিতেছিলেন, জার একজন বুকে বেশ করিয়া তেল মালিদ্ করিয়া দিতেছিলেন। তাঁহার বুকে কেমন এক রকম ব্যথা আছে (বড় মান্থর গিন্ধীদের একটা কিছু থাকেই) তা কবিরাজ বলিয়াছে, রোজ স্নানের আগে এক ঘণ্টা করিয়া বেশ করে তেল মালিদ্ করিতে। গিন্ধী দেবী বাবুর নাায় বলিন্ঠ নহেন, তাঁহার শরীয় শীণ, চেহারা থানা একটু কক্ষ, মেজাজ্টা একটু থিট্ থিটে; সেই বৃহৎ পরিবারের আগ্রায়া, দাদী, বৌ, ঝি, সকলেই সে মেজাজ্ব গুণ প্রতাহই সকাল সন্ধ্যা অন্তব করিত। শুনি-য়াছি দেবী বাবু স্বয়ং রজনীকালে তাহার কিছু কিছু আস্বাদন শাইতেন। দেবী বাবু স্বয়ং বিষয়্ব করিয়াছেন, তাঁহার আচ-

রণটা পূর্ববং নম্র ছিল, কিন্তু নৃতন বড় মাহুবের মহিধীর ততটা नम्रा व्यमखन, ननागं धनमर्थ (परी नातृत शृहिनीर७३ এकमाज আধার পাইয়া দ্বিশুণ ভাবে উথলিয়া উঠিয়াছিল।

গিলী। কে গাতোমরা १

বিন্দু। আমরা তালপুখুরের বোসেদের বাড়ীর গো. এই কলকেতায় এদেছি। আপনি আসতে বলেছিলেন, কাষের গতিকে এত দিন আসতে পারিনি, তা আজ মনে করলাম দেখা করে আসি।

গিল্লী হাঁ হাঁ ব্ৰেছি, তা বদ বদ। তথনকার কালে নতন লোক এলেই পাড়ার লোকদের সঙ্গে দেখা করার রীডি ছিল, তা এখন সে খীতি উঠে গিয়েছে, এখন লোকের কোথাও যাবার বার হয় না। তা তবু ভাল, তোমরা এসেছ। তালপুখুর কোথায় গাঁ ? সেথানে ভদ্র লোকের বাস আছে ?

বিন্দু। আছে বৈকি, সেথানে তিরিশ চল্লিশ ঘর ভদ্রলোক আছে. আর অনেক ইতর লোকের খর আছে। ঐ বর্দ্ধান জেলার নাম শুনেছেন, সেই জেলায় কাটওয়া থেকে ৮ :: ১٠ ক্রোশ পশ্চিমে তালপুখুর গ্রামণ

विद्युता मव (महेथान (थक् चारम । जह शमा (महे धनाद्वात शृहिनीत अछं प्रथा पिता। विन्तु हुए कतिया त्रित्तन। करनक পর গৃহিণী বলিলেন,-এটা বুঝি তোমার বন ? আহা এই কচি वस्त विथवा इत्युष्ट । जा जनवात्न देखा, नकरनत क्नारन কি স্থুথ থাকে তা নয়, সকলের টাকা হয় তা নয়, বিধাতা কাউকে ,বড করেন, কাউকে ছোট করেন।

প্রথম সংখ্যক আশ্রিতা, বিনি চুল খুলিয়া দিতেছিলেন, তিনি সময় ব্ঝিয়া বলিলেন,—তা নয় ত কি, এই ভগবানের ইচ্ছায় আমাদের বাব্র বেমন টাকা কড়ি, ঘর সংসার, তেমদ কি সকলের কপালে ঘটে ? তা নয়, ও বার বেমন কপালের লিখন।

দিতীয় সংখ্যক আশ্রিতা অনেকক্ষণ ক্রমাগত তেল মালিস্
করিতে করিতে হাঁপাইতেছিলেন। তিনি দেখিলেন তাঁহারও
একটী কথা এই সময়ে বলিলে আণ্ড মঙ্গলের সম্ভাবনা
আছে। বলিলেন,—কেবল টাকা কড়ি কেন বল বন, ষেমন
মান, তেমনি যশ, তেমনি লেখা পড়া, সাহেব মহলে কভ
সম্মান। লক্ষী যেন ঐ খাটের খুরোয় বাধা আছে।

ঈবং হাস্যের আলোক গিয়ার রুক্ষ বদনে লক্ষিত হইল, কথাটা তাঁহার মনের নত ইইয়াছিল। একটু সদয় হইয়া সেই আশ্রিতাকে বলিলেন,—আহা তুমি কতকক্ষণ মালিস করবে গা? তুমি হাঁপাছে যে। আর সব গেল কোথা, কাষের সময় বিদ্ একজন লোক দেখ্তে পাওয়া ষায়, সব রায়াঘরের দিকে মন পড়ে আছে, তা কাষ কর্বে একমন করে ?

ভাত্র স্বরে এই কথাগুলি উচ্চারিত হইল; দাসীতে দাসীতে এই কথা কানাকানি হইতে হইতে ভারের ধবরের ন্যায় পাতকোভনার পাঁহছিল। সাহসা তথার যুবতীদিগের হাস্য-ধ্বনি থামিয়া গেল, বৌয়ে বৌয়ে ঝিয়ে ঝিয়ে কানা কানি হইতে হইতে সেই খবর রালাঘরে গিয়া পাঁছছিল। তথার বে উনানে কাটি দিতেছিল সে স্কস্তিত হইল, যে ঝিমাইভেছিল সে সহসা জাগরিত হইল, ও খ্রামীর মা ও বামীর মা গিলীর

স্থাতি প্রকটিত করিতে করিতে সহসা সূদ্কম্প বোগ করিল। তাহারা উর্দ্ধানে রালাঘর হইতে উধারে আসিলা সভয়ে গৃহিণীর ঘরে প্রবেশ করিল।

বামীর মা। হেঁগা আজ বুক্টা কেমন আছে গা ? আমি এই রারাঘরে উন্নুনে কাট দিচ্ছিলাম তাই আস্তে পারি নি, তা একবার দি না বুক্টা মালিস করে।

গৃহিণী। এই যে এসেছ, তবু ভাল। তোমাদের আর বার হয় না, লোকটা মরে গেল কি বেঁচে আছে একবার থোঁজ খবরও কি নিতে নেই। উঃ যে বাথা, একি আর কমে, পোড়া-মুখো কব্রেজ এই এক মাস ধরে দেখ্ছে, তা ও ত কিছু করিতে পারিল না। তা কব্রেজেরই বা দোষ কি, বাড়ীর লোক একটু সেবা টেবা করে, একটু দেখে শুনে, তবে ত ভাল হয়। তা কি কেউ করবেঁ পু বলে কার দায়ে কে ঠেকে।

বামীর মা ও খ্রামীর মা আর প্রত্যুত্তর না করিয়া হুই জনে হুই পাশে বসিয়া মালিস আরম্ভ করিল, গৃহিণী পা হুটী ছড়াইয়া মুথে তেল মাথিতে মাথিতে আবার বিন্দ্র সহিত কথা আরম্ভ করিলেন।

গৃহিণী। তোমার ছেলে ছটা ভাল আছে, অমন কাহিল কেন গা ?

বিন্দু। ওরা হরে অবধি কাহিল, মধ্যে মধ্যে জ্বর হর, আর ছোটটীর আবার একটু পেটের অস্থ করেছিল, এখন সেরেছে।

গ। তাইত হাড় ঋলো যেন জির জির করছে! তা বাছা

একটু জেয়দা করে ছদ খাওয়াতে পার না, তা হলে ছেলে ছটী একটু মোটা হয়। এই আধনার ছেলেদের দিন একদের করে ছধ বরাদ্দ, সকালে আধ সের বিকেলে আধ সের। তা না হলে কি ছেলে মানুষ হয় ?

বিন্দ্। ছূধ থায়, গয়লানীর বে ছধ, অর্দ্ধেক জল, ভাতে আর কি হবে বল ?

গৃ। ও মাছি! তোমরা গয়লানীর হধ থাওয়াও, আমাদের বাড়ীতে গয়লানী পা দেবার যো নাই। আমাদের বাড়ীতে গরু আছে, ঐ সে দিন ৮০ টাকা দিয়ে বাবু আপিশের কোন্ সাহেবের গরু কিনে এনেছেন, ৫ সের করে ছধ দেয়। তা ছাড়া হটা দিশি গরু আছে, তারও ৩। ৪ সের হুধ হয়। বাড়ীর গরুর হুধ না থেয়ে কি ছেলে মানুষ হয়, গয়লানীর আবার হৄধ, সে পচা পুথুরের জল বৈত নয়।

বিন্দু একটু ক্ষীণ স্বরে ধীরে ধীরে বলিলেন,—তা সকলের ত সমান অবস্থা নয়, ভগবান্ আপনার মত ঐথর্য্য কয় জনকে দিয়াছেন ? আমরা গরু কোথা পাব বল ? যা পাই তাইতে ছেলে মান্ত্য করিতে হয়।

একটু ষষ্ট হইয়া গৃহিণী বলিলেন,—

তা ত বটেই। তা কি করিবে বাছা, যেমন করে পার ছেলে ছটিকে মাছুষ কর। তা যথন বা দরকার হবে আমার কাছে এস, আমার বাড়ীতে ছধের অভাব নেই, যথন চাইবে তথনই পাবে।

বামীর মা। তা বই কি, এ সংসারে কি কিছুর অভাব আছে ? হুধ দৈয়ের ছড়াছড়ি, আমরা থেয়ে উঠ্তে পারি নি, দাসী চাকর থেয়ে উঠ্তে পারে না। তোমার যথন বা দরকার হবে, বাছা গিলীর কাছে এসে বলিও গিলীর দ্যার শ্রীর।

শ্রামীর মা। হাঁ তা ভগবানের ইচ্ছার যেমন ঐশর্যা তেমনি দান ধর্ম। গিলীর হিলতে পাড়ার পাঁচজন থেয়ে বতাচ্ছে।

গৃ। তোমার স্বামীর একটী চাকরি টাক্রি হল ? বাবুর কাছে এসেছিল না।

বিন্দ। হাঁা এসেছিলেন, তা এখনও কিছু হয় নাই, বাবু বলেছেন একটা কিছু করে দিবেন। তা আপনারা মনোযোগ করিলে চাকরি পেতে কতক্ষণ ?

গৃ। ই। তা বাব্র সাহেব মহলে ভারি মান, তাঁর কথা কি সাহেবরা কাট্তে পারে? ঐ সে দিন বাঁড়ুজোদের বাড়ীর ছোঁড়াটাকে একটা সরকারী করে দিয়েছেন, বামুণের ছেলেটা হেঁটে হেঁটে মরিত, থেতে পাইত না, তাই বলিলাম ছেলেটার কিছু একটা করে দাও। বাবু তথনই সাহেবদের বলে একটা চাকুরি করে দিলেন। আর ঐ মিত্রদের বাড়ীর ছোকরাটা সেইখানে থাকে, বাজার টাজার করে; তার মা তিন মাস ধরে আমার দোরে হাঁটাহাঁটি করিল; তার বৌ একদিন আমার কাছে কেঁদে পড়ল, যে সংসারে চাল ডাল নেই, থেতে পায় না। তা কি করি, তারও একটা চাক্রি করে পদলাম। তবে কি জান বাছা, এখন সব ঐ রকম হয়েছে, পয়সাত কারও নাই, সবাই কালাল, সবাই থাবার জন্যে লালায়িত, স্বাই আমাকে এসে ধরে, আমি আর ব্যারাম শরীর নিয়ে পেরে উঠিন। এ যেন কালীঘাটের কালাল, হাড় জ্বালিয়ে তুলেছে।

তা বলিও তোমার স্বামীকে বাবুর কাছে আসতে, দেখা বাবে কি হয়।

দেড় ঘণ্টার পর গৃহিণীর তৈলমার্জন কার্য্য সমাপ্ত ছইল, তিনি স্লানের জন্য উঠিলেন।

বিন্দু সর্বাদাই ধীরস্বভাব, সংসারের অনেক ক্লেশ সহ্ করিতে শিথিয়াছিলেন, কিন্তু বড় মাহুষের ছারে আসিয়া দাঁড়াইতে এখনও শিথেন নাই, এই প্রথম শিক্ষাটা তাঁহার একটু তিক্ত বোধ হইল। ধীরে ধীরে গৃহিণীর নিকট বিদায় লইয়া ভগিনী ও সন্তান ছুটাকে লইয়া প্রস্থান করিলেন।

# ं हें कुर्दिन शतिराहत ।

#### নবীন বাবু।

কলিকাভায় আসিবার পর কয়েক সপ্তাহ স্থা বড় আহলাদে ছিল। বাহা দেখিত সমস্তই ন্তন, যেথানে যাইত ন্তন ন্তন দৃশ্য দেখিত, বাড়ীতে যে কাজ করিতে হইত তাহাও মনেকটা ন্তন প্রণালীতে, স্তরাং স্থার সকলই বড় ভাল লাগিত। কিন্তু কলিকাভার প্রচণ্ড গ্রীম্বকাল পল্লীগ্রামের গ্রীম্বকালের অপেক্ষা অধিক কইলায়ক, বিল্লের ক্ষুদ্র বাটীতে বড় বাভাস আসিত না, কোঠা ঘরগুলি অভিশয় উত্তপ্ত হইত। সে কইতেও স্থা কই বোধ করিত না, কিন্তু ভাহার শরীর একটু অবসর ও ক্ষীণ হইল, প্রকৃল্ল চক্ষু হুটী একটু স্নান হইল, বালিকার স্থগোল বাহু ছুটী একটু ছুর্বল হইল। তথাপি

বালিকা সমস্ত দিন গৃহকার্য্যে ব্যাপৃত্ত থাকিত অথবা বাল্যোচিত চাপল্যের সহিত থেলা করিয়া বেড়াইত, স্থতরাং হেম ও বিন্দু স্থার শরীরের পরিবর্ত্তন বড় লক্ষ্য করিলেন না।

বর্ধার প্রারম্ভে, কলিকাতার বর্ধার বায়ুতে স্থধার জ্বর হইল। একদিন শরীর বড় ছর্মল বোধ হইল, বৈকালে বালিকা কোনও কাষ কর্ম্ম করিতে পারিল না, শয়ন ঘরে একটা মাহর বিছাইয়া শুইয়া পড়িল।

সন্ধ্যার সময় বিন্দু সে ঘরে আসিয়া দেখিলেন বালিকা তথনও শুইয়া রহিয়াছে। বলিলেন,—

এ কি স্থা, এ অবেলায় শুইয়া কেন ? অবেলায় ঘুমাইলে অস্থ করিবে, এস ছাতে যাই।

স্থা। না দিদি, আমি আজ ছাতে যাব না।

বিন্দ্। কেন আজ অস্থ কর্ছে নাকি ? তোমার মুথ থানি একেবারে শুথিয়ে গিয়াছে যে।

স্থা। দিদি আমার গা কেমন কর্ছে, আর একটু মাথা ধরেছে।

বিন্দু স্থার গারে হাত দিয়া দেখিলেন গা অতিশয় উত্তপ্ত, কপাল গরম হইয়াছে। বলিলেন স্থা তোমার জ্বরের মত হইয়াছে যে। তা মেজেয় ভইয়া কেন, উঠে বিছানায়,শোও, আমি বিছানা করিয়া দিতেছি।

সুধা। না দিদি এ অসুথ কিছু নয়, এখনই ভাল হয়ে যাবে, আমি এথানে বেশ আছি, আর উঠতে ইচ্ছে কর্ছে না।

বিন্দ্। না ব'ন্ উঠে শোও, ভোমার জরের মতন করেছে, মাথা ধরেছে, মাটীতে কি শোর ? বিন্দ্ বিছানা করিয়া (রেলন, ভগিনীকে তুলিয়া বিছানায় শোয়াইলেন, এবং আপনি পার্শে বিদয়া গায়ে হাত বুলাইয়া দিতে লাগিলেন।

রাত্রিতে হেম ও শরৎ আদিলেন, অনেকক্ষণ উভয়ে বিছানার কাছে বিদিয়া আন্তে আন্তে কথাবার্ত্তা কহিতে লাগি-লেন। রাত্রি দশটা হইয়া গেল, তথন বিন্দু হেমের জন্য ভাত বাড়ীতে গেলেন। শরৎকেও ভাত থাইতে বলিলেন, শরৎ বলিলেন বাড়ীতে গিয়া থাইবেন।

ভাত বাড়া হইল, হেম ভাত থাইতে গেলেন, শরং একাকী সেই ক্লান্তা বালিকার পার্শে বিদিয়া স্ক্রশ্রা করিতে লাগিলেন। বালিকার শরীর তথন অতিশয় উত্তপ্ত হইয়াছে, চক্ষু ছটা রক্ত বর্ণ হইয়াছে, বালিকা যাতনায় এপাশ ওপাশ করিতেছে, কেবল জল চাহিতেছে, আর অতিশয় শিরোবেদনার জন্য এক একবার কাঁদিতেছে। শরৎ সমত্রে চক্ষুর জল মুছাইয়া দিলেন, মাথায় ও গায়ে হাত বুলাইয়া দিতে লাগিলেন, রোগীর শুষ্ক ওঠে এক এক বিন্দু জল দিয়া আপুন বস্ত্র দিয়া ওঠ ছটা মুছাইয়া দিলেন।

হেম শীঘ্র থাইয়া আসিলেন, অনেক রাত্রি হইরাছে বলিয়া শরংকে বাটা যাইতে বলিলেন। শরৎ দেখিলেন স্থার রোগ ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে, তিনি সে দিন রাত্রি তথায় থাকিবেন বলিয়া ইচ্ছা করিলেন।

বিন্দুও থাইয়া আসিলেন, শরৎ বলিলেন,—

বিন্দুদিদি, আজ আমি এখানে থাকিব, তোমাদের হাঁড়ীতে যদি চার্টী ভাত থাকে, আমার জন্য রাখিয়া দাও। বিন্দু। ভাত আছে, আজ সংধ্য জন্য চাল দিয়াছিলাম, তা স্থধা ত থেলে না, ভাত আছে। 'কিন্তু তুমি কেন রাত জাগিবে, আমরা হুই জনে আছি, স্থধাকে দেখিব এখন, তুমি বাড়ী বাও, রাত হুপুর হয়েছে।

শরং। না বিল্দিদি, তোমার ছোট ছেলেটির অস্থ করেছে তাকেও তোমাকে দেখিতে হবে, আর হেম বাবু আজ অনেক হেঁটেছেন, রাত্রিতে একটু না ঘুমালে অস্থ্য করিবে। তা আমরা ভই জনে থাকিলে পালা করিয়া জাগিতে পারিব।

বিন্দ্। তবে তুমি ভাত খেয়ে এস, তোমার জন্য ভাত বেড়ে দি।

শরং। ভাত বেড়ে এই ঘরের এক কোনে ঢাকা দিয়ে রেখে দাও আমি একটু পরে খাব।

বিন্দ্। সে কি ? ভাত কড়কড়ে হয়ে যাবে যে। অনেক রাত হয়েছে, কথন খাবে ?

শরং। থাব এখন বিন্দুদিদি, আমি ঠাণ্ডা ভাতই ভাল বাসি, তুমি ভাত রেখে দাও।

বিন্দু রাল্লাঘরে গেলেন, ভাত ব্যঞ্জনাদি থালা করিয়া সাজ্ঞাইয়া আনিয়া সেই ঘরের কোনে রাথিয়া ঢাকা দিলেন।
তাঁহার ছেলে ছইটি ঘুমাইয়া পড়িয়াছিল, তাহাদের শোয়ুাইলেন।
অন্য দিন স্থা বিন্দুর সঙ্গেও শিশু ছটার সঙ্গে এক থাটে শুই-তেন, আজ তাহা হইল না। আজ হেম বাবুর নিকট শিশু
ছইটীকে শোয়াইয়া বিন্দু ভগিনীর পার্শে বিদয়া রহিলেন, স্থার
মাথার কাছে তথনও শরৎ বিদয়া নিঃশন্দে রোগার শুক্র্যা
করিতেছিলেন।

শরং। হেম বাবু আঞ্চনি এখন একটু ঘুমান, আবার ও রাত্রিতে আমি আপনাকে উঠাইয়া দিয়া আমি একটু শুইব। স্থার গা অতিশয় তপ্ত হইয়াছে বড় ছট্ ফট্ করিতেছে, এক-! জন বিদয়া থাকা ভাল। বিন্দুদিদি একা পারিবেন না।

হেমচন্দ্র শয়ন করিলেন। বিন্দু ও শরৎ রোগীর শয়ায়
একবার বসিয়া একবার বালিদে একটু ঠেদান দিয়া রাত্রি
কাটাইতে লাগিলেন। রোগীর আজ নিদ্রা নাই, অতিশয়
ছট্ফট্ করিতেছে, শিরোবেদনায় অধীর হইয়া দিদির গলায়
হাত জড়াইয়া এক একবার কাঁদিতেছে, তৃয়য়য় অধীর হইয়া
বার বার জল চাহিতেছে। শরৎ অনিদ্র হইয়া দেই শুক্ষ ওঠে
জল দিতে লাগিলেন।

রাত্রি আড়াই প্রহরের সময় বিন্দু অতিশয় জেদ করাতে শরৎ উঠিয়া গিয়া ভাত থাইলেন। তথন স্থধার রোগের একটু উপশম হইয়াছে, শরীরের উত্তাপ ঈষৎ কমিয়াছে, যাতনার একটু লাঘব হওয়ায় বালিকা ঘুমাইয়া পড়িয়াছে।

বিন্দু বলিলেন শরৎ বাবু, তুমি এখন বাড়ী যা 9, স্থধা একটু ঘুমাইয়াছে, তুমি শোওগে সমস্ত রাত্রি জাগিও না, অস্থ ক রিবে

শরং বিন্দ্দিদি, তোমার কি সমস্ত রাত্রি জাগা ভাল, ভূমি সমস্ত দিন সংসারের কায করিয়াছ, আবার কাল সমস্ত দিন কায করিতে হবে। আমার কি, আমি না হয় কাল কলেজে নাই গেলাম।

বিন্দৃ। না শরৎ বাবু, আমাদের রাত্রি জাগা অভ্যাস সাছে, ছেলের ব্যারাম হয়, কিছু হয়, সর্বদাই আমরা রাজি জাগিতে পারি, আমাদের কিছু হর না। তোমরা পুরুষ মানুষ, তোমাদের সমস্ত রাত্রি জাগা দর না, আমার কথা রাখ, বাড়ী যাও। আবার কাল দকালে না হয় এদে দেখে যেও।

স্থা তথন নিদ্রা যাইতেছে, নিদ্রার নিয়মিত শ্বাস প্রশাসে বালিকার হৃদয় স্ফীত হইতেছে। শরৎ একটু নিরুদ্বেগ হই-লেন; বিন্দুর নিকট বিদায় লইয়া বাটী হইতে বাহির হই-লেন, নিঃশব্দে নৈশ পথ দিয়া আপন বাটীতে যাইয়া প্রাতে ৪ ঘটীকার সময় শ্যায় শয়ন করিলেন।

ছয়টার সময় উঠিয়া শরংচক্র তাঁহার পরিচিত নবীনচক্র নামক একজন ডাক্রারের নিকট গেলেন। তিনি মেডিকে**ল** কলেজ হইতে সম্প্রতি পরীকা দিয়া উত্তীর্ণ হইয়াছেন, এবং ভবানীপুরেই তাঁহার বাটী, ভবানীপুর অঞ্চলে একট পসার করিবার চেই। করিতেছেন। তিনি অতিশয় পরিশ্রমী, মনো-যোগী, বৃদ্ধিমান ও কুতবিদ্য, কিন্তু ডাক্রারির পসার এক দিনে হয় না, কেবল গুণেও হয় না, স্মৃত্রাং নবীন বাবুর এখনও কিছু পদার হয় নাই। তাঁহার জেষ্ঠা ভাতা চক্রনাথ বাবু ভ্রানী-পুরের মধ্যে একজন প্রসিদ্ধ উর্কিল, এবং চক্র বাবুর সহায়তায় নবীন একটী ঔষধালয় খুলিয়াছিলেন, কিন্তু তাহাতেও লাভ অল্প, লোকসানের সম্ভাবনাই অধিক। এ জগতে সকলেই আপন আপন চেষ্টা করিতেছে, তাহার মধ্যে একজন যুবকের অগ্রসর হওয়া কষ্টসাধ্য, চারি দিকেই পথ অবরুদ্ধ. সকল পথই अनाकीर्। ज्यापि नवीन वातु प्रतिभूगी ७ अधारमात्री हिल्नन, পরিশ্রম ও যতু ও গুণ দারা ক্রমে উন্নতির পথ পরিষ্কার করিবেন স্থিরসঙ্কল করিরা ধীরচিত্তে কার্য্য করিতেছিলেন। ছই একটী

বাড়ীতে তাঁহার বড় যশ হইয়াছিল, **ষাহা**দিগের বাড়ীতে তাঁহাকে ছই চারিবার ডাকা হইয়াছিল, তাহারা অন্য চিকিং-সক আনাইত না।

সাতটার সময় শরৎ নবীন বাবুকে লইয়া হেম বাবুর বাড়ী পঁছছিলেন। নবীন বাবু অনেকক্ষণ যত্ন করিয়া স্থধাকে দেখিলেন। জ্বর তথন কমিয়াছে কিন্তু তাপ্যস্ত্রে তথনও ১০১ দাগ দেখা গেল; নাড়ী তথন ১২০। অনেকক্ষণ দেখিয়া বাহিরে আসিলেন, তাঁহার মুখ গন্ধীর।

হেম জিজ্ঞাসা করিলেন কি দেখিলেন? রাত্রি অপেক্ষা অনেক জর কমিয়াছে, আজ উপবাস করিলে জর ছাড়িয়া যাইবে বোধ হয় ?

নবীন। বোধ হয় না। আমি রিমিটাণ্ট জরের সমস্ত লক্ষণ দেখিতেছি। এখন একটু কমিয়াছে কিন্তু এখন ও বেশ জবুর আছে, দিনের বেলা আবোর বাড়াই সম্ভব।

হেম একটু ভীত হইলেন। সেই সময়ে ভবানীপুরে অনেক রিমিটাণ্ট জার হইতেছিল, আনেকের সেই জারে মৃত্যু হইতে ছিল। বলিলেন তাবে কি কয়েও দিন ভূগিবে ?

নবীন। এখনও ঠিক বলিতে পারি না, আর একবার আসিয়া দেখিলে বলিব। বোধ হইতেছে রিনিটাণ্ট জর, তাহা হইলে উ্গিতে হইবে বৈকি। কিন্তু আপনারা কোনও আশঙ্কা করিবেন না, আশঙ্কার কোনও কারণ নাই।

এই বলিয়া একটা ঔষধের ব্যবস্থা করিলেন। বলিলেন এই ঔষধটী ছই ঘন্টা অস্তর থাওয়াইবেন, বৈকাল পর্যান্ত খাওয়াইবেন, বৈকালে আমি আবার আদিব। আর রোগীর মাথা। বড় গরম হইয়াছে, চক্ষু রক্তবর্ণ হইয়াছে, সমস্ত দিন
মাথায় বরফ দিবেন, ভৃষ্ণা পাইলে বরফ থাইতে দিবেন, কিছা
ছই একথানি আকের কুচি দিবেন। আর এরারুট কিছা
নেস্লের ভৃগ্ধ খুব থাওয়াইবেন, দিনে তিন চারি বার থাওয়াইবেন। এ পীড়ায় থাদাই ঔষধ।

শরতের সহিত বাটী হইতে বাহিরে আসিয়া নবীন বলিলেন,—শরৎ তোমাকে একটি কাষ করিতে হইবে।

শরং। বলুন।

নবীন। হেন বাবুকে অবকাশ অনুসারে জানাইবেন, এ চিকিৎসার জন্য আমি অর্থ গ্রহণ করিব না।

শরং। কেন?

নবীন। তোমার সহিত আমার অনেক দিন হইতে বন্ধুর, তোমাদের গ্রামের লোকের নিকট আমি অর্থ গ্রহণ করিব না। হেম বাবুর অধিক টাকা কড়ি নাই, তাঁহার নিকট আমি অর্থ লইব না।

শরং। হেম বাবু দরিদ্র বটে, কিন্তু আমি তাঁহাকে বিশেষ করিয়া জানি,—আপনি বিনা ধবতনে চিকিৎসা করা অপেক্ষা আপনি অর্থ গ্রহণ করিলে তিনি সতা সতাই তুই হইবেন।

নবীন। না শরৎ, আমার কথাটা রাখ, আমি বাছা বলিনাম তাহা করিও। এ বাারাম সহসা ভাল হইবে আমি প্রত্যাশা করি না, আমাকে অনেক দিন আসিতে হইবে, সর্বাদা আসিতে হইবে। আমি বদি বিনা অর্থে আসিতে পারি তবে যথম আবশুক বোধ হইবে তথনই নি:সঙ্কোচে আসিতে পারিব। শরং। নবীনবাব, আপনি যাহা বলিলেন তাহা করিব। কিন্তু আপনার সময়ের মূল্য আছে, অর্থেরও আবশুক আছে, বিনা পারিতোষিকে সকল রোগীকে দেখিলে আপনার ব্যবসা চলিবে কিরপে ?

নবীন। না শরৎ, আমার সমরের বড় মূল্য নাই, ভূমি জান আমার এখনও অধিক পদার নাই, বাড়ীতে বদিরা থাকি। আর আমার পদার সম্বন্ধে ভবিষ্যতে কি হয় তাহা আমি জানি না, কিন্তু এই একটা রোগের চিকিৎসায় অর্থ গ্রহণ না করিলে তাহাতে কিছু ক্ষতি বৃদ্ধি হইবেনা। বন্ধুর জন্য একটা বন্ধুর কায় কর, আমার এই কথাটা রাখিও।

শরৎ সম্মত হইলেন, নবীন চলিয়া গেলেন। শরৎ তথন ঔষধ, পথা, বরফ, আক প্রভৃতি সমস্ত আবশুকীয় দ্রুব্য কিনিয়া আনিলেন। সে দিন রোগীর শয়ার নিকট থাকিবেন, অনেক জেদ করিলেন, কিন্তু হেম সে কথা শুনিলেন না, শরৎকে জোর করিয়া কলেছে পাঠাইলেন।

অপরাত্নে শরৎ নবীনবাব্র সহিত আবার আসিলেন।
নবীনবাব্রোগীকে দেখিয়াই ব্নিলেন তিনি বাহা ভর করিয়া
ছিলেন তাহাই হইয়াছে, এ স্পষ্ট রিমিটাণ্ট জর। রোগীর
চক্ ছটা আরও রক্তবর্ণ হইয়াছে, রোগীর মাধায় সমস্ত
দিন বরক দেওয়াতেও উত্তাপ কমে নাই, স্থার স্বাভাবিক
গৌরবর্ণ মুখথানি জরের আভার রঞ্জিত, এবং স্থা সমস্ত দিন
ছট্ফট্ করিয়াছে, এপাশ ওপাশ করিয়াছে, কখনও শুইয়াছে,
কখনও বায়না করিয়া দিদির গলা ধরিয়া বিদয়াছে, কিছ
য়ুহুর্ত্ত মধ্যে আবার শ্রান্ত হইয়া শুইয়া পড়িয়াছে। নবীনবাব্

সভরে দেখিলেন নাড়ী প্রায় ১৫০, তাপযন্ত্র দেখিলেন তাপ ১০৫ ডিগ্রি!

ঔষধ ঘন ঘন থাওয়াইতে বারণ করিলেন, আর একটা ঔষধ লিথিয়া দিলেন ও বলিলেন ষে সেটা দিনের মধ্যে তিন বার, এবং রাত্রিতে যথন আপনাআপনি ঘুম তাঙ্গিবে তথন একবার থাওয়ালেই হইবে। থাদ্যের বিশেষ ব্যবস্থা করিয়া গেলেন, শরৎকে ডাকিয়া বলিয়া গেলেন "এ রোগে থাদ্যই ঔষধ, সর্ব্বদা থাদ্য দিবে, যথেষ্ঠ থাওয়াইতে ক্রটী হইলে রোগী বাঁচিবে না।"

করেক দিন পর্যান্ত স্থা সেই ভয়ন্বর জরে যাতনা পাইতে লাগিল। শরৎ তথন হেমের কথা আর মানিলেন না, পড়া শুনা বন্ধ করিয়া দিবা রাত্রি হেমের বাড়ীতে আসিয়া থাকি-তেন, ঔষধ আনিয়া দিতেন, নিজ হস্তে সারু বা হগ্ধ প্রস্তুত করিয়া দিতেন। বিন্দু সংসারের কার্য্যবশতঃ কথন কথন রোগীর শ্যা পরিত্যাগ করিলে শরৎ তথায় নিঃশন্দে বসিয়া থাকিতেন, হেমচন্দ্র প্রান্তি ও চিস্তা বশতঃ নিদ্রিত হইলে শরৎ জনিদ্র হইয়া সেই রোগীর সেবা করিতেন। জরের প্রচণ্ড উত্তাপে বালিকা ছট্ফট্ করিলে শরৎ আপনার প্রান্তি ও নিজ্রা ও আহার ভূলিয়া গিয়া নানারূপ কথা কহিয়া নানারূপ গল্প করিয়া, নানা প্রবোধ বাক্য ও আখাস দিয়া স্থান্দে শাস্ত করিয়া, নানা প্রবোধ বাক্য ও আখাস দিয়া স্থান্দে শাস্ত করিয়া, নানা প্রবোধ বাক্য ও আখাস দিয়া স্থান্দে শাস্ত করিতেন, জরের অসহ্থ যাতনায় ও স্থা সেই কথা শুনিয়া একটু শাস্তি লাভ করিত। কথনও বালিকায় ললাটে হাত বুলাইয়া তাহাকে ধীরে ধীরে নিদ্রিত করিতেন, কথন তাহার অতি ক্ষীণ হর্মণ রক্তপুত্ত গৌরবর্ণ বাহলতা বা অস্থালি গুলি

হত্তে ধারণ করিয়া রোগীকে তৃষ্ট করিতেন; মাথা উষ্ণ হইলে শরৎ সমস্ত দিন বরফ ধরিয়া থাকিতেন। রাত্রি দ্বিপ্রহরের সময় রোগীর অর্দ্ধ টিত শক্ত লি শরতের কর্ণে অগ্রে প্রবেশ করিত, বালিকা শুদ্ধ ওঠদরে সেই শরতের হস্ত হইতে এক বিন্দু জল বা গুইথানি আকের কুচি পাইত, নিদ্রা না ভাঙ্গিতে ভাঙ্গিতে সেই শরতের হস্ত হইতে পথা পাইত।

১০। ১২ দিবদে স্থধা অতিশয় ক্ষীণ হইয়া গেল, আর উঠিয়া বসিতে পারিত না, চকুতে ভাল দেখিতে পাইত না, মুখথানি অতিশয় শীণ, কিন্তু তথনও জরের হ্রাস নাই। প্রাতঃকালে ১০২ দাগের বড় কম হয় না, প্রভাহ বৈকালে ১০৫ দাগ পর্যান্ত উঠে। নবীন বাবু একটু চিন্তিত হইলেন, বলিলেন শরৎ, চতুর্দশ দিবসে এ রোগের আরোগা হওয়া সম্ভব, যদি না হয় তবে স্থার জীবনের একটু সংশয় আছে। স্থধা যেরূপ ছুর্মল হইয়াছে, আর অধিক দিন এ পীড়া সহু করিতে পারিবে এক্স বোধ হয় না।

ত্রোদশ দিবসে নবীন বাবু সমস্ত দিন সেই বাটাতে থাকিয়া রোগীর রোগ লক্ষ্য করিলেন। বৈকালে জর একটু কম হইল, কিন্তু সে অতি সামানা উন্নতি, তাহা হইতে কিছু ভরসা করা যায় না। শরংকে বলিলেন আজ রাত্তিতে তুমি রোগীকে ভাল করিয়া দেখিও, কল্য ভোরের সময় তাপমান যত্ত্বে শরীরের কত উত্তাপ লক্ষ্য করিও। যদি ৯৮ হয়, যদি ৯৯ হয়, যদি ১০০ দাগের কম হয় তৎক্ষণাৎ পাঁচ গ্রেন কুইনাইন দিও, ৮ টার মধ্যেই আমি আসিব। যদি কাল বা পর্যা এ জরের উপশম না হয়, স্থার জীবনের সংশয় আছে।

শরৎ এ কথা বিন্দুকে বলিলেন না, হেমকেও বলিলেন না।
সন্ধার সময় বাটী হইতে থাইয়া আসিলেন এবং স্থার শ্যার
পার্শে বসিলেন;—সে দিন সমস্ত রাত্রি তিনি সেই স্থান
হইতে উঠিলেন না;—এক মুহুর্ত্তের জন্য নিদ্রায় চক্ষু মুদিত
করিলেন না।

উবার প্রথম আলোকচ্ছটা জানালার ভিতর দয়া বিল্ল অল দেখা গেল। তথন সে ঘর নিঃশল। হেমচক্র ঘুমাইরাছেন, বিল্লু সমস্ত রাত্রি জাগরণের পর ছেলে ছইটার পাশে ভ্ইয়া পড়িয়াছেন, ছেলে ছইটা নিজিত। স্থধা প্রথম রাত্রিতে ছট্ ফট্ করিয়া শেষ রাত্রিতে নিজা যাইতেছে। ঘরে একটা প্রদীপ জলিতেছে, নির্বাণপ্রায় প্রদীপের স্তিমিত আলোক রোগীর শীণ শুছ মুথের উপর পড়িয়াছে।

শরং ধীরে ধীরে উঠিলেন, ধীরে ধীরে সেই অতি শীর্ণ বাহুটী আপন হস্তে ধারণ করিলেন,—নাড়ী এত চঞ্চল, তিনি গণনা করিতে পারিলেন না। তথন তাপযন্ত্র লইলেন, ধীরে ধীরে তাপযন্ত্র বসাইলেন,—নিঃশব্দে ঘড়ির দিকে চাহিন্না গালে হাত দিল্লা বসিয়া রহিলেন। তাঁহার হৃদয় জোরে আঘাত করিতেছিল।

টিক্ টিক্ করিরা ঘড়ির শব্দ হইতে লাগিল, এক মিনিট, ছই মিনিট, চারি মিনিট, পাঁচ মিনিট হইল; শরৎ শ্তাপষত্র ভূলিয়া লইলেন। প্রদীপের নিকটে গেলেন, তাঁহার হাদয় আরও বেগে আঘাত করিতেছে, তাঁহার হাত কাঁপিতেছে।

প্রদীপের ন্তিমিত আলোকে প্রথমে কিছু দেখিতে পাই-লেন না। হস্ত দারা ললাট হইতে আছে গুচ্ছ কেশ সরাইলেন; ললাটের স্বেদ অপনয়ন করিলেন, নিদ্রাপুন্য চক্ষর একধার, ক্ষ্টবার মুছিলেন, পুনরায় ভাপ যন্ত্রের দিকে দেখিলেন।

শিহরিয়া উঠিলেন। কিন্তু প্রাদীপের আলোকে ঠিক বিশাস
হয় না, বোধ হয় তাঁহার দেখিতে ভ্রম হইয়াছে। ভরসায়
ভর করিয়া গবাক্ষের নিকটে যাইলেন,—দিবালোকে তাপয়স্ত্র
আবার দেখিলেন। জর কলা প্রাভঃকাল অপেক্ষা অধিক
হইয়াছে, তাপয়ত্র ১০৩ ডিগ্রি দেধাইতেছে! ললাটে করামাত
করিয়া শরৎ ভূতলে পতিত হইলেন।

শব্দে বিন্দু উঠিলেন। ভগিনীর নিকট গিয়া দেখিলেন, স্থধা নিদ্রা যাইতেছে; গবাক্ষের কাছে আসিরা দেখিলেন শরৎ বাবু ভূমিতে শুইয়া আছেন। ভাবিলেন, আহা শরৎ বাবু রাত্রি জাগিয়া ক্লান্ত হইয়াছেন, মাটীতে শুইয়াই ঘুমাইয়া পড়িন য়াছেন; আহা আমাদের জন্য কত কপ্তই সহ্য করিতেছেন। শরৎ কথা কহিলেন না, তাঁহার হৃদয়ে যে ভীষণ ব্যথা পাইয়াছিলেন, কেন বিন্দুকে সে ব্যথা দিবেন ?

আুর এক সপ্তাহ জর রহিল। তথন স্থা এত হর্মল হইরা গেল যে এক পাশ হইতে অন্ত পদশ ফিরিতে পারিত না, মাথা তুলিয়া জল থাইতে পারিত না, কপ্তে অর্কজুট স্বরে কখন এক আধটা কথা কহিত, থেংরা কাঠির ন্যায় অঙ্গুলিগুলি একটু একটু নাড়িত শ স্থার মূথের দিকে চাওয়া বাইত না, অথবা নৈরাস্তে জ্ঞান হারাইয়া নিশ্চেপ্ত পুত্তলির ভারে বিস্মা শরৎ সেই মুথের দিকে সমস্ত রাত্রি চাহিয়া থাকিত। পরিবের ঘরের মেরেটী শৈশবে অর বস্ত্রের কপ্তেও মাত্রেহে জীবন ধারণ করিয়াছিল, অকালে বিধবা হইয়াও ভগিনীর স্বেহে সেই কুল পুশ্াটী করেক দিন পলিগ্রামে প্রক্তিত হইয়াছিল, অদ্য সে পুষ্প বুঝি আবার মুদিত হইয়া নম্রশির নত করিল। দরিদ্রা বালিকার কুদ্র জীবন-ইতিহাস বুঝি সাঙ্গ হইল।

বিংশ দিবস হইতে নবীনও দিবারাত্রি হেমের বাটীতে রহিলেন। শরংকে গোপনে বলিলেন শরং তোমার নিকট কোন কথা গোপন করিব না, আর ছই এক দিনের মধ্যে যদি এই জব না ছাড়ে, তবে ঐ ছর্বল মৃতপ্রায় শরীরকে জীবিত রাখা মন্থ্যা-সাধ্য নহে। আর ছই তিন দিন আমি দেখিব, তাহার পর আমাকে বিদায় দিও। আমার যাহা সাধ্য করিলাম, জাবন দেওয়া না দেওয়া জগদীখরের ইচ্ছা।

ছানিংশ দিবদের সন্ধার সময় জর একটু হ্রাস হইল, কিন্দু তাহাতেও কিছু ভরসা করা যায় না। রাত্তিতে ছই জনই শ্যা পার্শ্বে বিসিন্না রহিলেন, সে দিন সমস্ত রাত্তি স্থা নিজিতা। এ কি আরোগ্যের লক্ষণ, না ছর্মলতায় মৃত্যুর পূর্ম চিক্ষ ?

অতি প্রভাবে শরৎ আবার তাপযন্ত্র বসাইলেন। তাপযন্ত্র উঠাইরা গবাক্ষের নিকট যাইলেন। কি দেখিলেন জাত্রি না, ললাটে করাঘাত করিয়া নিশ্চেষ্ট ইতরা ভূমিতে পড়িয়া গেলেন!

নবীনচন্দ্র ধীরে ধীরে সেই যন্ত্র শরতের হস্ত হইতে লইলেন, বিপদ্কালে ধীরতাই চিকিৎসকের বীরত্ব। তাপযন্ত্র দেখিলেন,— আস্তে আস্তে শরৎকে হাত ধরিয়া উঠাইলেন।

শরৎ হতাশের ন্যায় জিজ্ঞাসা করিলেন,—তবে বালিকার পরমায়ু শেষ হইরাছে ?

নবীন। প্রমেশ্বর বালিকাকে দীর্ঘায়ু: করুন, এবাতা সে পরিত্রাণ পাইয়াছে। তাপষত্র দেখিতে শরৎ ভূল করিয়াছিলেন, নবীন দেখাইলেন তাপষত্ত্বে ৯৮ ডিগ্রি লক্ষিত হইতেছে। স্থধার শরীরে হাত দিয়া দেখাইলেন জর নাই, জর উপশম হওয়ায় ক্ষীণ বালিকা গভীর নিদ্রায় নিদ্রিত রহিয়াছে।

ললাট হইতে কেশ গুচ্ছ সরাইরা প্রাতঃকালে শরৎ বাড়ী মাসিলেন। এক সপ্তাহ তিনি প্রায় রাত্রিতে নিজা যান নাই, তাঁহার মুথথানি শুষ্ক, নয়ন হুটা কালিমা-বেষ্টিত,—কিন্তু তাঁহার জুদ্ধ কাজি নিজ্ঞান

# शक्षमुर्भे शतिरुष्ट्रम ।

#### চক্রনাথ বাব।

পীড়া আরোগ্য হইলেও স্থা কয়েক দিন শ্যা হইতে উঠিয়ে পারিল না। শ্যা হইতে উঠিয়া কয়েক দিন ঘর হইতে বাহির হইতে পারিল না। তাহার পর অন্ধ অন্ধ করিয়া ঘরে বার্মণ্ডায় বেড়াইত, অথবা শরতের সাহায্যে ছাদে গিয়া একটু বিসিত। পক্ষীর ন্যায় সেই লঘু ক্ষীণ শ্রীরটী শরৎ অনায়াসে আপনার ছই হস্তে উঠাইয়া ছাদে লইয়া যাইতেন, আবার ছাদ হইতে নামাইয়া আনিতেন।

এক্ষণে শরৎ পুনরায় কলেজে যাইতে আরম্ভ করিলেন, কিন্তু প্রতিদিন বৈকালে হেমের বাটাতে আদিতেন, স্থধাকে অনেক কথা, অনেক গল্প বলিয়া প্রফুল রাখিতেন, রাত্রি নয়টার সময় স্থ্যা শয়ন করিলে বাটা আদিতেন। স্থধান্ত প্রতিদিন শরংকে প্রতীক্ষা করিত, শরতের আগমনের পদধ্যনি প্রথমে স্থধার কর্ণে উঠিত, শরৎ সিঁড়ি হইতে উঠিতে না উঠিতে প্রথমেই সেই কীণ কিন্তু শান্ত, কমনীয়, হাস্যরঞ্জিত মুণ্ণানি দেখিয়া হাদয় তৃপ্ত করিতেন।

ছাদে গিয়া শরৎকে অনেক্ষণ অবধি স্লুধাকে অনেক গল গুনা-ইতেন। তালপুথুর গ্রামের গল্প, বাল্যকালের গল্প, স্থধার দরিদ্রা মাতার গল্প, শরতের মাতার গল্প, শরতের ভগিনীর গল্প, অনেক বিষয়ের অনেক গল্প করিতেন। স্থধাও একাগ্রচিত্তে সেই মধুর কথা গুলি শুনিত, শরতের প্রসন্ন মুখের দিকে চাহিয়া থাকিত। রোগে বা শোকে যথন আমাদিগের শরীর তুর্বল হয়, অন্তঃকরণ ক্ষীণ হয়, তথনই আমরা প্রকৃত বন্ধুর দলা ও সেহের সম্পূর্ণ মহিমা অনুভব করিতে পারি। অন্য সময়ে গর্বে করিয়া যে পরামর্শ ভনি না, সে সময়ে সেই পরামর্শ জদয়ে স্থান পায়, অন্য সময়ে য়ে স্বেহ আমরা তুচ্ছ করি, সে সময়ে সেই স্বেহে আমাদিগের জ্বদয় সিক্ত হয়, কেন না জ্বদয় তথন চুর্বল, স্লেহের ধারি প্রত্যাশা করে। লতা যেরপ সবল বুক্ষকে আশ্রয় করিয়া ধীরে ধীরে বৃদ্ধি ও ফুর্ত্তিলাভ করে, সুধা শরতের অমৃত বচনে সেইরূপ শান্তিলভে করিত। সন্ধা পর্যান্ত সুধা সেই অমৃতমাধা কথাগুলি শ্রবণ করিত, সেই স্লেহময় মধুর প্রসন্ন মুখের দিকে চাহিয়া থাকিত, অথবা ক্লান্ত হইয়া সেই মধুর ধদয়ে মন্তক স্থাপন করিত। যত্নের সহিত শরতেরও মেহ বাড়িকে লাগিল, তিনি বালিকার ক্ষীণ বাতলতা স্বহস্তে ধারণ করিয়া বালিকার মস্তক আপন বক্ষে স্থাপন করিয়া শান্তিলাভ করিতেন।

একদিন উভরে এইরূপে ছাদে বসিয়া আছেন, এমন সময়ে হেমচন্দ্র ছাদে আসিলেন ও শরৎকে বলিলেন,— শরৎ, আজ চক্রনাথ বাবু আমাদের নিমন্ত্রণ করিয়াছেন, যাবে না ?

শরং। হাঁ; সে কথা আমি ভূলিয়া গিয়াছিলাম। আমার কোথাও যহিতে কচি নাই, না গেলে হয় না ?

হেম। না, স্থধার পীড়ার সময় চক্র বাবু ও নবীন বাবু আমাদের বাড়ীতে থাকিতেন, তাঁহাদের বাড়ী না গেলেই নয়। স্বাইস এইক্ষণই যাইতে হইবে।

শরৎ ও স্থা উঠিলেন। হেম স্থাকে ধরিয়া আতে আতে
সিঁজি নামাইলেন, তাহাকে ঘরে শয়ন করাইয়া উভয়ে বাটী
হইতে বাহির হইলেন। পথে হেম বলিলেন,—

শরং, এই পীড়ায় তুমি আমাদের জন্য বাহা করিয়াছ, সে ঋণ জীবনে আমি পরিশোধ করিতে পারিব না। কিন্তু এই কারণে তোমার পড়া শুনার অতিশয় ক্ষতি হুইয়াছে। প্রায় মাসাবধি কলেজে বাও নাই, এক্ষণও তোমার ভাল পড়া হুইতেছে না। একটু মন দিয়া পড়, তোমার পরীক্ষার বড় বিশ্বর নাই।

শরৎ ক্ষণেক চুপ করিয়া রহিলেন, পরে বলিলেন,—হাঁ আর অয়ই সময় আছে, এখন একটু মন দিয়া লেখা পড়া আবশুক। স্থা এখন ভাল হইয়াছে, কিন্তু বিন্দুদিদিকে বলিবেন যখন অবকাশ ইইবে, ছাদে লইয়া গিয়া প্রত্যহ গল্ল করিয়া স্থধার মনটা প্রফুল রাথেন। নবীন বাবু বলিয়াছেন, স্থধার মন প্রফুল থাকিলে শীল্প শরীরও পুষ্ঠ হইবে। এইরূপ কথা কহিতে কহিতে উভয়ে চক্রনাথ বাবুর বাসায় পছছিলেন।

নবীন বাবুর জ্যেষ্ঠপ্রাতা চক্রনাথ বাবু ভবানীপুরের মধ্যে

একজন স্থােগ্য সদ্ধান্ত কায়স্থ। তাঁহার বয়স তিংশৎ বংসরের বড় অধিক হয় নাই; তিনি ক্বতবিদ্য, সংকার্য্যে উৎসাহী, এবং এই বয়সেই একজন হাইকোটের গণ্য উকিল হইয়াছিলেন। তিনি সবর্জন মিউনিসিপালিটীর একজন মাননীয় সভ্য ছিলেন, এবং সবর্জের উন্নতির জন্য যথেষ্ঠ যয় করিতেন।

তাঁহার বাড়ী বৃহৎ নহে, কিন্দু পরিষার এবং স্থালর রূপে
নির্মিত ও রক্ষিত। বাহিরে ছুইটী একতালা বৈঠকখানা ছিল,
বড়টীতে চক্রবাবুর বৈঠকখানার টেবিল, চৌকি, পুস্তক পরিপূর্ণ
ছুইটী বৃক্শেল, কয়েকখানি স্থাচিসম্মত ছবি। মেজে "মেটিং"
করা এবং সমস্ত ঘর পরিষার ও পরিচছন। দেখিলেই বোধ
হয় কোন কুতবিদা কার্যাদক্ষ কার্যাপ্রিয় ব্বকের কার্যাস্থান,
পরিষার ও স্থাশুলা।

টেবিলের উপর গুইটি শামাদানে বাতি জ্বলিতেছে; চক্র বাবু, নবীন, হেম ও শরৎ অনেকক্ষণ বসিয়া গল্প করিতে লাগিলেন। চক্রবাবু স্বভাবতঃ গস্তীর ও অল্পভাষী, কিন্তু অতিশন্ন ভদ্র, স্থার পীড়ার সমন্ন তিনি ব্যাসাধা হেমের সহায়তা করিয়াছিলেন, এবং • সর্বাদাই ভদ্রোচিত কথা দারা হেমকে তুই করিতেন।

অনেকক্ষণ কথাবার্দ্তার পর হেমচন্দ্র বলিলেন, কলিকাতায় আসিরা আপনাদিগের ন্যায় ক্রতবিদ্য লোকদিগের সহিত্ত আলাপ করিয়া বড় প্রীত হইলাম। আমার চিরকালই পরি-গ্রামে বাস, পরিপ্রামে ক্রতবিদ্য লোক বড় অয়, আপনাদিগের কার্য্যে যেরূপ উৎসাহ তাহাও অয় দেখিতে পাই, আপনাদিগের ন্যায় দেশহিতৈষিতাও অয় দেখিতে পাই।

চন্দ্র। হেমবাব্, দেশহিতৈষিতা কেবল মুখে। অথবা ক্লয়েও যদি সেরপ বাঞ্ছা থাকে তাহাও কার্যো পরিণত হয় না। আমরা কুদ্র লোক, দেশের জন্য কি করিব ? সে ক্ষমতা কৈ। তাহার উপযুক্ত স্থান, কালই বা কৈ ?

হেম। বাহার যে টুকু ক্ষমতা সে সেই টুকু করিলেই আনেক হয়। শুনিয়াছি আপনি সবর্জন কমিটীর সভ্য হইয়া আনেক কায় কর্ম করিতেছেন, তাহার জন্য আনেক প্রশংসা পাইয়াছেন।

চক্র। কাষ কি ? কর্তৃপক্ষীয়েরা যাহা বলেন তাহাই হয়,
আমরাও তাহাই নির্কাহ করি। কলিকাতার অধিবাসীগণ
সভা নির্কাচন করিবার ক্ষমতা পাইয়াছে, লর্ড রিপন ভারতবর্ষের সমস্ত প্রধান নগরীতে সেই ক্ষমতা দিয়া চিরক্মরণীয়
হইবেন; আমরাও সেই ক্ষমতা পাইবার চেষ্টা করিতেছি, পাই
কি না সন্দেহ।

হেন। আমার বিশ্বাস, এ ক্ষমতা আমরা অবশ্যই পাইব, এবং পাইলে আমাদের বিস্তর লাভ।

চক্রনাথ। পাইলে আমাদের যথেষ্ঠ লাভ তাহার সন্দেহ কি ? আমরা দেশশাসন কার্য্য বহুশতাকী হইতে ভূলিয়া গিয়াছি, গ্রামশাসন প্রথাও ভূলিয়াছি, গ্রহ্মণে দলাদলি করা ও পরম্পক্ষকে গালি দেওয়া ভিন্ন আমাদের জাতীয়ত্বের নিদর্শন নাই! ক্রমে আমরা উন্নত শিক্ষা পাইব, ক্রমে ক্ষমতা পাইব, আমার গ্রহণ হির বিধান। নিশার পর প্রভাত বেরপ অবশাস্তাবী, শিক্ষার পর আমাদিগের ক্ষমতা বিস্তারও সেইরূপ অবশাস্তাবী। শরং। আপনার কথাগুলি গুনিয়া আমি তৃপ্ত হইলাম, আমারও হদরে এইরপ আশা উদর হয়। কিন্তু আমাদিগের এই কঠোর চেষ্টাতে কে একটু সহায়ভূতি করে? আমাদিগের উচ্চাভিলাষ অন্যের বিজ্ঞান বিষয়, আমাদিগের চেষ্টার বিফলতা তাঁহাদিগের আনন্দের বিষয়, আমাদিগের জাতীয় চেষ্টা, জাতীয় অভিলাষ, জাতীয় জীবন তাঁহাদিগের উপহাসের অনম্ভ ভাগার। মৃতবং জাতি যথন প্নরায় জীবনলাভের জ্ঞা একটু আশা করে, একটু চেষ্টা করে, তথন তাহারা কি অন্যের সহায়ভূতি প্রত্যাশা করিতে পারে না পূ

চন্দ্রনাথ। শরৎ, তোমার বয়সে আমিও ঐরপ চিন্তা করিতাম, ইংরাজী সংবাদ পত্রে একটা বিজেপ দেখিলে ব্যথিত হইতাম। কিন্তু দেখ, সহার্ভূতি প্রভূতি সদ্গুণ গুলি ফাঁপা মাল, দেখিতে বড স্থান্দর, তত্ত মূল্যবান্ নহে। যদি সেগুলি দিতে অন্যের বড়ই কট হয়, তাঁহারা বাল্লে বন্ধ করিয়া রাখুন, আমাদের আবশাক নাই। যদি উপহাস করিতেই তাঁহাদিগের ভাল লাগে, তাঁহাদিগের উপুহাসই আমাদিগের জাতীয় জীবনের বন্ধনীস্বরপ হউক। শরৎ আমাদিগের ক্ষমতা নিজের যোগ্যতা ও সত্তার উপর নির্ভর করে, অন্য লোকের হত্তে নহে। আইস, আমরা কার্যাদক্ষতা শিক্ষা করি, তাহা হইলে সহার্ভূতি প্রতাক্ষানা করিয়া, উপহাস গ্রাহ্য না করিয়া, দিন দিন অপ্রসর হইব। আমাদিগের উরতির পথ অবারিত।

নবীন। আমারও বিখাস আমরা ক্রমে উরতিলাভ করিডেছি, কিন্তু সে উরতি কত আত্তে আত্তে হইতেছে। রাজ- নীতিরকথা ছাড়িয়া দিন, সমাজের কথা ধকন। আমরা মুখে বা পুস্তকে কত বাদাস্থাদ করি, কার্য্যে একটা সামাজিক উন্নতি লাভ করিতে কত বিলম্ব হয়, পঞ্চাশং বংসর আলোচনা ও বাগাড়ম্বরের পর একটা কুরীতি উঠে না, একটা সামাজিক স্বরীতি স্থাপন হয় না।

চক্র। নবীন, আমি এটী গুণ বলিয়া মনে করি, দোষ বলিয়া মনে করি না। যে সমাজ শীঘ্র শীঘ্র পূর্বপ্রচলিত রীতি পরিবর্ত্তন করিতে তৎপর হয়, সে সমাজ শীঘ্র বিপ্লবগ্রস্ত হয়। তুমি ফরাসীদের ইতিহাস বেশ জান, একশত বৎসর হইল ফরাসীরা একেবারে সমস্ত কুরীতি ত্যাগ করিতে ক্বত সক্ষর হইয়াছিল; তাহার ফল ভয়ঙ্কর রাজবিপ্লব, ধর্মবিপ্লব, সমাজবিপ্লব! শীঘ্র শীঘ্র সমাজের রীতি পরিবর্ত্তন করায় সমাজের লাভ নাই, বিশেষ ক্ষতি আছে।

নবীন। কিন্তু যে প্রথাগুলি এক্ষণে বিশেষ অনিষ্টজনক হুইয়া উঠিয়াছে, সে গুলি কি ত্যাগ করা বিধেয় নহে ?

চক্র। অনেক আলোচনা করিয়া, ব্রিয়া স্থারিয়াই সে শুলির সংস্কার করা কর্ত্তর। তালোচনায়ও বিশেষ উপকার হয় বোধ হয় না; সমাজে জীবন থাকিলে লোকে আপনা আপেনিই স্থাবিধা ব্রিয়া অনিষ্ঠকর নিয়মগুলি ত্যাগ করে। জীবিজ সমাজের এই নিয়ম;—তাহার ক্রমশঃ সংস্কার আপনা ভইতেই সিদ্ধ হয়।

নবীন। আমিও দেই কথা বলিতেছিলাম, আমাদের সমাজেও সংস্কার হইতেছে সন্দেহ নাই, কিন্তু আমাদের জীবন অভিশয় ক্ষাণ, দেই জন্য গতি অতিশয় অল্ল। দেখুন, বাণিজ্য সম্বন্ধে আমাদের কত অন্ধ উন্নতি হইতেছে। এবিষয়ে উন্নতিতে নৃতন আইনের আবশ্যক নাই, রাজার অনুজ্ঞার আবশ্যক নাই, সমাজের রীতি পরিবর্ত্তনের আবশ্যক নাই, একটু চেষ্টা হইলেই হয়। কিন্তু সে চেষ্টা কত বিরল। আপনাদিগের দেশের তুলা লইরা আপনারা কাপড় নির্ম্মাণ করিতে পারিতেছি না, ইউরোপ হইতে আমাদের পরিধেয় বস্ত্র আসিতেছে, তাঁতীদের দিন দিন হরবস্থা হইতেছে।

হেম। কলে নির্মিত কাপড়ের সহিত তাঁতীরা হাতে কায করিয়া কথনও যে পারিয়া উঠিবে এরপ আমার বোধ হয় না। আমি পলীগ্রামে অনেক হাটে গিয়াছি, অনেক গরিব লোকের বাড়ী গিয়াছি। আমার মনে আছে পূর্বের্ম সকল ঘরেই চরকা চলিত, একণে গ্রামে একখানা চরকা দেখা যায় না। তাহার কারণ, উৎকৃষ্ট বিলাতি স্থতা অতি অর মূল্যে বিক্রয় হয়। হাটে যে দেশী কাপড় ১॥৽ টাকায় বিক্রয় হয় সেইরপ বিলাতি কাপড় ৮৮/৽ আনায় বিক্রয় হয়। তাহাতে সাধারণ লোকের বিশেষ উপকার হুইয়াছে, তাহারা অর মূল্যে ভাল কাপড় পরিতে পারে, কিন্তু তাঁতীরা হাতে কাষ করিয়া কথনও কলের কাবের সঙ্গে পারিবে তাহা বোধ হয় না।

নবীন। আমিও তাহাই বলিতেছি, স্থসভ্য ব্দগতে হাতের কায উঠিয়া যাইতেছে, একণে কলে কায করা ভিন্ন উপায় নাই। তবে আমরা বন্ধদেশ এরপ কলে আচ্ছন্ন করি না কেন? আমাদের কি সেটুকু উৎসাহ নাই, সেটুকু বিদ্যাবৃদ্ধি নাই? চন্দ্র। নবীন, সে বিদ্যাবৃদ্ধির অভাব নহে, সে অর্থের অভাব। বহু অর্থ না ইইলে একটা কল চলে না। আর একটা আমাদের শিক্ষার অভাব আছে; আমরা পাচজনে মিলিয়া এখনও কায় করিতে শিখি নাই, এই শিক্ষাই সভ্যতার প্রধান সহায়। দেখ বিদ্যায় আমাদের দেশে অনেকে উন্নত হইয়াছেন, ধনে অনেকে উন্নত, ধর্ম্মপ্রচার কার্য্যে অনেকে উন্নত, রাজ্বাতিতে অনেকে উন্নত। বৃদ্ধির অভাব নাই, কিন্তু পাচজনে মিলিয়া কায় করা একটা স্বতন্ত্র শিক্ষা, সেটা আমরা এখনও শিথি নাই। পাচজন বিঘান একত্রে মিলিয়া একটা মহৎ চেষ্টা করিতেছেন এরপ দেখা যায় না, পাঁচজন রাজনীতিজ্ঞ ঐক্য সাধন করিতে পারেন না, পাঁচজন ধনী মিলিয়া বাণিজ্য করেন এরপ বিরল। সকলেই স্ব স্থ প্রধান। কিন্তু আমি ভ্রমা করি অন্য শিক্ষার সঙ্গে এ শিক্ষাও আমরা লাভ করিব, এ শিক্ষা লাভ না করিলে সভ্যতার আশা নাই।

এইরূপ কথোপকখন হইতে হইতে ভূত্য আসিয়া বলিল আহার প্রস্তুত হইয়াছে, তখন সকলেই বাড়ীর ভিতর আহার করিতে গেলেন।

আহারাদি সমাপন হইলে পুনরায় সকলে বাহিরে আসিলেন। আর ক্ষণেক কথাবার্তা কহিয়া হেম ও শরৎ বিদায় হইলেন।

শক্ত্রীৎ আপনার বার্টাতে প্রবেশ করিলেন, হেম চক্রনাথ বাব্র কথাগুলি অনেকক্ষণ চিস্তা করিতে করিতে অনেক দূর যাইয়া পড়িলেন। পথে স্থন্দর চক্রালোক পড়িয়াছে, নিশার বায়ু শীতল ও মনোহর, হেমচক্র বেড়াইতে বেড়াইতে বালী-গঞ্জের দিকে গিয়া পড়িলেন। রাত্রি প্রায় ১১টার সময় তিনি ফিরিয়া আসিতেছিলেন, পশ্চাং হইতে একটা শকটের শক্ষ পাইলেন। ফিরিয়া দেখিলেন গুইটা উজ্জল আলোকর্ক্ত একখানা বড় গাড়ী তীব্র বেগে আসিতেছে, বলবান্ খেতবর্ণ অখদম বেন পৃথিবী স্পশ না করিয়া উড়িয়া আসিতেছে, ফেটিন ঘর্ষর শক্ষে দরিদ্র হেমের পাশ দিয়া যাইয়া একটা বাগানের ফাটকের ভিতর প্রবেশ করিল। তাহার পর আবার আর একটা জুড়ি আসিল, চুইটা রুক্তবর্ণ অধ এক সূহৎ লেও লইয়া বিতাৎ-বেগে সেই ফাটকে প্রবেশ করিল। প্রবেশ করিবার সময় নারী-কণ্ঠ-সম্ভূত খল খল হাসাধ্বনি হেমের শ্রুতি পথে পঁতছিল।

হেম একটু উৎস্ক হহলেন, এবং সবিশেষ দেখিবার জনা বাগানের ফাটকের কাছে আসিলেন। দেখিলেন ফাটকে রামসিংহ, ফতেসিংহ, বলবওসিংহ প্রভৃতি শাশ্রধারী দারবান্গণ সগর্কে পদচারণ করিতেছে। বাগানের ভিতর অনেক প্রস্তুরমূর্ত্তি, ছুই একটা স্থানর জলাশর। তাহার পর একটা উন্নত অটালিকা। অটালিকা ইক্রপুরীত্লা, তাহার প্রতি গবাক্ষ হইতে উজ্জল আলোকরাশি বহিভূতি ইইতেছে, এবং মধ্যে মধ্যে বীদ্যধ্বনি ও নারী-কণ্ঠ-সমূত গীতধ্বনি গগণপথে উথিত হইতেছে।

হেম ধীরে ধীরে একজন দারবান্কে শ্বিজাসা করিলেন "এ বাগান কার বাপু?"

দারবান্ দাড়ীতে একবার মোচড় দিয়া গোঁফে একবার তা দিয়া বলিল, "এ বাগান ভূমি জানে না, মূলুক কা সব বড়া বড়া লোক জানে, ভূমি জানে না? ভূমি কি নয়া আদ্মী আছে?" হেম। হাঁ বাপু, আমি নৃতন মানুষ, এদিকে কখনও আদি নাই, তাই জিজ্ঞাদা করিতেছি।

দারবান্। সোই হবে। এথানে সব কোই এ বাগান জানে। কলকান্তাকা যেন্তা বড়া বড়া বাঙ্গালী আছে, জমীদার, উকিল, কোঁসিলি, সব এ বাগানে আসে, সব কোই এ বাগান জানে।

হেম। তা হবে বাপু, আমি গরিব লোক আমি সে সব কথা কেমন কোরে জানব ?

দারবান্। হাঁ সোঠিক, তোমরা লায়েক আদমী এ বাগান জানে না। আজ বড়া নাচ হোবে, বহুত বাবু লোক আসেছে, বড়া তামাসা।

হেম। তা নাচ দিচেচ কে? বাগানটা কার ?
ঘারবান্। ধনপুরকা জমিদার ধনঞ্জয় বাবু।
হেমের মস্তকে যেন বজুাখাত পড়িল।

হা হতভাগিনী উমাতারা। ধনে যদি স্থথ থাকিত, মশ্মর শোভিত ইক্রপুরীতৃলা প্রাসাদে যদি স্থথ থাকিত, সাদা জুড়ি ও কাল জুড়িতে যদি স্থথ থাকিত, তবে তুমি আজ হতভাগিনী কেন?

## যোড়শ পরিচ্ছেদ।

### धनक्षत्र वाव्।

যে দিন রাত্রিতে হেমবাবু ধনঞ্জয় বাবুর বাগান দেখিরা আসিলেন সেই দিন অবধি তিনি বড়ই চিস্তিত ও বিষশ্ধ রহিলেন। সহসা সে কথা বিন্দুকে খুলিয়া বলিতে পারিলেন

না, পাছে বিন্দু উমাতারার জন্য মনে ব্যথা পান; এবং বিন্দুর নিকট হইতে কথাটা গোপন রাখিতেও তাঁহার বড় কট বোধ হইল। কি করিবেন? কি উপায় অবলম্বন করিবেন? হত-ভাগিনী উমাতারার সংবাদ কিরপে লইবেন? উমাতারার কোনওরপ সহায়তা করা কি তাঁহার সাধ্য?

অনেক ভাবিয়া চিন্তিয়া একবার ধনঞ্জয় বাব্র বাড়ী থাবেন ঠিক করিলেন। ধনঞ্জয় বাব্ বাল্যকালে যথন তালপুখুরে আদি-তেন তথন হেমকে বড় মান্য করিতেন, সম্ভবতঃ এখনও হেমের ছই একটা পরামশ গ্রহণ করিতেও পারেন। আর যদি তাহাও না হয়, তথাপি একবার স্বচক্ষে উমাতারার অবস্থা দেখিয়া আসা হবে, তাহার পর যথোচিত উপায় বিধান করা যাইবে।

এইরপ মনে মনে ছির করিলেন কিন্তু ধনঞ্জয় বাবুর সহিত সহসা দেখা হওয়া সহজ ব্যাপার নহে। কলিকাতা নহানগরীতে ধনঞ্জয় বাবুর বড় মান, জনেক বন্ধু, জনেক কাষের ঝন্ঝট, তাঁহার সহিত হেমের ন্যায় সামান্য লোকের দেখা হওয়া শীঘ্র ঘটয়া উঠে না। হেমের গাড়ী নাই, তিনি এক দিন সকালে হাটয়া ধনঞ্জয় বাবুর কলিকাতার প্রাসীদত্লা বাটীতে গেলেন। ছারে ছারবান্গণ একজন সামান্য পথশুস্তি বাবুর কথায় বড় গা করে না, কেহ কোনও উত্তর দেয় না, খাটয়ারপ সিংহাসন থেকে কেহ শীঘ্র উঠে না। ক্তেহ গা তাঙ্গিতেছে, কেহ হাই তুলিতেছে, কেহ ডাল বাছিতেছে, কেহ বা বাড়ীর দাসীর সহিত হুই একটা মধুর মিষ্টালাপ করিতেছে। জনেকক্ষণ পরে একজন অন্ত্রাহ করিয়া হেমের দিকে ক্লপা কটাক্ষপাত করিয়া কহিল,—

কেয়া হার বার ? ভূমি সকাল থেকে বসে আছে, কি চাই কি ?

হেম। বলি একবার ধনঞ্জয় বাবুর সঙ্গে কি দেখা হতে পারে ? অনেক দূর থেকে এসেছি, একবার ধবর দাও না, বল তালপুখুর গ্রাম থেকে হেমবাবু দেখা করিতে এসেছেন ?

ছারবান্। গ্রানের লোক ঢের আসে, বাবু সকলের সঙ্গে দেখা করিতে পারে না, বাবুর অনেক কায়।

হেম। তবু একবার খবর দাও না, বড় প্রয়োজনে আসিয়াছি, একবার দেখা হলে ভাল হয়।

ষারবান্। প্রয়োজনে সকলে আসে, বাবুর কাছে এখন সকল গ্রামের লোকের প্রয়োজন আছে, সকলেই কিছু আশা করে। তোমার কি গ্রাম শালপুখুর, সে মুলুকে বড় শালবন আছে ?

হেম। না হে ছারবান্জী, শালপুখুর নয় তালপুখুর, তোমাদের বাবুর খণ্ডর বাড়ী সেই গ্রামে।

তথন একটা থাটিয়ায় অর্জশয়ান দিতীয় এক মহাপুরুষ একবার হাই তুলিয়া অর্জেক গাতোখান করিয়া বলিল,—

হাঁ হাঁ আমি জানে, সে তালপুখুর গ্রামে বাবু সাদী করিয়াছেন। তুমি বাবুর খণ্ডর বাড়ীর লোক আছে ?

হেম। সেই গ্রামের লোক বটে, বাবুর সঙ্গে সম্পর্কও আছে ≟

তথন গৃই তিনজন বিজ্ঞ শাশ্রধারী ক্ষণেক পরামর্শ করিল। একজন কহিল, গ্রামে থেকে অনেক কাঙ্গালী আসে, তাড়াইরা দাও। আর এক জন কহিল, না শ্বন্তর বাড়ীর লোক, সহসা তাড়াইরা দেওয়া হয় না, যা শুনিলে রাগ করিবেন। ভূতীয় একজন নিপান্তি করিল, আচ্ছা একটু বসিতে বল। হেমবাবু আবার ক্ষণেক বসিলেন। তিনি একটু চিস্তাশীল সমালোচনাপ্রিয় লোক ছিলেন, বড় মান্ত্রের দারবান্দিগের সামাজিক আচার ব্যবহার ও সভ্যতা বিশেষরূপে সমালোচনা করিবার অবকাশ পাইলেন, এবং তাহা হইতে পরমপ্রীতি ও উপদেশ লাভ করিলেন।

দারবান্গণ দেখিল এ কাঙ্গালী যায় না। তথন একজন
অগত্যা বহু স্থের আধার থাটিয়া অনেক কঠে ত্যাগ করিয়া
একবার হাই তুলিয়া, একবার অস্তরতুল্য বাহুদ্বর আকাশের
দিকে বিস্তার করিয়া আর একবার শাশু কণ্ডুয়ন করিয়া ধীর
গন্তীর পদবিক্ষেপে বাডীর ভিতর গেলেন।

হেম প্রতীক্ষা করিতে লাগিলেন। প্রায় একদণ্ড প্র যারবান্ ফিরিয়া আদিয়া স্থবর দিলেন,—যাও বাবু এখন দেখা না হোবে।

হেম। আমার নাম বলিয়াছিলে?

ছারবান্। নাম কি বলিবে? এত সকালে কি বাবুর সঙ্গে দেখা হোয়? বাবু এখনও উঠেন নাই, দশটীর সময় উঠেন, তাহার পর আসিও। হেম অগত্যা ফিরিয়া গেলেন।

একদিন দশটার পর গেলেন, তথন বাবু বাড়ী নাই। এক
দিন অপরাক্তে গেলেন, বাবু বাগানে বাহির হইয়াছেন ৮ এক
দিন সন্ধ্যার সময় গেলেন, সে দিন বাবু কোথা নিমন্ত্রণ
গিয়াছেন। চার পাঁচ দিন বুখা হাঁটাহাঁটি করিয়া একদিন
সন্ধ্যার সময় আবার গেলেন, ভাগ্যক্রমে ধনঞ্জয় বাবু বাড়ী
আছেন।

ছারবান্ বলিল, কি নাম তোমার ? গোবর্জন না গোরচক্র ?\*
হেম। নাম হেমচক্র, তালপুখুর গ্রাম হইতে আসিরাছি।
ছারবান্ উপরে যাইয়া থবর দিল। আসিয়া বলিল উপরে
যান। হেমচক্র উপরে গেলেন।

ধনপুরের ধনেশ্বর বংশের ধনবান্ উত্তরাধিকারী, গৌরবর্ণ, স্থানর, মোবনোপেত ধনঞ্জয় বাব্ কয়েকজন পাত্র মিত্রের মধ্যে সেই সভাগৃহে বিরাজ করিতেছেন। তিনি শিপ্তাচার করিয়া আপন শ্যালীপতি ভাতাকে মক্মল মণ্ডিত সোফায় বিসতে আজ্ঞা দিলেন। হেমচক্র বাহার পর নাই আপ্যায়িত হইলেন।

হেমবাবু সহসা কোনও কথা উত্থাপন করিতে পারিলেন না, সে সভাগ্রের শোভা দেখিয়া ক্ষণেক বিমোহিত হইয়া রহিলেন। তিনি চৌরঙ্গিত প্রাসাদ তুল্য বাটা সমূহের বারা গ্রায় টানাপাথা চলিতেছে, পথ হইতে দেখিয়াছেন : লাট সাহেবের বাড়ীর সিংহলার পর্যান্ত দেখিয়াছেন : উঁকি ঝুঁকি মারিয়া ছই একটা ইংরাজি দোকানের অভ্যন্তর একটু একট দেখিয়াছেন. কিন্তু এমন স্থােভিত স্থলর সভাগৃহের ভিতর পদবিক্ষেপ করা তাঁহার কপালে এ পর্যান্ত ঘটে নাই। সভার মেজে ফুলর কার্পেট মণ্ডিত, তাহাতে গোলাপ ফুটিয়া রহিয়াছে, লতায় লতায় ফুল ফুটিয়াছে, ডালে ডালে পাথী বসিয়াছে, সে কার্পেটের উপর হেমচক্র ধৃলিপূর্ণ তালি দেওয়া জ্তা স্থাপন করিতে একটু সঙ্কৃচিত হইলেন! তাহার উপর আবলুশ কার্ছের माका. चारोगान cbोकि, इंकिटियत, मारेफरवार्फ, टिविन; আবলুশ কাঠের উপর স্বর্ণের ফল্ম রেথাগুলি বড় শোভা পাইতেছে। সোফাও চৌকি হরিংবর্ণ মকমলে মণ্ডিত, হেমের

ছৈলে ছইটী সেরপ মক্মলের জামা কথন পরিধান করে নাই।
মার্বেলের টেবিল, মার্বেলের সাইডবোর্ড, মার্বেলের প্রতিমৃত্তি
গুলি! উপর ইইতে বেলওয়ারীর ঝাড়ের ভিতর গ্যাসের
আলোক দীপ্ত রহিয়াছে, সে আলোকে ঘর দিবার ন্যায়
আলোকিত হইয়াছে, গবাক্ষ দিয়া সে আলোক বাহির হইয়া
সে পাড়া স্লন্ধ আলোকিত করিয়াছে। একদিকে কোন সানে
সেতার প্রভৃতি বাদ্য বন্ধ রহিয়াছে, সাইডবোর্ডে ছইটি ডিকেণ্টর
ও কয়েকটী গেলাস ঝক্ ঝক্ করিতেছে। দেয়ালে অসংখ্য
বড় বড় দর্পরে আলোক প্রতিকলিত হইতেছে, হেমের দরিজ্
চেহারাখানি চারিদিকের দর্পণে অন্ধিত দেখিয়া সে দরিজ্
আরও লক্ষিত হইলেন। কয়েকখানি স্থন্দর্ম বহুম্ল্য অয়েল
পেণ্টিং; ইক্রপুরী ইইতে বিবস্থা মেনকা রস্তা যেন সেই অয়েল
পেণ্টিং হইতে হাস্য করিতেছে!

সভাগহের বর্ণনা একপ্রকার হইল, সভাদিগের বর্ণনা করি কিরুপে? আজ অধিক লোক নাই তথাপি ধনঞ্জয় বাবুর অতি প্রিয়, অতি গুণবান্ কয়েকজন বন্ধু সে সভাকে নবরুত্ব সভাকরিয়াছেন। তাঁহাদিগের মথেই বর্ণনা করা অসম্ভব, ত্ই একটী কথায় পরিচয় দেওয়া আবশাক।

ধনপ্তবের দক্ষিণ হস্তে স্থমতি বাবু বসিয়াছিলেন, তিনি ক্ষপবান্ যুবা পুরুষ, বয়স ঠিক জানি না, কিন্তু যৌবনের শৈভা সে স্থলর মুখে, সে কালাপেড়ে কাপড়েও ফিন্ফিনে একলাইয়ে লক্ষিত হইতেছে। তাঁহার ব্যবসায় জানি না, কিন্তু প্রায় বড় মাম্বদিগের দক্ষিণ হস্তে তাঁহার স্থান। তিনি গীতে অধিতীয়, হাস্ত রহস্তে অধিতীয়, ধনীদিগের মনোরপ্তনে অধিতায়, প্রবাদ আছে ধে বিষয়বুদ্ধিতেও অদিতীয়! মধুমক্ষিকার নার মধু আহরণ করিতে জানিতেন, অনেক মধুচক হইতে মধু আহরণে তাঁহার ধনাগার পূর্ণ হই নাছিল, স্থানর গাঁড়ী ও জুড়িতে ছাপিয়া পড়িতেছিল। প্রবাদ আছে যে বগু, হেগুনোট প্রভৃতি গুড় মল্লে তিনি বিশেষ রূপে দীক্ষিত, নাবালক বা তরণ ধনীদিগের প্রতি সেই স্থানর মন্ত্র চালনায় তিনি অদিতীয়। কিন্তু এ সকল জন প্রবাদ গ্রাহ্থ নহে, স্থাতি বাবুর মিষ্ট হাসা ও আলাপ ক্ষমতা সন্দেহ-বিব্রিত।

স্থাতি বাবুর পার্ধে যত্নাথ বিদ্যাছিলেন,—গুণ বল, লেখপেড়া বল, কার্যাদক্ষতা বল, হাসা বহস্য ক্ষনতা বল,—
যতনাথের ন্যায় কলিকাতায় কে আছে ? ব্যবসা ওকালতি,
মুখে ইংরাজী বুলি বেন থই কোটে, ইংরাজা চাল চোল, ইংরাজী
খানায়, ইংরাজী ধরণে তাঁহার ন্যায় কে উপযুক্ত ? সেপেন
বা সোটরণ বা সাব্লিস্ সন্থন্ধে তাঁহার ন্যায় কে বিচারক ?
আবার বক্তা ক্ষনতাও তাহার অসাধারণ,—"ন্যাশনালিটী"
রক্ষা সন্থন্ধে তাঁহার তাঁর হৃদয়্রাহী বক্তৃতা শুনিয়া কলিকাতার
কোন্ শিক্ষিত লোকের মন না দ্বীভূত হইয়াছে ? যত্নাথ
বাবুর সমক্ষ হওয়া বালকদিগের উচ্চোভিলায, যত্নাথ বাবুর
সহিত বন্ধ্তা করা বিষয়াদিগের উদ্দেশ্য, যত্নাথ বাবুর সহিত
সন্ধ্য স্থাপন করা কন্যাকর্ডাদিগের স্থেম্বপ্ন !

তাঁশ্বার পশ্চাতে হাতকাটা বেনিয়ান পরিয়া স্থবর্ণের চেন ঝুলাইয়া হরিশঙ্কর বাবু একটু একটু হাসিতেছেন। তিনি সেকেলে লোক, ইংরাজী বড় জানেন না, কিন্তু বাহাছরি কেমন? কোন্ ইংরাজী ওয়ালা তাঁহার নাায় চাকুরি পাইয়াছে ? তিনি মাথায় সালা ফেটা বাধিয়া আপিসে বান, পুরাণধাঁচে ইংরাজী কহেন, বড় বড় সাহেবের বড় প্রিয়পাত্র। প্রাচীন হিন্দু সমাজের এই স্তম্বরপ হরিশঙ্কর বাবৃকে সাহেবরা বৃড় মেহ করেন, হিন্দু সমাজ সম্বন্ধে হরিশঙ্কর বাবৃকে মৃর্ত্তিমান্ বেদ মনে করেন, হিঁহুয়ানি ও সাবেক রকম রীতি নীতি বজায় রাখিবার একটা প্রধান কারণ মনে করেন, নব্য উদ্ধৃত যুবকদিগকে হরিশঙ্কর বাবৃব উদাহরণ দেখান। হরিশঙ্কর বাবৃ লোকটা বিচক্ষণ, দেখিলেন এই চালে চলিলেই লাভ, স্কৃতরাং সেই চালই আরও অন্বর্ত্তন করিলেন। তাহার স্কুল্ল শীঘ্র ফলিল, ধর্মপতি রাজপুক্রবেরা এই প্রাচীন ধর্মাবলদ্বীকে অনেক শিক্ষিত কর্ম্মন চারীর উপরে একটা বড় চাকুরি দিলেন। সাবেক রীতিনীতির স্কন্থ মনেন একটু হাসিলেন, সন্ধ্যার সময় ইয়ারদিগের নিকট এই কথা গল্প করিয়া, আপনার তীক্ষ্প বৃদ্ধির যথোচিত প্রশংসা লাভ করিলেন। সেই রাত্রি স্থার উৎস বহিল।

হরিশঙ্কর বাবুর এক পার্সে পাশ্চাত্য সভাতার অবতার
"মিট্র" কর্ম্বকার বিদিয়াছেন, তাঁহার কোট পেণ্টলুন অনিদনীর,
চক্ষের চসমা অনিদনীয়, কলার নেকটাই অনিদনীর, হস্তে
শেরীর গেলাস অনিদনীয়। •তাহার ইংরাজী বুলি বিম্মাকর,
ইংরাজী ধরণ বিমায়কর, ইংরাজী নেজাজ বিমায়কর। ইউরোপ হ
ইতে পাশ্চাত্য সভাতার চরম ফল আহরণ করিয়া তিনি ধনঞ্জয়
বাবুর সভা শোভিত করিতেছেন। স্থমতি বাবু কথন কথন
ভাঁহার পশ্চাতে দাঁড়াইয়া তাঁহার অনিদনীয় পরিচছদ দেথিয়া
ইয়ারদিগের নিকট বলিতেন, "এখন পাশ্চাত্য সভাতার অর্থ
বুঝিলাম, মিট্র কর্মকারের মুখের কান্তি অপেক্ষা পশ্চাতের
শোভাটাই কিছু অধিক।"

হরিশক্ষর বাবুর অপর পার্শ্বে বিশ্বস্তর বাবু বসিয়াছেন, তিনি তাঁহার পাড়ার মধ্যে বৃড় মান্ত্ব, দলের মধ্যে দলপতি, বড় হাউসের বড় বেনিয়ান! তাঁহার অর্থের ন্যায় কাহার অর্থ, তাঁহার নৃতন বাড়ীর ন্যায় কাহার বাড়ী, তাঁহার গাড়ী ঘোড়ার ন্যায় কাহার গাড়ী ঘোড়া? তাঁহার পার্শে সিদ্দেশর বাবু, গিল্পের বাবু, প্রভৃতি বনিয়াদী বড়মান্ত্বগণ বসিয়া গিয়াছেন, তাঁহাদের গৌরব বর্ণনায় আমরা অক্ষম।

ধনস্বরূপ পদ্মবনের চারিদিকে মধুমক্ষিকাগণ গুণ্ গুণ্ করিতেছে; ধনস্বরূপ মর্রসিংহাসনে রত্নরাজি ঝক্ঝক্ করি-তেছে! হেমবার করেকমাস কলিকাভায় বাস করিয়া দেখি-সেন, কেবল ধনজ্ব বাব্র বাজী নহে, চারি দিকেই সমাজ এ রত্নাজিতে মণ্ডিত রহিয়াছে! এ মহা নগরী এই রত্নপ্রভায় ঝলসিত হইতেছে!

এ সভার হেমচক্র কি বলিবেন ? 'হংসু মধ্যে বকো যথা'
হইরা তিনি ক্ষণেক সেইখানে সৃষ্ট্রত হইরা উপবেশন করিরা
রহিলেন্। একবার কট করিরা ধনঞ্জয় বাবুর বাগানের কথা
উত্থাপন করিলেন, তথনই সভাসন্গণ সহস্রস্থে সেই বাগানের
ক্র্যাতি করিতে লাগিলেন, ধনঞ্জয় বাবু হেমবাবুকে একদিন
বাগানে লইরা যাইবেন বলিরা অন্নগৃহীত করিলেন, হেম
অপ্রতিভ হইরা রহিলেন। একবার তালপুখুরের কথা উচ্চারণ করিলেন, ধনঞ্জয় বর্দ্ধানের নাজীরের কথা উত্থাপনে একটু
মুধ হেঁট করিলেন, সে কথায় কেহ বড় গা করিলেন না।
সভাসদ্গণ একটু অধীর হইতে লাগিলেন, কেহ সেতার লইরা
কান মোচড়াইতে আরম্ভ করিলেন, কেহ সাইডবোর্ডে

ভিকেন্টরের দিকে চাহিলেন, কেহ ঘড়ীর দিকে চাহিলেন। হেমচন্দ্র ভাব গতিক বুঝিয়া বিদায় লইয়া প্রস্থান করিলেন।

বাড়ী-ভিতর একবার যাবেন কি ? ধনঞ্জয় ত <mark>তাঁহাকে</mark> একবার বাড়া-ভিতর যাইবার কথা বলিলেন না। তথাপি হতভাগিনী উমাতারাকে না দেখিয়া কি চলিয়া যাইবেন গ

প্রাঙ্গনে আসিরা হেমচন্দ্র একটু ইতন্ততঃ করিলেন। এমন
সমরে বাহিরে ঘর্ষর শব্দে আর ছই একথানি গাড়ী আসিয়া
দাড়াইল। গাড়ী হইতে হাস্ট্রেরে বাটী ধ্বনিত করিয়া কাহারা
বাব্র বৈঠকথানার গেল। সভা জমিল, সেতারের বাদ্য শুভ
হইল, আবার মধুর হাস্ট্রমনি শুত হইল,—অচিরে কলকণ্ঠলাত
গীতধ্বনি গ্রন্মাণে উথিত হইতে লাগিল।

হেম এক পা ছ পা করিয়া একটা প্রাচীর পার হইয়া বাড়ী-ভিতরের প্রাঙ্গনে দাড়াইরাছেন। তথার শব্দ নাই, আলোক নাই, মন্ত্রা চিহু নাই, মন্ত্রা রব নাই। অন্ধকারে ক্ষণেক প্রাক্তনে দাড়াইয়া রহিলেন, তাঁহার হৃদয় সজোরে আঘাত করিতে লাগিল। কাহাকেও ডাকিবেন কি ?

একটা উন্নত প্রকোঠের গ্রাক্ষের ভিতর দিয়া একটা দীপ দেখা যাইতেছে, হেম অনেকক্ষণ সেই দ্বীপের দিকে চাথিয়া রহিলেন, সাড়া দিবার সাহস হইয়া উঠিল না।

ক্ষণেক পর একটা ক্ষাণ বাছ সেই গবাক্ষে লক্ষিত শহইল। ধীরে ধীরে সেই গবাক্ষ বদ্ধ হইল, আলোক আর দৃষ্ট হইল না, সমস্ত অন্ধকার। হাদয়ে ছই হস্ত স্থাপন করিয়া হেমচক্ষ নিঃস্বব্দে সে গৃহ হইতে নিজ্ঞান্ত হইলেন।

## मश्रमभ পরিছে।

### হতভাগিনী।

হেমচক্র বাটী আসিয়া মনে মনে ভাবিসেন, আমি
নির্বোধের নায় কাষ করিয়াছি, নারীর যাতনার সময় নারীই
শাস্থনা দিতে পারে। আমি সমস্ত কথা জার নিকট কহিব,
ভিনি যাহা পারেন ককন।

গৃহে প্রবেশ করিবামাত্র বিন্দু দেখিলেন হেমচন্দ্রের মুখ-মগুল অতিশয় গন্তীর, অতিশয় সান। উৎস্ক্রের সহিত জিজ্ঞাসা করিলেন,—

আজ কি হয়েছে গা? তোমার মুখখানি অমন হয়ে গিয়েছে কেন?

হেম। বলিতেছি, বস। স্থা ভইয়াছে ?

বিন্দু। সুধা থাওয়া দাওয়া করিয়া ভয়েছে। কোনও মন্দ থবর পাও নাই।

হেম। শুন, বলিতেছি। এই বলিয়া উভয়ে উপবেশন করিলে হেমচক্র আদ্যোপাস্ত যাহা যাহা দেখিয়াছিলেন ও শুনিয়াছিলেন, বিন্দুর নিকট বলিলেন।

কিছু। আঁচল দিয়া অশ্রুবিন্দু মোচন করিয়া বলিল, এটা হবে তাহা আমি জানিতাম, অভাগিনী উমা তাহা জানিত।

হেম। কেমন করিয়া?

বিন্দু। তা জানি না, বোধ হয় কলিকাতা হইতে পূর্বেই কিছু কিছু সংবাদ পাইয়াছিল, সে চাপা মেয়ে, কোনও কথা শীঘ বলে না, কিন্তু তালপুখুর থেকে আসিবার সময় সে অভাগিনীর কালা কাঁদিয়াছিল।

হেম। এখন উপায়? যেরপ শুনেতেছি তাহাতে ধনেশবের কুলের ধন হুই বংসরে লোপ হইবে, ধনঞ্জয় রোগগ্রস্ত ছইবে, উমা চুই বংসরে পথের কাঙ্গালিনী হইবে।

বিন্দু। সে ত ছই বংসরের পরের কথা, এখন উমা

কমন আছে? সে সভাবতঃ অভিমানিনী, স্বামীর আচরণ
কেমন করিয়া সহা করিতেছে? তালপুপুর হইতে আসিয়া সেই
বড় বাড়ীতে ছেলে মানুব একা কেমন করিয়া আছে? তার
ছেলে পুলে নেই, বন্ধু বান্ধব যে কেউ নেই, যার কাছে মনের
কথা বলে। তুমি কেন একবার গিয়ে ছটো কথা কহিয়া

আসিলে না?

হেম। আমার ভরদা হইল না,—-তুমি একবার যাও,— তোমার যাহা কর্ত্তব্য তাহা কর, তার পর ভগবান আছেন।

তাহার পর দিন খাওয়া দাওয়ার পর ছেলে ছটীকে স্থার কাছে রাথিয়া বিন্দু একটা পালকি করিয়া উমাকে দেখিতে গেলেন। স্থাও 'উমাদিদির সঙ্গে দেখা করিতে যাইবে বলিয়া উৎস্ক হইল, কিন্তু বিন্দু বলিলেন, আজ নয় . বন, আর একদিন যদি পারি ভোমাকে লইয়া যাইব।

প্রশন্ত শয়ন কক্ষে গিয়া বিন্দু দেখিলেন উমা একা বিসিয়া একটী চুলের দড়ি বিনাইতেছে, দাস দাসী সকলে নীচে আছে। উমাকে দেখিয়া বিন্দু শিহরিয়া উঠিলেন। এই কি সেই তালপুখুরের উমা যাহার সৌন্দর্য্য কথা দিক্ বিদিক্ প্রচার. ছইয়াছিল? মুখের রং কালো হইয়া গিয়াছে, চক্ষে কালী পজিরাছে, কঠার হাড় ছটা বেরিয়ে পড়েছে, বাছ অতিশয় শীণ,
শরীর থানি দড়ীর মত হয়ে গিরাছে। চারিমাস পূর্বের বিন্দু
বাহাকে প্রথম যৌবনের লাবণাে বিভূষিতা দেখিয়াছিলেন,
আজি তাহাকে তিংশং বংসরের রোগফিপ্তা নারীর ন্যায় বোধ
হইতেছে। কঠার হাড়ের উপর দিয়া তারা হার লম্বনান
রহিয়াছে, বছমূলা বালা ছগাছাঁ সে শীণ হস্তে চল চল
করিতেছে।

উমা পদশব্দ শুনিয়া সেই য়ান চক্ষুর সহিত পেছনে ফিরিয়া দেখিলেন। বিন্দুকে দেখিয়াই চুলের দড়ী রাখিয়া উঠিলেন। য়ান বদনে ধীরে ধীরে কহিলেন, আঃ বিন্দুদিদি, তুমি এসেছ, স্মামি কভদিন ভোমার কথা মনে করেছি। তুমি ভাল আছ ? ছেলেরা ভাল আছে ?

সে ধীর কথা ওলি শুনিয়াই তীক্ষ বৃদ্ধি বিন্দু উমার হৃদয়ের 
অবস্থা ও তাঁহার চারি মাসের ইতিহাস অমুভব করিলেন।
বিদ্ধে হৃদয়ের উবেগ সঙ্গোপন করিয়া উমার হাত হুটী ধরিয়া
ধীরে ধীরে উত্তর করিলেন,—

হাঁ বন্, আমরা সকলে তাল আছি, স্থার বড় জর হয়েছিল, তা সেও ভাল হয়েছে। তুমি কেমন আছ উমা? তোমাকে একটু কাহিল দেখছি কেন বন?

উমা। ও কিছু নর বিক্দিদি,—আমার ও কলিকাতার আসিয়া আমাসা হরেছিল, তা ভাল হয়েছে, এখন একটু কাশী আছে, বোধ হর কলিকাতার জল আমাদের সয় না, আমরা ভালপুখুরেই ভাল থাকি। সেই নীরস ওঠে একটু ক্ষীণ হাস্য ক্ষিত হইল।

বিন্দ্। তালপুখুরে আবার যাইতে ইচ্ছা করে ? আমরা এই পুজার পর যাব, তুমি যাবে কি ?

উমা। তাসে ত আমার ইচ্ছে নয় বিদুদিদি, বাবু কি তাতে মত করিবেন ? বোধ হয় না।

বিন্দু। তবে তোমাকে এখানে দেখবে শুনবে কে? আমরা রহিলাম অনেক দ্রে, আর ছেলেদের ফেলেও ত সর্বাদা আসিতে পারি না। তোমার ও কাশী করেছে, রোগা হয়ে গিয়াছ, তোমাকে দেখে কে?

উমা। কেন বিল্দিদি, রোজ ডাক্রার আসে, বাবু একজন ভাল ডাক্রার রাধিয়া দিয়াছেন সে ঔষ্ধ দিতেছে, আমি এখন ঔষ্ধ খাই।

বিন্দু। তা যেন খোল,কিছ তবু আপনার লোক না হলে কি কেউ দেখতে ভানতে পারে? আর তোনার অস্থুও হলে সংসারই দেখে কে? তা জেঠাইমাকে কেন লেখ না, তিনি এসে কয়েক দিন থাকুন। আবার তুমি একটু সারলে তিনি চলে যাবেন, তুমিও না হয় দিনকতক গিয়ে তালপুখুরে থাকবে।

উমা। নামাকে আর কেন আনান, আমার ব্যারামের বেশ চিকিৎসা হইতেছে, আর সংসারে অনেক চাকর দাসী আছে, কিছু অস্থবিধা হচ্ছেনা ত, মাকে কেন ডাকান ?

বিন্দু। না তবু বোধ হয় তেমন যত্ন হয় না, মায়ে যেমন যত্ন করে, তেমন কি আর কেউ পারে, হাজার হোক মার প্রাণ। তাধনঞ্জয় বাবু তোমাকে যত্নউত্ন করেন ত?

অতি ক্ষীণস্বরে উমা উত্তর করিলেন, হাঁ তা আমার বর্ণন

ষা আবশ্যক, তথনই পাই, কিছুর অভাব নাই। যঞ্ করেন বৈ কি।

তীক্ষ বৃদ্ধি বিশু দেখিলেন, অভিমানিনী উমা আপনার প্রাকৃত যাতনার কথা কহিতে চাহে না; উমার ইহ জগতে স্থাও স্থাথের আশা ভত্মসাৎ হইয়াছে। বিশৃই বা সে কথা কিরূপে জ্বিজ্ঞাসা করেন? ক্ষণেক চিন্তা করিয়া কহিলেন,—

না উমা, আমার বোধ হয় জেঠাইমা এখানে আসিয়া কয়েকদিন থাকিলে ভাল হয়। দেথ আমাদের স্থথ জ্ঃধ, বাারাম স্যারাম সকলেরই আছে, ব্যারামের সময় আপনার লোক বতটা করে, পরে কি ততটা করে ? এই স্থধার ব্যারাম হইল, বাবু ছিলেন, শরং ছিল, কত যয় কত স্থশ্যা করিল, তবে আরাম হল। তুমিও বন বড় কাহিল হয়ে গিয়াছ, সর্বাদা কাশ্ছ, এখন থেকে একটু য়য় নেওয়া ভাল। তা আমার কথা রাথ বন্, জেঠাইমাকে আজই চিঠি লেখ, না হয় আমায় বল আমিই লিখছি। আহা উমা, তুমি কি ছিলে বন আরু কি হয়ে গিয়াছ। এই বলিয়া বিন্দু সম্বেহে উমার কপালে হাত বুলাইয়া কপাল থেকে চুলগুলি সরাইয়া দিলেন।

এই টুকু স্নেহ উমা অনেক দিন পান নাই,—এই টুকুতে তাঁহার স্বন্ধ উথলিল, চকু হুইটা ছল্ ছল্ করিল, একটা দীর্ঘ নিখাস পরিত্যাগ করিয়া উমা ধীরে ধীরে বলিলেন, "বিলুদিদি, ছুমি আমাকে ছেলে বেলা থেকে বড় ভাল বাস" আর কথা ৰাহির হুইল না, উমা চকুর জল অঞ্জল দিয়া মুছিলেন।

বিন্দু অতিশয় স্নেহের ভাষায় বলিলেন, উমা তুমি কি আমিক ভাল বাস না? উমা। বাসি, যতদিন বাঁচিব, তোমাকে ভাল বসিব।

বিন্দু। তবে বন্ আজ আমার কাছে এত গোপন চেষ্টা কেন ? তোমার মনের ছঃখ কি আমি বুঝি নাই ? জগতে তোমার স্থের আশা শেষ হইয়াছে তাহা কি আমি বুঝি নাই ? বিবাহের পর যে প্রণয়ে তুমি ভাসিতে, আমার সহিত দেখা হইলেই যে কথা আমাকে বলিতে, সে প্রণয় স্থা শেষ হইয়াছে, তাহা কি আমি বুঝি নাই? উমা তুমি এ সব কথা আমার নিকট কেন লুকাইতেছ ? আমি কি পর ? প্রাণের উমা, তুমি আমি যদি পর হই তবে জগতে আপনার লোক কে আছে ?

এ স্নেহ বাক্য উমা সহ্য করিতে পারিল না, নয়ন দিয়া বার বার করিয়া বারি বহিতে লাগিল, প্রাণের বিন্দুদিদির স্কদমে মুথ থানি লুকাইয়া অভাগিনী একবার প্রাণ ভরে কাঁদিল।

অশ্রসিক্ত মুখখানি ধীরে ধীরে তুলিয়া উমা ক্ষীণ স্বরে বলিলেন,—বিন্দুদিদি তোমার কাছে আমি কখনও কিছু লুকাই নাই, কখনও লুকাইব না। কিন্তু আৰু ক্ষমা কর, এ সব কথা আর একদিন বলিব।

বিন্দু। উমা, আমি আজই শুনিব। মনের ছঃথ মনে রাখিলে অধিক ক্লেশ হয়, আপনার লোকের আছে বলিলে ব একটু শান্তি বোধ হয়।

উমা। कि वनिव वन ?

বিন্দ্। আমি জিজ্ঞাসা করিয়াছিলাম ধনঞ্জয় বাবু কি এখন তেমন যতুটত্ব করেন ?

छेमा। विन्तिमित, आमात यथन या मतकात रत्र मवह

পাই, আমার রোগের চিকিৎসা করাইতেছেন, যত্ন নাই কেমন করে বলিব ?

বিন্দ্। উমা ভূমি কি আমাকে পুরুষ মান্থ পাইরাছ বে ঐ কথার ভ্লাইতেছ। ভাত কাপড়ও ঔষধে কি স্বামীর বৃদ্ধরে মত তোমাকে সেং করেন, পূর্বের মত কি মন খুলিয়া ভোমাকে ভাল বাদেন, পূর্বের মত কি তোমার ভাল বাদার স্থা হয়েন। উমা, মেয়ে মান্ত্রের কাছে মেয়ে মান্ত্রের কি এ কথাগুলি খুলে জিজ্ঞাদা করিতে হয়। স্বামীর বে সেহ ধনবতী স্ত্রীর ধন, দরিজ নারীর স্থ্য, দকল মেয়েমান্ত্রের জীবন, সে সেহটী কি তোমার আছে গ

হতভাগিনী উমা "না" কথাটা উচ্চারণ করিতে পারিলেন না, কেবল মাথা নাড়িয়া সেই কথার উত্তর করিয়া মাথাটী আবার বিন্দুর বৃকে লুকাইলেন।

বিন্দুর মুথ গঞ্জীর হইল, তিনি ধীরে ধীরে বলিলেন, উমা, সে ধনটী হারাইলে ত চলিবে না, সে ধনটী রাথিবার জন্য কি ভূমি বিশেষ চেষ্টা করিয়াছিলে ? "

উমা। ভগবান জানেন আমার ভালবাসা কমে নাই, ভাঁহাকে এখনও চক্ষে দেখিলে আমার শরীর জুড়ার।

বিক্। উমা, তোমার ভালবাদা আমি জানি, তুমি পতিব্রতা, এ জীবনে তোমার ভালবাদা ছাদ হইবে না। কিন্তু
দেখ বন, কেবল ভালবাদায় স্বামীর স্নেহ থাকে না, সংসার
ও কলে না। মেয়েমালুষের আরও কিছু কর্ত্তব্য আছে,
আমাদের আর কিছু শিখিতে হয়।

উমা। বিশ্বদিদি, যিনি আমাদিগকে থেতে পরিতে দেন, যিনি আমাদিগের প্রথম গুরু, তাঁহাকে ভালবাসা ছাড়া আর কি দিতে পারি? ভালবাসা ভিন্ন নারীর আর কি দেয় আছে।

विन्तु। উমা, ভালবাসাই আমাদের প্রথম ধর্ম, কিন্তু তাহা ভিন্ন ও আমাদের কিছু শিখিতে হয়। তা না হইলে সংসার চলে না। যিনি আমাদের জন্য এত করেন তাঁহার মনটী সর্বাদা তৃষ্ট রাখিবার জন্য, তাঁহার গৃহটা সর্বাদা প্রাকুল রাথিবার জন্য আমরা যেন একট যত্ন করিতে শিথি। অনেক শময় একটা মিষ্ট কথায় কোভ নিবারণ হয়, একটা মিষ্ট কথায় ক্রোধ শান্তি হয়, আমাদের একট যত্ন ও প্রফুল্লভায় সংসারটী প্রকুল্ল থাকে। সংসারের জালা যদি একটু সহা করিতে শিখি, ক্রোধ একট সম্বরণ করিতে শিথি, অভিমান একট ত্যাগ कतियां कमा खन मिथि, जाश इटेल मःमात्री वजाय थारक, ना इटेल कीवन ठिक हम। উमा आमि अपनक निक्षिय চরিত্র পুরুষ ও নির্দোষ চরিত্রা নারী দেখিয়াছি, তাহাদিগের ভালবাসারও অভাব নাই, তথাপি ভাহাদিগের সংসার ঋশান ভমি. জীবন তিক্ত। একট ধৈয়া, একট ক্ষমা সংসারের পথকে মুসুণ করে. সে গুণ গুলির অভাবে উৎকৃষ্ট সংসার ও क है क मग्न इय्र. ज्थन जांशाता मान कार्तन, श्रवी इहेट विकर्ष মতু করিলে এ জীবনে কত স্থুও হইতে পারিত। কিন্তু তথন অবসর চলিয়া গিয়াছে, প্রণয় একবার ধ্বংশ হইলে আর আসে না. জীবনের থেলা একবার সাঙ্গ হইলে আর সে থেলা আরম্ভ করিতে আমাদের অধিকার নাই।

উমা। বিলুদিদি, তোমারই কাছে বাল্যকালে এ কথাটা আমি শুনিয়ছিলাম, তালপুখুরে তোমাদের দরিন্দ্র সংসার দেখিয়া এ শিকাটা আমি শিথিয়াছি, ভগবান্ জানেন ইহাতে আমার কোন কটা হর নাই। লোকে আমাকে ধনাতিমানিনী বলিত, কিন্তু যিনি আমার গুরু তিনিই আমাকে সর্বদা মুক্তাহার ও হিরকাভরণ পরিতে দেখিতে ভাল বাধিতেন, সেই জন্য আমি পরিতাম, এই মাত্র আমার অভিমান। লোকে আমাকে রূপাতিমানিনা বলিত, কিন্তু দিদি, তুমি জান, সেরূপে স্বামী একদিন তুই ছিলেন সেই জন্য আমার অভিমান, তাঁহাকে তুই রাথা ভিন্ন আমার জীবনের অন্য ইচ্ছা ছিল না ধ্বন কলিকাতার আসিলাম তথন আমি এই যত্ন বিশুপ করিলাম কেন না আমি ভিন্ন এ বাড়ীতে আর মেয়েমাছ্রৰ নাই, আমি যদি একটু যত্ন না করি কে করিবে বল ?

বিন্দ্। উমা, তুমি বে এটুকু করিবে তাহা আমি জানিতাম, তোমাকে ছেলেবেলা থেকে আমি জানিতাম, জন্যে তোমাকে দোষ দিরাছে, আমি দোষ দি নাই। ধৈর্যা, ক্ষমা, একটু যত্ন কেই ও প্রকুলতাই আমাদের কর্ত্তব্য, এ গুলি ভূমি শিবিরাছ, সকলে শিবে না। পূর্বকালে আমরা বড় বড় সংসারে বৌ মাহ্বর হইরা থাকিতাম, শাশুড়ীর ভরে, ননদের ভরে, জারের ভরে, আমাদের স্বাভাবিক ঔষত্য অনেক চাপা পড়িত, আমরা মুথ বন্ধ করিয়া থাকিতাম, শাশুড়ীর আদেশে সংসার চলিত। এখন স্বাই পৃথক পৃথক থাকিতে শিথিয়াছে, ছেলেরাও যাহা ইচ্ছা করে, বৌরেরাও আপনাদের কর্ত্ব্য ভূলিয়া যায়, সংসার স্থ্য অনায়াসে বিনষ্ট হয়।

উমা। বিন্দুদিদি, আমারও অনেক সমর মনে হর, সকলেই একত্রে থাকিবার প্রথাই ভাল ছিল, ছেলেরা শীস্ত্র কুপথে যাইতে পারিত না, মেরেরাও নম্মতা শিধিত।

বিন্। উমা, সুথ ছঃখ সকল প্রথাতেই আছে। কালী-ভারা বৃহৎ পরিবারে আছে, আহা! কালী কি স্থথে আছে? একত্র বাস করিবার কি এই সুথ ?

উমা। কালীদিদির ছংথের অন্য কারণ। বৃদ্ধ স্বামীর দঙ্গে বিবাহ ইইয়াছে, সে চিরজীবন প্রণয়স্থপে বঞ্চিত।

বিন্দ্। আমি প্রণয়স্থবের কথা বলিতেছি না। কিন্তু প্রত্যাহ পথের মৃটের চেয়েও যে সকাল থেকে হপুররাত্তি পর্যান্ত পাটিয়া থাটিয়া সে রোগগ্রন্ত হইয়াছে, সকাল থেকে সন্ধ্যা পর্যান্ত যে নির্দোষে পথের কান্ধালী অপেক্ষান্ত গঞ্জনা ও গালী পায়, তাহার কারণ কি?

উমা। বিন্দু দিদি, সে কালীদিদির পুড়শাওড়ীরা মন্দ লোক এই জনা।

বিন্দু। তা বড় সংসারে সুকলেই যে ভাল লোক হইবে, তাহারই সন্থাবনা কি ? একজন মন্দ হইলেই সংসার তিজ্ঞ হয়, সমস্ত দিন থিটি নাটি ও কোন্দল; যে কালীতারার মত ভাল মামুষ তাহারই অধিক যাতনা। এই সব দেশিয়াই যাদের একটু টাকা হয় তারা তিয় থাকিতে চায়, না হইলে আপনার লোক কে ইচ্ছা করে ত্যাগ কুরে বসে। তা ভিয় ধাকিয়াও যদি আমাদের যার যেটুকু করা আবশ্যক তাহাই করি, শাগুড়ীর ভয়ে যেটুকু শিথিতাম, সেইটুকু যদি নিজ বুদ্ধিতে

শিথি, তাহা হইলেও সংসারে অনেকটা স্থথ থাকে। এখনকার মেয়েরা এটা বড় শিথে না, কালে বোধ হয় শিথিবে।

এইরপ কথোপকথন হইতে হইতে রাস্তায় জুড়ীর শব্দ হইল, একথানি গাড়ী আদিয়া ফাটকে দাঁড়াইল। উমা ভাহার অর্থ ব্রিলেন, স্কতরাং দেখিতে উঠিলেন না, বিশ্ গ্রাক্ষের নিকট যাইয়া দেখিতে লাগিলেন।

যাহা দেখিলেন তাহাতে তাঁহার নয়ন হইতে ঝর ঝর করিয়া জল পড়িতে লাগিল। ধনঞ্জয় বাবু বাগান হইতে আাদিলেন। তাঁহার বেশভূষা বিশৃঋল, তিনি নিজে অচেতন, ফুইজন ভূতা তাঁহাকে গাড়ী হইতে উপরে উঠাইয়া লইয়া গেল।

ঝর ঝর করিয়া চকুর জল কেলিতে কেলিতে বিন্দু উমাকে ছই হতে আপনার বক্ষে ধারণ করিয়া বলিলেন,—

উমা, ভগবান্ জানেন নারীর যতদূর কট হয়, তুমি তাহা
সহ্য করিতেছ, সেই কটে উমা আর উমা নাই, বোধ হয় রাত
জাগিয়া, না খাইয়া, কাঁদিয়া কাঁদিয়া তোমার এই দশা হইয়াছে,
রোগও হইয়াছে। কি করিবে বন, যেটি সইতেহয় সহিয়া খাক
যত্ত্বের ক্রটি করিও না, অভিমান-দেখাইও না, একটা উচ্চ কথা
কহিও না, তাহা হইলে আরও মল হইবে, এ রোগের সে
শুষ্ধি নহে। নীরবে এ যাতনা সহ্য কর, যথন অবকাশ
পাইবৈ মিট কথায় ধনজয় বাবুকে তুট করিও, কথায় বা ইঙ্গিতে
তিরস্কার করিও না, কাঁদিতে হয় গোপনে কাঁদিও। যাহাদের
লইয়া ধনজয় বাবু এখন এত স্থে অন্তব্য করেন, হয়ত কাল
ভাহাদিগের উপর বিরক্ত হইবেন। পরম অসদাচারী ও
অসদাচার পরিত্যাগ করিয়া আবার পবিত্র সিয়া সংসায় স্থ

পঁজিয়াছে এমনও আমি দেখিয়াছি। তোমার মাকে আমি অদাই চিঠি লিখিব, ধৈব্য ধারণ করিয়া, আশায় ভর করিয়া পাক,-প্রাণের উমা, ভগবান এখনও তোমার কট্ট মোচন করিতে পারেন, তোমাকে স্থুখ দিতে পারেন।

ছই ভগিনীতে পরস্পার আলিঙ্গন করিয়া অনেকক্ষণ রোদন করিলেন। উমা বিন্দুর কথায় কোনও উত্তর দিলেন না. মনে মনে ভাবিলেন,—ভগবান একটা স্থথ আমাকে দিতে পারেন,-মৃত্যু।

### असोमन शतिएक ।

#### আব একজন হতভাগিনী।

বিন্দু বাটী আসিয়া পান্ধী হইতে না নামিতে নামিতে স্থা দিঁডি দিয়া নামিয়া আদিয়া বলিল,—

च निनि, निनि, क এসেছে দেখবে এস।

বিন্দ। কে লো ?

श्रुधा। এই দেখবে এम না, এই শোবার ঘরে বদে আছে।

বিন্দ। কে শরৎ বাব ?

ञ्चथा। ना भंतर वावू नग्न। मिनि, भंतर वाव् এथन आंत्र আদেন না কেন ?

বিন্দু। শরৎ বাবুর কি পড়া শুনা নেই, তার পরীক্ষা কাছে. সে কি রোজ আসতে পারে ?

ऋशा। भन्नीका करत मिनि १

বিন্দু। এই শীতকালে।

স্থা। ভার পর আসবেন?

বিন্দ্। আসবে বৈ কি বন্, এখন ও **ছাসে**বৈ । তবে রোজ রোজ কি আসতে পারে, যে দিন অবকাশ<sup>ক</sup>পাইবৈ, আসবে। উপরে কে বসিয়া আছে ?

स्था। (क वन ना?

বিন্দু। চন্দ্রনাথ বাবুর স্ত্রী আসিয়াছেন নাকি ? তিনি ত মধ্যে মধ্যে আসেন, আর কে আসবে ?

হ্মধা। নাতিনি নয়।

বিন্দৃ। তবে বৃঝি দেবী বাবুর স্ত্রী, এতদিন পর বৃঝি একবার অন্থপ্রহ করে পদধূলি দিলেন।

স্থা। না তিনিও নয়,—কালীদিদি আসিয়াছে।

বিন্দু। কালীতারা! তারা কলিকাতায় এসেছে দৈ কিছুই ত জানিনা।

এই বলিতে বলিতে উপরে আসিয়া বিন্দু কালীতারাবে দেখিলেন; অনেক দিন পর তাহাকে দেখিয়া বড় প্রীত ছইলেন। বলিলেন,—

এ কি, কালীতারা! কলিকাতায় কবে এলে ? তোমর। স্কলে ভাল আছ ?

কালী। এই পাঁচ সাত দিন হইল এসেছি, এতদিন কাষের ঝন্ঝটে আস্তে পারিনি, আজ একবার মেজ খুড়ীকে অনেক করিয়া বলিয়া কহিয়া আসিলাম। ভাল নেই।

विन्। (कन काशात्रश्र वाग्राम श्रावह नाकि?

কালী। বাবুর বড় ব্যারাম, তাঁরই চিকিৎসার জন্য আমরা কলিকাতায় এসেছি। বর্জমানে এত চিকিৎসা করাইলেন, কিছুই হইল না, এখন কলিকাতায় ইংরাজ ভাকার দেখছেন, ভগবানের যাহা ইচ্ছা। ন নিমা কালীভারা রোদন করিতে লাগিলেন।

विन्। त कि: दि वाताय ?

কালী। জুর আর আমাশা। সে জুর ও ছাড়ে না, সে আমাশও বন্ধ হয় না, আহা তাঁর শরীরথানি যে কাঠিপানা হয়ে গ্রেছে। আবার চকুতে বন্ধ দিয়া কালীভারা কোঁপাইতে লাগলেন।

্রিকালী। কবিরাজ দেখাতে কি বাকি রেখেছে বিন্দুদিদি,
বিদ্দুদিদি,
বিদ্দুদিদি,
বিদ্দুদিদি,
বিদ্দুদ্দিদি,
বিদ্দুদ্দিদিদি,
বিদ্দুদ্দিদিদি
বিদ্দুদ্দিদিদি
বিদ্দুদ্দিদিদি
বিদ্দুদ্দিদিদি
বিদ্দুদ্দিদিদি
বিদ্দুদ্দিদিদি
বিদ্দুদ্দিদি
বিদ্দুদ্দি
বিদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দুদ্দি
বিদ্দুদ

ঁ বিন্দু। তবে দেখ বন, ইংরাজী,চিকিংসায় কি হয়। তোমরা আছ কোথায় ?

্ কালী। কালীঘাটে একটা বাড়ী নিয়েছি, ঠিক আদি-"শ্ৰীৰ কিনারায়।

বিন্দু। কালীঘাটে কেন ? এই বর্ষাকালে কালীঘাটে শাক্তি অনেক ব্যারাম হচ্চে, সেধানে না থেকে একটু কালী। ভের্গার র কেন ? না ? ভাত মাস ল কালী। তাও কি হয় । দান কলকাতা আসিতে চান না, বলেন এখানে বাছ বিচার কলি । শেবে কত করে কালীঘাটের এক কিন্তা দিয়ে একটা বাড়ী ঠিক করিয়া তবে আমরা আছিল বাজ আমাদের আদিগঙ্গায় স্থান হয়, রোজ পূজা দেক হৈ । ক্রেজ আমাদের আদিগঙ্গায় স্থান হয়, রোজ পূজা দেক হৈ । ক্রেজ কর্মানত করা হয়েছে, আমার কি আছে বিল্পানি ক্রেমান কপার গোট ছড়াটা বেচিয়া জোড়া পাঠা দিব বেনে আহা ঠাকুর যদি রক্ষা করেন, বাবুকে যদি এ যাত্রা বিভাগের হয়ে যাবে। আমাদের আমাদের এত বদ্ধ সংশ্লিকার হয়ে যাবে। আমাদের মান বল, ধন বল, খাতি বল, কুলের গৌরব বল, বাবুর হাতেই সব সকলের মাথা, তিনি একাই সব করছেন কর্মাছেন, বিভাগেন। তিনি না থাকিলে আমাদের কে আছিল্যান। এ কাঙ্গালিনীকে চির-হিতভাগিনী করিও বি

আজীবন যে স্বামীর প্রণয়স্থ কথনও ভোগ করে ক্রিপ্র প্রণয়স্থ কাহাকে বলে জানিত না,—আজি সে স্বামী চিন্তার যাতনায় ধ্লায় বৃষ্ঠিত হইল।

বিন্দু কালীকে অনেক করিয়া সান্ধনা করিলেন। বার্মির তিয় কি বন, চিকিৎসা হইতেছে তবে আর ভয় কি ? আমাদেশ বাবু আছেন, তোমার ভাই শরৎ বাবু আছেন, সকলে দেখিবে ভানিবে, পীড়া শীত্র আরাম হইবে। এই স্থার এমন ব্যারাম হয়েছিল, শরৎ বাবু কত যত্র কর্লেন, দিন্দ্রির বিশ্বেলন, ছেড়ে দেবা করিলেন, তাহাই রক্ষা, না হন্দ্র ভাকার বেশ্ছেন,

काली। विन्दिष्ति, नत्र दाक अथात जात्म ?

বিন্দু। আগে আসিত বন, এখন তার পরীকা কাছে, তাই আদতে পারে না; বাবুই বুঝি তাঁকে একটু ভাল করে লেখাপড়া করিতে বলেছেন: প্রায় একমাস অবধি আসেন নাই।

कांनी। विन्तृतिनि, मर्सा मर्सा जारक चानिए विनश् এখানে মধ্যে মধ্যে এদে গল্প সল্ল করিলে থাকবে ভাল, আহা দিন রাত পড়ে পড়ে শরতের চেহারা কালী হয়ে গিয়াছে, চকু वरम शिवारङ। काल रम এमেছिल, हठां ९ रहना यांव ना।

विन्तु। दन कि कानी, देक जां ज आमदा किছू झानि ना। এখানে যথন আসিত তথন বেশ চেহারা ছিল, এর মধ্যে এমন হয়ে গিয়াছে? এমন করেও পড়ে । না হয় পরীক্ষা নাই হইল, তা বলে কি পড়ে ব্যারাম কর্বে ? আমি বাবুকে विनव अथन, नवर वावत्क अकिन एउटक ज्यानदान, मर्था मर्था भनिवात कि त्रविवात अथार्त्ने ना इम्र थाकलन ।

তাহার পর উমাতারার কথা হইল; বিন্দু যাঁহা যাহা দেখিয়াছিলেন, অনেক আক্ষেপ করিয়া কালীকে তাহা अनाहरलन, कानी अ थानिक कांत्रिरलन । विन्तु रगर्य विलिन ....

আমি আজই জেঠাইমাকে চিঠি লিখিব, জেঠাইমা আত্মন, যাহা করিবার করুন, আমি আর এ কষ্ট দেখিতে পারি না। কলিকাতা ছাড়িতে পারিলে বাঁচি, আবার তালপুখরে ঘাইতে পারিলে বাঁচি।

কালী। তোমাদের এই ভাদ্র মাসে যাবার কথা ছিল না ? ভাদ্র মাস ত প্রায় শেষ হইল।

বিন্দ্। কথা ত ছিল, কিন্তু হয়ে উঠিল কই ? আবার উমাতারার এই রোগ, তোমাদের বাড়ীতে রোগ, এসব রেখে ত যেতে পারি না। পূজার পর না হইলে আমাদের যাওয়া হচ্ছে না, পূজারও বড় দেরি নাই, মাদ খানেক ও নাই।

काली। তবে তোমাদের ধান টান দেখ্বে কে?

বিন্দু। বাবু সনাতনকে জমি ভাগে দিয়ে এসেছেন। সনাতন আমাদের পুরাতন লোক, আমাদের অংশ গোলায় বন্ধ করিয়া রাখিবে, তার কোনও ভাবনা নাই।

আর কতক্ষণ কথাবার্ত্তার পর কালীতারা চলিয়া গেলেন।
সন্ধ্যার সময় হেমচক্র বাটী আসিলেন। বিন্দু কিছু জল
খাবার আনিয়া দিলেন, এবং উভয়ে পরামর্শ করিতে লাগিলেন।

হেম। এদিকে উমাতারার রোগ ও ছর্দশা, ওদিকে কালীতারার স্বামীর উৎকট পীড়া, আবার তুমি বলিতেছ শরৎও নাকি ছেলে মানুষের মত শরীরে যত্ম না নিরা পড়ান্ডনা করিতেছে। এখন কোন্ দিক সামলাই ? উপায় কি ? বিপদে তুমিই মন্ত্রী, ইহার উপায়, কি ঠিক করিয়াছ ?

বিন্দু। ললাটের লিখন রাজার সৈন্যেও ফিরায় না, মন্ত্রীর মন্ত্রনায়ও ফিরায় না। তবে আমাদের যাহা দাধ্য ভাহা-করিব।

হেম। তবু কি ঠিক করিলে? উমাকে কি বলিয়া আসিলে?

বিন্দ্। কি আর বলিব ? আমার ঘটে যেটুকু বৃদ্ধি আছে ভাই দিয়া আদিলাম, এখনকার চঞ্চলমতি স্বামীকে বল করি-বার বে মন্ত্রটী জানি, তাহাই শিখাইয়া আদিলাম।

**टिय।** त्म जीवन मञ्जी कि, जामि जानित्ज भाति कि ?

বিন্দু। জান্বে না কেন? উমার বাড়ীতে বড় একটা কাঁঠালগাছ আছে; তাহারই ডাল লইরা প্রকাণ্ড একটা মুগুর প্রস্তুত করিয়া বিপথগামী স্বামীকে তদ্বারা বিশেষরূপে শিক্ষা দেওরা। এই মহা মন্ত্র!

হেম। না, বৃহস্পতির এক্লপ মন্ত্র নহে।

বিন্দু। তবে কিরপ १

হেম। কচি আঁবের অম্বল রাঁধিয়া দেওয়া, পাকা আঁবের স্থমিষ্ট রস করিয়া দেওয়া, বৃহস্পতির মন্ত্রের এইরূপ করেকটী সাধন দেখিয়াছি, আর বেশি বড় জানি না।

বিন্দু। তবে তাহাই শিধাইয়া আসিয়ছি। আর ক্রেঠাইমাকে পত্র লিখিব, তিনি আসিলে বোধ হয় উমার মনও একটু ভাল হইবে, ধনঞ্জয় বাবুও লজ্জার থাতিরে কয়েক্ মাস একটু সাবধানে থাকিবেন।

হেম। জেঠাইমা জামাইয়ের বাড়ীতে আদিবেন কেন?
বিন্দু। আমি সব কথা লিখিলে আদিবেন। হাজার
হোক মার মন।

হেম। আর কালীভারার কি উপায় করিলে ?

বিন্দু। সেটা ভোমাকে দেখিতে হবে। ভোমার চাকুরি টাকুরি ত বিলক্ষণ হইল, এখন প্রত্যহ একবার করে কালীঘাটে গিরা রোগীর বন্ধ করিতে হবে। সে বাড়ীতে মান্থবের মন্ত মাহ্ব একজনও নাই, হয় ত ঠাকুর বাড়ীর প্রসাদগুলা থাওয়াইয়া রোগার রোগ আরও উৎকট করিবে। চিকিৎসাটী ঘাতে ভাল করিয়া হয়, তুমি দেখিও।

হেম। তা আমার বাহা সাধ্য করিব। কাল প্রত্যুবেই সেথানে বাইব। আরু শরতের কি বন্দোবস্ত করিলে? তুমি রইলে একদিকে, আমি রইলাম আর একদিকে, শরৎ বাব্কে একটু দেখে ভবে কে?

বিন্দু। তাইত, সে পাগলা ছেলেটার কথা কৈ আমি ভাবি নাই। ওলো স্থা, তুই একটু শরৎ বাবুর যত্নটত্ন করিতে পার্বি ? নৈলে ত সে পড়ে পড়ে সারা হইল।

স্থধা দূরে থেলা করিতেছিল, দৌড়াইয়া আসিয়া বলিল দিদি ডাক্ছিলে ?

বিন্দু হাসিতে হাসিতে বলিলেন, হাঁ বন ডাকছিলাম। বলি তুমি একটু শরংবাবুর যত্ন করিতে পার্বি ?

বালিকার কণ্ঠ হইতে ললাট প্রদেশ পর্যান্ত রঞ্জিত হইল। সে দৌড়াইয়া পলাইয়া গেল।

# উনবিংশ পরিচ্ছেদ।

### भारतीया शृका।

শুষিনে অধিকাপ্জার সময় আগত হইতে লাগিল। ছেলেপুলের বড় আমোদ। নৃতন কাপড় হবে, নৃতন জুতা হবে, নৃতন পোষাক বা টুপি হবে, ইস্কুলের ছুটি হবে, পূজার সময় যাত্রা হবে, ভাগানের দিন গাড়ী করিয়া ভাগান দেহিতে যাবে। বালকরন্দ আহলাদে আটখানা।

शृहश्शृहिगीमिश्यत ७ जानत्मत्र मीमा नारे। त्कृह वफ्

তত্ত্বের আয়োজন করিতেছেন, নৃতন জামাইকে ভাল রকম তত্ত্ব করিয়া বেয়ানের মন রাথিবেন। কেহ বড় তত্ত্ব প্রত্যাশা করিতেছেন, পাসকরা ছেলের বিবাহ দিয়া অনেক অর্থ লাভ করিয়াছেন, ঘড়ী, ঘড়ীর চেন খারাপ হইয়াছিল বলিয়া তাহা টানিয়া ফেলিয়া দিয়া বেয়ানের গোট বেচাইয়া ভাল ঘড়ী আদার করিয়াছেন, আবার অপরাক্তে ছাদে পা মেলাইয়া বসিয়া বৃদ্ধিমতী পড়বী-গৃহিণীদিগের সহিত পরামর্শ করিতেছেন ''এবার দেখিব, বেয়ান কেমন তত্ত্ব করে, যদি তত্ত্বে মত তত্ত্ব না করে. নাথি মেরে ফেলে দিব। বিষের সময় বড় ফাঁকি দিয়াছে, এবার দেখিব কে ফাঁকি দেয়। আমার ছেলে কি বানের জলে ভেমে এসেছে, এমন ছেলে কলিকাতার কটা আছে ? মিনসের যেমন বাহাত্রে ধরেছে, এমন ছেলেরও এমন ঘরে বিয়ে দেয় ! তা দেখিব, দেখিব, তত্ত্বের সময় কড়াগণ্ডা বুঝিয়া লইব, নৈলে আমি কায়েতের মেয়ে নই।" রোরুদ্যমানা বালবধু বাপের বাড়ী गारेवात बना जिन माम रहेट तथा कुनन कतिरहर, गृहिंगी তত্ত্বটী না দেখিয়া বৌ পাঠাইবেন না।

সামান্ত ঘরের যুবতীগণও • দিন গণিতেছে, স্বামী বিদেশে চাকুরি করেন, পূজার সময় অনেক কটে ছুটা পাইয়া একবার ভার্যার মুখ দর্শন করেন। এবার কি তিনি আসিবেন ? সাহেব কি এবার ছুটা দিবেন ? হাঁ৷ গা সাহেবদের কি একটু দয়া মমতা নাই ? তাঁদেরও কি স্ত্রী পরিবারের জন্য একটু মন কেমন করে না ?

বার মহলেও আনন্দের সীমা নাই। কাহারও বজরা ভাড়া হইতেছে, নাচ গানের ভাল রকম আয়োজন হইতেছে, আর কত কি আরোজন হইতেছে, আমরা তাহা কিরপে জানিব? আদার ব্যাপারীর জাহাজের খবরে কাম কি ?

পলিপ্রামেও আনন্দের সীমা নাই। মাতা বস্থমতীর অম্প্রহ
অপার, ক্ষমকগণ ভাজ মাসে শস্য কাটিয় জমীদারের থাজানা
দিতেছে, মহাজনের ঋণ পরিশোধ করিতেছে, বংসরের মধ্যে
এক মাস বা ছই মাসের জন্য গৃহে একটু ধান জমাইতেছে।
ক্ষমকবধ্ণণ ল্কিয়া চুরিয়া সেই ধান একটু সরাইয়া হাতের
ছগাছি শাকা করিতেছে, বা হাটে একথানি নৃতন কাপড়
কিনিতেছে। বর্ধার পর স্থলর বঙ্গদেশ যেন স্নাত হইয়া স্থলর
হরিৎবর্ণ বেশ ধারণ করিল; আকাশ মেবরপ কলত্ব ত্যাগ
করিয়া শরতের আফ্লাদকর জ্যোৎস্মা বর্ষণ করিতে লাগিল,
বায়ু নির্দ্মল হইল, বড় গরম নহে, বড় শীতন নহে, মমুয়া
শরীরের স্থথ বর্জন করিয়া মন্দ মন্দ বহিতে লাগিল।
গৃহস্থের ঘর ও ধনধান্যে পূর্ণ হইল, গৃহস্থের মন একটু আনন্দে
পরিপূর্ণ হইল, চালে নৃতন থড় দিয়া ছাউনি বাধা হইল।
বঙ্গদেশে শারদীয় পূজার যে এত ধুমধাম, তাহার এই কারণ,—
অস্ত কারণ আমরা জানি না।

কিন্তু আনল্মর শরংকাল সকলের পক্ষে স্থের সময় নয়।
দরিদ্রের হংথ অপনীত হয়, কিন্তু শোকার্ত্তের শোক অপনীত
হয় নাশ উমাতারার মাতা কলিকাতায় আসিলেন, বিন্দু বার
বার উমাকে দেখিতে বাইতেন, কিন্তু উমার রোগের শান্তি
হইল না। ধনজয় বাবু দিন কতক একটু অপ্রতিভের ভায়
বোধ করিলেন, কিন্তু অনেক দিনের অভ্যাস তাঁহার চরিত্তে
গভীরক্রপে অন্ধিত হইয়াছে, তাহা অপনীত হইল না, তিনি

বাড়ী-ভিতরে আসা বন্ধ করিলেন, বাহিরেই আহারাদি করিবার বন্দোবস্ত করিলেন। উমার মাতা পুনুরার পলিপ্রামে যাইবার বন্দোবস্ত করিতে লাগিলেন, কিন্তু দিন দিন কন্সার অবস্থা দেখিরা সহসা কলিকাতা ত্যাগ করিতেও পারিলেন না। হতভাগিনী উমা আরও ক্ষীণ হইতে লাগিল; বর্ষাশেষে তাহার কাশী ক্রমে বৃদ্ধি পাইতে লাগিল; মুখখানি অভিশর শুদ্ধ, চকু হুইটা কোটর প্রবিষ্ট। কাহাকেও তিরস্কার না করিরা, আপনার মন্দ ভাগ্যের কথা না কহিরা, দিনে দিনে ধীরে ধীরে আপনার গৃহ কার্য্য করিত, বিন্দুর সঙ্গে আলাপ করিত, মাতার সেবা স্কুশ্র্যা করিত, স্বামীর জন্য নানারূপ ব্যঞ্জনাদি স্বহস্তে প্রস্তুত করিরা বাহিরে পাঠাইয়া দিত।

হেমের যত্নে কালীতারার স্বামীর পীড়ার কিঞ্চিৎ উপশম হইল, কিন্তু আরোগ্য হইল না। সে বয়সে পুরাতন রোগ শীঘ্র যায় না, তাহার উপর রহৎ সংসারের নানারূপ উপদ্রব, কালীঘাটের পাণ্ডাদিগের নানারূপ উপদ্রব। অনেক যত্নে যে টুকু ভাল হয় একদিন অনিয়মে সে টুকু আবার মন্দ হর, হেমচক্র পীড়ার আরোগ্যের বঁড় আশা করিতে পারিলেন না।

বিন্দু মধ্যে মধ্যে শরৎকে ডাকিয়া পাঠাইতেন, শরক আদিয়া উঠিতে পারিতেন না, তাহার পড়াগুনার বড়ু ধুম, এখন ভাল করিয়া না পড়িলে পরীকা দিবেন কিরপে? বিন্দুও বড় জেদ করিতেন না, কেবল প্রত্যাহ কোনও নৃতন ব্যঞ্জন মাঁধিয়া কি ফল ছাড়াইয়া পাঠাইয়া দিতেন। স্থা যদ্ধ সহকারে মিশ্রির পানা প্রস্তুত করিত, আক পেঁপে ছাড়াইয়া দিত, প্রত্যের ভাল ভিজাইয়া দিত, প্রত্যহ অপরাক্টে নিল্ল হত্তে

রেকাবি সাজাইয়া ঝিয়ের ঘারা শরতের বাটীতে পাঠাইয়া
দিত। শরৎ অনেক মানা করিয়া পাঠাইত, কিল্প ছেলেটা
কিছু পেটুক, সেই মুগের ডাল গুলির নিদর্শন রেকাবিতে
অধিকক্ষণ থাকিত না, একবার চুমুক দিতে আরম্ভ করিলে
সে মিস্সির পানা নিমেমের মধ্যে অন্তর্হিত হইত। ঝিকে
বলিতেন "ঝি, কাল থেকে আর এনো না, তাঁরা কেন রোজ
রোজ কপ্ত করিয়া প্রস্তুত করেন, আমি সত্য বলিতেছি, আমার
এ সব দরকার নাই।" ঝি থালি পার্প্তলি হাতে লইয়া "তা
দেখিতেই পাইতেছি" বলিয়া প্রস্তান করিত। বলা বাহল্য যে
পেটুক বালকের কণায় মানা করা না শুনিয়া স্থধা প্রত্যহ
মিস্রির পানা প্রস্তুত করিয়া পাঠাইত।

এইরপে কয়েক সপ্তাহ কাটিয়া গেল, শেষে পূজা আসিয়া
পজিল। দেবী বাবুর বাজীতে বড় ধুম ধাম, দেবীর রহৎ মৃর্ভি,
অনেক গাওনা বাজানা, তিন রাত্রি ধাত্রা। দেবী বাবুর
গৃহিণীর বুকের বেদনাটা সেই সময় বোধ হয় একটু কমিয়াছিল,
কেন না,তিনি তিন রাত্রি ধরিয়া সদ্ধা হইতে সকাল পর্যান্ত
বারাপ্তায় চিক কেলিয়া ঠায় বসিয়া ধাত্রা শুনিলেন। কবিরাজ
গৃহিণীর মতলব বুঝিয়া একটু আম্তা আম্তা করিয়া বলিল,—
হাঁ তাহাতে হানি কি? যে তেলটা দিয়েছি সেটা যেন ভাল
করিয়া মালিস করা হয়।

দেবী বাব্র গৃহিণীর উপরোধে চক্রনাথ বাব্র স্ত্রী ও অক্সান্ত ভক্ত-গৃহিণীগণ আসিয়া বাত্রা গুনিল। নিতান্ত অনভি-লাবও নাই। বিদ্যাস্থলরের যাত্রা, রাধিকার মানভঞ্জন, গানগুলি বাছা বাছা, ভাবই কত, অর্থই কত • গৃহিণীগণ রোকদামান গণ্ডা গণ্ডা ছেলেগুলোকে থাবড়া মারিয়া ঘুম পাড়াইয়া একাগ্রচিত্তে সেই গীতরস গ্রহণ করিতে লাগিলেন। বিদেশিনীর প্রতি রাবিকার স্ততি শুনিরা বৃদ্ধাগণ ভাবে গদ গদ চিত্তে স্থর তুলিয়া কাঁদিয়া উঠিলেন।

বিন্দুও কি করেন, একদিন ছেলে ছটীকে সুধার কাছে রাধিরা গিয়া যাত্রা ভনে এলেন। সকালে এসে ছেমকে বলিলেন,—

মান ভঞ্জন বড় মল্দ হয়নি, তুমি একদিন গিয়ে শুনে এদ না।
হেম। না মান ভঞ্জন প্রথা তোমার কাছেই ছেলেবেলা অনেক শিখেছি, আর যাত্রায় কি শিধিব ?

বিন্দু স্বামীর মুখ চাপিয়া ধরিয়া বলিলেন,—
মিথ্যা কথাগুলা আর বোলিও না, পাপ হবে !

# विः न शतिराष्ट्रम ।

#### বিজয়া দশমী

আজি মহা কোলাহলে অনান হইনা কিন্নাছে; মহানগরীয় পথে ঘাটে বাটাতে বাটাতে আনক্ষমনি ধ্বনিত হইনাছে, বাদ্য ও গীতধ্বনি শক্তিত হইনাছে। রাজপথে আবাদ বৃদ্ধ বনিতা, কি ইতর, কি ভদ্র, কি শিশু, কি ব্বা, সকলেই নিশীর জ্যোতের ন্যায় গমনাগমন করিনাছে; নিভান্ত দ্বিদ্রেও এক খানি নৃতন বস্ত্র পরিয়া বড় আনন্দ লাভ করিনাছে। দেবীয় উৎসব্ধানি অদ্য এই মহানগরীকে পুল্কিত ও কম্পিত করিনা ক্রমে নিস্তন্ধানি অদ্য এই মহানগরীকে পুল্কিত ও কম্পিত করিনা ক্রমে নিস্তন্ধানি হলৈ।

তাহার পর ভাতা ভাতার সহিত, বন্ধু বন্ধুর সহিত, পুত্র মাতার নিকট, সকলে প্রণাম বা নমস্বার, আশীর্কাদ বা আলি-ঞ্চন দারা সকলকে তৃথি করিল। বোধ হইল যেন জগতে আজি বৈরভাব তিরোহিত হইয়াছে, বেন শক্র শক্রকে ক্যা করিল, অপরাধগ্রস্ত অপরাধীকে ক্ষমা করিল। মুম্ব্য হৃদরের प्रकृमात मत्नावृञ्जिल कृति পाইल, नवा, नाकिना, कमा ও বাৎসল্য অদ্য বাঙ্গালীর হৃদয়ে উথলিতে লাগিল। শরতের স্থন্য জ্যোৎসাতে রাজপথে আনন্দের লহরী, সৌজন্তের नहती, ভानवामात नहती वहित्व नाशिन। मःमात्त्र नौना-থেলা দেখিতে দেখিতে আমরা অনেক শোকের বিষয়, অনেক ছঃথের বিষয়, অনেক পাপ ও প্রবঞ্চনার বিষয় দেখিয়াছি,-নিষ্ঠর লেখনীতে সেগুলি লিপিবদ্ধ করিয়াছি। অদ্য এই পুণ্য बक्क नीटि करनक माँ जारेबा वरे स्थ नहती तिथिनाम. क्रम्ब ভুষ্ট হইল, শরীর পুলকিত হইল। এ রজনীতে যদি কোন অপবিত্রতা থাকে, কোন্তু পাপাচরণ অনুষ্ঠিত হয়,—তাহার উপর যবনিকা পাতিত কর,—সেগুলি আজ দেখিতে চাহি না।

রাত্তি দেড় প্রইবের সময় "বিন্দু রারাঘরে ভাত থাইরা উঠিলেন। ছেলে ছইটা ঘুমাইরাছে, স্থা ঘুমাইরাছে, হেমবার্থ শুইরাছেন, ঝিও বাড়ী গিরাছে, বিন্দু সদর দরজায় খিল দিরা নীকে একাকী ভাত খাইলেন, ও উঠিয়া আচমন করিলেন। এমন সময় কপাটে একটা শক শুনিলেন, কে যেন আন্তে আন্তে খা মারিল।

এত রাত্রিতে কে আসিয়াছে ? বিন্দু একটু ইতস্ততঃ করিতে লাগিলেন, আবার শব্দ হইল। কে গা ? দরজায় কে দাঁড়িয়ে গা ? কোনও উত্তর আসিল না, আবার শব্দ হইল।

বিন্দু কি উপরে গিয়া হেমকে উঠাইবেন ? হেম আজ 
অনেক হাঁটিয়াছেন, অভিশয় প্রান্ত হইয়া নিদ্রিত হইয়াছেন।
বিন্দু সাহসে ভর করিয়া আপনি গিয়া দরজা খুলিয়া দিলেন।
লোকটীকে দেখিয়া প্রথমে চিনিতে পারিলেন না, পর মুহুর্কেই
চিনিলেন, শরৎচক্র !

কিন্তু এই কি শরংচন্দ্রের রূপ ? বড় বড় লম্বা লম্বা রুশ্ম চুল আসিরা কপালে ও চন্দুতে পড়িরাছে, চন্দু ছটী কোটর-প্রবিষ্ট, কিন্তু ধক্ করিরা জ্ঞানিতেছে, মুখ অতিশর শুদ্ধ ও অতিশর গন্তীর, শরীরধানি শীণ হইরাছে, একধানি মরলা একলাই মাত্র উত্তরীয়।

উভয়ে ভিতরে আসিলেন,—শরৎ বলিলেন,—

বিন্দ্দিদি, অনেক দিন আসিতে পারি নাই, কিছু মনে ক্রিও না, আজ বিজয়ার দিন প্রণাম, করিতে আসিলাম।

বিন্দু। শরৎ বাবু বেঁচে থাক, দীর্ঘজীবী হও, তোমার বে থা হউক, হথে সংসার কর, এইটী বেন চকে দেখিয়া যাই। ভাইকে আর কি আশীর্মাদ করিব ?

বিন্দুর ক্ষেহ-গর্ভ বচনে শরতের চকু দিয়া জল পড়িড়ে লাগিল, শরং কোনও উত্তর করিতে পারিলেন না, বিন্দুর পা ছটী ধরিয়া প্রণাম করিলেন। বিন্দু অনেক আশীর্কাদ করিয়া তাঁহাকে হাত ধরিয়া তুলিলেন। পরে বলিলেন,—

শর্ৎ বাবু, ভূষি অনেক দিন এথানে আইস নাই, তাহাতে এসে বায় না, প্রতাহ তোমার ধ্বর পাইতাম, জানিতাম আমাদের কোনও বিপদ আপদ হইলেই তুমি আসিবে। কিন্তু
এমন করে কি লেখাপড়া করে ? লেখাপড়া আগে না শরীর
আগে ? আহা তোমার চকু হুটী বসিয়া গিয়াছে, মুখবানি
ভথাইয়া গিয়াছে, শরীর জীণ হইয়াছে, এমন করে কি দিন
রাত জেগে পড়ে ? শরংবাবু তুমি বৃদ্ধিমান ছেলে, তোমাকে
কি ব্যাইতে হয় ? তোমার বিন্দুদিদির কথাটী রাখিও, রাত্রিভে
ভাল করে ঘুমাইও, দিনে সময়ে আহার করিও, জোমার মত
ছেলে পরীক্ষায় অবশ্য উত্তীর্ণ হইবে।

শরতের শুক্ষ ওঠে একটু হাসি দেখা গেল। তিনি ধীরে ধীরে বলিলেন,—বিল্দিদি, পরীক্ষা দিতে পারিলে কি জীবনের স্লখর্দ্ধি হয় ? হেমবাবুর সত স্লখী লোক জগতে কয়জন আছে ?

বিন্দ্। তবে পরীক্ষার জন্ম এত চিস্তা কেন ? শরীর মাট করিতেছ কেন ?

় শরং। পরীক্ষার জয়ত এক মুহূর্তও চিন্তা করি না। বিশ্ব। তবে কিসের চিন্তা?

শরং উত্তর দিলেন না, বিন্দুরক রকের উপরে বসাইলেন, আপনি নিকটে বসিলেন, বিন্দুর ছই হাত আপন হস্তে ধারণ করিয়া মাথা হেঁট করিয়া রহিলেন, ধীরে ধীরে বড় বড় অঞ্জ-বিন্দু সৈই শার্ণ গগুন্থন বহিয়া বিন্দুর হাতে পড়িতে নাগিল।

বিন্দু। এ কি শরৎ বাবু! কাঁদ্ছ কেন ? ছি, তোমার কোনও কট হয়েছে ? মনে কোন যাতনা হয়েছে ? তা আমাকে বল্ছ না কেন ? শরৎ বাবু, ছেলেবেলা । থেকে ভোমার মনের কোনু কথাটী বল নাই, আমি কোনু কথাটী তোমার কাছে লুকাইরাছি? এত দিনের স্বেহ কি আৰু ভূলিলে, তোমার বিন্দুদিনিকে কি পর মনে করিলে?

শরং। বিন্দুদিদি, যে দিন তোমাকে পর মনে করিব সে
দিন এ জগতে আমার আপনার কেহ থাকিবে না। আমার
মনের যাতনা তোমার নিকটে লুকাইব না, আমি হওভাগা,
আমি পাপিঠ।

বিন্দু দেখিলেন, শরতের দেহ থর থর করিয়া কাঁপিতেছে, নয়ন অগ্নির স্থায় জালিতেছে, বিন্দু একটু উবিয় হইলেন, ধীরে ধীরে বলিলেন,—শরৎ বাবু, তোমার মনের কথা আমাকে বল, নজোচ করিও না।

শরং। আমার মনের কথা জিজাসা করিও না, বিশুদিদি, আমি ঘোর পাপিষ্ঠ, আমার মন পাপ চিন্তার ক্ষবর্ণ। বছুর গৃহে আসিরা আমি অসদাচরণ করিয়াছি, ভগিনীর প্রণরের বিষমর প্রতিদান করিয়াছি। বিশুদিদি, আমার হৃদয়ের কথা জিজ্ঞাসা করিও না, আমার হৃদয় ঘোর কলকে কলভিত!

শরৎ বিদ্র হাত ছটী ছাড়িয়া দিয়া ছই হত্তে বিদ্রুর ছই বাছদেশ ধরিলেন, এত বলের সহিত ধরিলেন যে বিদ্রুর সেই ছুর্বল কোমল বাছ রক্তবর্ণ হইয়া গেল। শরতের সমস্ত শরীর কাপিতেছে, নরন হইতে অধিকণা বহির্গত হইতেছে।

বিন্দু শরৎকে এরপ কথনও দেখেন নাই, তাঁহার মনে সন্দেহ হইল, ভর হইল। সেই আদর্শচরিত্র প্রাভ্সম শরৎ কি মনে কোনও পাপ চিন্তা ধারণ করে? তাহা বিন্দুর স্থায়েরও অগোচর। কিন্তু আদ্য এই নিন্তুর রাজিতে সেই ক্ষিপ্তপ্রায় মুবককে দেখিয়া সেই নিরাশ্রর রমণীর মনে একটু ভর হইল। প্রত্যুৎপশ্নমতি বিন্দু সে ভগ গোপন করিয়া স্পষ্টস্বরে বলিলেন,—

শরৎ বাব্, তোমাকে বাল্যকাল হইতে আমি ভাই বলিয়া জানি, ভূমি আমাকে দিদি বলিয়া ডাকিতে; দিদির কাছে স্বাভা যাহা বলিতে পারে নিঃসঙ্কচিত চিত্তে তাহা বল।

শরং। আমি যে অসদাচরণ করিয়াছি, যে পাপ চিন্তা মনে ধারণ করিয়াছি, তাহা ভগিনীর কাছে বলা যায় না, আমি মহাপাণী।

বিন্দু সরোষে বলিলেন,—তবে আমার কাছে সে কথা বলিবার আবশ্যক নাই, আমাকে ছাড়িয়া দাও, ভগিনীকে স্থান করিও।

শরং বিন্দ্র বাছদ্বর ছাড়িরা দিলেন, আপনার মুখখানি বিন্দ্র কোলে লুকাইলেন, বালকের ন্যায় অজল রোদন করিতে লাগিলেন।

বিন্দু কিছুই ব্ঝিতে পারিলেন না। শিশুর ন্যার বাহার
নির্দান আচরণ, শিশুর ন্যার যে পদতলে পড়িয়া কাঁদিতেছে,
সে কি পাপ চিস্তা ধারণ করিতে পারে ? ধীরে ধীরে শরতের
মূধধানি তুলিলেন, ধারে ধীরে আপন অঞ্চল দিরা তাঁহার
নরনবারি মুছাইয়া দিলেন, পরে আন্তে আত্তে বলিলেন,—

শরৎ, তোমার হৃদয়ে এমন চিস্তা উঠিতে পারে না, যাহা আমার শুনিবার অযোগ্য। তোমার যাহা বলিবার বল, আমি শুনিতেছি।

শরং। জগদীখর তোমার এই দরার জন্য তোমাকে স্থী করুন। বিন্দুদিদি, আর একটা সভরদান কর, বহি

আমার প্রার্থনা বিফল হয়, প্রতিজ্ঞা কর, তুমি এ কথানী काशादक अवित्व ना। आमात भाभ हिसा आमात कीवतनक স্থিত শীঘ্ৰ লীন হইবে, জগতে যেন সে কথা প্ৰকাশ না হয়।

বিন্দ। তাহাই অঙ্গীকার করিলাম।

मत् उथन मूहार्खत बना हिला कतितान, हुई इस बाता कमरत्रत्र উष्ट्या राम वन्न कतिवात राष्ट्री कतिराम, जाहात भन আবার বিন্তু হাত হুটা ধরিয়া, তাঁহার চরণ পর্যান্ত মাথা नमारेबा, जम्ह देखरत कहिरतन, "भूगाश्रमश्री, नतना विधवा স্থার সহিত আমার বিবাহ দাও।" বিন্দু তথন এক মৃহর্তের মধ্যে ছয় মাসের সমস্ত ঘটনা ব্ঝিতে পারিলেন, তাঁহার মাথাৰ আকাশ ভাঙ্গিয়া পডিল।

শরং তথন ক্লিষ্ট স্বরে বলিতে লাগিল,—বিলুদিদি, আমি মহা-পাপী। ছয়মাস হইল, যে দিন স্থাকে তালপুখুরে দেখিলাম সেই দিন আমার মন বিচলিত হইল। পুত্তক পাঠ ভিন্ন অন্য ব্যবসা আমি জানিতাম না. পুস্তকে ভিন্ন প্রণন্ন আমি জানিতাম না, मिन (मरे मत्रमञ्जन प्रांत नावरण विकृषिका, विकास क्रिका क्रिक বংসরের বালিকাকে দেখিল আমি ফদয়ে অনকুভূত ভাষ অমুভব করিলাম। কালে সেটা তিরোহিত হইবে আশু ক্রিয়াছিলাম, কিন্তু দিন দিন ক্লিকাতার অধিক বিষ পান করিতে লাগিলাম, আমার শরীর, মন, আয়া কর্জিরিত হইল। বিশুদিদি, ভূমি সরল হৃদরে আমাকে প্রত্যহ তোষার বাটীতে আসিতে দিতে, হেমবাবু জোষ্ঠ লাতার স্থায় সেহ क्रिया आमारक आमिएड पिरडम, आमि अपरत कांगक्ष शांत्र कृतिया. भाभ हिस्रा शांत्रम कृतिया, नित्न नित्न এই পरित्र

দংসারে আসিভাম। জগদীখর এ মহাপাপ, এ মহা প্রতা-त्रण कि क्या कतिरवन ? विन्तिमि, ज्ञि कि क्या कतिरव ? স্থার পীডার পর যথন প্রতাহ তাহাকে সান্তনা করিতে আদিতাম, অনেককণ বদিয়া হুই জনে গল্প করিতাম, অথবা আকাশের তারা গণিতাম, তখন আমি জ্ঞানশুনা হইয়া ষে কি পাপ চিম্তা করিতাম, বিলুদিদি, তোমাকে কি বলিব! आमात विवाह हहेरत. এकति मःमात्र हहेरत. लावगुमत्री स्था দে সংসারে রাজ্ঞী হইবে, আমার জীবন স্থধামর করিবে, এই চিম্ভা আমাকে পূর্ণ করিত, এই চিম্ভা আকাশের নক্ষত্তে পাঠ করিতাম, এই চিন্তা বায়ুর শব্দে প্রবণ করিতাম। প্রতাহ আদিতে আদিতে আমি প্রায় জ্ঞানশূর্য হইলাম, তথন হেম ৰাৰু আমার পাঠের ব্যাঘাত হইতেছে বলিয়া একদিন কয়েকটা উপদেশ দিলেন। তথন আমার জ্ঞান আসিল, পাঠ্য পুত্তক ও পরীকা চিতার আগতে দম হউক.—কিন্ত যে উৎকট বিপদে श्रामि পড়িয়াছি, পাছে সরলচিত্তা স্থধা সেই বিপদে পড়ে, এই ভর সহসা আমার হৃদয়ে জাগরিত হইল, আমি সেই অবধি এ পুণ্য-সংসার ত্যাগ করিলাম। "স্থাকে না দেখিয়া আমিও जारात हिंछ। जुनिय मत्न कतियाहिनाम,-किन्छ तम तुथा चाना ! विक्षिति. तम भाभ हिन्दा ज्विवात खना चामि कहे मान विवधि প्रानिशत किहा कतिशाहि, किस तन तथा किहा নদীর স্রোভ হস্ত ধারা রোধ করিবার চেষ্টার ন্যার। আবি পাঠে মন রত করিতে চেষ্টা করিয়াছি, নাট্যশালার ঘাইরা নে চিন্তা ভূলিতে চেষ্টা করিয়াছি, আমার সহপাঠীদিগের সহিত মিশিরাছি, গীত বাদ্য শুনিতে গিরাছি, কিন্তু সে কান্দ চিন্তা ভূলিতে পারি নাই। ঘরের দেরালে, নৈশ আকাশে, আমার পুস্তকের পংক্তিতে পংক্তিতে, নাট্যশালার, নাট্যাভিনরে, সেই অনিন্দনীর মুখমণ্ডল দেখিতাম;—রাত্রিতে সেই আনন্দ-মরী মূর্ভির স্বপ্ন দেখিতাম। বিন্দ্দিদি, এ ছই মাদের কথা আর বলিব না, পথের কাঙ্গালীও আমা অপেক্ষা সুখী।

বিন্দ্দিদি, আমার মনের কথা তোমাকে বলিশাম, আমাকে ঘুণা করিও না, আমাকে মহাপাপী বলিয়া দূর করিয়া দিও না। আমি পাপিষ্ঠ, কিন্তু তুমি ঘুণা করিলে এ জগতেকে আমাকে একটু স্নেহ করিবে,কে আমাকে স্থান দিবে? আবার শরতের শীণ গওডল দিয়া নয়ন বারি বহিতে লাগিল।

বিন্দু দির হইয়া এই কথা গুলি গুনিলেন, কি উত্তর দিবেন ? শরতের প্রস্তাব পাগলের প্রস্তাব, কিন্তু দে কথা বলিলে হয় ত এই ক্ষিপ্তপ্রায় যুবক আছেই আত্মঘাতী হইবে। বিন্দু ধীরে ধীরে শরতের চকুর জল মুছাইয়া দিয়া বলিলেন,—

ছি শরং বাবু, আপনাকে এমন করে ক্লেশ দিও না, আপনাকে ধিকার করিও না। তামাকে ছেলে বেলা থেকে আমি ভাইয়ের মত মনে করি, তামাকে কি আমি ঘণা করিতে পারি ? এতে ঘণার কথা ত কিছুই নাই, কেন আপনাকে মহাপাপী বলিয়া ধিকার করিতেছ। তবে বিধবা বিবাহ আমাদের সমাজে চলন নাই, তা এরপ বিবাহ হয় কি না বাবুকে জিজ্ঞাসা করিব, যাহা হয় তিনি ব্যবহা করিবেন। তা ভূমি আপনাকে এরপে ক্লেশ দিও না, তোমার এ কথার বাবুর মাহাই মত হউক না কেন্, তোমার প্রতি আমাদের সেহ এ জীবনে তিরোহিত হইবে না।

শরং। বিন্দ্দিদি, ভোষার মুখে পুশাচন্দন পড়ুক, ভূষি আমাকে যে এই দয়া করিলে, আমাকে যে আজ ঘুণা করিয়া ভাড়াইয়া দিলে না, এ দয়া আমি জীবন থাকিতে বিশ্বত হইব না।

বিন্দ্। শরৎ বাব্, তোমার বোধ হয়, আজ রাত্রিতে এখনও থাওয়া দাওয়া হয় নাই, কিছু থাবে ? একটু মুখটুক ধোও না? বাব্র জন্য আজ ফুচি করেছিলাম, তার থানকভ আছে। একটী সন্দেশ দিয়ে থাবে ?

শরং। নাদিদি আজ কিছু ধাইব না, থাদো আমার রুচি নাই। বিন্দু। ভবে কাল স্কালে একবার এস, বাবুর সঙ্গে এ বিষয়ে প্রামর্শ করিও।

শরং। ক্ষমা কর, এ বিষয়ে হেমবাব্ বাহা বলেন, আমাকে বলিও, তাহার পূর্ব্বে আমি হেম বাবুর কাছে মুখ দেখাইতে পারিব না।

বিন্দু। তা কাল না আসিলে নেই, কিন্তু মধ্যে মধ্যে এস, এমন করে আপনাকে কঠ দিলে অন্তথ করিবে যে।

শরং। দিদি ক্ষমা কর, এ বিষয় নিপ্সন্তি না হইলে আদমি স্থার কাছে মুখ দেখাইব না। দেখিও বিদ্দদি, একথা বেন স্থার কাণে না উঠে, তাহার মন যেন বিচলিত না ইয়। আমার আশা যদি পূর্ণ না হয়, জগতে একজন হতভাগা থাকিবে, আর একজনকে হতভাগিনী করিবার আবশুক নাই।

বিন্দু। তা তবে এ বিষয়ে বাবুর যা মত হয় তাহা ভোমাকে শিখিয়া পাঠাইব। শরং। না দিদি, পত্রে এ কথা দিখিও না, আমি আপনি আসিরা তোমার নিকট জিজ্ঞাসা করিয়া যাইব। কবে আসিব বল, আমার জীবনে বিধাতা স্থ<sup>®</sup> দিখিয়াছেন কি ছ:ধ দিখিয়াছেন কবে জানিব বল।

বিন্দু। শরৎ বাবু, এ কথা ত ছই একদিনে নিশান্তি হয় না, অনেক দিক দেখতে হবে, অনেক পরামর্শ করতে হবে! তা তুমি দিন ১৫। ১৬ পরে এস।

শরং। তাহাই হউক। আমি কালীপূজার রাত্তিতে আবার আসিব, এ কয়েকদিন জীবনাত হইয়া থাকিব।

### একবিংশ পরিচেছদ

#### মেরে মহলের মতামত।

শরৎ বাবু যেই বাটী হইতে বাহির হইয়া গেলেন, অমনি
দেবী বাবুর বাড়ীর একটা ঝি ঠাকুরের প্রসাদ এক থাল ফল ও
মিষ্টার লইয়া আসিল। ঝি থাল নামাইয়া বলিল,—মাঠাককণ
তোমাদের জন্য এই ঠাকুরের প্রসাদ পাঠিয়ে দিয়েছেন গো!
অনেক বাড়ীতে যেতে হয়েছিল তাই আসতে একটু রাজু
হইল।

বিন্দ্। থাল রাথ বাছা, ঐ রকে রাখ, কাল আমানিক ঝিকে দিয়া থালা পাঠাইয়া দিব।

ৰি রকের উপর থাল রাখিল। গার কাপড় খানা একটু টানিয়া,গায়ে দিয়া একটু মৃথ ফিরিয়া দাঁড়াইয়া, গালে একটা আঙ্গুল দিয়া মৃচ্কে মৃচ্কে হাসিতে লাগিল। বিন্দ্। কি লো কি হয়েছে? তোদের বাড়ীতে পৃঞ্জার কোন তামাসা টামাসা হয়েছে নাকি, তাই বলতে এসেছিদ?

ঝি। ইঁগা তামানাই বটে, ভদর নোকের ঘরে হইলেই ভামানা, আমাদের ঘরে হইলেই নোকে পাঁচ কথা কয়!

विन्। कि ला, कि जामाना, काथात्र श्रव्ह ?

ঝি। না বাপু, আমরা গরিব গুরবো নোক, আমাদের দে কথার কাষ কি বাপু। তবে কি জান, নোকে এ সব দেখলেই পাঁচ কথা কর।

विम्। कि (मथनि (त, एडक्स्टे वन ना।

ঝি আর একবার কাপড়টা সোর করে নিয়া আর একটু মৃচ্কে হাসিয়া বলিল—বলি ঐ ছোড়াটা এত রাভিরে বেরিয়ে গেল, ও কে গা?

বিন্দু একটু ভীত হইলেন। সদর দরজাটা এতকণ খোলা ছিল, ঝি কি দাঁড়িয়ে দাঁড়িয়ে শরতের কথা গুলি ভনিয়াছে? একটু কুদ্ধ হইয়া বলিলেন,—

ভূই কি চথের মাথা থেয়েছিল? শরৎ বাবু এদেছিলেন চিন্তে পারিস নি ? তুই কি আজ নেক্রা কর্তে এদেছিল?

ঝি। না চথের মাথা থাই নি গো, শরং বাবু তা চিনেছি।
তা ভদর নোকের ছেলে কি ভদর নোকের মেয়ের সঙ্গে
অমনি করে হাত কাড়াকাড়ি করে ? জানি নি বাবু তোমা-দের পাড়াগাঁরে কি নিয়ম, আমি এই উনত্রিশ বছর কলকেতার চাক্রি কর্ছি, কৈ এমন ধারাটী দেখি নি। তা ভদর নোকের কথার আমাদের কাম কি বাবু? আমরা ছবেলা ছপেটে থেডে পাই তাই ভাল, আমাদের ও সব কথার কাম কি?

দেবীবাবুর বাড়ীর ঝি গুলা বড় বেয়াড়া তাহা বিলু পূর্বে লক্ষ্য করিয়াছিলেন, কিন্তু অদ্য এই ঝির এই বিদ্রূপপূর্ণ অঙ্গ ভঙ্গী ও কথা শুনিয়া মন্মান্তিক ক্রদ্ধ হইলেন। কিন্তু ক্রোধে व्यात्र व्यानिष्ठं रहेरत कानिया जारा मसत्र कतिया करिल्न.-

ও কি জানিস ঝি. শরৎ বাবুর মা ত বিয়ে দেয় না, তাই বাসায় একলা থেকে বই পড়ে পড়ে পাগলের মত হয়ে গিয়েছে, কি বলে. কি কয়, তার ঠিক নেই।

ঝি। হাঁা গা তা শরৎ বাবু পাগলই হউক আর ছাগলই হউক পরের বাড়ী এমে উৎপাত করে কেন ? বিয়ে-পাগলা হয়ে থাকে একটা বিষে করুক গিয়ে. তোমাকে এসে টানা-টানি করে কেন ? তোমাকে বিয়ে করতে চায় ন।কি ?

বিন্দ। ছর পোড়ামুখী! তোর মুখে কি কথা আট-কায় না লাণ যা মুখে আদে তাই বলিস? শরং বাবু একটা মেয়েকে দেখেছেন তার সঙ্গে বিয়ে করতে চায়। তা শরং বাবু দে কথা বাড়ীর কাউকে বলতে পারে না, লজ্জা করে, তাই আমার কাছে বলতে এসেছিল।

ঝ। সেকে গা? কোন মেয়েটা?

विन्ता जा जनवि এथन, मश्रक यनि किंक इस टांबा मकाहे जानवि ।

बि। हैं। गी, जांत नुकाल हनत तकन श्रामल कि আর কিছু জানিনি গা ? আমরা ত আর বুড়ো হাবড়া হই নি, চক্ষের মাথাও খাই নি. কানের মাথাও খাই নি। ঐ বে स्था ऋषा करत्र टिंहिरत्र भत्र वांव् काँमिहिलान, रान स्थात जना বুক ফেটে যাচ্ছিল, তা কি আর ওনিনি গা ? এ কথা তোমরা

বলবে কেন ? এ কথা কি ভদর নোকে বলে, না কেউ কখনও ভনেছে। বিধবার আবার বিয়ে ? ও মা ছি!ছি!ছি!ভদর নোককে দণ্ডবৎ, আনাদের বরে এমন কথাটা হইলে তাকে একঘরে করে। ও মাছি!ছি!এমন কলঙ্কের কথা কি কেউ কোথাও ভনেছে; এ ভদরের ঘর ? মুচি মুচুনমানের ঘরে ত এমন কথা কেউ ভনে নি। ও মাছি!ছি!ছি! ও মা অবাক্ কলে মা, ও মা কোথা বাব মা—ইত্যাদি ইত্যাদি।

বিন্দু এবার যথার্থ ই ভীত হইলেন। বড় মান্নুষের ঘরের গর্কিণী মন্দভাষিণী বি ষতক্ষণ তাঁহার উপর ব্যক্ত করিতেছিল ততক্ষণ বিন্দু হত করিয়াছিলেন, কিন্তু স্থধার নামে এ কলক্ষরটাইবে ভাবিয়া বিন্দু হতজ্ঞান হইলেন। শরতের পাগলামী প্রস্তাবে তিনি কথনই সন্মত হইবেন না স্থির করিয়াছিলেন, কেন্তু বিধবার নামে সামান্য মিথ্যা কলক্ষও বড় ভয়ানক, মিথ্যা সত্য কেহ ভাবে না, কলক্ষ চারি দিকে বিস্তৃত হয়, অপনীত হয় না।

বৃদ্ধিমতী বিন্দু তথন একটু চিন্তা করিয়া বাক্স হইতে একটা টাকা বাহির করিলেন। স্লন্য দিন দেবী বাবুর বাটা হইতে থাবার আসিলে ঝিদের ছই আনা পর্যা দিতেন, অদ্য সেই টাকাটা ঝিয়ের হাতে দিয়া বলিলেন,—

খি, তুই দেবী বাবুর বাড়ীতে অনেক দিন আছিস, পৃজার সময় তোকে আর কি দিব, এই একটী টাকা নিয়ে যা, এক ধানা নৃতন কাপড় কিনিস। আর শরৎ যে পাগলের মত কথা গুলা বলিয়াছে, সে কথা আর কাউকে বলিস নি। আজ দশমীর দিন, বোধ হয় কোথাও সিদ্ধি থেয়ে এসেছিল, তাই পাগলের মত বকেছিল। তা পাগলের কথা কি ধরিতে আছে, ভদ্র ঘরে এমনপ্ত কি হয়, আমাদের একটু মান সম্রমও আছে. শরং বাবুর ও মা আছেন, বোন আছেন, এমন কামও কি হয়ে থাকে ? তা পাগলের কথা যা শুনেছিদ্ শুনেছিদ্, কাউকে বলিস নি বাছা, এ পাগলামি কথা যেন কেউ টের পায় না।

চক্চকে টাকাটী দেখিয়া ঝির মত একটু ফিরিল, ( অনে-কেরই ফেরে, ) সে বলিল,—

তা বৈ কি মা, পাগলের কথা কি ধর্তে আছে না বল্তে আছে ? শরৎ বাবু একটু নিদ্ধি থেয়েছিলেন বই ত নয়, এই আমাদের বাড়ীর ছেলেরা বে বোতল বোতল কি আনাচ্ছে আর থাছে। আর কি বা আচরণ! রাত্রিতে বাড়ী থাকে না, বাপ মাকে একটু ভয় করে না, নজ্জা করে না। এখনকার সব অমনি হয়েছে গো, তা এখনকার ছেলেদের কণা কি ধর্তে আছে ? শরৎ বাবু যা বলেছে বলেছে, তা সে কথা কি আমি মুধে আন্তে পারি, না কাউকে বল্তে পারি ? কাউকে বল্ব না মা, তুমি কিছু ভেবো না।

ঝি তুই হইয়া বাড়ী হইতে বাহির হইল। বলা বাছলা বে মুহুর্ত্তের মধ্যে তারের সংবাদ বেমন জগতের এক প্রান্ত হইতে অন্য প্রান্ত পর্যান্ত ভ্রমণ করে, বিন্দুর বাড়ীর কথা সেই রাত্তিতেই সেইরূপ ভবানীপুর, কালীঘাট, কলিকাতা অতিক্রম করিল। প্রদিন প্রাতে চি চি পড়িয়া গেল।

দেবী বাবুর মহিষী পরদিন পা ছড়াইয়া তেল মাধিতে মাধিত্বে এই কলঙ্ক কথা শুনিয়া একেবারে ভেক দর্শনে সর্পেব ন্যায় কোঁস করিয়া উঠিলেন।

হাঁ৷ গা, তা হবে না কেন গা, তা হবে না কেন? এখন ত আর ভদ্র ইতরে বাছ বিচার নাই, যত ছোট লোক পাড়া গাঁ থেকে এনে কার্যেত বলে পরিচয় দেয়, অমনি কায়েত হয়ে যায়। ওদের চোদ্দ পুরুষে কেউ কায়েতের দঙ্গে ক্রিয়া কর্ম করেছে, না কায়েতের মান রাথতে জানে? ওদের সঙ্গে আবার খাওয়া দাওয়া।—মিন্সের ঘটে ত বদ্ধি নাই তাই ওদের সঙ্গে, চলা ফেরা করে। দেব এখন আজু মিন্সেকে इक्था खनाहेरा, आपनात मान मर्गाना जातन ना, जाति , ट्रोटम कर्य इटब्रह्म, यांत्र जात महन्न ठला दकता करता। ওগো আমি তগনই ব্ৰেছি গো তথনই ব্ৰেছি, যথন ভবানীপুরে এসে আমাদের সঙ্গে দেখা করিতে বার হয় না, ডেকে পাঠাতে হয়, তথনই বুঝেছি কেমন কায়েত। আর সেই অবধি আর আসা হয় নি, জাঁক কত, ঐ বিধবা ছুঁড়ীটাকে আবার পাড়ওলা কাপত পরান হয়, কত আদর করা হয়। তাহবে নাণ এ সব হবে নাণ যেমন জাত, তেমনি আচরণ. राष्ट्री मूहीरमत चरत आंत्र कि रूरत ? थे रव मूहनमानरमत বিধবার নিকে হয় না ? এ তাই লো তাই।

শুনীর মা। (গৃহিণীর ব্যথার জন্য বুকে ও হাতে ঘন ঘন তৈলা মার্জন করিতে করিতে) তা নাত কি বন্ ওরা আবার কায়েত! কায়েত হলে বিধবাটাকে অমনি করে রাথে। ও মা ঐ ছুঁড়ীটা আবার একাদশীর দিন জল টল থায়, গায়ে তেল মাথে, মাছ না হলে ভাত থাওয়া হয় না, ছি! ছি! ছি! এই আজ একাদশী, কেউ বলুক দেখি যে স্কাল থেকে একটু জল গ্রহণ করেছি।

বামীর মা। (গৃহিণীর চুলে তেল মাধাইতে মাধাইতে,)
"আবার স্থত্ তাই'? আবার গাড়ী করে ঐ ছুঁড়ীটাকে বেড়াতে
নিরে যাওয়া হয়, শরৎ বাব্ আবার ওটাকে নাকি রোজ রোজ
দেখতে আসে! ছি! ছি! লজ্জার কথা, লজ্জার কথা।

গৃহিণী। অমন মেয়েকেও ধিক্! মেয়ের মাকেও ধিক্! অমন মেয়ে কি গর্ভে ধারণ করে? অমন মেয়ে জনালে মুখে ন্ন দিয়ে মেরে ফেল্তে হয়। বিধবা হয়েছে তবু লজ্জা নেই, মাথার কাপড় খুলে শরতের সঙ্গে ছাতে বেড়ান হয়, শরতের জন্য মিস্রিরপানা করে পাঠান হয়! তা শরৎ বাবুর কি দোষ বল ? পুরুষের মন বৈ ত নয়, তাতে আবার বিয়ে থা হয় নি, ছটো বোনে অমন করে ছেলে মায়ুষকে ভোলালে সে আর ভূল্বে না ? অমন মেয়ের মুখ দেখতে আছে ? ঝেঁটা মার, ঝেঁটা মার!

এইরপে গৃহিণীও তাঁহার দক্ষিনীদিগের স্থমিষ্ট কণ্ঠধননি ক্রমে দপ্তমে চড়িতে লাগিল, বিন্দুর মা, বিন্দুর বাপ, বিন্দুর চড়ুর্দদ পুরুষ অবধি যাবতীয় পুরুষ স্ত্রীর বিশেষ স্থতিবাদ করা হইল, রোষে গৃহিণীর বুকের স্থাগাটা বড়ই বাড়িল, ঘন ঘন কবিরাজ আসিতে লাগিল, সন্ধার সময় বাবু আপিস থেকে আসিয়া গৃহিণীর পীড়া দেখিতে আসিয়া যেরূপ মধুর আলাপ শ্রবণ করিলেন, মন্থ্য ভাগো সেরূপ কদাচ ঘটে।

গৃহিণীর গলার শব্দ শুনিয়া ঝি বৌরা পাতকোতলায় জড় সড় হইরা কানা কানি করিতে লাগিল।

প্রথম। কি লো কি হয়েছে, অত চেঁচাচেঁচি কেন ? দ্বিতীয়া। অলো তা শুনিস নি, তবে শুনিছিস কি ? প্রথমা। ওলোকি লোকি ?

ছিতীয়া। ওলো ঐ যে হেম বলে পাড়াগাঁ থেকে এসেছে, সেই তার স্ত্রী আর শ্যালী আমাদের বাড়ী একদিন এসেছিল, তা সেই শালী নাকি বিধবা, তার আবার শরৎ বাব্র সঙ্গে বিষে হবে।

ভূতীয়া। দূর পোড়াকপালী! তাও কি হয় লো, বিধবার স্মাবার বিয়ে হয় ?

দ্বিতীয়া। তা হবে না কেন, ঐ যে বিদ্যাসাগর বলে বড় পণ্ডিত আছে, ঐ যার সীতার বনবাস তুই সে দিন পড়ছিলি, ঐ সেই নাকি বলেছে বিধবার বিয়ে হয়। সে নাকি কয়েকজন বিধবার বিয়ে দিয়েছে।

চতুর্থা। সে ত বড় রসের সাগর লো, বিধবার আবার বিয়ে দেয় ? তা বিধবা যদি বুড়ী হয় তবুও বিয়ে হয় ?

দ্বিতীয়া। তাহবে না কেন, ইচ্ছে করলেই হয়।

চতুর্থা। তবে শামীর মা আর বামীর মা কি দোষ করেছেন, চুরি করে ছদ টুকু খান, মাচ টুকু খান;—তা বিদ্যাসাগরকে বলে বিয়ে করণেই হয়, আর কিছু লুকোতে - সুরোতে হয় না।

প্রথমা। চুপ কর লো চুপ কর, এখনই ভন্তে পেলে বোকে ফাটিয়ে দেবে। তা শরৎ বাবু ভনেছি ভাল ছেলে, তিনি এমন করেন কেন ?

ছিতীয়া। আর ভাল ছেলে, বলে যার সঙ্গে যার মজে মন, কিবা হাড়ী কিবা ডোম! ভাল ছেলে হলে কি হয়, ফুট্ফুটে মেয়েটী দেখেছে মন ভূলে গেছে। তৃতীয়া। ইাা দিদি, সে হেমবাব্র শালীর বয়স কত গা।
দিতীয়া। বয়সও ১৩১৪ বংসর হুয়েছে, দেখতেও ফুল্বর,
হেসে হেসে শরং বাব্র সঙ্গে কথা কয়, মিপ্রির পানা খাওয়ায়,
তার সঙ্গে না জানি কি খাওয়ায়, তাতে আর শরং বাব্ ভ্লবে
না ? হাজার হোক পুরুষের মন ত।

চতুর্থা। তবে শরৎ বাব্র সঙ্গে সে মেয়েটার অনেক দিনের আলাপ ?

ষিতীয়া। তবে আর শুনছিদ কি, এ রসের কথা বুঝলি কি ? আলাপ দেই পাড়া গাঁ থেকে। কি জানি বাবু সেখানে কি হয়েছে, না জেনে শুনে পরের নিন্দা করা ভাল নয়, কিন্তু কলিকাতায় এদে বে ঢলনটা ঢলিয়েছে তা আর ভবানীপুরে কে না জানে ? ওলো শরৎ বাবু সেই মেয়েটীকে নিয়ে আপনায় বাড়ীতে কতদিন রাখে, তার বন আর হেমবাবুও সেই বাড়ীতে ছিলেন। হেমবাবু নাকি গতিক মন্দ বুঝে আলাদা বাড়ী করলেন, তা সেখানে অমনি রাধিকা বিরহ বেদনায় অচেতন হইয়া পড়িলেন, নতা করিলেন, যে ভারি জর হইয়াছে, আবার, আমাদের ক্ষফঠাকুর সেখানে গিয়ে উপস্থিত! ওলো এ ঢের কথা লো! বলি বিদ্যাম্থনর পড়িছিস ? এ তাই লো তাই। এখনকারুর ছেলেরা সব স্থড়ক কাট্তে লিধিয়াছে, দেখিদ্ লো সাবধান।

চতুর্থা। ছর পোড়ামুখী।

দাসী মহলেও বড় ছলস্থল পড়িয়া গেল। বুড়ী ঝির কাছে ওনে নবীনা ঝিরা সকাল থেকে বারাপ্তার, উঠানে, রায়াঘরে কানাকানি করিতেছে আর ফিস্ ফিস্ করিতেছে। একজন তম্বলী নবীনা বলিল,—

হাঁলা এ কি সন্তি লা, সন্তি কি বিধবার বিয়ে হবে নাকি ?
স্থলাঙ্গী নবীনা উত্তর করিল, তবে শুন্ছিস্ কি, সব ঠিকঠাক
হয়ে গেছে, পত্তর হয়ে গেছে, হেমবাবু সেকরাকে গয়না
গড়াইতে দিয়েছে, আর তুই এখনও হবে কি না, জিজেস
করচিস ?

তম্বন্ধী। তবে ত এটা চলন হয়ে যাবে ! ভদর ঘরে হলে তো ছোট নোকের ঘরেও হবে ?

স্থ। কেন লো তোর আবার সক গেছে নাকি ? ঐ, ঐ কৈবর্ত্ত ছোঁড়াটাকে বে করবি নাকি ? ঐ তোদের কেউ হয় না ? ঐ বে ফিস্ ফিস্ করে তোর সঙ্গে সদাই কথা কয় ?

ত। দ্র পোড়াম্থী ! অমন কথা আমাকে বলিস নি।
তোর আপনার মনের কথা বলছিস বৃঝি ? ঐ যে তোদের
ক্ষেতের সদানক বেণে আছে না, তার সে দিন বৌ মরে গেছে,
তার এখন ভাত রেঁধে দেয় এমন নোকটি নেই। তা ধনে
মশলা কেনবার নতা করে যে ঘন ঘন তার দোকানে যাওয়া
হয়, বলি তার ঘর করতে ইচ্ছে হয় নাকি ?

সু। তোর মুখে আগুণ। •

় এইরপে ছইজন নবীনা পরস্পারের মনোগত ভাব ব্যক্ত করিতেছে এমন সময় একজন বন্ধা দাসী আসিয়া বলিল,—িক লো তোরা গালাগালি করছিস কেন লো ?

স্থ। না গো কিছু নয়, এই শরৎ বাবুর বিয়ে ঠিক হয়ে গিয়েছে তাই বলছিত্ব। ভদ্দর যাই করে তাই সাজে গা, আরু আমাদের সময় যত কলঙ্ক!

বৃদ্ধা। তা এটা কি ভদরের কাষ ? এত মুচ্নমানের কাষ।

স্থ। তবে হেমবাবু এমন কাষ করেন কেন।

বদা। করেন তার কারণ আছে, তোরা কি জানবি বল ? তোরা কানে তুলো দিয়ে থাকিস, এ কঁপার কি জানবি বল ?

উভয় নবীনা। কি. কি. বলনা দিদি. এর কথাটা কি १

वृक्षा। विन अनिम नि वृक्षि ? ट्या वावू त्य अथन आव ना वित्र पित्र शांत्र ना, तम कथा छनिम नि वृद्धि ?

উভয়ে। না. না. कि. कि?

বৃদ্ধা। এই শুন্বি আয় কানে কানে বলি।

উভয় নবীনা কাষ কর্ম ফেলিয়া ব্রদ্ধার কাছে দৌড়াইয়া আসিল। বুদ্ধা তাদের কানে কানে বলিল,—সে শন্টা তেতালা পর্যান্ত ও বার বাডী পর্যান্ত গুনা গেল,—"বলি শুনিস নি? হেম বাবুর শালী যে পোয়াতী !"

সত্যের আবিদার হইতে লাগিল, সত্য প্রচারিত হইতে नाशिन।

ভবানীপুর হইতে কালীঘাট পর্যান্ত থবর গেল। কালী-তারার তিন খুড় শাভড়ী সে দিন একাদশী করিয়া রুক্ষসভাব হইয়া আছেন, তাঁহারা এই মুংবাদ শুনিয়া একেবারে তেলে-বেগুণে জলে গেলেন। বড়টা একটু ভাল মাত্রুষ, তিনি বলিলেন,--

এখনকার কালে আর ধর্ম নাই, বাছ বিচার নাই, বার ষা ইচ্ছা সে তাই করে। করুক গিয়ে বাবু, যে পাপ করবে সেই নরক ভূগবে, আমাদের সে কথায় কায কি ?

एक्रांग्रेजी विनातन,-कि श्राह कि श्राह ? जामारात वोरमत ভাই বিধবা বিয়ে করবে ? ও মা কি चেলার কথা গা, ছি! ছি!

ছি! নোকের কি এখন শোন সম্রম নাই, একটু নজ্জা নাই, যা ইচ্ছে তাই করে? এ যে হাড়ী ডোমেও এমন কায় করে না, এ যে আমাদের কুলে কালী পড়িল, এ যে ছোট নোকের মেয়ে বিরে করে আপনার কুলটা মজালেন। ও মাছি! ছি! ছি!

মেশ্বটী একেবারে তর্জ্জন গর্জ্জন করিয়া কালীতারাকে সংখাধন করিয়া বলিলেন,—ও পোড়ামুথী, ও হারামজাদী, বলি হেঁলা, এই তোদের মনে ছিল লা ? ওলো গলায় দড়ী দিবার জন্য কি একটা পয়সা মেলেনি লা ? বলি কলসী গলায় বেঁধে আদিগঙ্গায় ড্বে মরিস নি কেন ? মর, মর, মর । আমাদের কুলে এই লাঞ্চনা ! ওলো বাগ্দীর মেয়ে ! বলি ধশুর কুলটা একেবারে ডোবালি রে ? তা রোস না, বিয়ে হোক না, তোরই একদিন কি আমারই একদিন। নোড়া দিয়ে তোর মুখ ভোতা করে দিব না ? তোর পিটে মুড়ো থেংরা ভাঙ্গবো না ? মাথায় ঘোল ঢেলে তোকে বেঁটা মেরে যদি বের করে না দি, তবে আমি কায়েতের মেয়ে নই।

কালীতারা কাঁদিয়া কাঁদিয়া সারা হইল,—সন্ধ্যার সময় বিন্দুকে চিঠি লিখিলেন,—

"বিন্দুদিদি, এ কি কথা, এ ত আমি ভ্রনিনি, এ অপ্যশ, এ নিন্দা, এ কল'ছ কি আমাদের কুলে ?

"বিন্দুদিদি এ কাষটা করিও না। শরং যদি পাগল হইয়া থাকে তাকে তৌমাদের বাড়ী চুকিতে দিও না। এ কাষ হইলে আমি শগুর বাড়ী মুথ দেখাতে পারব না, শাগুড়ীরা আমাকে আন্ত রাথবে না,—তোমার কালীতারাকে, আর দেখিতে পাবে না।

কলিকাতায় সে সংবাদ রটিল। বিশুর জেঠাইমা লোক দিয়া বলিয়া পাঠাইলেন, বিশু তোকে আর ছধাকে আমি পেটের ছেলের মত মার্ম্ব করেছি। বুজি জেঠাই মাকে এই বয়সে খুন করিস নি, মল্লিক বংশ একেবারে কলঙ্কে ভুবাস নি। বাছা বিশু তোর জ্ঞান হয়েছে, বুদ্ধি হয়েছে, বাপ মার কুল নরকে ভুবাসনি। বাপ মা থাকিলে কি এমন কাষ্টী করতিস বাছা ?

বিন্দুর মাথায় বজ্ঞাঘাত পড়িল। বিন্দু দেথিলেন, ঝিকে যে একটা টাকা দিয়াছিলেন তাহাতে কোনও ফল হয় নাই; কলঃ জগং হৃদ্ধ রটিয়াছে।

## षाविः भ পরিচেছ्দ।

### পুরুষ মহলের মতামত।

হেমচন্দ্র বিন্দ্র নিকট সমস্ত কথা অবগত হইয়া অস্তঃকরণে বৃহই ব্যথিত হইলেন। শরতের প্রতি তাঁহার যে ভক্তি ও প্রদা ছিল তাহার কিছুমাত্র লাঘব হইল না, শরতের প্রস্তাবটী, তিনি পাপ প্রস্তাব মনে করিলেন না। তথাপি তিনি শাস্ত স্থিতিপ্রিয় লোক ছিলেন, সমাজের মতের বিরুদ্ধে কার্য্য করিয়া সকল বন্ধু বান্ধব ও স্বদেশীয়দিগকে মনে ক্লেশ দেওয়া ন্যায়সঙ্গত কার্য্য বিবেচনা করিলেন না। যাহা হউক তিনি এ বিষক্ষে অনেক চিন্তা করিয়া, অনেক পরামর্শ লইয়া যাহা হউক নিম্পত্তি করিবেন, এইরূপ হির করিলেন।

ভাগ্যক্রমে তাঁহার পরামর্শের অভাব রহিল না। পরামর্শদাতাগণ দলে দলে আদিতে লাগিলেন, হিতৈষী বন্ধুগণ হিত
কথা বলিতে আদিতে লাগিলেন, শাস্ত্রজ্ঞ পণ্ডিভগণ শাস্ত্রীর
কথা বলিতে আদিলেন, সমাজ-সংস্থারকগণ প্রকৃত সংস্কার
কাহাকে বলে বুঝাইতে আদিলেন, সমাজ সংরক্ষকগণ সংরক্ষা
বুঝাইতে আদিলেন। ভবানীপুরে তাহার এত বন্ধু ছিল
হেমচন্দ্র পূর্বে তাহা অনুভব করেন নাই।

প্রথমে জনাদন বাবু, গোবদ্ধন বাবু, হরিহর বাবু প্রভৃতি
রক্ষ সমাজপতিগণ আসিয়া হেম বাবুর সঙ্গে অনেকক্ষণ এ দিক
ওদিক কথা বার্ত্তা কহিতে লাগিলেন। হেম বাবু অতি ভদ্র কারস্থ
সন্তান, তাঁহার শিষ্টাচারে সকলেই ভূষ্ট আছে, তাঁহারা সর্বাদাই
হেম বাবুর তত্ত্ব লইয়া থাকেন, ও হিত কামনা করেন, হেম
বাবুর চাকুরির কি হইল, তিনি সাহেবদের সঙ্গে দেখা করিয়া
ভাল করিয়া চেষ্টা করেন না কেন, তাঁহারা হেম বাবুকে কোন
কোন সাহেবের কাছে লইয়া যাইবেন, ইত্যাদি অনেক স্নেহগর্ভ
কথায় আপনাদিগের অক্তিম সেহ ( যাহার পরিচয় হেমবাব্
ইতিপুর্ব্বে পান নাই ) প্রকাশ করিতে লাগিলেন। অনেকক্ষণ
পুর শরৎ বাবুর কথা উঠিল, হেম বাবুর ঘরের কথাটা উঠিল।
কনার্দন বাবু বলিলেন,—

এখনকার কলেজের ছেলেরা সকলেই ঐরপ, তাহারা রীতি নীতি বুঝে না, পৈত্রিক আচার অহুসারে চলে না, স্থতরাং দোষ ঘটে। তা তুমি বাবু বুদ্ধিমান্ ছেলে, তুমি কি আর নির্দ্ধোধের মত কাম করিবে, তা আমরা স্বপ্নেও মনে করি না। তোমাকে সংপ্রামর্শ দেওরাই বাহলা। গোবর্দ্ধন বাবু। তবে কি জান বাবা, আমরা কয়েকজন
বুড়া আছি, যতদিন না মরি, তোমাদেরই হিত কামনা করি,
ছটা কথা না বলিলেও নর। শরংটা লক্ষীছাড়া ছেলে, আমাদের কথা ভনে না, বা ইচ্ছে তাই করে, তা ওটাকে আর
বড় বাড়িতে আসিতে দিও না। তা হইলেই এ কথাটা আর
কেউ বড় ভনিতে পাইবে না, কে আর কার কথা মনে করে
রাথে বল ?

হরিহর বাৰু। হাঁ তা বৈ কি ? ঐ যে মিত্রজার বাড়ীডে সে দিন একটা কলঙ্ক উঠিল, তোমরা সে কথা অব্স্তুই জান, ( এই বলিয়া কলঙ্কটা আর একবার প্রকাশ করা হইল,) তা মিত্রজা বৃদ্দিমান্লোক, চাপিয়া গেলেন, এখন আর সে কথা কে তোলে বল ?

জনার্দনবাবু। ইা তা বৈ কি ? কে বা কার কথা মনে রাথে ? আজকাল সকলেই আপনার কায় নিয়ে ব্যন্ত। সে কালে এক রীতি ছিল, গ্রামের বুড়াদের কথাটী না লইয়া পাড়ার কোন কায় হইত না। কেমন, বল না গোবর্জন বাবু, ঐ সেকালে আমাদের মতামক্ত না নিয়ে কি কেউ কোনও কায় করিতে পার্ত ?

গোবর্দন বাবু। সাধ্য কি ? আর এখনই খারা একটু
শিষ্ট শাস্ত তারা কোন্ আমাদের না জিজ্ঞাসা করিয়া কিছু
করেন। ঐ ঘোষজা মশাইরের বিধবা ভাত্তবধ্কে লইরা
সে বংসর এইরূপ একটা কলঙ্ক হইল, (সে কলঙ্কটী সম্প্রান্তশ ব্যাখ্যা ক্লরা হইল,) তা ঘোষজা মশাই তখনই আমার কাছে
আসিয়া বলিলেন, "হরিহর বাবু করি কি ? যাই বে ?" তা আমি বলিলাম, "যথন আমার কাছে এসেছ তথন কিছু ভর নাই, আমি এর একটা কিনারা করে দিবই।" কি বল জনার্দন বাবু, আমরা অনেক দেখৈছি শুনেছি বিপদ আপদের সময় আমা-দের জানাইলে কোন না একটা উপায় করিয়া দিতে পারি ?

, জনাৰ্দন বাবু। তা বৈ কি।

হরিহর বাব্। তা আমি ভাবিয়া চিস্তিয়া ঘোষজাকে বলিলাম "তোমার ভাদ্রবৌকে ৮কাশীধামে পাঠাইয়া দাও।" তিনি সেই অমুসারে কার্য্য করিলেন, এখন কাহার সাধ্য সে কথা উত্থাপন করে? তা বাবা, এখনকার কি ছেলেরা, কি মেয়েরা, সকলেই স্বেচ্ছাচারী হয়েছে, যাহার যা ইচ্ছা করে, তাতে তোমার দোষ কি বল? তা একটা কায কর, তোমার খালীটাকেও ৮কাশীধামে পাঠাইয়া দাও, সেথানে বা ইচ্ছা করিবে, কে দেখিতে ঘাইতেছে বল? তোমার কোন অপযশ হইবে না।

হেম আর সহু করিতে পারিলেন না, কম্পিত স্বরে বলিলেন,—
মহাশুর আপনাদিগের কথা ঠিক ব্ঝিতে পারিতেছি না।
শরৎ বে সমাজরীতি বিরুদ্ধ প্রস্তাব করিয়াছেন, তাহাতে
ভ্যামার বড় মত নাই; সে বিষয় পরে বিচার্য্য। কিন্তু
আপনারা যদি শরৎ বাব্র অথবা আমার শ্রালীর চরিত্রে
কোনও দোষ ঘটিয়াছে এরপ বিবেচনা করিয়া থাকেন তবে
একেবারে ভ্রম করিয়াছেন। তাঁহাদিগের নির্দাব চরিত্রে দোর
স্পর্শে না, তাঁহাদিগের অপেকা নির্দোবচরিত্র লোক আমি
জানি না।

জনার্দন বাবু, গোবর্দ্ধন বাবু ও হরিহর বাবু এক স্বরে

খলিলেন,—না, না, আমরা দোষের কথা বলি নাই, এমন কথাও কি লোকে বলে।

হরিহর বাব্। এমন কথাও কি লোকে বলে, ঘরে কিছু
হইলেও কি লোকে বলে? তা নয়, তা নয়। ঘোষজা মশাই
কি সে কথা বলিয়াছিলেন তা নয়, অন্য একটু কারণ দেখাইয়া
পাপ দ্র করিলেন। তা আমরাও তাই বলিতেছি তোমার
শ্যালীর চরিত্রে কোন দোষ থাকিলেও কি সে কথা মুথে
আনিতে আছে? রাম! আমরা কি কারও কলঙ্কের কথা
মুথে আনিতে পারি ? তা নয়, তা নয়। তবে গোলমালটা
এইরূপে চুকাইয়া ফেলিলেই ভাল। সকল বিষয়েই সরল পথ
অবলম্বন করাই ভাল, সরলপথেই ধর্ম।

জনার্দিন বাবু। তা বৈ কি, তা বৈ কি, "বতোধর্ম-স্ততোজয়ং" শাস্তেই একথা আছে। হরিহর বাবু যে কথাটা বলিলেন তাহাই সংপথ তার কি আর সন্দেহ আছে। তুমি বুদ্ধিমান্ ছেলে, এবারটা যেন চেপে গেলে। কিন্তু তুমি ছেলে মামুদ, ঘরে অল্লবর্ম্বা বিধবা কি রাখিতে আছে? কখন কি হয় তার কি ঠিক আছে?

গোবর্দ্ধন বাবু। তা বৈ কি, শাস্ত্রে বলে সহস্রাক্ষ ইন্দুও নারীর শুপ্ত আচরণ দেখিতে পান না, পঞ্চমুখ একাও নারীর শুপ্ত কথা জানিতে পারেন না। তুমি ত বাবা ছেলে মার্মুষ।

হরিহর বাবু। তা বৈ কি ? এবার যেন চাপিয়া গেলে, কিন্তু দৈবক্রমে,—দৈবের কথা বলা যায় না,—বিদি যথাকালে তক্ষণ বয়স্থা বিধবা একটা সন্তান প্রসব করে, তাহা হইলে কি আর চাপিবার যো আছে ? লোকে ত একেই কল্মপ্রিয়, ভথন কি আর রক্ষা আছে? এখনই লোকে সেই কথা বলিতেছে। তা ৮কাশীধামে পাঠান শ্রের।

ইত্যাদি নানা সারগর্ভ পরামর্শ দিয়া বৃদ্ধগণ বিদায় হইলেন। হেমচক্র রোষে ও অভিমানে উত্তর দিতে পারিলেন না,— ঠাহার জ্বন্ত নয়ন হইতে একবিন্দু অঞ্চ বিমোচন করিলেন।

তাহার পর রামলাল, শ্যামলাল, যহলাল প্রভৃতি নবোর দল হেমচক্রকে পরামর্শামৃত দান করিতে আদিলেন। তাঁহাদের মধ্যে কেই শিক্ষিত; কেই এণ্ট্রান্স ক্লাস পর্যান্ত পাঠ করিরা পরে বাড়ীতেই (রেনল্ডদ্ প্রভৃতি) সাহিত্য আলোচনা করিয়া বিজ্ঞ হইয়াছেন। কেই সচ্চরিত্র; কেই বা "সভ্যতা"-সম্মত আমোদ গুলি পরীক্ষা করিয়া দেখিয়াছেন ও দেখেন। কিন্তু পরামর্শ দানে সকলেই সমান সক্ষম, সকলেই হেমচক্রের "হিতৈষী বন্ধু।"

তাঁহারা অদ্য প্রাতে একটা কথা শুনিয়া হেমবাবুর নিকট আসিয়াছিলেন, হেমবাবুর অষথা নিলা প্রতিবাদ করাই তাঁহা-দের একান্ত ইচ্ছা, পাড়ার একজন বিদ্যোৎসাহী বৃবক ও একজন ধর্মপরায়ণা বিধবার অষথা অপবাদ তাঁহারা সহ্য করিতে পারেন না, সেই জন্যই হেমবাবুর নিকট প্রকৃত অবস্থা জানিতে আসিলেন। কিন্ত হেমবাবুর যদি কোনও কথা বলিতে কোনও আপত্তি থাকে, তাহা হইলে তাঁহারা জানিতে ইচ্ছা করেন না, কেন না কাহারও গুপু কথা অহুসন্ধান করা স্ফুক্চ-সম্মত কার্য্য নহে। কিন্ত যদি হেমবাবুর বলিতে কোন আপত্তি না থাকে ভাহা হইলে,—ইত্যাদি, ইত্যাদি, নব্য ভাষায় গৌর কিন্তকা জনেকক্ষণ চলিল।

হেম বাবুর এখন আর বুকাইবার কিছুই নাই, যেরপ অপবাদ রাষ্ট্র হইয়াছে, তাহাতে সত্য কথা প্রকাশ হওয়াই ভাল। এই অনাহত বন্ধুদিগের আগমনে ও প্রশ্নে তিনি অতিশয় তিক্ত ইইলেও ধৈর্যা অবলম্বন করিয়া যাহা ঘটনা তাহা জানাইলেন।

রামলাল। তা যাহাই হউক, অন্য যে ঘোর অপবাদ শুনিলাম তাহার অধিকাংশ মিথাা জানিয়া আহলাদিত হইলাম। কিন্তু দেখুন সকলে সহজে এ অপবাদটা অবিশ্বাস করিবে না, আপনি সকল সময়ে বাটা থাকেন না, শরৎ কলেজেই কিছু অবাধ্য ও গর্কী, এবং স্বীয় মত গুলি লইয়া বড় স্পর্কা করে, এবং নারীর চরিত্র ছর্কিজ্ঞেয়। অতএব, অপবাদ সম্বন্ধে সমাজের মনে যদি কিছু সন্দেহ থাকে, তাহা স্বভাবসিদ্ধ, এবং মহুষ্যচরিত্র পর্যালোচনার ফল মাত্র। তা যাহা হউক আপনি এই বিবাহে আপাততঃ মত করেন নাই এটা স্থথের বিষয়।

শ্রামলাল। সে কথা যথার্থ। আরও দেখুন এ কার্য্য প্রকৃত সমাজ সংস্কার নহে। যে কার্য্যে আমাদের দিন দিন ঐক্য সাধন হইবে, রাজনৈত্বিক ও সামাজিক উন্নতি হইবে, তাহাই আমাদের কর্ত্তব্য। পুরাতন লোকদিগের ন্যার আমাদের কেনেও "প্রেজ্ডিদ" নাই, কিন্তু এ কার্য্যটী আমা-দিগের সমাজে বিপ্লব ও বিচ্ছেদ ঘটাইবে মাত্র, ইহা বারা আমাদের ঐক্য সাধন ইহবে না, অতএব এ কার্য্য গর্হিত।

ষত্লাল। আরও দেখুন, মেলথস বলেন, লোক সংখ্যা ষত শীঘ্ৰ বৃদ্ধি পায়, খাদ্য তত শীঘ্ৰ বৃদ্ধি পায় না। এইজন্যই স্থানতা দেশে অনেক পুক্ষ ও নারী অবিবাহিত থাকে। আমা- (एत (एत्थ (प्राप्त) इत्र ना, अड এব निर्मन विश्वा श्विणिक अविवाहिता तथा कर्डवा।

খ্যানলাল। আর আপনার মত বুদ্ধিনান্লোক এটাও
অবশ্য বিবেচনা করিবেন বে স্থদেশের উন্নতি, ভারতের উন্নতি,
আনাদিগের সকলেরই উদ্দেশ্য; তাহাও বিধবাবিবাহ দারা
বিশেষরূপে সংঘটত হইবে না। আমার সামান্য ক্ষয়তা
দারা যতদূর দেশের উন্নতি হর আমি তাহার চেটা করিতেছি।
একটা লাইব্রেরী ভাপন করিয়াছি, দেশস্থ যাবদীর গ্রন্থকার
দিগকে প্রকের জন্য পত্র লিখিয়াছি, এবং প্রতি শনিবার
সেই লাইবেরীতে ক্রেকজন বন্ধু স্থবেত হ্য়েন, রাজনৈতিক
তর্কও করিয়া থাকেন। আপনার যদি অবকাশ থাকে, তবে
এই আগানী শনিবার আসিলে আমরা বড়ই তুই হইব।

যহলাল। আরও দেখুন আনাদের সংসারে বে কবিছ যে মধুরত টুকু আছে, আমাদিগের গৃহে গৃহে যে অমৃত টুকু লুঞ্ছারিত আছে, কি কাঙ্গাল কি ধনী সকল পৃহে যে অনি-র্ব্বচনীয়, নিইছ টুকু আছে,—ইউরোপীয় জাতিদিগের মধ্যে সে টুকু কোথার? বৈদেশিক আতরণ অন্ত্বন করিবেন না, ছাহাতে আমাদিগের গৃহধর্ম লুপ্ত হইবে, ভারতবাসীর শেষ স্থাইকু বিলুপ্ত হইবে, আর্যা-ধর্মের নিস্তেজ দীপটা একেবারে নির্বাণ হইবে। ইউরোপীয়দিগের সদ্পুণ পুলি অন্ত্বরণ করুন, আনাদিগের গৃহ-সংসারের কবিছ, মিইছ, ও হিলুছটুকু ক্ষংস করিবেন না।

· রামলাল। সে কথা সতা। বছবাবুর কণাগুলি ভনি-্ৰেন, তাঁহার নাায় বিজ্ঞ স্বদেশহিতৈবা লোক আজ কাল দেখা বার না। তাঁহার কথা গুলি সারগর্ভ তাহা আর আমার বলা বাছলা। আর বে অপবাদ শুনিলাম তাহা বদি সতা হর,—বাহা অনেকে বিখাস করিবে, বদিও সে বিষয়ে আমার নিজের মত সমস্ত প্রমাণাদি না দেখিয়া ব্যক্ত করিতে চাহি না,—বদি সে অপবাদ সতা হর, তাহা হইলে এইরূপ যুবক ও এইরূপ রমণাকে উংসাহিত করিলে ভারতের উর্জি হওয়া দূরে থাকুক অবোগতি হইবে।

হেমচক্র এরপে তর্কের উত্তর করিতেও দ্বা। বোধ করি-লেন; নব্য প্রামশ্ল তাগণ ক্ষণেক প্র উঠিয়া গেলেন।

তাহার পর সমাত্র সংরক্ষণের ছই একজন চাঁই, নিগ্গজ ঠাকুর কে
লইরা, হেম বাবুর বাটা আদিলেন। দিগ্গজ ঠাকুর ভবানীপুরের মধ্যে হিন্দু ধর্মের একটা আকটলনী মনুমেন্ট, ধর্ম শাস্ত্রের
একটা পেদিফিক সমুদ্র, বিন্যার একটা শুগুবারী নিগ্গজ, তর্কে
বনা বরাহ অবতার। বেদ, বেদান্ত, শুতি, স্মৃতি, ন্যায়, দশন,
পুরাণ, ইতিহাস, ব্যাকরণ, অভিধান, সকলই তাহার কণ্ঠত্ব, সকল
বিষয়েই তাহার সমান অধিকার। তিনি আপন পরিমাণ রহিত্ত
বিদ্যা-পর্যোধ হইতে অজল্র ভর্কল্রোত বর্ষণ করিয়া হেমচক্রকে
একেবারে প্লাবিত করিলেন, হেমচক্র একেবারে নিরুত্তর হইরা
বিসিয়া রহিলেন। যথন দিগ্গজ ঠাকুরের গলা ভাঙ্গিরা গেল,
বাক্য ক্ষমতা শেষ হইল, (তর্কক্ষমতা শেষ হইবার নহে,)
তথন তিনি কাশিতে কাশিতে আরক্ত নয়নে নিরস্ত হইলেন।

হেন তখন ধারে ধারে উত্তর করিলেন,—মহাশর এ কার্য্য করিতে এখনও আমার মত নাই স্থতরাং আপনার একণে এইরূপ পরিশ্রম স্বীকার করার বিশেষ আবশ্যক নাই। ভবে আমার ক্র বৃদ্ধি ও পড়া ভ্নার যতদ্র উপলব্ধি হয় ভাহাতে বােধ হয় বিধবা বিবাহ সম্বন্ধে আমাদিগের শাস্ত্রেও ছটী মত আছে, ভিন্ন ভিন্ন কালে ভিন্ন ভিন্ন প্রকার প্রথা ছিল। বৈদিক কালে বিধবা বিবাহ প্রথা প্রচলিত ছিল; ময় প্রভৃতি শাস্ত্রপ্রণেতাদিগের কালে এ প্রথাটী একেবারে নিষিদ্ধ হয় নাই, কিন্তু ক্রমে উঠিয়া যাইতেছিল। পরে পৌরাণিককালে এ প্রথাটী একেবারে নিষিদ্ধ হইয়া যায়। আমার শাস্ত্রে অধিকার নাই, আলোচনারও ক্রমতা নাই, অন্য পণ্ডিতদিগের মুথে যাহা ভানিয়াছি ভাহাই বলিতেছি। ভানিয়াছি শাস্ত্রক্ত পণ্ডিতাগ্রগণ্য বিদ্যান্যার মহাশয়ও বলেন, বিধবাবিবাহ শাস্ত্রের অসমত নহে।

বাঁহারা দ্বিপ্রহর রজনীতে সহসা একটা গ্রামে আগুন লাগিতে দেখিয়াছেন, আকাশের রক্তবর্গ দেখিয়াছেন, অগ্নির প্রজ্ঞানিত অন্ত্রহা জিহ্বা দেখিয়াছেন, তাঁহারাই তৎকালে দিগ্গজ ঠাকুরের মুখের ভঙ্গি কতক পরিমাণে অন্তব করিতে পারেন। অগ্নি গর্জন-বিনিশিত স্বরে তিনি কহিলেন,—

সেই (কাশি) সেই বিধবারিবাহ প্রচারক বিদ্যাসাগর
পণ্ডিত? সে আবার পণ্ডিত? সে বর্ণপরিচয়ের পণ্ডিত, বর্ণ
পরিচয় লিখিয়া পণ্ডিত হইয়াছে, (অধিক কাশি) একটা
নৃত্ন প্রথা চালিয়ে দেশের সর্বনাশ করিয়াছে, ধর্মে কুঠারাঘাত
করিয়াছে, মমুষ্য ভূদয়ের স্তরে স্তরে শেল নিক্ষেপ করিয়াছে,
ছিল্ম চরিত্র অনপনেয় কলক রাশিতে আবৃত করিয়াছে,
আর্যানাম, আর্যাগোরব আর্যারীতি নীতি একেবারে সমূদবক্ষে
করিয়াছে, (ভয়ানক কাশি) উ: (কাশি,) সে পণ্ডিত?

সেই স্বধর্মবিধেষী, মেচ্ছদিগের অনুকরণকারী, বিদেশীয় রীতির পক্ষপাতী, আর্য্যধর্মপৃত্য, আর্য্যঅভিমানশৃত্য, আর্য্যবংশের কুসস্তান,—( অনবরত কাশিতে বাক্যপ্রোত সহসা রুদ্ধ হইল। তথন আসন পরিত্যাগ করিয়া,—) চল হে সংরক্ষক মহাশয়, এ বাড়ীতে আর থাকা নহে, এখানে পদবিক্ষেপ করিলেও পাপ আছে। যাহা শুনিয়াছিলাম সমস্তই সত্য বটে,—সে গর্ভবতী যদি গর্ভ নষ্ট করে, তোমরা পুলিসে সংবাদ দিও।

হেমচক্র কুদ্ধ হইলেন না,—দিগ্গজ ঠাকুরের ক্রোধ ও অঙ্গভঙ্গী দেখিয়া তাঁহার একটু হাসি আসিল।

সে দিন সমস্ত দিন হেমচন্দ্রের পরামর্শের অভাব রহিল না। তাঁহার এত বন্ধু আছে, এত হিতৈষী আছে, এত পরামর্শদাতা আছে, তাহা পীড়ার সময়, কঠের সময়, দারিদ্রের সময়, হেমচক্র অনুভব করেন নাই।

কলিকাতা হইতে বালিগঞ্জ পর্যান্ত এ কথা রাষ্ট্র হইল। ধনঞ্জয় বাবুর বাগানে স্থসভা সভা হইয়াছে, গীত, নৃত্য, স্থশা ও দিবার ন্যায় ঝাড়ের আলোক সেই সভাকে রঞ্জিত করি-তেছে! তথার দরিদ্রের এই কণোটী উঠিল।

ধনঞ্জয় বাবু খ্রালীর কলক সম্বন্ধে আর কোন উপহাসু করিলেন না, একটু হাসিলেন;—কিন্তু অন্যান্য ধার্ম্মিকগণ এ ধর্মবহিভূতি কার্য্যের কথা শুনিয়া শিহরিয়া উঠিলেন। হিন্দ্ধর্মের স্থল স্তন্ত্রমূপ হরিশক্ষর বাবু একেবারে অবাক্ হইয়া গেলেন, তাঁহার হস্ত হইতে স্থাপাত্র পড়িয়া শত থঞ্চ হইয়া গেলে, বলিলেন "হা ধর্ম। তোমাকে কি সকলেই বিষ্তুত হইল ? ভদ্রলোকের ঘরে এ কি অধর্ম আচরণ ? ইক্লি য়ানি আর বুঝি থাকে না"। শিক্ষিত যত্নাথের হস্ত হইতে কাঁটা ছুরি পড়িয়া গেল, সন্মুথের গোজিহ্বা অনাস্বাদিত রহিল, তিনি বলিয়া উঠিলেন "আর বুঝি ন্যাশনাণিটা থাকে না"! বিশ্বস্তর বারু, সিদ্ধেরর বারু প্রভৃতি বনিয়াদি ধনাচ্য গণ নিজ নিজ আসনে কম্পিত হইলেন, এই ঘোর অধর্ম কর্মের নাম শুনিয়া তাঁহারা বাক্শক্তিরহিত হইলেন, এবং তাঁহাদের কালের লোকের ধর্মানুষ্ঠানের কথা শতমুথে প্রশংসা করিয়া এখনকার কলেজের ছেলেদের স্বেছ্টারিতার ভূয়োভূয়ঃ নিকা করিতে লাগিলেন।

পাশ্চাত্য সভাতার অবতার "মিটর কর্মকার" ও তাঁহার সারগর্ভ মত প্রকাশ করিলেন,—যে এরপ বিধবা বিবাহ পাশ্চাত্য সভ্যতার অনুমোদিত নহে, এ পাশ্চাত্য সভ্যতার বিড়ম্বনা মাত্র। বিধবা বাহির হইরা আমুক, জগৎ পরিদর্শন করুক, স্থসভা, স্থরপ যুবকদিগের সহিত আলাপ করুক, (দর্পণে নিজ প্রতিমূর্ত্তি দর্শন,) তৎপর দীর্ঘ কোর্ট-সিপের পর, একজনকে নির্মাচন করুক,—এইরপ কার্য্য পাশ্চাত্য স্থসভ্য প্রথা; পিঞ্জরবদ্ধ বিধবাকে বিবাহ দেওরাই পাশ্চাত্য সভ্যতার অবমাননা মাত্র!

এই সারগর্ভ হানয়গ্রাহী বক্তা শুনিয়া সভার সভাগপ বিলিয়া উঠিলেন, তাঁহারা ত জগৎ পরিদর্শন করিয়াছেন এবং স্ফটি-সম্পন্ন যুবকদিগের সহিতও আলাপ করিয়াছেন, অতএব তাঁহাদের একটা করিয়া পাশ্চাত্য সভ্যতা (অর্থাৎ স্কুন্দর বর) মিলে না কেন ? তাঁহাদের একটা করিয়া বিবাহ ঘটে না কেন ? স্বস্তা ও সভ্যাদিগের মধ্যে এ রসের কথাটা স্থধার সঙ্গে সঙ্গে

অনেক দ্র গড়াইল, কিন্তু পাঠকগণ আমাদিগকে মার্জ্জনা করিবেন, আমরা সে সমস্ত কথা লিপিবদ্ধ করিতে অক্ষম।

বিশ্ব জগতের পরামর্শ, মতামত, বিক্রপ ও দোষারোপ হেমচল্রের কাণে উঠিল। সন্ধার সময় হেমবাবু বিন্দুর নিকট গিয়া বলিলেন,—সমাজ একমত হইয়া এই বিধবাবিবাছ নিবারণ করিতেছে, এ কার্য্য করিতে আমার ইচ্ছা নাই। গাঁহাদের বিদ্যা আছে, যাহাদের বিদ্যা নাই, গাঁহারা সংলোক, যাহারা সংলোক নহেন, গাঁহাদের শ্রদ্ধা করি, এবং যাহাদের শ্রদ্ধা করি না, সকলে একমত হইয়া এ কার্য্য নিষেধ করিতেছেন।

বিন্দু। আর তা ছাড়া এ কাষে কলম্ব কত, নিন্দা কত ? এ কাষ করিলে সমাজে আমাদের অতিশয় নিন্দা হইবে ?

হেম। না, তাহার বড় ভর নাই। সমাজ অহুগ্রহ করিয়া আমাদের সম্বন্ধে যেকলঙ্ক বিশাস করিতেছেন ও রটাইতেছেন, তাহা অপেক্ষা অধিক কলঙ্ক হইবার সম্ভাবনা নাই। বিধবা বিবাহতে প্রকৃত অধর্ম নাই,—আমাদিগের হিতৈষীগণ বিশেষ অহুগ্রহ করিয়া শরতের চরিত্র ও সরলা বালিকার চরিত্র সম্বন্ধে যার পর নাই অধর্মাহ্চক প্রবাদ প্রকৃতিত করিতে ছিন, এক্ষণে সেই অধর্মাচরণ গোপন করিয়া রাখিলেই সমাজের মতে ধর্ম রক্ষা হয়।

## ख्याविश्य श्रिक्षम।

### যার বে তার মনে আছে।

স্থার বিবাহের কথা লইয়া পাড়াপড়শীর ঘুম নাই, চল একবার সেই স্থাকে দেখিয়া আসি। ক্ষুদ্র গৃহের অভ্যস্তরে সেই সরল বালিকা কি করিতেছিল, চল, একবার তাহা দেখিয়া আসি।

স্থার নিকট এ কথা গোপন রাথিবার সমস্ত বন্ধ বৃথা হইল। যে কথা লইয়া পাড়ায় এত আন্দোলন, মেয়ে মহলে এত আন্দোলন, সে কথা গোপন থাকে না। যে বাড়ীতে ঝি আছে দে বাড়ীতে সংবাদ পত্রেরও অনাবশ্যক!

তবে ঝি বিন্দুর নিষেধ বাক্যের এই টুকু মান রাখিল ঝেই স্থাকে সব কথা ভাঙ্গিয়া বলিল না, স্থার চরিত্র সম্বন্ধে যে কলম্ব উঠিয়াছিল, সে টুকু বলিল না। তবে শরৎ ঝাবু যে স্থাকে বিবাহ করিবার জন্য পাগল হইয়াছেন, মাতা ঠাকুরাণীর নিকট সেই বিবাহের জন্য জেদ করিতেছেন, পাড়ার পাড়ার এই কথা রাষ্ট্র হইয়াছে, তাহা স্থাকে গোপনে স্থাত করাইল।

'বালিকা একবারে শিহরিয়া লজ্জায় অভিভূত হইল, যাত-নায় অন্থির হইল। উ: এ কি সর্মনাশের কথা, কি অধর্মের কথা, এ কথা কেন উঠিল, স্থা লোকের কাছে কেমন করিয়া আর এ মুথ দেখাইবে? কালীদিদির কাছে, শরতের মাতার কাছে, দেবীবাব্র বাড়ীতে, চক্রবাব্র বাড়ীতে কেমন করিয়া মুধ দেশাইবে, হতভাগিনী আবার তালপুখুরে কোন্ মুধে ফিরিয়া যাইবে ? ছি ! ছি ! শরৎবাবু এমন কায় কেন করিলেন, বিধবার নাম কেন লজায় ডুবাইলেন, এ কলঙ্ক কি আয় কথনও যাবে ? ঐ পথে মেয়ে মায়েরেরা কি বলিতে বলিতে যাইতেছে ? তাহারা বৃঝি স্থার কলঙ্কের কথা কহিতেছে ! ঐ হেমবাবু দিদির সঙ্গে কি কথা কহিতেছেন ? লজায়, বিবাদে, মনের যাতনায় বালিকা অধীর হইল, মুখ ফুটিয়া দে কথা কাহাকেও কহিতে পারে না, বালিশে মুখ লুকাইয়া সমত ছই প্রহর বেলা একাকিনী কাঁদিল, সয়ায় সময় না খাইয়া ভইতে গেল। উঃ শরৎবাবু কেন এমন কায় কারলেন, দরিজ বিধবার কেন কলঙ্ক রটাইলেন ?

কিন্তু অন্নকারে স্থাপিত লতা যেরপে সহস্র বাধা অতি ক্রম
করিয়া একটা স্বা-রশির দিকে ধার, অভাগিনী স্থার শুক্
অস্ত:করণ সেইরপে এই ষাতনায় ও লক্ষায় জীবনের একটী
আশা-রশির দিকে ধাবিত হইল। বিবাদে অন্ধকারের মধ্যে
স্থা যেন একটা কিরণচ্ছটো দেখিতে পাইল, অকূল সম্প্রের
মধ্যে যেন গ্রুব নক্ষত্রের হীন জ্যোতি তাহার নয়নে পতিত
ইইল।

শরং বাবু কেন এমন কাষ করিলেন ? বোধ হর শরং বাঁবু
না আসিলে স্থা যেমন পথ চাহিয়া থাকে, সন্ধার সময়
একাকিনী বসিয়া শরং বাবুর কথা ভাবে, শরং বাবুও সেই
রূপ স্থার কথা একবার মনে করেন। বোধ হয় দিন রাত্রি
শরং বাবু এই লজ্জার কথা ভাবেন, বোধ হয় সেই জনাই
অস্থির হইয়া শরং বাবু এই লজ্জার কথা প্রস্তাব করিয়ছেন।

বোধ হয় শরৎ বাবু অনেক যাতনা পাইয়াছেন, না হইলে কি
দিনিরই কাছে মুথ ফুটিয়া এমন কথাও বলিতে পারেন? বি
বলে, শরৎ বাবু বড় কাহিল হইয়া গিয়াছেন, অভাগিনী স্থার
জন্য শরৎ বাবু এত কণ্ট পাইয়াছেন ? স্থার ইচ্ছা করে এক
বার শরৎ বাবুর পা হ্থানি হুলয়ে ধারণ করে। তা কি হবে ?
বিধাতা কি দরিদ্র স্থার কপালে এত স্থথ লিথিয়াছেন ? শরৎ
রাবু যাহা প্রস্তাব করিয়াছেন তাহা কি হইতে পারে ? উ:
লক্ষার কথা, পাপের কথা,—স্থা এ কথা মনে স্থান দিও না।

ধীরে ধীরে চক্ হইতে এক বিন্দু অক্র বাহির হইরা পড়িল। ছোট ছোট ছটী কোমল হস্ত দিয়া সেই চক্ষু মুছিরা ফেলিয়া স্থা আবার ভাবিতে লাগিল। আছো শরৎ বাবু বা বলিয়া-ছেন সত্য সত্যই যদি তাহা হয় ? দরিদ্র স্থা বদি সত্য সত্যই শরৎ বাবুর গৃহিণী হয় ? তাহা হইলে প্রাতঃকালে উঠিয়া সেই তালপুখুরে শরৎ বাবুর বাড়ীটা পরিষ্ণার করিবে, উঠানে ঝাঁট দিবে, বাসন মাজিবে, কায়মনে শরৎ বাবুর মাতাকে সেবা করিবে, আর স্বহস্তে শরৎ বাবুর ভাত রাখিয়া থাইবার সমর তাহার কাছে বসিবে। অপরাহে আক ছাড়াইয়া দিবে, বেলের পানা প্রস্তুত করিয়া করিয়া দিবে, আর স্বহস্তে মিপ্রির পানার বাটি শর্থ বাবুর মুথের কাছে ধরিবে। সহসা একটী শদশক হইল, স্থা শিহরিয়া উঠিল, লজ্জায় মুথ লুকাইল, পাছে তাহার হৃদয়ের চিন্তা কেহ টের পায়, পাপীয়নীর পাপ চিন্তা পাছে কেহ জানিতে পারে!

আর যদি শরৎ বাব্র বিদেশে কোথাও চাকুরি হয় ? সংগ দাসীর ন্যায় তাঁহার সঙ্গে সঙ্গে যাইবে, হৃদরের সহিত তাঁহার

বন্ধ করিবে। একটা কুদ্র কুটারে তাহারা বাস করিবে, স্থা শেই কুটীরে ছটা, লাভ গাছ দিবে, ছটা কুমড়া গাছ দিবে, श्रे गाति मूलात शाह चरत्य त्रांभन कतित्व। कति-কাতার ঠাক্রদের স্বন্ধর স্বন্ধর ছবি চার প্রসাুকরিয়া পাওয়া ষায়, স্থা তাই কিনিয়া ভইবার ঘরটা সাজাইবে ! উমা সিংহে চড়িয়া বাপের বাড়ী আদিয়াছে, উমার মাতা হুই হাত প্রসারণ করিয়া আলু থালু বেশে মেয়েকে একবার কোলে করিতে আসিয়াছে. দাসীগণ কেহ পাথা হাতে, কেহ খাদ্য হাতে, কেহ ফুলের মালা হাতে করিয়া দৌড়াইয়া আসিরাছে। অথবা অন্ধকার জন্মলের মধ্যে পতিপ্রাণা দমযুদ্ধী নিদিত রহিয়াছে, নলরাজা উঠিয়া বসিয়া গালে হাত দিয়া চিস্তা করি-তেছে। অথবা কুঞ্জবনে রাধিকা গালে হাত দিয়া ভাবিতেছে. विष्मिनी छाहात निक्छे विषया कृत्यत कथा विष्टिहरू. 🗐 ক্লের কথা শুনিয়া রাবিকার হুই চক্ষু দিয়া জল পডিতেছে। এইরূপ ঠাকুরের ছবি গুলি দিয়া স্থা ঘরটা সাজাইবে, ভাল कतिया बाँछे पिया घत्री शतिकात कतित्व, आशन हत्छ भगा প্রস্তুত করিবে, সন্ধ্যার সময় প্রদীপ জালাইয়া শরংবাব জাসিতে ছেন বলিয়া প্রতীক্ষা করিবে। শরৎবাবু বাড়ী আসিলে স্থধা জল ° আনিয়া আপন হত্তে শরতের পা ধুইয়া দিবে ; 'দেই পা ছুথানি शांत्र कतिया माक्रनयरन এकवात विलय "रजामात मैया. তোমার যত্ন কেমন করিয়া পরিশোধ করিব? আমার জীবন সর্বাস্থ তোমারই, দরিজ বলিয়া একটু স্বেহ করিও।"

চিষ্ণা একবার আরম্ভ হইলে আর শেষ হয় না। প্রাতঃ-কালে স্থা গৃহকার্য করিতে করিতে এই চিস্তা করিত, ছিপ্রহরের সময় সমস্ত দিন জানালার কাছে বসিয়া বসিয়া ভাবিত; সন্ধ্যার সময় বিল্ ও হেমবারু একত্র বসিয়া যথন কথাবার্ত্তা করিতেন, স্থাও তাঁহাদের কাছে বসিত, কিন্তু ভাহার মন কোথায় বিচরণ করিত! তীক্ষবৃদ্ধি বিল্ দেখিলেন স্থা সমস্ত জানিতে পারিয়াছে, স্থা দিবা রাত্রি চিন্তাশীল! স্থা আর প্রকল্প বালিকা নহে, যৌবনপ্রারম্ভে যৌবনের স্থা তাহার হৃদয়কে পরিপূর্ণ করিয়াছে! স্থা সমস্ত দিন অন্যমনস্থা; কথন, কদাচ, শরতের নামটা হইলেই স্থার ম্থানি লক্ষায় রঞ্জিত হইত, বালিকা অন্য কার্যছেলে উঠিয়া যাইত।

এক দিন অপরাছে বিন্দু ঘরে আসিয়া দেখিলেন সংধা জানালার কাছে বসিয়া এক খানি বৈ পড়িতেছে, দিদি আসিতেই স্থা সে বই খানি মুড়িল।

বিলু। ও কি বৈ পড়ছিলে বন १

একটু লচ্ছিত হইয়া স্থা বলিল,—ও বঙ্কিম বাবুর এক খানা বই।

বিন্দু। কি বই ?

- সুধা। বিষর্ক।
  - · বিন্দুর মুধ গম্ভীর হইল। তিনি ধীরে ধীরে বলিলেন,—
    ও বই আমাকে দাও, উহা পড়িও না।

স্থা দিদির হাতে বৈ থানি দিয়া আন্তে আন্তে জিজ্ঞাসা করিল,—

क्ति शिष्ठ ना मिनि, ७ कि थात्राभ वह १

বিন্দৃ। না রন, বই থানি ভাল, কিন্তু ছেলে মান্থবে কি ও বই পড়ে?

হ্রধা। তবে দিদি তুমি আমাকে গরটী বালুও।

বিন্দু। গল্পার কি, নগেল্রের সঙ্গে কুন্দের বিবাহ হইল, কিন্তু তাহাতে স্থুপ হইল না, কুন্দ শেষে বিষ্পাইয়া মরিল।

एक श्रम श्रम श्रम श्रम अदत श्रम।

# চতুরিংশ পরিচেছ্ন\()

### (म उग्रानी।

ভারতবর্ধের দেওরালী একটা বড় স্থলর প্রথা। এই কালী পূজার অন্ধকার নিশীথে ভারতবর্ধের প্রান্ত হইতে প্রান্ত পর্যান্ত, যে থানে হিন্দু বাদ করে দেই থানেই, গ্রাম ও নগর ও সংসারীর গৃহ দীপাবলীতে উদ্দীপ্ত হয়। দে দিন অমাবশারে অন্ধকার রাত্রি আলোকে পরিপূর্ণ হয়, আকাশের নির্মাণ নক্ষত্র সমূহ নিস্তকে জগতের নক্ষত্র দেখিয়া হাস্য করে। ধনীর গৃহ উজ্জল আলোক-শ্রেণীতে পরিপূর্ণ হয়, দিরদ্র গৃহিণী একটা প্রসার তেল কিনিয়া কোন প্রকারে পাচটী প্রদীপ সাজাইয়া সন্ধার সময়ে কুটীর দ্বারে আলাইয়া দের।

কলিকাতার আজ বড় ধুম। গৃহে গৃহে তুবডী উচ্ছন অগ্নিকণা উদ্গীরণ করিতেছে, যেন আমাদের টাউন হলের সম্বক্তাদিগকে অন্নুকরণ করিতেছে, সেইরূপ গলার আওমাছের সহিত তাহাদের কার্যা শেষ হয়। যুবা ,যশোলিপা দিগের ন্যায় হাউই বাজি আকাশের দিকে মহা তেজে উঠিতেছে, আবার তেজ টুকু বাহির হইরা গেলেই হেটমুথ হইরা মাটিতে পড়িতেছে, যাহার মাথায় পড়ে তাহারই সর্বানাশ। বঙ্গদেশের অসংখ্য নব্য কবির ন্যায় আজি রাজিতে অসংখ্য পটকা শক্ষ করিতেছে,—একই আওয়াজে তাহাদের উদ্যম শেষ,—কেননা প্রথম প্রকাশিত পদ্যকুষ্ণম বা গাঁতি কাব্যটা বিজয় হইল না। বিষরীয় ভায় চরকি বাজি রুপা যুরিয়া পুরিয়া মরিতেছে, ঘুরিতে ঘুরিতে ও সকলকে জালাইতেছে, মেজাজ বড় গরম কেহ কাছে যাইতে পারে না। আর ছুটা বাজির ক্ষ ঘুণিত জীবন ছুঁটামি করিয়াই শেষ হইল; কুটালতা ভিন্ন সরল গভি তাহারা জানে না, পরকে বিরক্ত করা, প্রনিকা, প্রহিংসা, পর্যানি তাহাদের জীবিকার উপায়।

রাতি দশ্টার পর শরৎচক্র হেমের বাটাতে উপস্থিত হইলেন। ির্র সহিত দেখা করিবেন মনে করিয়াতিলেন, দেখিলেন স্বয়ং হেমচক্র বারদেশে চাঁথাকে প্রতীক্ষা করিতেছেন। হে্মচক্র নিস্তরে শরতের হাত ধরিয়া বাহিরের বরে লইয়া সেলেন, শর্ধ লজ্জায় ও উবেগে কাঁপিতে কাঁপিতে হেমের সহিত সেই ঘরে গিয়া বসিলেন, মুধ নত করিয়া রহিলেন, বাক ক্রি ইইল না।

হেম প্রদীপের সল্তে উন্কাইয়া দিলেন, পরে ধীরে ধীরে বলিন্যে,—

শরং, আমার স্ত্রীকে তুমি যে কথা বলিয়াছিলে তাহা ভূমিয়াছি। শরৎ অনেক, কট করিরা অক্টুট স্থরে বলিলেন,—

যদি আমি দোষ করিয়া থাকি, আপনার বালা-সূত্দের

এই একটা দোষ ক্ষমা করুন।

হেম। শরং, তুমি দোষ কর নাই, তোমার উন্নত চরিত্রের উপযুক্ত কার্যা করিরাছ। সমস্ত জগং যদি তোমাকে নিন্দা করে, জানিও তোমার প্রতি আমার মত তিলাদ্ধ ও বিচলিত হয় নাই।

শরৎ উত্তর করিতে পারিলেন না, তাহার চকুর জল জনরের রুভজ্ঞতা প্রকাশ করিল। হেমচন্দ্র তাহা বুঝিলেন।

হেম। আমার দ্বী বালাকাল অবণি তোমাকে বড় ভাল বাসেন, ভ্রাতার মত দেহ করেন, তিনিও তোমার কথার দোষ গ্রহণ করেন নাই। তোমার প্রতি আমানিগের ভক্তি আমানিগের সেহ চিরকাল একরূপ থাকিবে।

শরং। আপনাদের এই দলা আমি এ জীবনে ভূলিব না।
ক্ষণেক উভয়ে চুপ করিয়া রতিলেন, পরে অনেকৃ কষ্টের
সহিত শরং ফদেয়ের উদেগ দুফন করিয়া ধীরে ধীরে বলিলেন,

"আমার প্রস্তাব সম্বন্ধে একট বিবেচনা করিয়াছেন?" শাসক্তম করিয়া শরৎ উত্তর প্রতীক্ষা করিতে লাগিণ, তাহার জীবনের সুথ বা হুঃখ এই উত্তরে নির্ভ্র করে।

হেম। সেই কথা বলিতেছি। ভূমি দকল দিক দেখিয়া সুকল বিষয় আলোচনা করিয়া এই প্রস্তাবটী করিয়াছ?

শরং। আমার কুদ বৃদ্ধিতে যত দূর বৃথিতে পারি ইহাতে কোনও পক্ষে কোনও ক্ষতি দেখিতে পাই না। যতদূর আমার সাধ্য, আমি বিশেষ চিন্তা করিরাই এ প্রস্তাবটী করিরাছি। হেম। শরৎ, তুমি শিক্ষিত, কিন্তু তোমার বয়স অল্প, এই জন্যই আমি হুই একটা কথা ক্ষরণ করিয়া দিতেছি। এ বিবাহে অতিশয় লোক-নিন্দা।

শরং। অনেক নিন্দা সহা করিয়াছি, জীবনে অনেক নিন্দা সহ্য কবিতে প্রস্তুত আছি। কাবটী যদি অন্যায় না হয় তবে নিন্দা তয়ে আমি জীবনের স্কুখ বিস্ফুন করিব ?

হেম। তোনাদের একঘরে করিবে।

শরং। সমাজের যদি তাহাতেই কৃচি হর, তাহাই ককন। আমি সমাজের অনুগ্রহের প্রার্থী নহি।

(इस। তোমাদের নিक्ष्मक कृत्य कलक इंडेरव।

শরং। কলঙ্ক কি ? আমি বিধ্বাবিবাহ করিয়ছি এই কথা? এটা বদি পাপ কার্য্য নাহর তবে দে কলঙ্ক আমার গায়ে লাগিবে না; যাঁহারা নিন্দা করিবেন তাঁহাদের মতানতে আমার ক্তি বৃদ্ধি নাই। আর যদি আপনি এ কার্য নিন্দ্রনীয় মনে করেন, আজ্ঞা করুন, আমি ইহাতে নিরস্ত হই।

হেম। বিধবা বিবাহ বোধ নয় আমাদের প্রাচীন শাস্ত্র বিকল্প নয়, কিন্তু আধুনিক রীতি বিকল্প।

শরং। তিংশং বংসর পূর্বে সমুদ্রগমনও রীতি বিরুদ্ধ
ছিল, অদ্য জাহাজে করিয়া সহস্র সহস্র যাত্রী জগরাথ যাইতেছে। চক্রনাথ বাবু সে দিন বলিলেন, অস্বাস্থ্যকর নিরম গুলির
ক্রমশ: সংস্কার হওয়াই জীবিত সমাজের লক্ষণ। ক্রমশ:
উন্নতিই জীবনের চিহু, গতি হীনতা মৃত্যুর চিহু।

হেম। শরৎ, তুমি চিন্তাশীল, তুমি উদার চরিত্র, একটী কথা আমি স্পষ্ট করিয়া বলিব, বিশেষ চিন্তা করিয়া ভোমার

প্রকৃত মতটী আমাকে বলিও। দেখ হৃদয়ের উদ্বেগ চিরকাল সমান থাকে না, অদ্য যে প্রণায় আমাদিগকে উন্মন্ত প্রায় করে, ছই বৎসর পর সেটী হ্রাস পায় অথবা সেঁটী একেবারে ভূলিয়া ষাই। স্থার প্রতি তোমার এরপ প্রণয় চিরকাল না থাকিতে পারে, তথন তোমার মনে কি একটু আক্ষেপ উদয় হইবে না ? উত্তর করিও না, আমি ঘাহা বলিতেছি আগে মন দিয়া শুন। তথনও তোমরা একঘরে হইয়া থাকিবে. বন্ধুগণ ভোমাদের গৃহে আহার করিবে না. ভোমার ক্সাকে কেছ বিবাহ করিবে না, তোমার পুত্রকে কেই গৃহে ডাকিবে না, স্মাজের মধ্যে তোমরা একক! তথন ২য়ত মনে উদয় হইবে কেন বালাকালে না ব্ৰিয়া একটা কাৰ করিয়া এত বিপদ জডাইলাম, আমার মেহের পাত্র, ভালবাদার পাত্র পুত্র ক্সাকে জগতে অন্তথা করিলাম। শরৎ, বে কাষে এই ফল मञ्जद, तम कार्य कि मश्मा इन्डरक्ष्म कता विस्तृ १ सोवत्नत्र সময় একট বিচক্ষণতার সহিত কার্য্য করিয়া বার্গ্যক্ষের অফুশোচনা দূর করা উচিত নহে ? স্থার ন্যায় অনিন্দনীয়া अभवजी, ब्राह्म वर्शीया मत्नक्षा अत्नक वानिका काम्र গহে আছে, তোমার ন্যায় জামাতা পাইলে তাহাদের পিতা ' মাতা আপনাদিগকে কৃতার্থ বোধ করিবেন' সেরুপ বিবাহ क्तिल. এখন ना इडेक काल जूमिल सूथी इहेरत। भेतर, छुमि वृक्षिमान, विरवहना कविशा कार्या कत्र, এथनकात नानमात्र वभवली ना रहेश शाहात्व जीवतन सूथी हहेरव बाहारे कत ।

শ্বং। হেম বাব্, আমার কথায় বিখাস করুন, আমি কেবল হৃদয়ের উদ্বেগের বশবর্তী হইয়া এই প্রস্তাব করি নাই, শীবনে স্থা ইইব সেই আশায় প্রস্তাব করিয়াছি। আপনি रि कथाश्विम विमालन जाहा मर्जवात आमात मतन छम्म হইয়াছে, আলোচনা করিতে ক্রটী করি নাই। আক্ষেপের विषय य विलाखिए न, यनि विधवा विवाह निन्ननीय कार्या হয় তবে আক্ষেপ হইবে বটে, যদি তাহা না হয় তবে **उ**ष्ट्रना कथनरे व्यामात समस्य व्याद्यम् अन्य स्टेटर ना। वनन এই विजीर्ग ममास्य कान विज्ञ लाक मरकार्या করিয়া পরে আক্ষেপ করিয়াছেন ? ধর্ম প্রচার করিয়া অনেকে জাতি হারাইয়াছেন, বিদেশ গমন করিয়া অনেকের জাতি গিয়াছে, ইহাদিগের মধ্যে কোন তেজমী লোক সেইরপ কার্য্য করিয়াছেন বলিয়া পরে আক্ষেপ করিয়া-ছেন? সমাজের সংস্থার পথে তাঁহারা অগ্রগামী হইয়া-ছেন, এই চিম্বা তাঁহাদিগের জীবনের স্থাের হেতু হয়, এই চিন্তা তাঁহাদিগের বার্দ্ধক্যে শান্তি দান করে। হেমবাব. তাঁহারা সমাজের বহিভুতি নহেন, সমাজ অদ্য তাঁহাদিগকে ভंक्তि करत, সমাদর করে, স্নেহ করে, কল্য তাঁহাদিগকে জাপন বলিয়া গ্রহণ করিবে। এইরূপে সমাজ সংস্থার সিদ্ধ হর, এইরপে জীবিত সমাজ হইতে অনিষ্টকর নিষেধগুলি একে একৈ স্থালিত হয়'।

'হেমবাবু, পরে আক্ষেপ হইবে এরপ কাষ করিতেছি না, চিরকাল হথে থাকিব, জগদীখরের ইচ্ছায় চিরকাল অভাগিনী স্থধাকে স্থাী করিব এই জন্য এই কাষ করিতেছি।

স্থার মন, স্থার হাদয়, স্থার স্বেহ, সরলতা ও আছবিসর্জন আমি বিশেষ করিয়া লক্ষ্য করিয়াছি, স্থা আমার

সহধর্মিণী হইলে এ জীবন অমৃতময় হইবে। হেমবাব্, জামার হৃদরের উদ্বেগর, কথা বলিয়া আপনাকে তাক্ত করিব না, কিন্তু যদি এ বিবাহে আপনাদিগের মৃত না হয়, আমার জীবনের উদ্যম ও আকাক্তা, উৎসাহ ও চেষ্টা অদ্য সাক্ত হইল, হৃদরে একটা শেল লইয়া শ্রমজীবীরা পরিশ্রম করে না।

হেমচন্দ্র একটু হাসিয়া বলিলেন,—একটা বালিকার জন্য উৎসাহী পুরুষের জীবনের উৎসাহ লোপ হয় না,—একটা নৈরাশ্যে তোমার ন্যায় উন্নত হৃদয় যুবকের জীবনের চেষ্টা ও উদ্যম ক্ষান্ত হইবে না।

হতাশ হইয়া শরৎ বলিলেন,—একটী অবলম্বন না থাকিলে
মন্থ্য স্নরে উৎসাহ, চেষ্টা, ধর্ম কিছুই থাকে না, অন্য আমার
জীবন অবলম্বনশূন্য হইল। কিন্তু একথা আপনাকে বুঝাইতে
পারি এরপ আমার ক্ষমতা নাই। তবে আপনারা স্থির
করিয়াছেন, এ বিবাহে আপনাদিগের মত নাই ?

হেমচন্দ্র শরতের ছইটা হাত ধরিয়া হাসিয়া বলিলেন,—শরৎ, ভূমি ভাল করিয়া বুঝিয়া স্থাঝিয়া এই কার্যাটা করিতেছ কি না, তাহাই দেখিতেছিলাম। উপরে যাও, আমার স্ত্রী তোমাকে বলিবেন, এ বিবাহে আমাদের সম্পূর্ণ মত আছে। হতভাগিনী স্থার জীবন জগদীশ্বর স্থপূর্ণ করিবেন তাহাতে কি আমাদের অমত হইবে ? জগদীশ্বর তোমাদের উভয়কে স্থা করুন।

শরৎ উত্তর করিতে পারিলেন না। ধারা বহিয়া তাহার নয়ন হইতে জঞ্ পড়িতে লাগিল। তিনি নীরবে হেমের হাত ছটা আপনার মাথার স্থাপন করিলেন, পরে উপরে গেলেন। শয়নঘরে বিন্দু একটা প্রদীপ জালিয়া একটা মাছর পাতিয়া বিদিয়াছিলেন, শরৎ সহসা সেই ঘরে প্রবেশ করিয়া বিন্দুর পা ছটী ধরিয়া নয়ন জলে তাহা সিক্ত করিয়া গদ্গদ্ স্বরে বলিলেন,—

বিলুদিদি, তুমি আমাকে জীবন দান করিলে, এ দয়া, এ মেংহর কি পরিশোধ করিতে পারি ?

বিন্দু। ও কি শরং বাব্, ছাড়, ছাড় ? ছি!ছি! যার পা ধরিতে হবে সে ধরবেই এখন, আমাকে কেন, ছি! ছেড়ে দাও। শরং একট অপ্রতিভ হইয়া বলিলেন,—

বিলুদিদি, তুমি হেমবাবৃকে এ কথা বুঝাইয়াছ, তুমি এ কাথ্যে সন্মত হইয়াছ, তাহার জন্য চিরকাল তোমার নিকট কতজ্ঞ থাকিব।

বিন্দ। আর সম্মতি না দিয়া কি করি ? যথন বরকর্তা ও কন্যাকর্তা সম্মত হইয়াছেন তথন আর আমরা বারণ করে কিকরি ?

শরং। বরকর্ত্তা ও কন্যাকর্তা কে ?

বিন্ধ। দেখতে পাচ্ছি বরই বরকতা, কন্যাই কন্যাকতা।
বর এসে কনে দেখে গেলেন, রেশ পছন্দ হইল, আর কনেও
লুকিয়ে লুকিয়ে বর দেখিলেন, বেশ পছন্দ হইল, সম্বন্ধ স্থির
হয়ে গেল 

•

শরং। বিন্দ্দিদি, একবার উপহাস ত্যাগ কর, তুমি
নিঃসঙ্কৃচিত চিত্তে তোমার সন্মতি প্রকাশ করিয়া আমার মনকে
শাস্ত কর। স্থা ছেলে মানুব, তার আবার সন্মতি কি ? সে
এ শুরু কার্য্যের কি বুঝিবে বল ?

বিন্দ্। নাগো, সে এখন বেশ বুঝতে স্থকতে শিথেছে।

ভা বুঝি জান না? সে যে এখন সেয়ানা নেয়ে ছয়েছে, লুকিয়ে লুকিয়ে বিষরুক্ষ পদ্ড।

শরং। তোমার পারে ধরি বিন্দুদিদি, ঠাটা ছাড়, একবার তোমার মনের কথাটা বলিয়া আমাকে তৃপ্ত কর।

বিন্দু। না বাবু, পায়ে টায়ে ধরিও না, এথনই স্থা দেখ্তে পাবে, আবার রাগ করিবে? ভূমি চলে গেলে কি আমরা ছটী বনে কোঁদল করিব ? পরের দায়ে কেন ঠেকা বাবু?

শরং। তোমার দঙ্গে আর পারিলাম না বিন্দুদিদি। মনে করেছিলাম তোমার সঙ্গে পরামর্শ করিব, সব ঠিকঠাক করিব, তা দেখছি আজ কিছুই হইল না।

বিন্দ্। তা ঠিকঠাক আর কি ? কেবল বামূন পুরুত ডাক।
বাকি আছে বৈত নয়, তা না হয় ডেকে দি বল ? না কি
আজ কাল কলেজের ছেলে নিজেই বামূন পুরুতের কাজ সেরে
নেয় তাও ত জানি না। স্ত্রী-আচারটা কি আমাদের করিতে
হইবে, না তাও স্থধা নিজেই সেরে নেবে ? তা না হয় স্থধাকে
ডেকে দি ? ও স্থধা! এক্বার এদিকে আয় ত বন, শরৎ
বাবু তোকে ডাকচেন, বড় দরকার, একটু শাঘ্র করে আয়।

শরৎ হতাশ হইয়া উঠিলেন, বিন্দুও হাসিতে হাসিতে উঠি-লেন। তথন শরৎ বিন্দুর ছটী হাত ধরিয়া বলিলেন,—

বিন্দুদিদি, তুমি ছেলে বেলা থেকে আমাকে বড় প্লেহ কর, একটী কথা গুন। তুমি এ কার্য্যে দম্মত হইয়াছ, হেমবাব্ তাহা আমাকে বলিরাছেন, একবার সেই কথাটা মুখে বলিয়া আমাকে তুপ্ত কর,—একবার আমাদের আশীর্কাদ কর। বিন্দু তথন ধীরে ধীরে বলিলেন, শরং বাবু, ভগবান্ আমার অভাগিনী ভগিনীর জীবনের স্থথের উপায় করিয়া দিয়াছেন তাহাতে কি আমাদের অমত? ভগবান্ তোমাকে স্থথে রাখুন, তোমার চেঠা গুলি সফল করুন, তোমাকে মান ও বশ দান করুন। অভাগিনী স্থধাকে ভগবান্ স্থথে রাখুন, থেন চির-পতিত্রতা হইয়া সংসারে স্থথলাভ করে।

সাশ্রনরনে শরৎ উত্তর করিলেন, বিন্দুদিদি, জগদীশ্বর তোমার এ দরার পুরস্কার দিবেন। তোমাদের দরা, তোমাদের সংকার্য্যে সাহস, তোমাদের অনিন্দনীয় স্নেহ এ জগতে ছর্লভ। লোকনিন্দা ভয় করিও না; বঙ্গদেশের প্রধান পণ্ডিতগণ বলেন বিধবা-বিবাহ আমাদের প্রাচীন শাস্ত্রবিক্লদ্ধ নহে।

বিন্দু। শরৎ বাবু আমি মেরে মানুষ, আমি শান্ত বুঝি না। কিন্তু আমার কুজ বুদ্ধিতে বোধ হয় যে কচি মেরেকে আমরা চিরকাল যাতনা দিব এরূপ আমাদের শান্তের মত নহে, দরাবানু প্রমেশ্রেরও ইচ্ছা নহে।

জগতের মধ্যে স্থা শরংচন্দ্র বিদ্র নিকট অনেক ক্বতজ্ঞতা প্রকাশ করিয়া বিদায় লইলেন। নীচে উঠানে আসিলেন। দেখিলেন স্থা ভাঁড়ার ঘরের দরজায় চাবি দিয়া একটা প্রদীপ হাঁতে করিয়া বাহির হইয়া আসিতেছে! শরৎ স্থাকে প্রায় ভূই মাস অবধি দেখেন নাই, তাঁহার হৃদয় স্তম্ভিত হইল, শরীয় কণ্টকিত হইল। ঐ লাবণ্যময়ী পবিত্রহৃদয়া স্থায়া কন্যা কি শরতের হইবে? ঐ সেহপ্লাবিত নির্মাল নয়ন ছটা কি শরৎ চৃত্বন করিবেন? ঐ লতা-বিনিন্দিত কমনীয়,পেলব বাছছটা কি শরৎ নিজ বাছতে ধারণ করিবেন? ঐ কুসুম

বিনিশিত লাবণ্যবিভূষিত দেহলতা কি শরং নিজ বক্ষে ধারণ করিবেন? শরতের দরিদ্র কুটারে কি ঐ স্থানর কুসুমটা দিবানাতি প্রাক্তি থাকিবে? প্রাতঃকালে উষার আলোকের ন্যায় ঐ প্রণয় আলোক কি শরতের জীবন আলোকিক করিবে? সায়ংকালে ঐ স্বেহ প্রদীপ কি শরতের ক্ষুদ্র কুটার উদ্ধান করিবে? অসংখ্য উদ্যানে, অসংখ্য চেষ্টায়, ক্লেশে ও পরিশ্রমে, ঐ স্বেহময়ী ভার্য্যা কি শরতের জীবনে শান্তি দান করিবে, জীবন স্থেময় করিবে? এইরপ চিন্তা লহরীতে শরতের পূর্ণ হাদয় উথলিতে লাগিল, শরং একটা কথা কহিতে পারিল না।

সুধা কবাটের শিক্লি দিয়া চাবি বন্ধ করিয়া দেখিলেন
শরৎ বাবু দাঁড়াইয়া আছেন। সহসা তাহার গৌরবর্ণ মুখমণ্ডল লজ্জায় রক্তবর্ণ হইল, সুধা হেটমুখী হইল, মাথার
কাপড়টী টানিয়া দিল। আবার শরৎ বাবুর কাছে মাথায়
কাপড় দিল মনে করিয়া অধিক লজ্জিত হইল, চক্ষু ছটী মুদিত
করিল, চক্ষুর উপরের চর্ম্ম পর্যন্ত লজ্জায় রঞ্জিত হৃইয়াছে।
স্থধা আর দাঁড়াইতে পারিল না, দোড়াইয়া পলাইয়া গেল।

স্থার সেই রঞ্জিত অবনত মুথ থানি অনেক দিন শরতের সদয়ে অঙ্কিত রহিল। ক্লেশে, নৈরাশ্যে, পীড়ায়, সে মৃর্কি অনেক দিন তাঁহার অরণপথে আবোহণ করিয়াছিল।

আনন্দ ও উদ্বেগপূর্ণ হৃদয়ে শরৎ বাটী আসিলেন। শরতের ভাগ্যে কি এই স্বর্গীয় স্থথ ধথার্থই আছে? না অদ্য রজনীর দীপাবনীর ন্যায় এই স্থথের আশা সহসা নিবিয়া বাইবে, বোর অমাবস্যার অন্ধকার শরতের হৃদয় পূর্ণ করিবে? অপরিমিত স্থথ মনুষ্য ভাগ্যে প্রায় ঘটে না, অপরিমিত স্থথের সময় মনুষ্য হৃদয়ে এইরূপ ভয়ের উদয় হয়।

বাটী আসিবামাত্র শরতের ভূত্য শরতের হস্তে এক থানি পত্র দিল। শূরতের হৃদয় সহসা স্তম্ভিত হইল, কেন হইল শরৎ তাহা জানেন না।

উপরে গিয়া বাতির আলোকে শরৎ দেখিলেন তাঁহার মাতার চিঠি। মাতা গুরুকে দিয়া পত্র লিখাইয়াছেন। পত্র এইরূপ—

"বাছা শরং! তুমি স্কুত্ত শরীরে কুশলে থাক, জোমার চেষ্টা সকল হয়,তোমার জীবন স্থণময় হয়, তাহাই ভগবানের নিকট দিবারাত্রি প্রার্থনা করিতেছি।

"বাছা, আজ একটা নিন্দার কথা শুনিয়ামনে বড় ব্যথা পাইলাম। বাছা শরং, তুমি ভাল ছেলে, তুমি মাকে ভালবাস, আমি এ নিন্দার কথা বিশ্বাস করি না; তুমি তোমার অভাগিনী মাতাকে কটু দিবে না।

"লোকে বলে তুমি স্থাকে বিবাহ করিতে ইচ্ছা করিয়াছ। বাছা এটা অধর্মের কথা, এ কাষটা করিয়া তোমার বাপের নির্মাল কুলে কলঙ্ক দিও না, তোমার মা যত দিন বেঁচে আছে তাহাকে তুমি কষ্ট দিও না। বাছা, তুমিত কথার অবাধ্য ছেলে নও।

"বাছা শরৎ, আমি অনেক কট্ট সহু করিয়াছি। তোমার বাপ আমাকে কাঁদাইয়া রেখে গিরাছেন, বাছা কালীর যে অবস্থা তাহা তুমি জান। তুমি আমার হৃদরের ধন, তোমার আশার বেঁচে আছি, এ বয়সে তুমি আমাকে কাঁদাইও না, আমার অধিক দিন বাঁচিবার নাই। "আমার মাধার চুলের মত তোমার পরমায়ু ইউক। ভগ-বান্ তোমাকে .সংসারে স্থুখ দান করুন, পুণ্য কর্মে তোমার মতি ইউক। এ অভাগিনী আর কি আঁশীর্কাদ করিবে ?"

শরৎ একবার, ছইবার, তিনবার এই পত্র পাঠ করিলেন। ঠাঁহার হাত কাঁপিতে লাগিল, সমস্ত শরীর কাঁপিতে লাগিল। চূর্বল হস্ত হইতে পত্রখানি পড়িয়া গেল;—শরং মৃচ্ছিত হুইয়া ভূতলে পড়িল।

## भक्षविश्म भविर**ष्ट्**म।

#### মাতা ও সন্তান।

সে দিন রাত্রিতে শরং বে যাতনা ভোগ করিয়াছিলেন তাহা বর্ণনা করিতে আমরা অক্ষম। নৈরাশ্যের ক্ষণবর্ণ ছায়া তাঁহার হৃদয়কে আবৃত করিল, স্থণা ও লজ্জা তাঁহাকে ব্যথিত করিল, বন্ধুর সর্ব্ধনাশ করিয়াছেন এই চিন্তা শত বৃশ্চিকের ন্যায় তাঁহাকে দংশন করিতে লাগিল।

যে স্বপ্নবং স্থাবের আশা ছয় মাস ধরিয়া শরং স্থারর স্বারে স্বর্থের বারণ করিয়াছেন তাহা অন্য জলাঞ্জলি দিবেন ? মাতৃ আজ্ঞা পালনার্থ শরং তাহা করিতে প্রস্তুত আছেন। সমস্ত জীবন স্থাশূন্য, উদ্দেশ্যশূন্য, আশাশূন্য হইবে, মরুভূমির ন্যায় শুক্ষ ও রস্পূন্য হইবে, ছর্বাই জীবনভার বহন
করিতে পারিবেন ? মাতৃ আজ্ঞার জন্য শরং তাহাতেও
প্রস্তুত আছে। কিন্তু জীবনের প্রিয়্তম বন্ধু হেমচক্র ও বিশুর

नारम आंकि रा कनक तरिन, ममार्क ठाहामिशरक प्रना कतिरत, তিরস্কার করিবে, অঙ্গুলি দিয়া তাহাদিণের দিকে দেধাইয়া मित्त. भंदर (माँठे कि मरा कदिएक भावित्वन ? लाक **এथन** বলিবে, ঐ চুইজ্বনে একটা নষ্টা বিধবাকে শরতের সঙ্গে বিবাহ मिटि ठाहियाছिन, শরং ব্**बिया স্থিয়া সে বিবাহ করিলেন না**, वाजिजातिगीजे (रुमवावुत चर्त्रारे आह्न. এ क्रम्य-विमात्रक कथा कि मंत्र मंश कतिए शांतिर्यम १ रा विन् वानाकानाविध শরতের স্নেহময়ী ভগিনীর ন্যায়, তাহার প্রতি শরৎ এইরূপ चाहत्र कतिरवन १ रा रश्मवाव सीम्र छेनाग्रि छर। भत्र एक ভ্রাতার ন্যায় ভালবাদিতেন, লোকনিন্দা ভূচ্ছ করিয়া আজি কেবল শর্ৎ ও স্থার স্থের দিকে লক্ষ্য করিয়া শরতের বিষম প্রস্তাবেও সন্মত হইয়াছিলেন, তাহাকে কি শরং জগতের তিরস্কার ও ঘূণার পদার্থ করিবেন? যে স্নেহপূর্ণ নিম্বলঙ্ক পরিবারে প্রবেশ করিয়া শরৎ এতদিন শান্তি লাভ করিয়া-ছিলেন, আজি কি কুটিলগতি বিষধর দর্পের ন্যায় তাহাদিগকে দংশন করিয়া চলিয়া আসিবেন ? কাল বিবে সে পরিবার জর্জারিত হউক, ধ্বংস প্রাপ্ত হউক, অনপনেয় কলম্ব সাগরে নিমুগ্ন হউক, শরং নিঃসঙ্কৃচিত চিত্তে তাহাদিগকে ত্যাগ করিয়া আসিলেন! এ চিস্তা শরতের অসহ্য হইল, অসহ্য বেদনায় চীৎকার করিয়া উঠিলেন "মাতা, ক্ষমা কর, আমি এ কার্যটা পারিব না।"

আর সেই ধর্ম-পরায়ণা, পবিত্র-হৃদয়া হতভাগিনী স্থধা ? ছয় মাস পুর্বের সে বালিকা ছিল, প্রণয়ের কথা জানিত না, বিবাহের কথা মনে উদয় হয় নাই। এই ছয় মাসের মধ্যে শরৎই তাহাকে প্রণয় শিথাইয়াটে, বালিকার হালয়ে ন্তন ভাব, ন্তন চিন্তা, ন্তন আশা জাগরিত করিয়াছে। আহা ! উষার আলোক যেরপ নিস্তর্কে ধীরে ধীরে স্বপ্ত জগতে ও গভীর আকাশে প্রসারিত হয়, এই ন্তন আশা জনাথিনী বিধবার হালয়ে সেইরপ বাাপ্ত হইয়াছে, আজি লক্ষাবতী নয়্ম্থী বিধবা ভৃষার্ভ চাতকের ভায় প্রণয় বারির জন্ত চাহিয়ারহিয়াছে। এখন শরৎ তাহাকে বঞ্চিতা করিয়া তাহাকে এই নিষ্ঠুর সংসার মধ্যে তাগে করিবেন? হয় ত অসহ্ত অবমাননা ও কলকে দক্ষহালয়া হইয়া অকালে সে প্রাণত্যাগ করিবে, অথবা চিরজীবন হালয়ে এই নিষ্ঠুর শেল বহন করিয়া জীবয়্ত হইয়া থাকিবে! শরৎ আর সহ্ত করিতে পারিলেন না, গর্কিত য়ুবক আজি ভূমিতে লুঞ্জিত হইয়া বালিকার ভায় রোদন করিতে লাগিলেন।

ঘর বড় গরম হইল। শরৎ উঠিয়া গবাকের কাছে দাঁড়াইলেন, শরৎকালের নৈশবায় তাঁহার ললাটে লাগিল, তাঁহার
জলন্ত মুথমণ্ডল ঈষৎ শীতল হৈল। সমস্ত জগৎ স্থপ্ত ও
নিস্তব্ধ। অমাবস্যার অন্ধকারে আকাশ ও, মেদিনী আছেয়
করিয়া রহিয়াছে, আকাশ হইতে অসংথ্য তারা এই পাপপূর্ব,
শোকপূর্ণ জগতের দিকে নিস্তব্ধে দৃষ্টি করিয়া রহিয়াছে।

মাতা পত্রে লিথিয়াছেন তিনি ছই একদিনের মধ্যে কলি-কাতার আসিবেন। মাতাকে এ সকল কথা বৃঝাইলে তিনি বৃঝিবেন ? এ কার্য্যে তিনি সন্মতি দিবেন ? সে বৃথা আশা! শ্বং মাতাকে জানিতেন, বার্দ্ধকো, বৈধব্যে, তিনি কথনই এ কার্য্যে সম্মত হইবেন না, কিম্বা যদি মুখে সম্মতি প্রকাশ করেন, কদেরে বড় ব্যথা পাইবেন, পুত্রের আচরণে অচিরে শোকে প্রাণড্যাগ করিবেন। করবোড় করিয়া সেই নীল আকাশের দিকে চাহিয়া শরুং সাক্রমনে কহিলেন "পুণ্যা জননি! আমি বেন সন্তানের আচরণ না ভূলি? তোমার হৃদয়ে যেন সন্তাপ না দিই, তোমার শেষ কাল যেন তিক্ত না করি!"

সমস্ত রাত্রি চিস্তার দংশনে শরংচক্র ছট্ ফট্ করিতে লাগিলেন। প্রাতঃকালের শীতল বায়তে তাঁহার শরীর একটু শীতল হইল, মন একটু শান্তি লাভ করিল, তিনি কর্ত্তবা নিরূপণ করিলেন। শোকসম্ভপ্ত কিন্তু শান্ত হৃদয়ে তিনি দিবালেক প্রতীক্ষা করিতে লাগিলেন।—

প্রাতঃকালের শীতল বায়ুতে তাঁহার একটু তন্ত্রা আসিল।
কতক্ষণ নিজা গেলেন তাহা তিনি জানেন না, কিন্তু তাঁহার
বোধ হইল যেন কেহ কোনল হস্তে তাঁহার মাথায় হাত
বুলাইতেছে। তথন চক্ষু উন্মীলিত করিলেন, দেখিলেন তাঁহার
ক্ষেহময়ী মাতা তাঁহার মাথার কাছে বিদিয়া বাংসল্য ও স্নেহের
সহিত তাঁহার মাথায় হাত বুলাইতেছেন। শরং উঠিবামাত্র
তাঁহার মাত্য বলিলেন,

াবাছা শরৎ, তুমি এত কাহিল হইয়া গিয়াছ; আহা তোমার মুথথানি শুথিয়ে গিয়াছে। আহা বিছানায় না শুইয়া ভূমিতে শুইয়া আছ কেন ? এদ বাছা বিছানায় এদ।

শরং। না মা, আমি বেশ ঘুমাইয়াছি আর ঘুমাব না। মা ভূমি কথন এলে? কবে আসিবে তাহা ঠিক করিয়া আমার্কৈ লিথ নাই কেন? তোমার ষ্টেশন হইতে আসিতে কোন কণ্ট হর্মনি তঃ মাতা। না বাছা, আমার সঙ্গে গুরু এসেছেন, তিনি গাড়ি ঠিক করে,দিয়েছেন, আমার কোনও কট হয় নাই।

শরং। মা, আমি না বুঝিয়া স্থিয়া অপরাধ করিয়াছি, তোমার মনে কট দিয়াছি, সেটা ক্ষনা কর। তোমার চিটি পাইয়া আমার অভিপ্রায় ত্যাগ করিয়াছি। না আমি তোমার অবাধ্য হইব না, বদি কিছু কট দিয়া থাকি সন্তানকে সে টুকুক্ষনা কর। মা তুনি আমার সকল দোবই ত ক্ষনা কর।

র্কার নয়ন হইতে ঝর ঝর করিয়া জল পড়িতে লাগিল; তিনি ক্ষেহ গদু গদ্ স্বরে বলিলেন,—

বাছা শরং, তোর মুখে কুল চন্দন পড়ুক, ভুই আমার কথাটা রেথে আমার প্রাণ ঠাণ্ডা করিলি। বাছা তুনি আমার কথা রাণিবে তাহা জানিতাম, তুমি ত আমার অবাধ্য ছেলে নও। আহা ভগবান তোমাকে স্বধী করুন।

মাতার হস্ত গৃটী মস্তকে স্থাপন করিয়া শরংচক্র অবারিত অশ্রুধারা বিসর্জন করিতে লাগিলেন। মাতা অঞ্চল দিয়া পুজের অশ্ মুছাইয়া দিলেন, মাত্রেহে পুত্রের হৃদয় শাস্ত হইল।

# ষড়বিংশ পরিচ্ছেন।

## কুলগৌরবের পরিণাম।

স্থার সহিত শরতের বিবাহের কথা ভাঙ্গিয়া গিয়াছে, তথাপি মেয়ে মহলে সে কলঙ্কের কথা লইয়া অনেক দিন অবধি নাড়া চাড়া হইতে লাগিল, এমন সরস কথা কি আর রোজ রোজ মিলে? কালী তারার শাশুড়ীরা ত হাটের নেড়া হজুক চায়, যথন একটু কার্য কর্ম্ম করিয়া অবসর হয়, অথবা কালী-তারাকে গঞ্জনা দিতে ইচ্ছা হয়, অমনি কথায় কথায় ঐ কথা উঠে।

ছোট। হেঁ ঠেঁ বিয়ে তেঙ্গে গেছে, মুণেই ভেঙ্গেছে, কাজে কি আর ভাঙ্গে? আমার বেন কলিকাতায় এসেছেন, ছেলে আর কি করে, দিন কত চুপ করে আছে। বেনও গঙ্গাযাতা করবেন, আর ছেলেটা ঐ হতভাগী ছুঁড়ীটাকে আবার বিয়ে করবে।

মেজ। হেঁগো হেঁ, বেন বড় গুণবতী। ঐ পোড়ামুখীইত সব করেছে, ও না করলে কি আর দম্বর হইত ? তার পর আমাদের ভরে সিন কাষটা থেমে গেল, আমাদের ঘরে মেয়ে দিয়েছে, পোড়ামুখীর প্রাণে ভয় নেই, ঐ বিয়ে হইলে কি আজ কালীকে আন্তো রাথতুম ? আহা বেমন নচ্ছার মা তেমনি মচ্ছার মেয়েও হয়েছে, এমন ছোট নোকের ঘরের মেয়েও বিয়ে করে আনে ? আমাদের এয়ন কুলেও কালী দিয়েছে।

ছোট। আর সেই মাগীই কি নছার বাবু,—ঐ হেম বাবুর স্ত্রীর কি নজা সরম নেই ? সে কিনা বিধবা বনটাকে বিয়ে দিতে রাজি হইল ? ও মাছি!ছি! চোদ পুরুষকে একেবারে কলকে ডুবালে ? অমন মেয়ে বেঁচে থাকার চেয়ে মরে যাওয়াই ভাল। বাপ মা ফুন থাওয়াইয়া মেরে ফেলেনিকেন ?

মেজ। আর সেই এক রত্তি মেয়েটাই কি নচ্ছার গা?

অমন বিধবাকে কি আর ঘরে রাখতে হয় ? অন্য নোকে হইলে কাশী রুল্বেন পাঠিয়ে দিত, কি হরিনামের মালা হাতে দিয়ে বৈষ্ণবদের আখড়ায় পাঠিয়ে দিত। ছি! ছন্ত্র নোকের ঘরে এমন নজ্জার কথা ?

ছোট। তা দিক্ না সেটাকে বের করে, আর এত ঢণাঢলি কেন, সেটাকে বাজারে বের করে দিকু না ?

মেজ। ওলো ঢলাঢলির কি হয়েছে? আরও হবে।
তোরা তবন সব কথা জানিস নি, আমি ওদের সব শুনেছি।
এই দেখ না কি হয়? বড় দেরি নেই। তথন কেমন করে
ছুকোয় দেখব। পুলিসে খবর দিব না ? অমন কুটুম থাকার
চেয়ে না থাকা ভাল, কুটুমের মুখে আগুন।

ছোট। আবার বেন কলিকাতার এসে কালীকে নিতে নোক পাঠিয়েছিল। একটু নজ্জা সরম নেই গা ?

মেজ। ও লো নজা সরম থাক্লে আর পোড়ামুখী ছেলের অমন সম্বন্ধ করে ? তা হতভাগা বংশে আর কি হবে বল না ? বৌমাকে নিতে আসবে ? কাঠের চেলা দিয়ে পিঠ ভেঙ্গে দেব না ? কালী একবার যাবার নাম করুক দিকি ? ওর পিঠের চামড়া যদি না তুলি ত আমি কায়েতের মেয়ে নই। ছি!ছি! অমন মরে বৌ পাঠায়, ওদের ছুঁলে আমাদের সাত পুরুষের জাত যায়, কি ঝকমারি হয়েছে যে এমন হাড়ি ডোমের বরে গিয়ে বাবু বিয়ে করেছেন। ছি!ছি!ছি!

এইরূপ বংশের স্থ্যাতি, মাতার স্থ্যাতি, শরতের স্থ্যাতি, বিন্দু ও স্থার স্থ্যাতি কালীতারাকে কত দিন শুনিতে হইত তাহা আমরা বলিতে পারি না, কিন্তু অমূত- ভাষিণীদিগের সে অমৃত বচন এক্ষণে কিছু দিনের জস্ত মুলজুবি রহিল,—বাবুর পীড়া সহসা এত বৃদ্ধি পাইল য়ে তাঁহার প্রাণের সংশয়; তথন সকলে তাঁহার চিন্তায় ব্যাকুল হইল।

তখন কালীতারার খুড়-শাভড়ীরা বড়ই ভয় পাইল, সে বিপুল বংশ গোছাইয়া রাখিতে পারে এমন আর একজন লোক সে বংশে ছিল না। কালীতারা ভয়ে ও চিন্তায় শীর্ণ হইয়া গেল, খাইবার সময় খাওয়া হইত না, রাত্রিতে চিস্তায় ঘুম হইত না, কেবল বাবু কেমন আছেন জানিবার জন্ম ছট্ ফট্ করিতেন। ভগিনীপতির স্কটাপর পীড়ার সংবাদ পাইয়া শরংচক্র সে বাটীতে আসিলেন. কয়েক দিন তথায় রহিলেন। হেমচক্রও প্রতাহ প্রাত:কালে আসিয়া দ্বিপ্রহর পর্যান্ত তথায় থাকিতেন। তাঁহাকে দেখিয়া লোকে কাণাকাণি করিত. তিনি তাহা গ্রাহ্য করিতেন না। হেমকে দেখিয়া শরংও একট্ অপ্রতিভ হইলেন কিন্তু উদারচরিত্র হেম শরৎকে এক পাৰে ডাকিয়া লইয়া গিয়া বলিলেন, "শরৎ তুমি আর আমাদের वाड़ी यां भा तिन ? जुमि मन कार्या कत नाहे, नज्जा কিসের ? বিবাহে তোমার মাতার মত নাই, মাতার কথা অনুসারে কার্য্য করিয়াছ তাহা কি নিন্দনীয় ? তোমার মাতার অমতে তুমি ঘদি বিবাহ করিতে স্বীকার করিতে, আমরা স্বীকার করিতাম না। শরৎ তোমার কার্য্যে দোষ নাই, **(मार्येत कार्य) ना कतिला निकात कार्त्रण नाहै।** लार्कित কথা আমরা গ্রাহ্য করি না, তুমিও গ্রাহ্য করিও না।" শরৎ হেমের এই কথাগুলি শুনিয়া স্তম্ভিত হইলেন। যে বাল্যবন্ধুকে তিনি জগতের খুণাম্পদ করিয়াছেন, যাঁহার পবিত্র সংসার

ভিনি কলন্ধিত করিয়াছেন, সেই ঋবিত্ল্য ব্যক্তি আপনি আসিরা শরতের হাত ধরিয়া তাঁহাকে সকল মার্জনা করিলেন! শরৎ হেমের কথার উত্তর দিতে পারিলেন না, ক্লতজ্ঞতার তাঁহার চক্ষু জলপুর্ণ হইল, মনে মনে কহিলেন "এত দিন আপনাকে জ্যেষ্ঠ সহোদর বলিয়া স্নেহ করিতাম, অদ্য হইতে দেব বলিয়া পুলা করিব।"

হেমচন্দ্র ও শরৎ রোগীর যথেষ্ট স্থশ্রষা করিলেন। ঠাকুরের প্রসাদ বন্ধ করিয়া দিলেন। অর্থবারে সন্ধৃচিত না হইয়া কলিকাতার মধ্যে সর্বোৎকৃষ্ট চিকিৎসকগণকে প্রত্যহ ডাকা-ইতে লাগিলেন, তাঁহাদিগের আদেশ সম্পূর্ণরূপে পালন হয় দেথিবার জন্ত শরৎ দিবারাত্রি রোগীর ঘরে থাকিতেন। কিন্তু কিছুতেই কিছু হইল না। এক সপ্তাহ উৎকট পীড়া সহা করিয়া কালীতারার স্বামী মানবলীলা সম্বরণ করিলেন।

কালীর শরীরথানি চিন্তায় আধথানি হইয়া গিয়াছিল ;— এ সংবাদ পাইবামাত্র চীৎকার শব্দে রোদন করিয়া ভূমিতে আছাড় থাইয়া মৃচ্ছিতা হইল।

শরৎ অনেক জল দিয়া বাতাস করিয়া দিদিকে সংজ্ঞা দান করিলেন, তথন কালীতারা একবার স্বামীকে দেখিবে বলিয়া চীৎকার করিতে লাগিল। শরৎচন্দ্র সেটা নিবারণ করিতে চেষ্টা করিলেন, পারিলেন না,—আলু থালু বেশে মুক্ত কেশে শোকবিছ্বলা কালীতারা স্বামীর ঘরে দৌড়াইয়া গেলেন, মৃত স্বামীর চরণ হুটী মন্তকে স্থাপন করিয়া ক্রন্দন ধ্বনিতে সকলের ছদয় বিদীর্ণ করিলেন। কালীতারা স্বামীর প্রণয় ক্থনও জানে নাই, স্বদ্য সে প্রণয়টী জানিল, শূন্য-ছদয় বিধবা অসহ্য যাতনার স্বামীপদে বার বার পুঞ্জিত হইয়া
অভাগিনীর কারা কাঁদিতে লাগিল। একবার করিয়া মৃতস্বামীর মুখমগুল দেখে, আর একবার করিয়া হৃদর উথলিয়া
উঠে, রোদনেও তাহার শান্তি হয় না। ক্ষণেক পর আবার
মুদ্ধিত হইয়া পড়িল,—কালীর চৈতনা শ্ন্য শীর্ণ দেহ হস্তে
উঠাইয়া শর্ব অন্য ঘরে লইয়া আসিলেন।

কয়েক দিন পরে কালীতারার খণ্ডরবাড়ীর সকলে বর্দমানে প্রস্থান করিলেন। শোকবিহ্বলা বিধবা ভবানীপুরে শরতের বাড়ীতে আসিয়া মাতার স্নেহপূর্ণ হৃদয়ে শাস্তি লাভ করিলেন। কালীর বয়:ক্রম ২০ বৎসর হয় নাই, কিন্তু তাহার সম্মুথের সমস্ত চূল উঠিয়া গিয়াছে, চক্ষু ছটা বসিয়া গিয়াছে, শরীরখানি অভি শীর্ণ, শোকে ও কপ্তে নানার্রপ রোগের সঞ্চার ইইয়াছে। দেখিলে তাঁহাকে চন্তারিংশং বৎসরের চিররোগিণী বলিয়া বোধ হয়। চিরছঃখিনী মাত্সেহে কথঞিং শান্তি লাভ করিলেন।

কুলমূর্য্যাদা দেখিয়া কালীর বিবাহ দেওয়া হইয়াছিল,—
কিন্তু উৎকৃষ্ঠ কুল হইলেই সর্বাদা মুখ হয় না।

## मश्रविः न পরিছেদ

### ধনগৌরবের পরিণাম।

আমরা একজন হতভাগিনীর কথা পুর্ব পরিচেছদে । নিধিন লাম, আর একজন হতভাগিনীর কথা এই পরিচেছদে নিধিব। শোকের কথা আর লিখিতে ইচ্ছা করে না, কিন্তু যখন সংসারের কথা লিখিতে বৃসিয়াছি তখন শোকের কাহিনীই লিখিতে বসিয়াছি। শোক ছঃখের কথা না লিখিলে সংসারের চিত্রটা প্রকৃত হয় না। সংক্ষেপে সে কথাটি লিখিব।

কালীতারার স্বামীর পীড়ার সময় হেমচক্স সর্কানাই সেই বাড়ীতে থাকিতেন, স্থতরাং বিন্দু বাড়ী হইতে বড় বাহির হইতে পারিতেন না। তাঁহাদের পাড়ার লোকে অন্ধ্রপ্রফ করিয়া বেরূপ প্রবাদ রটাইয়াছিল তাহাতে তাঁহার বাড়ীর বাহিরে যাইতে বড় ইচ্ছাও ছিল না। তবে উমাতারা কেমন আছে, জানিতে বড় উৎস্থক ছিলেন। মধ্যে মধ্যে লোক পাঠাইতেন, লোকে বে থবর আনিত তাহাতে বিন্দুর বড় ভয় হইতে লাগিল। কয়েক দিন পরে তিনি পার্কী করিয়া উমার বাড়ী গেলেন।

বিন্দু পথে মনে করিতেছিলেন তাঁহার জেঠাইমা তাঁহাকে কত তিরস্কার করিবেন, কিন্তু বাড়ী পঁছছিয়া তাঁহার জেঠাই মাকে যে অবস্থায় দেখিলেন তাহাতে বিন্দুর চক্ষুতে জল আদিল। জেঠাইমার সে চিরপ্রকুল মুথ থানি শুথাইয়া গিয়াছে, ভাসা ভাসা নয়ন ছটা বিসমা গিয়াছে, কাক পক্ষের আয় রুষ্ণ কেশ গুলি স্থানে স্থানে শুক্ল ইইয়াছে, সে স্থূল শরীর থানি ভাঙ্গিয়া পড়িয়াছে। ক্সার সেবায় দিবারাত্তি জাগরণ করিয়া, কন্যার মানসিক কষ্টের জন্য দিবারাত্ত রোদন ও চিন্তায় উমার মাতা অকালে বার্দ্ধক্যের লক্ষণ প্রাপ্ত হইয়াভ্রেনে।

বিন্দু আসিবামাত্রই ভাঁহার জেঠাইমা চকুর জল ফেলিয়া

বলিলেন, "আয় মা ভোরা একে একে আয়, বাছা উমাকে এক-বার দেখ, যা করিছে হয় কর, আমি আর পারি না।"

উদিগ্ন স্থারে বিন্দু 'জেঠাইমার সঙ্গে ঘরে প্রবেশ করিলেন, উমাতারাকে দেখিবামাত্র তাঁহার হদর কম্পিত হইল। মৃত্যুর ছারা দেই রক্তশূন্য, জ্যোতিঃশূন্য মুখমগুলে পতিত হইরাছে।

বিন্দুদিদিকে দেখিয়া রোগীর মুখখানি একবার একটু
উজ্জ্ব হইল, বিন্দুর দিকে উমা হাত বাড়াইলেন, বিন্দু সেই
হাতটি ধরিয়া বাল্য-সহচরী উমাতারার নিকট বসিয়া নীরবে
রোদন করিতে লাগিলেন। মনে মনে ছেলে বেলার কৈথা
উদর হইতে লাগিল। অতি শৈশবে বিন্দু জেঠাইমার বাড়ী
খেলা করিতে আসিত, উমার সঙ্গে কত খেলা করিত, উমা
আপনার সন্দেশটা ভান্সিয়া বিন্দুকে দিত, আপনার খেলানা
হইতে বিন্দুকে একটা দিত। তাহার পর বিন্দুর পিতার মৃত্যু
হইলে বিন্দু জেঠাইমার বাড়ীতে আশ্রম পাইয়াছিল, তথনও
উমার সঙ্গেই খেলা করিতে ভালবাসিত, উমাও গরিবের মেয়ে
বিল্মা বিন্দুকে তুছ করিত না।

ভাহার পর উভয়ের বিবাহ হইল, উভয়ে ভিন্ন ভানে গেলেন, কিন্তু বাল্যকালের প্রণয়টী ভূলিলেন না, যথন জেঠাই মার বাড়ীতে উমার সঙ্গে দেখা হইত তথনই কত আনল । ছয় মাস পূর্বে জেঠাইমার বাড়ীতে ছইজন কত আহলাদে দেখা করিয়াছিলেন, আজ সে আনল কোথায় ! উমার সেই জগতে অত্ন সৌল্যা কোথায় ? সেই স্থলর ললাটে হীরকের সিঁতি কোথায় ? সে স্থগোল বাছতে হীরক থচিত বলয় কোথায় ? সরলচিত্তা জেঠাইমার সেই মিষ্ট হাসি কোথায় ? সেই একটু

ধনগর্ম, একটু সাংসারিক গর্ম কোথায় ? সে সংসার স্থুখ অতা-তের গর্ভে লীন, হইয়াছে, দে স্থপ উমাতারার অদৃষ্টাকাশে আর কথনই হইবে না। সে স্থুখ সাজ হইয়াছে, উমাতারার नीना (थना अ मात्र थाय, धन, स्वीतन, अजून स्नीनर्गा, अकात लीन इडेल।

অনেকক্ষণ পরে ক্ষীণ স্বরে উমা কহিলেন.—

विन्तृषिति, अत्मक पित्नत शत তোমाকে দেখিলাম, ভোমাকে একবার দেখিয়া প্রাণটা জুড়াইল।

বিন্দু। কালীভারার স্বামীর বড় পীড়া হইরাছিল তাই আমরা বড় ব্যস্ত ছিলাম, উমা সেই জন্ম তোমাকে দেখিতে আসিতে পারি নাই।

উমা। ব্যারাম আরাম হইয়াছে १

विन्तृ शीरत शीरत विनत्त्रन,-कानी विश्वा।

উমা নিস্তর হইয়া রহিলেন; এক বিন্দু অঞ্জল সেই भी । शक्ष्य मित्रा श्राटेश शिंक । करनक शरत विनित्तन.

কালী এখন কোথায় ?

বিন্দ। শরতের বাড়ীছত আছে। কালীব মাও সেই খানে আছেন, তিনি কলিকাতায় আসিয়াছেন।

हैया। कानीरक वनिष्ठ, जाहात मन श्रुष्ट हरेल अकवात আমিয়া দেখা করে। মরিবার আগে তাকে একবার দেখিতে বড ইচ্ছা করে।

বিন্দ। ছি উমা, অমন কথা মুখে আন কেন? তোমাব উৎকট রোগ হইয়াছে, তা ডাক্তার দেখিতেছে, ব্যারাম ভাল হবে ध्यम : हि. अमन ভाবना मत्न आनि ।

উমা। ভাল হয়ে কি হবে ?

বিশু। ভাল হইয়া আবার সংসার করিবে। মান্থ্রের কট কি আর চিরকাল থাকে ? আজ বে কট আছে, কাল ভাহা থাকিবে না, স্থ ছঃখ সকলেরই কপালে ঘটে। ব্যারাম ভাল হইলে তুনি স্থা হইবে, পতিপুত্রবতী হইয়া সোণার সংসারে বিরাজ করিবে।

উমা কোনও উত্তর করিলেন না,—একটা ক্ষীণ হাসি সেই শীর্ণ ওষ্ঠপ্রাস্থে দেখা গেল। ক্ষণেক বেন কি শব্দ শুনিতে লাগিলেন, পরে বলিলেন,—

ঐজানালা থেকে দেখ।

বিন্দু ও বিন্দ্র জেঠাইমা জানালার নিকট গিয়া দেখিতে লাগিলেন। জুড়ী আসিয়া কাটকের নিকট দাঁড়াইল, ধনঞ্জয় ও একটা বাবু গাড়ী হইতে নামিলেন। দারদেশে একটা রদ্ধা দাঁড়াইয়া ছিল তাহার সঙ্গে ছই জনে কি কথা কহিতে লাগিলেন। তিন জনে পরামশ করিতে করিতে উপরে গেলেন।

বিন্দু জিজ্ঞাসা করিলেন,—জেঠাইমা, ধনঞ্জর বাবুর সঙ্গে ও বাবুটা কে ?

্বিন্দ্র জেঠাইমা। ও গো ঐ ত আমার জামাইয়ের
শনি। ওঁর নাম স্মতি বাব্, কলিকাভার যত বড় মানুষের
কাছে গিয়ে পোড়ামুখো অমনি করে হেসে হেসে কথা কয় গো,
আর যত মন্দ রীত চরিত শিধায় আর টাকা কাঁকি দেয়।
জামাইয়ের কত টাকা ফাঁকি দিয়ে নিয়েছে ভগবান্ই জানেন!
য়ম কি পোড়ামুখোকে ভুলে আছেন?

विन्। आत के वृङ्गींगे कि, के य शक निष्क निष्क

হেনে হেনে বাবুদের দঙ্গে কথা কইতে কইতে উপরে গেল ?

জেঠাইমা। .কে জানে ও হতভাগী মাগীটা কে,—এই কয়েক দিন অবধি জোঁকের মত আমার জামাইয়ের সঙ্গে লেগে রয়েছে। কি কুচক্রে ঘুরচে, কে জানে ?

ক্ষাণ স্বরে উমা কহিলেন, "মা, আমি জানি, তোমরাও শীঘ জানিবে।" রোগী পাশ কিরিয়া শুইলেন ও নিস্তন্ধ হইয়া রহিলেন। উমা একটু সুমাইয়াছে বিবেচনা করিয়া বিন্দু মে দিন বিদায় হইলেন।

সেই দিন অপ্রি বিশ্ প্রায় প্রতাহ উমাকে দেখিতে আদিতেন, কিন্তু বিশ্ব স্থেন, উমার মাতার যত্ত্ব, সমন্তই বুগা হইল।
রোগীর মনে স্থেনাই, আশা নাই, জীবনে আর কচি নাই;
তাহার কাশি অতিশর কৃদ্ধি পাইল, তাহার সঙ্গে সঙ্গে স্থানাশাও বাড়িল; সুর্বল ক্ষাণ উমা সমন্ত দিন প্রায় আর কথা
কহিতে পারিত না। তথন চিকিৎসক্গণও আরোগোর আশা
ভাগা করিল, আজ যায় কাল যায়, সকলে এইরূপ বিবেচনা
করিতে লাগিল।

শেষে বিন্দু কালীর বাড়ীতে থবর পাঠ।ইলেন ও কালীকে সঙ্গে কবিয়া উমাকে দেখিতে গেলেন।

হতভাগিনী বিধবা কালাদিদিকে দেখিয়া রোগীর চকু হইতে ধারা বহিয়া জল পড়িতে লাগিল; রোগী কথা কহিতে পারিলেন না। কালী ও উমার একটী হাত ধরিয়া নীরবে রোদন করিতে লাগিলেন।

পীতাবড় বাড়িল। সন্ধার সময় নাড়ী অতিশর কীণ, প্রায় পাওয়াযার না। চিকিৎসক আসিয়া মুথ ভারি করিল, একটা নৃতন ঔষধের ব্যবস্থা করিয়া গেলেন, বলিলেন,—সমস্ত রাত্রি ছই ঘণ্টা অন্তর থাওয়াইতে হইবে, প্রাক্তঃকালে আবার আদিব।

উমার মাতা এ কয়েক দিন ক্রমাগত রাত্রি জাগরণ করিয়াছিলেন। বিন্দু বলিলেন,—জেঠাইমা আজ তুমি দুমাও, আজ আমি রাত্তিতে থাকিব, উমার কাছে আমিই বসিয়া আছি।

কালীভারাও থাকিতে ইচ্ছা করিল।

রাত্রি ৯টা হইয়াছে, তথন বিন্দু একবার ঔবধ থাওয়াইলেন।
উমা অতি ক্ষীণ স্বরে বলিলেন,—আর কেন ঔষধ ? আমি
চলিলাম। যাইবার সময় তোমাদের মুণ দেথিয়া মরিলাম এই
আমার পরম স্থা। বিন্দুদিদি, কালীদিদি, আমাকে মনে
রাখিও।

বিন্দু ও কালী রোগীর ছই হস্ত আপনাদিগের বক্ষে ধারণ করিলেন, নীরবে রোদন করিতে লাগিলেন।

অর্দ্ধ ঘণ্টা পর উমা ক্ষীণ স্বরে বিগলেন,— না, মা। উমার মাতা পাশেই শুইয়া ছিলেন, তাঁহার ঘুম হয় নাই। তিনি ক্যার আরও নিকটে আসিলেন। উমা ছই হাত তুলিয়া মার গলা ধরিলেন, কথা কহিতে পারিলেন না। তাঁহার খাস প্রেখাস কঠে বহিতে লাগিল, হস্ত পদ হিমাহইল, নথ গুলি নীল বর্ণ হইল, চক্ষু স্থির হইল, মাতৃ বক্ষে সেহময়ী উমার মৃত দেহ শান্তি প্রাপ্ত হইল।

রাত্রি দিপ্রহরের সময় উমার মাতা ও বিন্দু ও কালীতার! পান্ধী করিয়া সে বাটী হইতে বহির্গত হইয়া গেলেন। 'ফাট-কের নিকট তাঁহারা দেখিলেন সেই স্থমতি বাবু সেই বৃদ্ধার সঙ্গে, বাবুর সঙ্গে দেখা করিয়া নামিয়া আসিতেছেন। বিন্দু জিজ্ঞাসা করিলেন,

জেঠাইনা, ও বুড়ী কে তুমি এখন জৈনেছ।

জেঠাইমা কোনও উত্তর করিলেন না। তুই তিন বার বিন্দু জিজ্ঞাসা করায় বলিলেন,— ঐ বুঢ়ী মাগীর বনঝি না কে একটা আছে, সে এই থিরেটারে সীতা সাজে, সাবিত্রী সাজে, রাধিকা সাজে,— তার মুখে আগুন। স্কমতি বাবু সেইটাকে ধনঞ্জয় বাব্র কাছে আনিয়াছিলেন, তার নাম করে ১০০১ হাজার টাকা বাব করে নিয়েছেন, তগবান্ই জানেন। বাছা উমা বেচে থাকিতে সেটাকে বাড়ী আনেন নি, এখন নাকি বাড়ীতে এনে রাখবেন, তার জন্ম অনেক টাকা দিয়ে ঘর সাজান হয়েছে।

ধনবান্, গুণবান্, রূপবান্ ধনঞ্জর বাবু কলিকাতা সমাজের একটী শিরোরত্ব। সকল সভার তাঁহার সনান আদর, সকল স্থানে তাঁহার গোতি। তাঁহার আমাত্যেরা তাঁহার বলাস্ততার স্থাতি করেন, শিক্ষিত সম্প্রদার তাঁহার কচির প্রশংসা করেন, রাহ্মণ পণ্ডিতেরা তাঁহার হিঁহুরানীর প্রশংসা করেন, ক্সাক্তাগণ (উমার সূত্যুর পর) তাঁহার সহিত সম্বন্ধ স্থাপনার্থ ঘন ঘন ঘটকী পাঠাইতেছেন। রাজপুরুষেরা ধনাত্য বদাস্থ জ্মিদার পুত্রকে রাজা থেতাব দিবার স্কল্প করিতেছেন।

স্কৃষিক্ত স্থানিক স্থাতি বাবু শীঘ কলিকাতার এক জন স্থানরারি মেজিট্রেট হইবেন এইরূপ শুনা যায়। তিনি সাহেবদিগের সহিত সর্বাদাই দেখা সাক্ষাং করেন, এবান লেভিতে গিয়াছিলেন, তাঁহার ভদ্রাচরণ ও স্কমার্জিত কথা বাত্রা শ্রবণে সকলে তুই হইয়াছেন। স্কমতি বাবুর গাড়ী ঘোড়া আছে, স্কমার্জিত বুদ্ধি আছে, ও মিষ্ট কথার অসাধারণ ক্ষমতা আছে; তিনি সাহেব স্ববাকে তুই রাখেন, বড় মানুষদের সর্বাদাই মন যোগান, উন্নতির পথে ক্রমশঃই উঠিতেছন। তিনিও সমাজের একটা শিরোরত্ব।

# किरोदिश्य शतिष्ट्रम ।

#### পরীকা।

শরৎ বাবুর পরীক্ষা অতি নিকটে, তিনি সমস্ত দিনই
পড়েন; বাড়ীর ভিতর বড় যান না। শরৎ পড়িয়া পড়িয়া বড়
কাহিল হইরা গিয়াছেন, তাঁহার মাতা ও ভগিনী তাঁহার
অনেক ষত্ন শুশ্রুষা করেন, শরতের খাওয়া দাওয়া দেখেন,
মাতে শরৎ একটু ভাল থাকেন, একটু গায়ে সারেন সে বিষয়ে
দিবা রাত্রি যত্ন করেন। কিন্তু শরতের চেহারা ফিরিল না,
শরৎ বড় পরিশ্রম করেন, রাত্রি জাগিয়া একাকী পড়িবার
মরে গিয়া বিদয়া থাকেন, তিনি দিন দিন আরও বিবর্ণ ও
ছর্বল হইতে লাগিলেন।

শরতের মাতা বলিলেন,—বাছা, এত পড়ে পড়ে কি ব্যারাম করিবে ? তোমার পরীক্ষা দিয়ে কাষ নাই, চল আমরা তালপুথুরে ফিরে যাই, তোমার বাপের বিষয় দেখিও, সচ্চলে থাকিবে। ক্লিকাতার জল হাওয়া ভোমার সহ হয়না।

শরৎ বলিলেন,—নামা, এই বর্ষসে লেখা পড়া ছেড়ে দেওয়া ভাল হয় না। পরীক্ষা নিকট, একব্রার চেষ্টা করিয়া দেখি।

কালীতারা পূর্ব্বেই বর্দ্ধমানে শরতের বিবাহের সম্বন্ধ স্থির করিয়াছিলেন। মনে করিল বৌ ঘরে এলে শরতের মনে দ্বি হিইবে, শরৎ একটু গায়ে সারিবে। সেই বিবাহের কথা এক দিন শরতের নিকট উত্থাপন করিলেন। শরৎ বলিলেন,— দিদি পড়িবার সময় ব্যস্ত কর কেন?

বিল্ব জেঠাইমা এখন বিল্দের বাসায় থাকেন, এখনও তালপুখুরে ফিরিয়া বান নাই। তিনি সর্বাদাই শরতের মাতার সহিত দেখা করিতে আসিতেন, এবং সমস্ত দিন ধরিয়া কথা বার্তা কহিতেন। তাঁহারা ছই জনে উমার কথা কহিতেন, কালীর কথা কহিতেন, আর মনের ছংখে রোদন করিতেন। উমার মা বলিতেন,—দিদি, তখন বদি লোকের কথা, না শুনে আমরা একটু বুঝে স্থঝে কাফ করিতাম তা হইলে আর আজ এমনটা হইত না। তুমি তখন বড় কুল দেখিয়া বামুন পুরুত্বের কণা শুনিয়া কালার বিবাহ দিলে, আমিও পড়সীর কথা শুনে বাছা উমার বড় মামুযের সঙ্গে বিবাহ দিলাম ভাই আজ এমন হইল। তা ভগবানের ইচ্ছা, এতে কি মামুষের হাত আছে, আমরা যা মনে করি সেইটা কি হয় ? তা দিদি, আমার যা হয়েছে তা হয়েছে, তুমি শরৎকে একটু দেখিও, বাছা পড়ে পড়ে বড় কাছিল হইয়া গিয়াছে। শরৎকে মামুষ কর, স্থথে সংসার

করিতে পারে এইরূপ বিয়ে থা দাও, বৌ ঘরে নিয়ে এস, বৌরের মুখ দেখে শোক একটু ভূলিবে।

শরতের মাতা বলিতেন,—আমার তাই ইচ্ছে, বাছা বে কাহিল হয়ে গিয়ুছে, আমার বড়ই ভাবনা হয়েছে। আমার ও বোধ হয় বিয়ে থা দিলে বাছা একটু গায়ে সারবে। তা শরৎ যে এখন বিয়ে করতে চায় না। তার উপর লোকে যে একটা নিলা রটিয়েছে, মনে হইলে কট্ট হয়।

উমার মাতা। ছি. ছি. সে কথা আর মুখে এন না। আমি তথন মেয়েকে নিয়ে ব্যস্ত, কিছু দেখতে শুনতে পাইনি. ভানা হইলে কি আমার এমন হয়। বাছা বিন্দু ছেলে মানুষ, হেম আর শরৎও ছেলে মামুষ, ওরা সব সে দিনকার ছেলে. সে দিন ওদের হাতে করে মান্তব করেছি, ওদের কি এখনও তেমন বৃদ্ধি হুদ্ধি হয়েছে ? তা নয়। বৃদ্ধি থাকলে কি আর এমন কাষ করে? তা যা হয়েছে হয়েছে, বিন্দু আর সে কথাটা মুখে আনে না : তা তাতে তোমার ছেলের বিয়ে আটকাবে না. नित्म (मर्ग्राप्तरंहे। जुनिएंड इर्त, नित्म महेर्ड इर्त, विमूर् আর বাছা স্থধাকে। আহা সে কচি মেয়ে, কিছু জানে না. त्म किन अविध त्वतान नित्य त्थना कतिल, आव आँकृति नित्य পেয়ারা পেড়ে খেত, তাকে ও এমন কলঙ্কে ডোবায়। আহা वाष्ट्रांत नतीत थानि रान (थःता कांग्री इत्य शिरय़ हि, भूथ थानि माना राम शिराहर, कांक करी वरम शिराहर। करनत कांन. এমন কলঙ্ক कि मে সইতে পারে ? তা কপালে নিন্দে আছে. **८क** थेखाँदिव तन ?

শরতের মা। আহা বাছা স্থার কথা মনে হলে আমার

वुक क्टिंग् योत्र। कि स्मर्ति, एक्टल दिनात्र विश्व। क्टाइटि. আহা বাছার কপ্লালে যে কি কষ্ট তা আমরাই বুঝি, সে গুলের ছেলে সে কি বুঝিবে ? তার উপর আবার এই নিলে ? যারা নিন্দে করে তাদের কি একটু মায়া দয়া নেই গ্লো, একটু বিচার নেই ? স্থা কি করেছিল ? তার এতে কি দোষ বল ? আর নি; শরৎ স্থাকে বিয়ে করতে চেয়েছিল, কলিকাতায় নাকি अमन विरंत्र कछ। इर्छ शिर्द्धाइ: विन्तु एक्टल मानूब. तम मतन जारिन এ विरव इलाई वा। ना इव लार्क छो। मन विनाद. শরৎ আর সুধা ত স্থা থাকিবে। এই ভেবেই বিন্দু কাষটা क्रिंडिं (ह्राड्रेंक, (प्रश्नम् (ज्राद्व क्रिंडिंग) आहा विमृत्क আমি ছেলে বেলা থেকে জানি, তার মত মেয়ে আমাদের প্রামে নেই। তা বিন্দু আমাদের বাড়ী আসে না কেন? তাকে আসিতে বলিও, তাকে দেখলেও প্রাণটা জুড়ায়।

উমার মা। আমি বলি গোবলি, তা সে সমস্ত দিনই কাষ করছে তাই আসতে পারে না। বাছা স্থগা ত আর এখন কিছু কাষ করিতে পারে না, তার যে শরীর হয়েছে, তাকে বড় কাষ করিতে দি না। আমিও এই শোকে আর পেরে छेठि नि. कूछेता कूछेटठ উपादक मत्न পड़ि, छाज वाइटड উমাকে মনে পড়ে, উঠতে দাঁড়াতে উমাকে মনে পড়ে। আহা বাছারে. এই বয়সে মাকে ফেলে কেমন করে গেলি ?—উভয়ে অনেকক্ষণ রোদন করিতে লাগিলেন।

কালীতারা সেই সময়ে ঘরে আসিলেন। উমার মা তাহাকে জিজাসা করিলেন.--

হেঁ কালী, তোর ভাই অমন হয়ে বাচ্ছে কেন ? তুই একটু দেখিস বাছা একটু খাবার দাবার ষত্ব করিস, পড়ে পড়ে কি র্যারাম করবে ?

কালী। আমি যত্ন করিগো, কিন্তু সদাই পড়া শুনা করে; খাওয়া দাওয়ায় তেমন মন নেই, তাই কাহিল হয়ে যাচছে।

উমার মা। বিয়ের কথা বলিছিলি?

कानी। এकवात रकन, व्यत्नकवात वरनिष्टनाम।

উমার মা। কি বলে?

কালী। সে কথায় কাণ দেয় না, কিম্বা বলে বিবাহে আমার কচি নাই। অনেক জেদ করিয়া, মার নাম করিয়া বলিলে বলে, মাকে বলিও, মা ধদি নিতান্ত ইচ্ছা করিয়া থাকেন তবে আমি বিবাহ করিব, কিন্তু তাহাতে আমি স্লখী হইব না।

উমার মা। ও সব ছেলে অগনই করে বলে গো, তার পর বৌকে পছন্দ হলেই মন ফিরে যাঁরী। আমার বোধ হয় বিবাহ দেওয়াই কর্ত্তিয়।

শরতের মা। না দিদি, বাছা শরং আমার কাছে কখনও মনের কথা চেকে রাথে না। আয়ার ভর করে, আমি জোর করে বিয়ে দিলে পাছে শরং অহথী হয়। আমার কপাল ত আনেক দিনই ভেঙ্গেছে, বাছা কালীর উপরও ভগবান নির্দির হইলেন, (রাদন) কেবল শরংই আমার ভরসা, শরং যদি অহথী হয়, এচক্ষে দেখিতে পারিব না।

উমার মা। বালাই, কেন গা বাছা শরং অস্থী হবে ? তা এখন বিষে না করে নেই নেই, পরে বে করবে। এখন পড়া ভনায় মন দিয়েছে, না হয় পড়াক না, সে ভালই ত। শরতের মা। দিদি, পড়া শুনাও বে তেমন হইতেছে, আমার বোধ হয় না। শরতের চিরকাল পড়া শুনায় মন আছে, সে জন্তু সে এমন কাহিল হইরা যায় না।

উমার মা সে দিন বিদায় হইলেন। কালীতারা বলিলেন
—মা, তবে শরতের জন্ম কি করিব ? ডাক্তার দেখাব ?

মাতা। বাছা, মনের ভাবনায় ডাক্তার কি করিবে ? চিকিৎসক সে রোগ চিকিৎসা করিতে জানে না।

কালী। তবে কি হবে? বিন্দিদির সঙ্গে এক দিন পরামশ করিয়া দেখিব? আমাদের যথন যা কষ্ট হইত, বিন্দু দিদিই আমাদের পরামর্শ দিতেন।

মাতা। বিন্দু এ বিষয়ে পরামর্শ দেবে না। কালী। দেবে বৈ কি মা, আমি এক দিন বিন্দুদিদির বাড়ী

যাব এখন।

শীতকালে শরতের পরীক্ষা আদিল। শরতের সঁহাধাায়ীরা সকলেই বলিল পরীক্ষার হয় শরংচক্র না হয় তাহার এক জন সহাধ্যায়ী কাত্তিক চক্র সর্বশ্রেষ্ঠ হইবে। এক মাস পর পরী-ক্ষার ফল জানা গেল, কার্ত্তিক চক্র সর্ব্ব শ্রেষ্ঠ হইলেন, সকলে বিশ্বিত হইয়া দেখিল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র দিগের মধ্যে শরতের নাম নাই!

তথন শরতের মাতা শরৎকে ডাকাইয়া বলিলেন,—বাছা এত করে পড়ে ভনে হাড় কালী করেও তে পরীক্ষায় পারিলে ' নাঃ এখন কি করিবে?

ুশরৎ কিছু মাত্র উদিয় না হইয়া বলিলেন,—মা একবারে পারি নাই, আর একবার চেষ্টা করিয়া দেখি না। পরীক্ষা বছ কঠিন, অনেকেই প্রথম বার উত্তীপ হইতে পারে না।

কালীতারাও কয়েক দিন বিন্দুদিদির বাড়ী গেলেন, কিন্তু বিন্দু কোনও পরামর্শ দিতে পারিলেন না, বলিলেন,—তোমার মাকে বলিও জেঠাইমার সঙ্গে পরামর্শ করিয়া শরৎ বাবুর জন্ত যাহা ভাল হয় তাহা করিবেন। আমরা বন ছেলে মামুষ, আমরা কি এ বিষয়ে কিছু পরামর্শ দিতে পারি!

কালী এই কথা গুলি মাতাকে বলিলেন। মাতা। বাছা স্থধাকে কেমন দেখিলে ?

কালী। স্থা ভাল আছে। কিন্তু কলিকাতায় এসে কি বদলে গেছে, এখন আর তাকে চেনা যায় না। সে এখন চেঙ্গা হয়েছে, একটু কাহিল হয়ে গেছে, কিন্তু বেশ কায় কর্ম্ম করছে। রংটাও সে ছেলে বেলার মত কাঁচা দোণার রং নেই, এখন কাল হয়ে গেছে, এখন আর সে ভালপুগুরের সেই কচি মেয়েটীর মত নেই।

বুদ্ধিমতী শরতের মাতা কোনও উত্তর করিলেন না।
সমস্ত দিন আপনা অপনি চিন্তা করিতে লাগিলেন, কয়েক
দিন অবধি প্রায়ই একাকী বসিয়া ভাবিতেন। পরে একদিন
রাত্রেতে শয়ন করিতে বাইবার সময় মনে মনে বলিলেন,—

বাছা শরৎ, মাতার প্রতি যাহা কর্ত্তব্য তাহা তুমি করিয়াছ। ভগবান্ সহায় হউন, সন্তানের প্রতি যাহা কর্ত্তব্য তাহা আমি করিব।

# উনত্রিংশই পরিচ্ছেদ

#### खक्रात्वत जात्न।

পর দিন প্রাতঃকালে শরতের মাতা এক থানি শিবিক। আরোহণ করিয়া ত্বানীপ্র হইতে উত্তর দিকে বঁড়শে বেহালা নামক গ্রামে যাইয়া উপস্থিত হইলেন। একটা ক্ষুদ্র কুটারের সম্মুধে পাল্লী নামান হইল, শরতের মাতা পাল্লীর ভিতরে রহিলেন, সঙ্গে ঝি ছিল সে কুটারের ভিতরে গেল।

ক্ষণেক পর সেই ঝির সঙ্গে এক জন রদ্ধ ব্রাক্ষণ বাহির হইয়া আসিলেন। তাঁহার বরদ কত, ঠিক অনুভব করা যায় না। মস্তকে অলই কেশ আছে তাহা সমস্ত গুলু, শরীর গৌর বর্ণ ও বলিপূর্ণ, মুখ থানি বাদ্ধকোন রেখায় অঙ্কিত। ইনি তালপুর্বের ঘোষ বংশের কুদগুরু। গুলুদেবের সঙ্গে একজন তেজস্বী ত্রন্ধচারীও বাহিরে আসিলেন, তিনি সম্প্রতি কাশা হুইতে কলিকাভায় আসিয়াছেন।

গুকুদেব। না, আজ কি.মনে করিয়া আমাকে সাঁকাং দিতে আসিয়াছ ? আইস ঘরে আইস।

শরতের মাতা বৃদ্ধের সঙ্গে ঘরের ভিতর গিয়া বসিলেন। জিজ্ঞাসা করিলেন,

পিতা কুশলে আছেন ?

শুরুদেব। হেঁ বাছা, ভগবানের ইচ্ছায় আমার শরীর স্থত আছে। বাছা, তোমার সমস্ত মঙ্গল ?

শরতের মাতা। ভগবান্ জীবিত রাধিয়াছেন; কিঙ্ক

মনের স্থলাভ করিতে পারি নাই। আমার ক্যা কালীতারা আজি কয়েক মাদ বিধবা হইয়াছে।

গুরুদেব। নীরবে' একটা অশ্রন্দু ত্যাগ করিলেন, বলিলেন,—মা, রোদন করিও না, ভগবানের যাহা ইচ্ছা তাহাই সাধিত হইবে। কৈ নিবারণ করিতে পারে ?

শরতের মাতা। সে কথা সত্য। কিন্তু কালীর বিবাহের সময় আনি গ্রামের ব্রাহ্মণ পণ্ডিতের মত অন্থসারে কাষা করিয়াছিলাম। আপনি নিষেপ করিয়াছিলেন, আপনার কথা শুনিলে এ কপ্ত সহ্য করিতে হইত না, বাছা কালীকে এই বয়সে জলে ভাসাইতাম না। সেই সন্তাপ আমার মনে দিবানিশি অলিতেছে।

শুক্তদেব। আপনাকে দোষ দিবেন না। এ সমস্ত মনুষোর হাত নহে, এ সকল বিষয়ে আমাদের পরামশ অতি অকিঞ্ছিৎ-কর। আমরা অনেক পরামশ করিয়া, অনেক চিতা করিয়া, ভাল বুঝিয়াই কাষ করি, মুভ্রুমণো আমাদিগের কয়না ও টিতা বিদ্লা হইরা যায়, ভগবান্ আপনার অভীষ্ট অনুসারে কার্যা করেন।

শরতের মাতা। তথাপি সংপরামর্শ লইরা করিলে পরে আক্ষেপ থাকে না। পিতা সেই জন্য আদ্য আপনার কাছে আর একটা বিষয়ে সংপরামর্শ লইতে আসিরাছি। একটা ক্রিয়া সম্বন্ধে আপনার মত লইতে আসিরাছি।

শুক্লদেব। মা, তুমি জানই ত আনি ক্রিয়া কর্ম্মে যাওয়া অনেক বৎসর অবধি বন্ধ করিয়াছি, কোন শান্ত্রীয় মতায়তও দৈতে এখন সমর্থ নহি। আমা অপেকা বিজ্ঞ অনেক ব্রাহ্মণ পণ্ডিত কলিকাতায় ও নবদীপে আছেন, শাস্ত্র আলোচনা করাই তাঁহাদের ব্যবদা, ক্রিরা অমুষ্ঠানে তাঁহারা সুদক্ষ, মতামত দিতেও তাঁহারা স্থপারগ: আমি সে ব্যবসা অনেক দিন ছাড়িয়া দিয়াছি, কেবল পরকালের স্থাধের জন্য প্রতাহ দেব অর্চনা করি, মনের ভৃষ্টির জন্য একট ইচ্ছান্মগারে শাস্তাদি পাঠ করি। সে অতি সামানা।

শরতের মাতা। পিতা, যদি কেবল একটী ক্রিয়া সম্বন্ধে মত লইবার আবশাক হইত তাহা হইলে আপনাকে বিরক্ত করিতে আসিতাম না. কিন্তু আপনারা আমার স্বামীদেবের বংশাকুগত গুরুদেব: আপনি আমার খণ্ডর মহাশরের স্কুল ছিলেন, স্বামী মহাশরের ওক ছিলেন। আমাদের বংশে একট বিপদ আপদ হইলে আপনার নিকট প্রামশ লইব না ত কাহার নিকট লইব ? আপনি আমাদের সংসারের জনা যে টুকু স্বেহ ও মনতা করিবেন, কে সেরপ করিবে ? আমাদের আর কে সহায় আছে ?

গুরুদেব। মারোদন ক্রিও না, আমার যথাসাধ্য আমি তোমাদের জন্য করিব। শিক্ষ বৃদ্ধের ক্ষমতা মল্ল, বিদ্যাও তার।

শবতের মাতা। যাঁহারা অধিক বিদ্যার অভিমান করেন. তাঁহাদের পরামর্শ লইতে আমার ক্রচি হয় না। আপনার কতটকু বিদ্যা তাহা আমাদের বঙ্গদেশে অবিদিত নাই, তা না হইলে এই ক্ষুদ্র পলিতে আপনার ক্ষুদ্র কুটীরে কাশী প্রভৃতি দ্রদেশ হইতে বিদ্যার্থীগণ আসিত না। পিতা আপনার কথাই আমার পকে বেদবাক্য।

শুরুদেব। মা, তোমার ভ্রম হইয়াছে, আমার শাস্ত্রজান সামান্য। আমাদের শাস্ত্র সমুদ্রতুল্য, আমি গণ্ড্র মাত্র জল গ্রহণ করিয়াছি। অধাায়ীদিগের সহিত কথাবার্ত্তা কহিতে আমার বড় ভাল্লু লাগে, তাহাদিগের জন্য আমার মনে একটু মেহ উদয় হয়, সেই জনাই ছই এক জন আমার নিকট আসেন, সম্প্রতি কাশী হইতে এই ব্রহারী ঠাকুর আসিয়াছেন।

শরতের মাতা। পিতা, সেই মেহটুকু পাইবার জনা আমিও আসিয়াছি, কন্যাকে স্নেহ করিয়া একট প্রামর্শ দিন।

গুরুদেব। মা, বল তোমার কি বলিবার আছে, আমি তোমার স্বামীর বংশ বত্কাল অবধি জানি, আমার নামান্য ক্ষমতায় যদি তোমাদের কোনও উপকার সাধন করিতে পারি, সাধ্যাস্থসারে তাহা করিব।

শরতের মাতা ধীরে ধীরে কহিলেন,—

পিতা, আমার পুত্র শরতের সহিত একটা বালবিধবার বিবাহের কথা ইইতেছে, সেই বিষয়ে আপনার মত, আপনার প্রামর্শ, আপনার আশীর্কাদ লইতে আসিয়াছি।

শুরুদেব শরতের মাতাকে থাল্যকাল হইতে জানিতেন, তাঁহার হিন্দুধর্ম, অনুষ্ঠানে প্রগাঢ়মতি জানিতেন, তাঁহার মুধে এই কথা শুনিয়া অতিশয় বিশ্বিত হইলেন। বলিলেন,—

মা, বিধবা বিবাহ আমাদিগের রীতি বিরুদ্ধ, প্রচলিত শাস্ত্র বিরুদ্ধ, প্রচলিত ধর্ম বিরুদ্ধ, তাহা কি তুমি জান মা ? এত ব্রাহ্মণ পণ্ডিতদিগের সর্ব্বসন্মত মত, সকলেই আপনাকে এ কথা বলিতে পারিত, এটা জিজ্ঞাসা করিবার জন্য আমার নিকট আসিয়াছ কি জন্য ?

শরতের মাতা। ব্রাহ্মণ পণ্ডিতদিগের সর্বসন্মত মত कानिए हारि ना, त्म कना आभनात्र काष्ट्र आहेनि नाहै। আপনার মত, আপনার পরামর্শ, জানিতে ইব্রু। করি এই बना यात्रियाहि। अवन कक्नन, यात्रि निर्वान क्रिक्टिह।

তথন শরতের মাতা আপন ছঃথের ইতিহাস আদ্যোপাৰ শুরুদেবের নিকট বিস্তারিত করিয়া বলিলেন। বিন্দুর মাতার কথা, বিন্দু ও হেমের কথা, হতভাগিনী স্থধার কথা, তাহা দিগের কলিকাতায় আইসার কথা, শরৎ ও স্থধার পবিত্র প্রণয়ের কথা, লোকের লজ্জাবহ অপ্যশের কথা, নিরাশ্রম নির্দোষ স্থার অথ্যাতি, অব্যাননা, অসহ্য বাতনা ও শরীরের ছুরাবস্থার কথা, চির্তঃধিনী কালীতারার কথা, হতভাগিনী উমার কথা, সমস্ত সবিস্তারে বর্ণন করিলেন। সে কথা ভানিতে শুনিতে শুরুদেবের চকু দিয়া অজ্ঞ জল পড়িতে লাগিল, কাশীর বন্ধচারীর নয়ন অগ্নিবং জলিতে লাগিল, শরীর কাঁপিতে লাগিল। শেষে শরতের মাতা বলিলেন-

গুরুদেব, আমাদিগের চারিদিকেই ছর্দশা উপস্থিত, এ ঘোর বিপদে পিতার নিকট প্রামর্শ গ্রহণ করিতে আসিলাম। লোকের কথায় মত্ত হইয়া উমার মা উমাকে বড়মারুষের খুরে বিবাহ দিলেন,--বাল্যকালেই দে উমা যাতনায় প্রাণত্যাগ করিল। গ্রামের ত্রাহ্মণ প্রতিতের কথা ভ্রিয়া, আপনার সং-পরামর্শ তথন তুচ্ছ করিয়া, আমি বড় কুলে কালীর বিবাহ विनाम, **जगरान् रम পাপের শান্তি আমাকে वि**রাছেন। বাছা কালীকু মুখের দিকে চাহিলে আমার বুক ফেটে বায়। সংসারে আমার আর কেহ নাই, জগতে আমার আর স্থ নাই; বাছা

শরৎ ভিন্ন আমার অবলম্বন নাই; আর বাছা বিন্দু ও স্থা।
আছে। তারাও আমার পেটের ছেলের মত, তাদের অভাগিনী
মা মরিবার সময় তাদের আমার হাতে সঁপিরা দিয়াছিল।
শুরুদেব ! আগ্রুদিই এখন ইহাদের বন্ধু, আপনিই ইহাদিগের
অভিভাবক, আপনি এ গুলির ভার লউন, যাহা ভাল বিবেচনা
করেন করুন;—এ অনাথা বিধবা আর এ ভার বহনে অকম।

এই কথা গুলি বলিয়া শরতের মাতা ঝর ঝর করিয়া অশ্র-বর্ষণ করিতে লাগিলেন, পিতৃতুলা গুরুর নিকট ছঃথের কথা ৰলিয়া যেন সে ব্যথিত চলয় একটু শাস্ত হইল।

শরতের মাতার কথা শুনিতে শুনিতে বৃদ্ধের চক্ষু অনেকবার অঞ্চতে পূর্ণ হইরাছিল, এখন নিরাশ্রয় বিধবাকে রোদন
করিতে দেখিয়া তাঁহারও নয়ন হইতে তুই শীর্ণ গণ্ডস্থল বহিয়া
টস্টস্ করিয়া অল পড়িতে লাগিল। বৃদ্ধ ক্ষণেক আয়সম্বরণ করিতে পারিলেন না।

কণেক পর বলিলেন, মা, তোমার কথাগুলি গুনিরা আমামার মূন বড় বিচলিত হইরাছে। এখন কি জিজ্ঞাস্য আছে বল।

ু শরজের মাতা। পিতা, আমার এইমাত্র জিজ্ঞাস্য বিধৰা-বিবাহ মহাপাপ কি না।

শুকুদেব। বাছা, জগদীখরই পাপ পুণ্য ঠিক নিরূপণ করিতে পারেন;—আমরা শারের কথা কিছু কিছু বলিতে পারি।

শরতের মাতা। তাহাই বলুন। আমাদের সনাতন হিন্দু-শারে কি এ কাষ রহিত ? লোক-নিন্দার কথা আমাকে বলিবেন না; আমার অধিক দিন বাঁচিবার নাই, লোক-নিন্দার আমার বিশেষ ক্ষতি বৃদ্ধি নাই।

শুক্রদেব। মা, শাস্ত্র একথানি নয়, শকলগুলি এক সমরের নয়, সকলগুলিতে এক কথা লিথা নাই। যে সময়ে এই হিন্দু জাতির যেরূপ আচার ব্যবহার ছিল তাহারীই সার ভাগ, উৎক্কট্ট ভাগটুকুই আমাদের শাস্ত্র।

শরতের মাতা। পিতা, আমি স্ত্রীলোক, আমি ও সমস্ত কথা ঠিক বুঝিতে পারি না। কিন্তু আমাদের সনাতন শাল্পে বিধবাবিবাহ নিষিদ্ধ কি না, এই কথাটুকু বলুন।

গুরুদেব। এখন ও প্রথা নিষিদ্ধ হইরাছে, অতএব এখন-কার শাস্ত্রে ও কার্যাটী নিষিদ্ধ বৈ কি।

শরতের মাতা। পিতা এখনকার শাস্ত্র আর পুরাতন্ত্র শাস্ত্র আমি জানি না,—আমি মূর্য অবলা। আপনার পড়িতে কিছু বাকি নাই, বেগুলি আমাদের ধর্ম্বের মূল শাস্ত্র তাহার মর্ম্ম কি এ দরিদ্র অনাথাকে বুঝাইয়া বলুন, আমার মন বড়ু ব্যাকুল হইয়াছে। শুনিয়াছি কলিকাতার কোন কোন প্রধান পণ্ডিত বলেন যে শাস্ত্রে বিধবাবিবাহ নিষিক্ষ নহেঁ; কিছু আপনার মূথে সে কথা না শুনিলে আমি তাহা বিশ্বাস্করিব না। আপনার মতই আমার বেদবাক্য।

শুরুদেব অনেককণ চিন্তা করিতে লাগিলেন। শেষে ধীরে ধীরে কহিলেন—

মা, তুমি যথন জিজাসা করিতেছ আমি কিছুই লুকাইব না, আমাত্র মনের কথা তোমাকে বলিব। তুমি বে পণ্ডিতের কথা বলিতেছ তিনি আমার সহাধ্যায়ী ছিলেন, তাঁহার প্রগাঢ় শাস্ত্র-

বিদ্যা আমি জানি, তাঁহার প্রগাঢ় সত্যপ্রিরতা আমি জানি।
মা, এক দিন আমি বিদ্যাসাগর মহাশরের সহিত বিধবাবিবাহ
লইয়া অনেক আলোচনা করিয়াছিলাম, অনেক কলহ করিয়াছিলাম, তথন আমি শাস্তবিদ্যাভিমানী ছিলাম। কিন্তু মা,
বাল্যকাল হইতে সেই পণ্ডিতশ্রেষ্ঠকে আমি জানি, তিনি ভ্রান্ত
নহেন, প্রবঞ্চকও নহেন, তাহার কথাটা প্রকৃত। বিধবাবিবাহ
সনাতন হিন্দুশাস্ত্রে নিষিদ্ধ নহে। আমার পরম স্কৃত্ব রমাপ্রসাদ সরস্বতীরও এই মত,—তিনিও তাঁহার মত প্রকাশ
করিয়া তোমাকে আগস্ত করিবেন।

শরতের মাতা। পিতা, আপনার অনাথা কন্যাকে যে শান্তি দান করিলেন, জগদীখন ডজ্জন্য আপনার মঙ্গল করিবেন। আমি শাস্ত্রের কথা আর জিজ্ঞাসা করিব না, সামাজিক রীতির কথাও জিজ্ঞাসা করিব না। তবে ভগবানের নয়নে কাষটী ভাল কি মন্দ, এই একটা কথা জানিতে বাসনা করি। আপনারা ছইন্সন পণ্ডিত আছেন, একটা উত্তর দিয়া বিধবাকে শাস্তি

রমাপ্রসাদ সরস্থতী। মা, বিনি জগতের মধ্যে শ্রেষ্ঠ পণ্ডিত
তিনিও এ কথার উত্তর দিতে অক্ষম, এ হীনবৃদ্ধি কিরুপে ইহার
উত্তর দিবে ? জগদীখরের অভিপ্রায় অগুমাত্রও জানিতে পারে,
মন্থুবোর এরপ ক্ষমতা নাই। তবে যিনি কর্জণাময়, তিনি
বালবিধবাকে চিরবৈধব্য যন্ত্রণা সহ্য করিবার জন্য স্পষ্ট করিয়াশ্রেছন, এরপ আমার কুলু বৃদ্ধিতে অমুভব হয় না।

শ্রেষজী ঠাকুরের স্থির, গন্ধীর, পুণ্যময় কথাগুলি সেই কৃত্র কৃটীরে শন্ধিত হইতে কাগিল। সরস্বতী ঠাকুর কে?

## जिः भर श्रीतरम् ।

#### পরিশিষ্ট।

বৈশাখ মাদে তালপুখুর গ্রামে আমরা প্রথমে হেমচক্স ও তাঁহার পরিবারের সহিত আলাপ করিয়াছিলাম। তাঁহারা আমাদের এক বৎসর মাত্র পরিচিত হইলেও বড় স্নেহের পাত্র। পুনরায় বৈশাখ মাস আসিয়াছে, চল তাঁহাদের সেই তালপুণুর গ্রামের বাটীতে যাইয়া বিদায় লই।

হেমের কিছু হইল না, তাঁহার দারিদ্রা ঘুচিল না। তিনি বংসর বাবং কলিকাতার থাকিয়া পুনরার চাষবাস দেখিবার জন্য ফিরিয়া আসিলেন। চন্দ্রনাথ বাবু তাঁহাকে হাইকোর্টে কোনও একটা কার্য্য দিবার জন্য বন্দোবস্ত করিয়াছিলেন। মার্জিতবৃদ্ধি যুবক মাত্রই এমন স্থবিধা পাইলে আপনার বিশেষ উন্নতিসাধন করিতে পারিতেন। কিন্তু হেমের বৃদ্ধিটা তত্ত তীক্ষ নহে, বৃদ্ধিটা কিছু পাড়াগেঁয়ে, স্থতরাং তিনি সে কার্য্য না লইয়া পাড়াগাঁয়ে ফিরিয়া আর্মিলেন। শরং তাঁহাকে কলিকাতার আর কয়েকমান থাকিতে অনেক জেদ করিয়াছিলেন; হেম বলিলেন, না শরং, কলিকাতা নগরী যথৈষ্ঠ' দেখিয়াছি, আর দেখিতে বড় কচি নাই।

বিন্দু পূর্ববং কচি আঁবের অন্ধল রাঁধিতে তংপর, এবং এক্ষণে সে রন্ধন কার্য্যের একটা স্থবিধাও হইয়াছিল। বিন্দুর জেঠাইমার উমা ভিন্ন আর সন্তানাদি ছিল না; উমার মৃত্যুর। পর তাঁহার জীবনে বিশেষ স্থা ছিল না; তিনি প্রায়ই ফুই প্রহরের সময় বিন্দ্র বাটীতে আসিতেন। বিন্দ্র বাড়ীর রকেতে তিনি পা মেলাইয়া বসিতেন, বিন্দুর ছেলেগুলিকে লইয়া থেলা করিতেন, অথবা সনাতনের গৃহিণীর সহিত বসিয়া গয় করিতেন, সেও বিন্দুর জেঠাইমার চুলের সেবা করিত। আর বিন্দু, (আমাদের লিখিতে লজ্জা হইতেছে) সমস্ত হই প্রহর বেলা নাউশাক কাটিত, সজ্নে থাড়া পাড়িত, অথবা আঁকসি দিয়া কচি আঁব পাড়িত। জেঠাইমা বলিতেন, বিন্দু মেয়েটী ভাল বটে, কিন্তু বুদ্ধিস্থদ্ধি কথনও পাকিল না।

তারিণী বাবুর একমাত্র কস্তা মধিয়াছে তাহাতে তিনি একটু শৌক পাইয়াছিলেন বটে, কিন্তু তিনি বিষয়ী লোক, শীস্ত্রই সে শৌক ভ্লিলেন। তাঁহার কার্যোও বিশেষ উৎসাহ ছিল, বিশেষ বর্দ্ধমান কালেক্টরির সেরেস্তাদারি থালি হইবার সম্ভাবনা আছে, স্তরাং উৎসাহী তারিণীবাবুর জীবন উদ্দেশ্য শৃষ্ট নহে।

শরতের মাতা সাশ্রনয়নে বধু স্থাকে ঘরে আনিয়া বৃদ্ধ
বন্ধনে শান্তিলাভ করিলেন। বিবাহটা কলিকাতায়ই ইইয়াছিল, কেই বিবাহে আসিলেন, কেই বা আসিলেন না, কিস্ক
কাষ্টা তজ্জ্জ্ব বন্ধ রহিল না। যাঁহারা কার্য্যে ব্রতী ইইয়াছিলেন তাঁহারাও বিশেষ ক্ষুদ্ধ ইইলেন না। শাস্ত প্রকৃতি
দেবীপ্রসম্ম বাবু একবার আসিবেন আসিবেন মনে করিয়াছিলেন, কিন্তু একবার বাড়ীর ভিতরে সে কথাটা উত্থাপন
করায় বিশেষ হিতকর উপদেশ প্রাপ্ত ইইলেন, তাহার পর আর
শ্রাসিবার কথাও কহিলেন না। পাড়ার দলপতি, সমাজ্পতি,
ও ব্রাহ্মণ পশ্তিতগণ একটা খুব হলমুল করিলেন, খুব গশুণোল

করিলেন, কাষ্টা বাধা দিবারও বিশেষ চেষ্টা করিলেন,—কিন্তু সে কাল গিরাছে,—সেরপ বাধা দেওয়ার এক্ষণে লোকের গুণাগুণ প্রকাশ পায়, কাষ বন্ধ থাকে না। কন্দ্রনাথ সমস্ত ভবানী-পুরের শিক্ষিত সম্প্রদায়ের সহিত সেই বিবাহে নিমন্ত্রণ থাইতে আসিলেন, কলিকাতার অনেক ভদ্রলোক তথায় আসিলেন; আনন্দের সহিত সে শুভকার্য্য নির্বিদ্যে সম্পন্ন হইল। পাড়ার সর্বাশাস্ত্রজ্ঞ পণ্ডিতগণ বিবাহ সমাজে বিদ্যাসাগর মহাশয়ের দলের কোন কোন পণ্ডিত আসিবেন বলিয়া সে দিকে বড় ঘেষিলেন না! পাড়ার দেশহিতৈবী আর্য্য-সন্তানগণ, বাঁহায়া এই অনার্য্য কার্য্যে বাধা দিবার জন্ম চিল ছুড়িতে আসিয়াছিলেন, তাঁহায়া একজন অনার্য্য প্রনিষের সার্জ্ঞনের বিক্তত মুখ দেখিয়া অচিরে (টিল পকেটেই রাধিয়া) তথা হইতে অল্ঞা হইলেন!

শরং ও হেম পল্লীগ্রামে আসিলে গ্রামন্থ লোকে প্রথমে তাঁহাদের সহিত আহার ব্যবহার করিলেন না। কিন্তু তারিণী বাবুর জ্রীর অনেক অন্থরোধে তারিণী বাবু শেষে সকলকে ডাকাইয়া একটা মীমাংসা করিয়া দিলেন। মীমাংসা ইইল যে শরং প্রায়শ্চিত্ত করিবে। কিন্তু শরং কলেজের ছেলে—বলিলেন, আমি যে কার্যাটী করিয়াছি তাহা প্রাপ বলিয়া মনে করি না, ইহার প্রায়শ্চিত্ত করিব না। শেষে শরতের মাঁতা এক্দিন ব্রাহ্মণ থাওয়াইয়া দিলেন! তারিণী বাবু কিছুরসিক লোক ছিলেন, হাসিয়া শরং বাবুকে বলিলেন,—ওহে বাবু তোমরা বুঝ না, বৃষ্টির জল যে দিক দিয়েই যাক শেষকালে গিয়া নদীতে পড়িবেই পড়িবে। তোমরা বিধ-

ৰাই বিয়ে কর আর ঘরের বোকেই বার করে নিয়ে যাও, বামুনদের পেটে কিছু পড়িলেই স্ব চ্কিয়া যায়। এই আমাদের সমাজ হইয়াছে, তা তেশমরা আপত্তি করিলেই কি হইবে ? শরৎ উত্তর করিলে, এইরপ সমাজ হইয়াছে বলিয়াই সংস্থার অবশ্রতারী, ভার অভাষের বিচার না থাকিলে সে সমাজও থাকে না।

সনাতনের স্ত্রী অনেকদিন বাড়ীতে বসিয়া বসিয়া ফুঁফিয়া ফুঁফিয়া কাঁদিত। বলিত,—আমি তথনই বলেছিছুগো কলি-কাতায় যেও না, কলিকাতায় গোলে জাত ধর্ম থাকে না। ও মা সোণার সংসার কি হলো গা? আহা আমার স্থধাদিদি, আমার চিনিপাতা দৈ থেতে বড় ভাল বাসিত গো, ও মা তার মনে এত ছিল কে জানে বল ? ও মা তথনই বলেছিছু গো, কলেজের ছেলে জেস্তু মাইয়ের গলায় ছুরি দেয়; ওমা তাই কল্লে গা? ইত্যাদি, ইত্যাদি।

সনাতনের গৃহিণী মনে মনে স্থাকে অনেক তিরস্কার করিত, কিন্তু মায়া কাটাতে পারিল না, আবার লুকাইয়া লুকাইয়া চিনিপাতা দৈ শরৎ বাবুর বাড়ী লইয়া যাইত। ক্রমে উভয় পক্ষের মধ্যে পূর্ববিৎ সম্ভাব স্থাপিত হইল।

শরতের মাতা পূর্ববং ধর্ম কর্মে সমস্ত দিন মন দিতেন, সংসারের কিছু দেখিতেন না! কালীতারা সংসারের গৃহিণী, এত দিন পর জীবনের শাস্তি কাহাকে বলে তিনি জানিতে পারিলেন। তিনি ভাঁড়ার রাখিতেন, রন্ধনাদি করিতেন, সমস্ত গৃহটী পরিপাটী রাখিতেন, সংসার চালাইতেন। স্থা শরতের মাতাকে ভক্তিভাবে পূজা করিত, কালীদিদিকে শ্বেহ

করিত, কালীদিদি যাহা বলিত তাহা করিয়া পরম আনন্দ লাভ করিত। ঘর ঝাঁট দিত, উঠান ঝাঁট দিত, পুখুর হইতে জল আনিত, বাটনা বাটিত, কুটনো কুটিত, ছদ জাল দিত, আর পুখুরে যাইয়া বাসন মাজিতে বড় ভাল বাসিত। পুখুরধারে আঁব গাছ ছিল, কাঁঠাল গাছ ছিল, অন্তান্ত ফলের গাছ ছিল, স্কধা সেই থানেও ঘুরিত, যে ফলটা পাকিত, কালীদিদির কাছে আনিয়া দিত।

এক দিন সন্ধার সময় স্থধা সেই গাছ গুলির মধ্যে দাঁড়াইয়া আছে, কি একটা মনে ভাবিতেছে এমন সময়ে শরৎ পশ্চাৎ কুইতে আসিয়া বলিল,—কি ভাবিতেছ ?

স্থা একটু লজ্জিত হইরা মুধ্ ঢাকিরা বলিল,—বলিব না। শরং। হেঁ বলিবে বৈ কি, বল না।

শরৎ ধীরে ধীরে সেই কুস্থম-স্তবকতৃলা দৈহথানি হৃদ্ধে ধারণ করিয়া সেই লক্ষাবনতমুখীর প্রক্টিত ওট্রয়ে গাঢ় চুম্বন করিলেন। সে স্পর্শে সুধার সর্ব্ধ শরীর কণ্টকিত হইল। লক্ষায় অভিভূত হইয়া সুধা বলিল,—

ছি! ছেড়ে দাও।

শরৎ ছাড়িয়া দিলেন, বলিলেন,—তবে বল।

স্থা একটু হাদিয়া বলিল,—ছেলে রেলায় তোমাদের বাড়ীতে আসিতাম, তথন এই পেয়ায়া গাছের পেয়ায়া তুমি আমাকে পাড়িয়া দিতে তাই মনে করিতেছিলাম!

শরৎ হাস্ত করিয়া বলিলেন,—সেই আমাদের প্রথম প্রণয় এখনও ভুলিতে পার নাই? আমাদের লিখিতে লজ্জা বোধ্ হইতেছে শরৎ গাছে চড়িলেন, স্থা নীচে পেয়ারা কুড়াইতে। লাগিল। এমন সমর ঘাটের নিকট একটা শব্দ হইল, কালীদিদি ঘাটে আসিতেছেন। স্থা লজ্জিতা ও ভীতা হইল,
এবার শরৎ বাবু কোন পথ দিয়া প্লাইবেন ? কিন্তু স্থা
স্বামীর সমস্ত ক্ষমতা ও গুণ জানিতেন না, শরৎ সেই গাছ হইতে এক লাফৈ বেড়া ডিলিয়ে গিয়া পড়িলেন, মুহুর্ভ মধ্যে
অদৃশ্য হইলেন।

শরৎ সে বৎসর সম্মানের সহিত পরীক্ষায় উত্তীর্ণ হইলেন, তিনি লেখা পড়াও বিলক্ষণ শিথিলেন; কিন্তু বিন্দুদিদি আক্ষেপ করিতেন, তাঁর গাছে চড়া অভ্যাসটা গেল না।

गमाश्च।

লাহিড়ী এবং মিত্ৰ কোম্পানি দারা ২৯, নং বিডন ব্লীটছ । "এলেম প্রেস হইতে মুক্তিত।"